কবিকর্ণপুরের "পরমানন্দদাস"-নাম সম্বন্ধে এবং "পুরীদাস" বলিয়া প্রভুর তাঁহাকে উপহাস করা সম্বন্ধে একটু আলোচনা দরকার। বলা বাছলা, কবিকর্ণপুর প্রাভুর নিত্যদাস; তিনি জীবতম্ব নহেন। তাঁহার পিতামাতাও জীবতত্ত নহেন। কর্ণপুর তাঁহার গোরগণোদ্দেশ-দীপিকাতে তাঁহার পিতামাতার ব্রজলীলার স্বরূপের নামও **লিখিয়াছেন—পিতা শিবানন্দদেন ছিলেন পূর্ব্বলীলা**য় বীরাদৃতী এবং মাতা ছিলেন বিন্দুমতী। ভক্তজনোচিত দৈয়া বশতংই নিজের ব্রন্ধলীলার নাম প্রকাশ করেন নাই। নিতাসিদ্ধ পার্ধদ শিবানন্দের যোগে প্রভুর নিতাদাস কর্ণপুরের ষাবির্ভাব খুবই স্বাভাবিক। শিবানন্দসেনের প্রতি—"এবার তোমার যেই হইবে কুমার। ৩/১২/৪৬॥"—প্রভুর এই বাক্যে কর্ণপুরের আবির্ভাবের ইঙ্গিতই প্রভু দিয়াছেন; এই ইঙ্গিতের পরেই মাতৃগর্ভে কর্ণপূরের আবির্ভাব। ডা১২।৪৭ ॥ প্রভু শিবানন্দের এই পুত্রের নাম রাখিতে বলিলেন—পুরীদাস। এতদ্বাতীত কর্ণপূরের নাম সম্বন্ধে প্রভুর অন্ত কোনও আদেশ শীগ্রন্থে দৃষ্ট হয় না। তাঁহার আবির্ভাবের পরে শিবানন্দ তাঁহার নাম রাথিলেন— প্রমানন্দদাস; তাহাও প্রভুর আজ্ঞাতেই রাথিয়াছেন বলিয়াই এপ্রিছ বলেন। "প্রভুর আজ্ঞায় ধরিল নাম প্রমানন্দ-দাস। ৩।১২।৪৮। "প্রভু আদেশ করিলেন "পুরীদাস"-নাম রাখিতে; শিবানন্দ নাম রাখিলেন—পরমানন্দদাস। ইহাতে পরিষ্কার ভাবেই বুঝা যায়, প্রভু যথন "পুরীদাদ"-নাম রাথার কথা বলিয়াছেন, তথনই শিবানন্দ মনে ক্রিয়াছেন—"পর্মানন্দ্রাম" নাম রাথার কথাই প্রভু বলিয়াছেন; তাই বলা হইয়াছে—"প্রভুর আজ্ঞায় ধরিল নাম প্রমানন্দ্রাস ॥" শিবানন্দের এইরূপ মনে করার হেতৃও আছে। তাহা এই। শ্রীপাদ মাধ্বেন্দ্রপুরীগোষামীর শিশু শ্রীপাদ প্রমানন্দ পুরীগোস্বামীকে প্রভু গুরুবং মাত্ত করিতেন। প্রভু এবং প্রভুর পরিকরগণও কথনও তাঁহার নাম উচ্চারণ করিতেন না; তাঁহাকে পুরীগোদাঞিই বলিতেন; নীলাচলে "পুরীগোদাঞি" বলিলে শ্রীণাদ প্রমানন্দপুরী বাতীত অপর কাহাকেও বুঝাইত না। শ্রীপাদ প্রমানন্দপুরী সম্বন্ধে "পুরী" এবং "প্রমানন্দপুরী" একার্থবাচক শব্দুট ছিল। তাই প্রভু যখন "পুরীদাস" বলিলেন, তথন শিবানন্দ যে "পরমানন্দদাসই" বুঝিয়াছিলেন, ইহা অস্বাভাবিক নহে। ইহাই প্রভুরও অভিপ্রেত ছিল বলিয়া মনে হয়। যিনি লীলারসকথা বর্ণন করিবার **জগু** আবিভুতি হইতেছেন, প্রেমরসম্তি শ্রীপাদ প্রমানকপুরী গোস্বামীর নামের দঙ্গে তাঁহার নামের সংযোগ করিয়া, তাঁহার "প্রমানন্দদাস" নাম রাথিয়া প্রভু যে তাঁহাকে পুরীগোস্বামীর চরণে অর্পণ করার ইচ্ছা পোষণ করিবেন, ইহা খ্বই স্বাভাবিক। প্রভু যে "পুরীদাদ" বলিয়া কর্ণপূর্কে পরিহাদ করিতেন, তাহাতে তাঁহার প্রতি প্রভুর স্নেহ এবং করুণাই প্রকাশ পাইড, জ্রীপাদ প্রীগোস্বামীর রুপাধার। তাঁহার মস্তকে বর্ষিত হউক-প্রভুর এই ইচ্ছাই যেন তাঁহার পরিহাসের মধ্যে অন্তর্নিহিত ছিল। প্রভূব পরিহাসের "পুরীদাস"-শব্দের অন্তর্গত "পুরী"-শব্দ জ্ঞীপাদ প্রমানন্দপুরীকেই বুঝায়; "প্রভু আজ্ঞায় ধরিল নাম প্রমানন্দদাস"—এই উক্তিই তাহার প্রমাণ। ইহা প্রস্কানন্দ দাসের প্রতি প্রভুর আশীর্কাদই, পরিহাসচ্ছলে আশীর্কাদ—ঠাট্টা নহে।

কালাঞি খুঁটিয়া। নীলাচৰবানী; উৎকলদেশীয়ত্রাদ্ধণ। ক্লফজয়যাত্রা-লীলাভিনয়ে ইনি নক্ষেত্র আদ্ধা করিয়াছিলেন একং শ্রীনন্দমহারাজের ভাবে আবিষ্ট হইয়া গোপবেশধারী প্রভুর নমন্বারও গ্রহণ করিয়াছিলেন একং "আবেশে বিলাইল ঘরে যত ছিল ধন।"

কাহঠাকুর। নিত্যানন্দশাথা। পুরুষোত্তদাস ঠাকুরের পুত্র। মাতার নাম জাহুবাদেবী। কথিত আছে---পুরুষোত্তমদাস যথন স্থথসাগরে থাকিতেন ("পুরুষোত্তমদাস" এইবা), তথন সে স্থানে এক যোগী পুরুষ বছকাল যাবৎ ধ্যাননিমগ্ন অবস্থায় ছিলেন; তাঁহার দেহ মৃত্তিকায় আবৃত হইয়া গিয়াছিল। জনৈক কুছকার মৃত্তিকা-খনন-কালে উক্ত যোগীর হক্ষে আঘাত করে। তাহাতে ধ্যানভঙ্গ হইলে তিনি পুরুষোত্তমদানের গৃহে অতিথি হয়েন। তথন জাহ্নবাদেবীর সেবায়ত্বে পরিতৃষ্ট হইয়া যোগিবর তাঁহাকে পুত্রপ্রাপ্তির বর দান করেন এবং বলেন--- শ্বা, আমিই তোমার পুত্র হইয়া জন্মিব; আমার স্কলদেশের এই অস্তাঘাত দেখিয়া চিনিতে পারিবে; কিছু কাহারও নিকটে একথা প্রকাশ করিলে তুমি বাঁচিবেনা।" যথাসময়ে জাহ্নার পুত্র জন্মিল; শিশুর ক্ষদেশে চিহ্ন দেখিয়া আনন্দে তিনি হাসিয়া উঠিলেন। ধাত্রী হাসির কারণ জিজ্ঞাসা করিলে নিজের অনিচ্ছাসত্তেও তাহার আগ্রহাতিশয়ে জাহ্নবাদেবী যোগিবরের পর্বকিথা প্রকাশ করিলেন: তথন তিনি দেহ ত্যাগ করিলেন। তথন শিশুর বয়স মাত্র ১২ দিন। শ্রীমন্নিত্যানন্দ প্রাভু এই সংবাদ জানিয়া খড়দহ হইতে আসিয়া মাতৃহারা শিশুকে নিয়া, শ্রীশ্রীকাছবা-মাতাগোম্বামিনীর হত্তে অর্পণ করেন; তিনি পুত্রমেহে শিশুকে লালন পালন করিতে লাগিলেন। বাল্যকাল ছইতেই শিশুর রুঞ্চত্তি দর্শন করিয়া নিত্যানন্দ প্রভু তাঁহার নাম রাথিলেন—শিশু রুঞ্দাস। জাহবামাতা গোস্বামিনী য়ধন বন্দাবনে গিয়াছিলেন, তথন "শিশুকৃষ্ণদাসও" তাহার সঙ্গে গিয়াছিলেন। সে-স্থানে "শিশুকৃষ্ণদাসের" অন্তত ভাবাদি দর্শনে এজীবগোস্থামি-প্রমুখ মহাত্মাগণ তাঁহার নাম রাথেন "ঠাকুর কানাই"। কথিত আছে—বুন্দাবনে ঠাকুর কানাই যথন কীর্তনানন্দে বিহরল হইয়া নৃতা করিতেছিলেন, তথন তাঁহার ভাইন পায়ের নুপুরটী হারাইয়া ষায়। তখন তিনি বলিলেন—"যেস্থানে নূপুর পড়িয়াছে, আমি সেই স্থানে বাদ করিব।" যশোহর জেলার "বোধখানা" গ্রামে নাকি নূপুর পড়িয়াছিল। তথন তিনি বোধথানায় আদিয়া বাদ করেন।

বর্গীর হাঙ্গামার সময়ে ঠাকুর কানাইয়ের জোষ্ঠপুত্রের সম্ভানগণ বোধখানাতেই থাকেন; **কিন্ত অফ্যান্ত** পুত্রগণ বোধখানা ত্যাগ করিয়া নদীয়া জেলার অন্তর্গত ভজনঘাট মামক গ্রামে আদিয়া বাস করিতে থাকেন।

কাহুঠাকুরের পিতা পুরুষোত্তমদাস ঠাকুর, পুরুষোত্তমদাসের পিতা সদাশিব কবিরাজ, সদাশিব কবিরাজের পিতা কংসারিসেন--এই তিন পুরুষ এবং কাহুঠাকুর, এই চারিপুরুষই গৌরপরিকর-ভুক্ত ছিলেন।

কালাকুব্যদাস। তদ্ধ কুলীন ব্রাহ্মণ। নিত্যানশশাখা। বর্দ্ধমন জেলার অন্তর্গত কাটোয়ার নিকটবর্ত্তী
আকাইহাটে শ্রীপাট। ইনি মহাপ্রভুর দক্ষিণ-যাত্রার সঙ্গী; প্রভুর কৌপীন ও জলপাত্র বহন করিতেন। দক্ষিণভ্রমণ সময়ে প্রভুর সঙ্গে ইনি যথন মল্লারদেশে গিয়াছিলেন, তখন সেই স্থানের বামাচারী ভট্টমারী সয়্পাদীগণ
"স্ত্রীধন" দেখাইয়া ইহাকে প্রলুক করিয়াছিল। তাহাতে ইনি প্রভুকে ত্যাগ করিয়া ভট্টমারীদের নিকটে
গিয়াছিলেন; প্রভু তাঁহাকে উদ্ধার করিয়া আনেন; নীলাচলে প্রত্যাবর্তনের পরে তাঁহাকে সঙ্গ হইতে বঞ্চিত
করেন। শ্রীমন্নিত্যানন্দাদি পরমর্শ করিয়া প্রভুর আগমন-বার্তা জানাইবার জন্ম কৃষ্ণদাসকে গৌড়দেশে পাঠান।
তাঁহার ম্থে প্রভুর নীলাচলে আগমনের কথা ভনিয়া শ্রীক্ষরৈতাদি গৌড়ীয় ভক্তগণ প্রভুর দর্শনের জন্ম রথমাত্রা
উপলক্ষ্যে নীলাচলে আসেন। ইনি বাদ্শগোপালের একতম; ব্রজের লবঙ্গ সথা।

কালিদাস। কারস্ব, সপ্তগ্রামে শ্রীপাট। রঘুনাথ দাসগোস্বামীর জ্ঞাতি থুড়া। বৈঞ্বের পদরজে এবং বৈশ্ববের উচ্ছিত্তে ইহার অচলা নিষ্ঠা ছিল। ইনি সাক্ষাদ্ভাবে বা কৌশলে পরিচিত সকল বৈশ্ববেই পদরজঃ ও শ্বধান্ত গ্রহণ করিয়াছিলেন কিছু উপহার লইয়া তিনি বৈক্ষব-গুহে যাইতেন। তাঁহার নিকটে বৈশ্ববের জাতিবিচার ছিল না। এক সমরে তিনি ভূমিমালী-জাতীয় বৈক্ষব ঝড়ুঠাকুরের গুহে একটা ঠোলায় করিয়া কতক্ষণ ক্রমক্ষার আলাপন করিয়া চলিয়া আসিতেছলেন। যাইয়া ঝড়ুঠাকুরেও তাঁহার পত্নীকে প্রণাম করিয়া কতক্ষণ ক্রমক্ষার আলাপন করিয়া চলিয়া আসিতেছলেন। ঝড়ুঠাকুরও তাঁহার অছগমন করিয়া কতদ্ব পর্যন্ত যাইয়া তাঁহারই অছরোধে গৃহে ফিরিয়া আলেন। তিনি চক্ষর অন্তরালে গেলে যে হান দিয়া তিনি যাতায়াত করিয়াছিলেন, কালিদাস সেই হানের ধূলি লইয়া সর্বাক্ষে মাথিলেন এবং জঙ্গলে ল্কাইয়া থাকিয়া দেথিলেন, ঝড়ুঠাকুর এক তাঁহার পত্নী কৃষ্ণ-নিবেদিত আম খাইয়া চোষা আটি ও বন্ধল আন্তাকুড়ে ফেলিয়া দিলেন। কালিদাস গোপনে আন্তাকুড় হইতে সেই চোষা আটি-আদি লইয়া চুয়িতে লাগিলেন এবং প্রেমাবিপ্ত হইলেন। তাঁহার এই বৈষ্ণবাছিলৈনি নিষ্ঠার ফলে, যথন তিনি নীলাচলে গিয়াছিলেন, তথন মহাপ্রভূব অসাধারণ কৃপা লাভ করিয়াছিলেন। প্রভূ যথন জ্ঞাজগাধ-মন্দিরে প্রবেশ করিতেন, সিংহলারের নিকটে আসিয়া প্রথমে পাদ-প্রকালন করিয়া তার পরে মন্দির-প্রাঙ্গণে যাইতেন। প্রভূব এই পদজল কেহ যেন স্পর্শ ও না করে—এইরপই ছিল গোবিন্দের প্রতি প্রভূব অত্ব আদেশ। একদিন প্রভূব এই পদজল কেহ যেন স্পর্শ ও না করে—এইরপই ছিল গোবিন্দের প্রতি প্রভূব আদেশ। একদিন প্রভূব তাকে নিষ্কের করিলেন না; তিন অঞ্চলি গ্রহণের পরে করেনেন। ইহার পরে প্রভূ নিজেই গোবিন্দ্রারা তাঁহাকে নিজের ভূকাবশেষও দেওয়াইয়াছিলেন। ইনি ব্যলনীলায় ছিলেন পুলিন্দতনয়া মন্ত্রী।

কানীমঞা। উৎকলবাদী আহ্বাণ। রাজা প্রতাপকদ্রের গুরু ও জগন্নাথের সেবার অধ্যক্ষ। ইহারই গৃহস্থিত গন্তীরায় মহাপ্রভু অবস্থান করিতেন। মহাপ্রভুর প্রিয়দেবক। ইনি প্রভুতে সর্বস্থ নিবেদন করিয়াছিলেন। প্রাভু তাঁহাকে চতুভূ জ-রূপ দেখাইয়াছিলেন। রাজা প্রতাপক্ত যথন নীলাচলে থাকিভেন, তথন প্রতিদিন মধ্যাহে ইহার গৃহে আদিয়া ইহার পাদসম্বাহনাদি করিতেন এবং ইহার মুখে জগন্নাথের সেবার বিবরণ ভনিতেন। ইহারই মধ্যস্থতায় এবং কৌশলে গোপীনাথ-পট্টনায়ক বড়রাজপুল্রকর্ভ্ক চাঙ্গে-চড়ান হইতে উদ্ধার লাভ করেন। বাপ্রলীলায় ইনি ছিলেন মধ্রাবাসিনী শ্রীক্রফবল্পভা সৈরিক্ষী।

কাশীখর গোসাঞি। শ্রীপাদ ঈশরপুরীর শিলা; ইনি শ্রীপাদ ঈশরপুরীর সেবায় আত্মনিয়োগ করিয়াছিলেন। নির্যান-সময়ে শ্রীপাদ ঈশরপুরী মহাপ্রভুর সেবা করার নিমিন্ত তাঁহাকে আদেশ করেন; তদহুসারে
কিছু তীর্থল্লমণ করিয়া, প্রভুর দাক্ষিণাত্য হইতে প্রতাাবর্তনের পরে, নীলাচলে প্রভুর সহিত মিলিত হয়েন এবং
প্রভুর সেবা করিতে থাকেন। তিনি অত্যন্ত বলবান্ ছিলেন। প্রভু যথন জগন্নাথ-দর্শনে যাইতেন, তথন ইনি
প্রভুর অগ্রভাগে থাকিয়া লোক-ভীড় নিবারণ করিতেন। ভক্তবৃন্দের সহিত প্রভুর ভোজন-কালে ইনি একজন
প্রিবেশকের কাজ করিতেন। ব্রজনীলায় ইনি ছিলেন ভূঙ্গার নামক শ্রীক্ষথ-ভূতা।

কুষ্ণদাস রাজপুত। মণ্রাবাসী, রাজপুত। প্রভু যথন ব্রজমণ্ডলে গিয়াছিলেন, তথন একদিন প্রভু রুন্দাবনে আমলিতলাতে বিদিয়া নামকীর্তন করিতেছেন, এমন সময়ে রুষ্ণদাস রাজপুত প্রভুর দর্শন পায়েন; দর্শনজনিত প্রেমাবেশে প্রভুকে নমস্কার করিয়া বলিলেন—"গত রাত্রিতে আমি এক স্বপ্ন দেখিয়াছি; প্রভু, তোমাকে দেখিয়া আমার দেই স্বপ্ন প্রত্যক্ষ হইল।" প্রভু তাঁহাকে আলিঙ্গন করিলেন; তিনি প্রেমাবিট হইয়া নৃত্যকীর্ত্তন করিতে লাগিলেন; পরে প্রভুর সঙ্গে মণ্রার অকুর্বঘাটে আদিয়া প্রভুর অবশেষ পাইলেন। তদবধি স্ত্রীপুত্র ছাড়িয়া তিনি প্রভুর সঙ্গেই রহিলেন। প্রভু যথন মণ্রা ত্যাগ করিয়া প্রমাগে আসিয়াছিলেন, তথন ইনিও প্রভুর নঙ্গে আসিয়াছিলেন এবং পথে প্রভু যথন প্রমাবিট হইয়া মৃচ্ছিত হইয়া পড়িয়াছিলেন, তথন য়েছ পাঠকগণকর্তৃক প্রভুর অন্ত সঙ্গীদের সহিত ইনিও বন্ধী হইয়াছিলেন এবং স্বীয় কৌশলে ও নির্ভীকতায় প্রভুর মৃচ্ছাভঙ্গের প্রেই দিজেকে এবং সঙ্গীদিগকে বন্ধনমৃক্ত করাইয়াছিলেন। ইনি প্রভুর সঙ্গে প্রয়াগ হইতে আভুলগ্রামে বন্ধভ-ভট্টের গুহেও গিয়াছিলেন। প্রয়াগ হইতে প্রভু তাঁহাকে নিজগতে পাঠাইয়াছেন।

কেশবছঞী। গৌড়েশর হুদেন সাহেব কর্মচারী। মহাপ্রভু যখন রামকেলিতে গিরাছিলেন, তথন হুদেন শাহ ইহাকে প্রভুর বিষয় জিজ্ঞাসা করিলে, যবনের অত্যাচার-ভরে ইনি প্রভুর মহিমা থর্ম করিয়া বিলয়-ছিলেন—একজন ভিক্ক সন্থাসীমাত্র; তীর্থ ভ্রমণে বাহির হইয়াছেন; হু'চারজন ইহাকে দেখিতে আমে; ইহার হিংসায় কোনও লাভ নাই। হুদেন সাহ অবশ্য তাঁহার কথায় বিশেষ আস্থা স্থাপন করেন নাই।

কেশব-ভারতী। প্রভ্র সন্ন্যাসাশ্রমের গুরু। প্রভ্র সন্ন্যাসগ্রহণের পূর্বে ইনি একবার নবন্ধীপে আসিয়া-ছিলেন; তথন প্রভু তাঁহাকে নিমন্ত্রণ করিয়া স্বগৃহে ভিক্ষা করাইয়া তাঁহার নিকটে সন্ন্যাস প্রার্থনা করিয়াছিলেন। ভারতী বলিয়াছিলেন—"তুমি অন্তর্য্যামী ঈশর; যাহা করাও, তাহাই করিব; আমি ত স্বতন্ত্র নই।" তার পরে প্রভু গৃহত্যাগপূর্বক কাটোয়াতে যাইয়া ভারতীর নিকটে সন্ন্যাস-গ্রহণ-লীলার অভিনয় করেন। সন্ন্যাসগ্রহণের পরে প্রভু যথন কীর্ত্তনাবেশে প্রেমোন্মত্র হইয়া নৃত্য করিতে করিতে কেশব-ভারতীকে ধরিয়া আলিঙ্গন করিলেন, তথন ভারতীও প্রেমাবিই হইয়া দণ্ডকমণ্ডলু দূরে ফেলিয়া দিয়া "হরি হরি" বলিয়া নৃত্য করিতে এবং ভূমিতে গড়াগড়ি দিতে লাগিলেন; সন্ন্যাসের দিন সমস্ত রাত্রি এইভাবে নৃত্যকীর্ত্তন চলিল। প্রভাতে ভারতীর নিকটে বিদায় লইয়া প্রভু কাটোয়া ত্যাগ করিতে উন্মত হইলেন, তথন ভারতী বলিলেন—"আমিও তোমার সঙ্গে যাইব; সন্ধীর্তন-রঙ্গে তোমার সঙ্গে থাকিব।" প্রভুও তাঁহাকে অগ্রে করিয়া কাটোয়া ত্যাগ করিলেন (প্রীচৈতক্সভাগবত)। ইনি ঘাপর-লীলায় সান্দীপনী মুনি ছিলেন।

গলাদাসপণ্ডিত। ইনি মহাপ্রভুর ব্যাকরণশাস্ত্রের অধ্যাপক ছিলেন। গয়া হইতে প্রত্যাবর্জনের পরে প্রভু যথন তাঁহার ছাত্রদিগকে পড়াইতেছিলেন না, তথন ছাত্রগণ গলাদাস পণ্ডিতের নিকটে যাইয়া তাঁহাদের অবস্থা জানাইলে তাঁহাদের পড়াইবার জন্ম ইনি প্রভুকে আদেশ করিয়াছিলেন। ইনি পরে প্রভুর একস্ত ভক্ত হইয়াছিলেন। নীলাচল হইতে গোঁড়ে আগমন করিয়া প্রভু যথন রামকেলি হইতে শান্তিপ্রে অবৈতাচার্যের গৃহে আসিয়াছিলেন, তথন আচার্য্য শচীমাতাকে শান্তিপুরে আনয়নের জন্ম নবদীপে দোলা পাঠাইয়াছিলেন। সেই সময়ে গলাদাস পণ্ডিতও শচীমাতার সঙ্গে প্রভুর দর্শনের জন্ম শান্তিপুরে আসিয়াছিলেন। প্র্কলীলায় ইনি ছিলেন শ্রীরশ্বনাথের গুক বশিষ্ট মৃনি।

গলাধানবিপ্রে! প্রীনিত্যানন্দশাথা। প্রভুর মহাপ্রকাশের সময়ে ইনি যথন প্রভুব নিকটে আসিয়াছিলেন, তথন প্রভু ইহাকে ডাকিয়া বলিয়াছিলেন—"তোমার কি মনে পড়ে, যে-দিন তুমি যবন রাজার ভরে নির্শাভাগে সপরিবারে পলায়নের উদ্দেশ্তে গলাঘাটে আসিয়া রাত্রিশেষপর্যান্ত থেয়াঘাটে কোনও নৌকা না পাইয়া, যবনে তোমার পরিবারকে শর্পা করিবে আশকা করিয়া, ভগবানের চিন্তা করিতে করিতে গলায় প্রবেশ করিতে উত্তত হইয়াছিলে, সেই দিন তৎক্ষণাৎ নৌকা লইয়া এক জন লোক তোমার নিকটে উপন্থিত হইয়া তোমাকে গলাপার করিয়া দিয়াছিল এবং তুমি তাহাকে একটা টাকা এবং একটা জাড় বক্সিন্ দিতে চাহিয়াছিলে? আমিই নৌকা লইয়া তোমাকে পার করিয়া আবার স্বীয় বৈকুঠে গিয়াছিলাম। মনে পড়ে তোমার দে-কথা?" তানিয়া গলাদান মুর্ছিত হইয়া ভূমিতে পড়িয়া গিয়াছিলেন। তদবধি তিনি প্রভুব একান্ত ভক্ত। যে-দিন জগাই-মাধাই প্রীনিত্যানন্দ ও প্রাহরিদাসকে তাড়া করিয়াছিলেন, প্রভুব প্রশ্নের উদ্ধারের পরে প্রভু যে-দিন ক্ষমার গৃহে তাঁহাদের ছইজনকে লইয়া বিদ্যাছিলেন। পরে জগাই-মাধাইর উদ্ধারের পরে প্রভু যে-দিন ক্ষমার গৃহে তাঁহাদের ছইজনকে লইয়া বিদ্যাছিলেন, অত্যন্ত ভক্তরন্দের সহিত সেই দিনও সেই স্থানে গলাদাস উপন্থিত ছিলেন। কীর্ধনাম্যে গলাগতে প্রভুব জলকেলি-রঙ্গেও ইনি থাকিতেন। চন্ত্রশেথরের গৃহে প্রভুব অভিনয়-কালে এবং কালীদমনের দিন নগরকীর্তনেও গলাদাস ছিলেন। প্রীধরের গৃহে জলপান-ব্যাপারের প্রভুব ভক্তবাৎসল্য দেখিয়া অন্তান্ত ভক্তবের সহিত গলাদাসও প্রেমার বিদ্যা হিলের ক্রমন করিয়াছিলেন। প্রভুব দর্শনের দ্বাস-গ্রহণের সংবাদ পাইয়া ইনি অন্ধোর নয়নে কান্দিয়াছিলের দ্বিত্বীর প্রিবার ক্রমন করিয়াছিলেন। প্রভুব দর্শনের জন্ত্র নীলাচলেও যাইতেন।

ক্ষাৰক্ষান । শ্রীক্রতন্ত্রশাধা। শ্রামিত্যান্তের প্রতি প্রভূ যথন প্রেড্ড প্রেমভজিপ্রচারের আদেশ দিয়াছিলেন, তথন বাহদেব, মাধব, রামদাসাদি ভজের সঙ্গে গদাধরদাসকেও নিত্যানন্দ-প্রভূব সঙ্গে দিয়াছিলেন; ভলবি তিনি নিত্যানন্দ-সঙ্গী। নবৰীপেই থাকিতেন। ভজিবত্বাকরের মতে, মহাপ্রভূব অপ্রকটেব পরে তিনি নবৰীপ হইতে কাটোয়ায়, পরে কাটোয়া হইতে গঙ্গাতীরে এঁড়িয়াছহ প্রামে আসিয়া বাস করেন। ইনি সকলকেই হরিনাম করিতে উপদেশ দিতেন। এক দিন রাত্রিকালে কীর্ডন করিতে করিতে তিনি কীর্তন-বিরোধী কাজীর গৃহে উপন্থিত হইয়া হরিনাম করার জন্ত কাজীকে অহুরোধ করেন। কাজী বলিলেন—"কাল হরিনাম করিব।" তথন প্রেমোৎফুর হইয়া গদাধর বলিলেন—"আর কালি কেনে। এইত বলিলা হরি আপন বছনে।" ইহার গৃহে শ্রীনিত্যানন্দ মাধবন্বোবের বারা দানকেলি কীর্ডন করাইয়াছিলেন। নিত্যানন্দপ্রভূব প্রচাব-সঙ্গী হইলেও গদাধরদাস গোপীভাব-পূর্ব ছিলেন। প্রভূব আদেশে নীলাচল হইতে নিত্যানন্দের সঙ্গে আদিবার সময়ে পথিমধ্যে গদাধরদাস শ্রীরাধার ভাবে আরিষ্ট হইয়া "দধি কে কিনিবে" বলিয়া অট্ট আটু হাস্ত করিয়াছিলেন। গোপীভাবে আরিষ্ট হইয়া গঙ্গাছলের কলস মাধাম করিয়া "কে কিনিবে গো-বস" বলিয়া ভাকিয়া ফিরিতেন। শ্রীলাচল হইতে প্রভূ যথন পানিহাটীতে আদিয়াছিলেন, তথন প্রভূব দর্শনের জন্ত গদাধরদাস সে-স্থানে আদিল প্রভূতীহার মন্তকে চরণ তুলিয়া দিয়াছিলেন। ব্রজলীলায় ইনি ছিলেন শ্রীরাধার বিভূতিরূপা চন্ত্রকান্তি। তাই বোধ হয় রাধাভাবের আবেশ।

গদাধরপশ্ভিতগোস্বামী। পঞ্চতত্ত্বের শক্তি-তত্ত্ব। চট্টগ্রামের বেলেটা গ্রামে আবির্ভাব। পিতার নাম শ্রীমাধ্ব-মিশ্র ; মাতা শ্রীমতী রত্নাবতী। কনিষ্ঠ ল্রাতার নাম বাণীনাথ। অধ্যয়নের জন্ত অল্প বয়সেই নবছীপে আসেন। গদাধর পণ্ডিত শ্রীল পুণ্ডরীক বিজ্ঞানিধির শিশ্ত। একসময়ে পুণ্ডরীক বিজ্ঞানিধি নবদ্বীপে আসিয়াছিলেন; গদাধরের সর্ক্ষদাই বৈষ্ণব-দর্শনে আনন্দ; মুকুন্দদন্ত গদাধরকে বিগ্রানিধির নিকটে লইয়া গেলেন। দিব্য খট্টার উপবে, দিবা চক্তাতপের নীচে স্থবেশ বিভানিধি বসিয়া আছেন—যেন রাজপুত্র ; চারিপাশে স্বদৃশ্য বালিশ, দিব্য বাটায় পান, তামূলরাগে অধর রক্তবর্ণ, ষেবক ময়ুরের পাখা লইয়া ব্যজন করিতেছে, দিব্য গদ্ধে গৃহ আমোদিত। গদাধর এ-সকল বিলাদের চিহ্ন দেখিয়া বিভানিধির বৈষ্ণবতা সম্বন্ধে সন্দিগ্ধ হইলেন। মৃকুন্দ তাহা বুঝিতে পারিয়া বিভানিধির প্রক্লত পরিচয় প্রকটিত করার উদ্দেশ্যে স্বমধুর স্থরে শ্রীমণ্ভাগবতের একটা স্লোক উচ্চারণ করিলেন—"অহো বকী যং স্তনকালক্ট-মিত্যাদি"। শ্লোক শুনামাত্র অশ্রু-কম্প-পুলকাদি সান্তিক ভাবে বিভূষিত হইয়া বিভানিধি অন্থির ভাবে গৰ্জন করিতে করিতে চতুর্দ্দিকে হস্তপদ বিক্ষিপ্ত করিতে লাগিলেন, আসবাব-পত্র চুর্ণবিচুর্ণ হইয়া গেল, ভূমিতে পড়িয়া কতক্ষণ গড়াগড়ি দিয়া অনেকক্ষণ পর্যান্ত মৃচ্ছিত অবস্থায় পড়িয়া বহিলেন। দেখিয়া গদাধর আঅধিকার দিতে লাগিলেন এবং চিস্তা করিয়া স্থির করিলেন, বিভানিধির চরণে তিনি যে অপরাধ করিয়াছেন, তাঁহার শিশুত্ব গ্রহণ করিলেই তাহার খণ্ডন সম্ভব। মুকুন্দের নিকটে স্বীয় মনের কথা প্রকাশ করিলেন; মুকুন্দ তাহা বিভানিধির নিকটে প্রকাশ করিলে বিক্যানিধিও সম্ভুষ্টিটতে সম্মতি দিলেন। পরে প্রভুর অহমতি লইয়া গদাধর বিজ্ঞানিধির নিকটে দীক্ষা গ্রহণ করেন। গলাধর ছিলেন মহাপ্রভুর মরমী দঙ্গী। প্রভুর প্রায় সমস্ত লীলার সহচর। সল্লাস গ্রহণান্তে প্রভু যথন নীলাচলে যায়েন, হঃখভারাক্রাস্ত চিত্তে গদাধর নবৰীপেই থাকেন। দক্ষিণদেশ ভ্রমণের পরে প্রভু যথন নীলাচলে ফিরিয়া আসেন, তথন গোড়ীয় ভক্তদের সঙ্গে গদাধর নীলাচলে যায়েন, আর ফিরিয়া আসেন নাই। প্রভু তাঁহাকে গোপীনাথের দেবায় নিয়োজিত করেন। প্রভু যথন নীলাচল হইতে গোড়ে যাত্রা করিলেন, প্রভুর নিবেধসত্ত্বেও গদাধর প্রভুর সঙ্গে চলিলেন; প্রভু পুনঃ পুনঃ নিবেধ করাতে প্রভুর সঙ্গে না থাকিয়া পৃথক্ ভাবে চলিতে লাগিলেন। কটকে আসিয়া প্রভু তাঁহাকে ভাকাইয়া অনেক ব্ঝাইলেন: কিছ গদাধরকে নীলাচলে প্রত্যাবর্জনে সমত করাইতে পারিলেন না। তথন প্রভু বলিলেন—আমার হুখ বদি চাও গদাধর, তাহা হইলে নীলাচলে ফিরিয়া যাও, গোপীনাথের সেবা কর; "আহার শপথ যদি আর-কিছু বল।" ইহা বলিয়াই প্রভু নৌকার উঠিলেন, গদাধর মূর্চ্ছিত হইয়া পড়িলেন। প্রভুর আদেশে দার্কভৌষ--- b/c o

ভটাচার্য্য তাঁহাকে নীলাচলে লইয়া আসিলেন। প্রভুকর্ত্ব পুনঃ পুনঃ উপেক্ষিত হইয়া বন্ধভ-ভট্ট নীলাচলে ধদাধরের নিকটে যাইয়া গদাধরের অনিচ্ছাসত্ত্বেও তাঁহাকে স্বকৃত ক্বফনামের অর্থাদি শুনাইতেন। ভট্টের পাণ্ডিত্য ও আভিজাত্যের কথা ভাবিয়া গদাধর তাঁহাকে নিষেধ করিতে পারেন না; অথচ প্রভুর গণের ভয়েও ভীত। পরে বন্ধভ-ভট্টের প্রতি প্রভুর কপা হইলে তিনি গদাধরের নিকটে কিশোর-গোপাল মন্ত্রে দীক্ষা গ্রহণ করেন। ব্রন্ধলীকায় গদাধর পণ্ডিত ছিলেন শ্রামন্থলর-বন্ধভা বৃন্দাবনলক্ষ্মী (শ্রীরাধা); ললিতাও তাঁহাতে প্রবিষ্ট (১৷১০০ প্রারের দীকা প্রস্তর্য)। গদাধরে আবার ক্রিণ্ডিশ্বীর ভাবও আছে (৩৭০১২৮)।

গক্লড় পণ্ডিত। জ্রীচৈতন্তশাথা। ব্রাহ্মণ। শ্রীপাট—নবদ্বীপ, আকনা। নামের বলে সর্পবিষও ইহার উপরে প্রভাব বিস্তার করিতে পারে নাই। গৌরগণোদ্দেশ-দীপিকার মতে ইনি ছিলেন—গরুড।

ভণরাত্র খান। কুলীনগ্রামবাসী। নাম মালাধর বস্ত ; গৌড়েখরের প্রদন্ত উপাধি গুণরাজ থান। ইহারই
পূত্র লক্ষীনাথ বস্থ—উপাধি সত্যরাজ থান ; লক্ষীনাথের পূত্র রামানন্দ বস্থ। গুণরাজ থান প্রভূর আবির্ভাবের পূর্বে
আবির্ভূত হইয়াছিলেন। তিনি বাংলা পয়ারাদি ছন্দে "শ্রীক্রফবিজয়" নামে একথানি গ্রন্থ লিখিয়াছিলেন। এই গ্রন্থে
শ্রীমদ্ভাগবতের ১০ম ও ১১শ স্কর্প্রের আখ্যায়িকাংশের এবং ১১শ স্কর্প্রের তাত্তিকাংশের তাৎপর্য্যায়্রবাদ দৃষ্ট হয়়।
শ্রীক্রফবিজয়ই বোধহয় শ্রীমদ্ভাগবতের সর্ক্রপ্রথম বঙ্গায়্রবাদ ; অবশ্ব ইহা আক্ষরিক অম্বাদ নহে। শ্রীক্রফবিজয়ের
উক্তি হইতে জানা যায়, ১০৯৫ শকে এই গ্রন্থের লেখা আরম্ভ হয় এবং ১৪০২ শকে শেষ হয়। এই গ্রন্থে একটী উক্তি
আহে এইরপ—"নন্দের নন্দন ক্রম্থ মোর প্রাণনাথ।" প্রভূ ইহা দেখিয়া বলিয়াছেন—"এই বাক্য বিকাইয়্র তাঁর
বংশের হাথ॥" প্রভূ ইহাও বলিয়াছেন—কুলীনগ্রামের যে কুক্র, সেও প্রভূর প্রিয় ; অন্ত জনের কথা তো দ্রে।
গ্রণরাজ থান অত্যন্ত ধনশালী ও প্রভাব-প্রতিপত্তিশালী ছিলেন।

বোপাল। অছৈতাচার্য্য-পুত্র। ইনি একবার নীলাচলে প্রভূব গুণ্ডিচামার্জ্জন-লীলায় প্রভূব আদেশে নৃত্য করিতে করিতে প্রেমাবেশে মূর্চ্ছিত হইয়া পড়িয়াছিলেন। দেখিয়া অছৈতাচার্য্য বিহবল হইয়া পড়িলেন, নৃসিংহের মন্ত্র পড়িয়া জলের ঝাপ্টা মারিতে লাগিলেন; তাহাতেও গোপালের চেতনা ফিরিয়া না আসায় আচার্য্য ও ভক্তবৃদ্দ কেন্দন করিতে লাগিলেন। তথন প্রভূ তাহার বুকে হাত দিয়া "উঠহ গোপাল বলি উচ্চম্বরে কৈল।" তথন গোপাল উঠিয়া হরি হরি বলিয়া নৃত্য করিতে লাগিলেন।

বোপালভট্ট গোস্বামী। শ্রীরঙ্গক্ষেত্রবাসী বেকটভট্টের পূল্ল। দক্ষিণ-ভ্রমণ-কালে প্রভু যথন বেকট ভট্টের গৃহে চাতুর্যান্ত-কাল অবস্থান করিয়াছিলেন, তথন গোপালভট্ট প্রাণ ভরিয়া প্রভুর সেবা করিয়াছিলেন। ইনি স্বীয় শিতৃরা প্রবোধানন্দ সরস্থতীর নিকটে দীক্ষিত। ভক্তিরত্বাকরের মতে, পিতামাতার অপ্রকটেয় পরে তাহাদের আদেশেই গোপাল ভট্ট বৃন্দাবনে আসিয়া শ্রীক্ষণ-সনাতনের সঙ্গে মিলিত হয়েন। শ্রীক্ষণ-সনাতন নীলাচলে প্রভুর নিকটেও তাঁহার আগমন-সংবাদ জানাইয়াছিলেন এবং প্রভুত তাঁহাদের জানাইয়াছিলেন— তাঁরা যেন গোপাল ভট্টকে নিজেদের ভাই বলিয়া মনে করেন। ইনিই শ্রীক্রনাবনে শ্রীশ্রীরাধারমণ-শ্রীবিগ্রহের প্রতিষ্ঠাতা। ইনি শ্রীশ্রীহরিভক্তিবলাস রচনা করিয়াছেন। শ্রীজীবগোস্বামী তাঁহার ভাগবত-সন্দর্ভে লিথিয়াছেন—গোপালভট্ট প্রাচীন বৈষ্ণবদের গ্রন্থ হইতে সক্ষন করিয়া একথানি তত্ত্বপ্র লিথিয়াছিলেন; কিন্তু তাহাতে তত্ত্বাদি কোনও স্থলে যথাক্রমে, কোনও স্থলে বা ক্রমভঙ্গভাবে, আবার কোনও স্থলে বা থণ্ড থণ্ড ভাবে লিথিত ছিল। শ্রীজীব তংসমস্তেরই পর্য্যালোচনা পূর্বক যথাযথভাবে সন্নিবেশিত করিয়া তাহার ভাগবত-সন্দর্ভ (ষ্ট্সন্দর্ভ) লিথিয়াছিলেন। গোপাল ভট্ট গোস্বামী শংক্রিয়ালার-দীপিকা"-নামক একথানি গ্রন্থও লিথিয়াছেন এবং কৃষ্ণকর্ণায়তের টীকা লিথিয়াছিলেন বলিয়াও জনা যায়। ভক্তিরত্বাকর বলেন—করিরাজ গোস্বামীর গ্রন্থে গোপালভট্ট গোস্বামীর কোনও প্রসঙ্গ লিথিতে তিনি করিরাজ গোস্বামীরক নিষেধ করিয়াছিলেন। ইনি করিরাজ-গোস্বামীর ছয় জন শিক্ষাপ্রকর মধ্যে একজন। শ্রীনিবাস আচার্য্য ইহার শিক্স। গোরগুলাদ্দেশ-দীপিকার মতে ব্রজনীলায় ইনি ছিলেন শ্রীজ্বনক্ষী, কাহারও কাহারও মতে শ্রীপ্রশ্রক্ষী।

শোলীনাৰ আচাৰ্ব্য। শ্রীতৈতক্রণাধা। সার্ব্যভাম ভট্টাচার্য্যের ভাগনীপতি। নববীপবাসী ব্রাহ্মণ। পরে নীলাচলে সার্ব্যভৌম-গৃহে থাকিতেন। নববীপে থাকিতেই প্রভুব সঙ্গে পরিচয় ছিল। ইনি প্রথম হইতেই প্রভুকে ব্রয়ংভগবান্ বলিয়া জানিতেন। প্রভু সঙ্গীদের ছাড়িয়া সর্বপ্রপ্রথম একাকী জগরাথমন্দিরে প্রবেশ করিয়া জগরাখদর্শনে প্রেমাবেশে মূর্চ্ছিত ছইয়া পড়িলে সার্ব্যভৌম তাঁহাকে স্বগৃহে লইয়া গিয়াছিলেন। তাহার পরে প্রভুব সঙ্গী শ্রীনিত্যানন্দাদি মন্দির-সন্থাথ উপনীত হইলে লোকম্থে প্রভুর সার্ব্যভৌমগৃহে অবন্থিতির কথা জানিয়া যথন সার্ব্যভৌম-গৃহের অন্তন্মনান করিতেছিলেন, তথনই দৈবাথ গোপীনাথ আচার্য্য সে-স্থানে আসিয়া উপন্থিত হয়েন এবং প্রভুব সঙ্গীদের সঙ্গে নিয়া সংজ্ঞাহীন প্রভুব দর্শন করান এবং সার্ব্যভৌমের সহিত তাঁহাদের মিলন করান। সার্ব্যভৌম তথনও প্রভুব ভগবতার পরিচয় পায়েন নাই। গোপীনাথ প্রভুব ভগবতা প্রতিপাদনের জন্ম সার্ব্যভৌমের সঙ্গে অনেক বিচার-তর্ক করিয়াছিলেন এবং পরে বলিয়াছিলেন—সার্ব্যভৌমের প্রতি যথন প্রভুব কুপা হইবে, তথন তিনি প্রভুব স্বরূপ উপলব্ধি করিতে পারিবেন। প্রভুব কুপায় মায়াবাদী সার্ব্যভৌম যথন প্রভুব পরমভক্ত হইয়া পড়িলেন, তথন গোপীনাথের আর আনন্দের সীমা ছিল না। গোপীনাথ প্রভুর নববীপেরও সঙ্গী এবং নীলাচলেরও সঙ্গী। নীলাচলে ইনি নানাভাবে প্রভুব সেবা করিয়াছেন। ব্রজনীলায় ইনি ছিলেন বত্নাবলী সথী।

রোপীনাথ পট্টনায়ক। রামানন্দ রায়ের ভ্রাতা এবং ভ্রানন্দ রায়ের পুত্র। ইনি রাজা প্রতাপক্ষত্রের **স্বধী**নে मानजाठीाम अभारत मामनकर्छ। हिल्लन। এक ममरम् बाजात श्राभा पृष्टेनक ठीका छाँशात निकटि वाकी भूजाम তিনি একটু বিপন্ন হইয়াছিলেন। রাজা টাকা চাহিলে তিনি বলিলেন—"এখন নগদ টাকা দিতে পারিব না; আমার কতকগুলি ভাল ঘোড়া আছে, মূল্য ধরিয়া তাহা রাজ-সরকারে নেওয়া হউক; বাকী টাকা আন্তে আন্তে দিব।" বড় রাজপুত্র ঘোড়ার ভাল মূল্য জানিতেন। রাজা কয়েকজন পাত্র-মিত্রের সঙ্গে বড় রাজপুত্রকে পাঠাইলেন, ঘোড়ার মূলা স্থির করার জন্ত। কিন্তু তাঁহার সহিত গোপীনাথের কিছু অপ্রীতি ছিল; তাই তিনি ঘোড়ার অনেক কম মূল্য ধরিলেন: তাহাতে গোপীনাথ তাঁহাকে ঠাটা বিজ্ঞপ করিয়াছিলেন। রাজপুত্র কট হইয়া গোপীনাথকে বাঁধিলেন. তাঁহার ভাই বাণীনাথকেও সকলে বাঁধিয়া আনাইলেন এক গোপীনাথকে থড় গের উপরে ফেলিয়া দেওয়ার জন্ত চালে চড়াইলেন। গোপীনাথের দেবক তাঁহার অজ্ঞাতসারেই এই সকল সংবাদ প্রভুর গোচরীভূত করিল; প্রভু কিছ উপেক্ষা প্রদর্শন করিয়া রাজার প্রাপ্য না দেওয়ার জন্ম গোপীনাথকে তিরস্কার করিতে লাগিলেন। কালীমিশ্রের নিকটে প্রভু বলিলেন—তিনি নীলাচল ত্যাগ করিয়া আলালনাথে চলিয়া যাইবেন; যেহেতু, নীলাচলে থাকিলে বিষয়ীর কথা শুনিতে হয়। কাশীমিশ্র রাজার নিকটে সমস্ত জানাইলে রাজা গোপীনাথের নিকটে প্রাপা ছই লক্ষ টাকা মাপ করিয়া দিলেন এবং গোপীনাথের বেতন দিগুণ করিয়া তাঁহাকে মালজাঠ্যাদণ্ডপাটে পাঠাইলেন। কি-ভাবে রাজবিষয় করিতে হয়, তৎসহত্তে প্রভু গোপীনাথকে উপদেশ দিলেন। গোপীনাথের নির্বেদ উপস্থিত হইয়াছিল; তাঁহার সহোদ্র রামানন্দ ও বাণীনাথকে প্রভু যেমন বিষয় ছাড়াইয়াছেন, তেমনি তাঁহাকেও বিষয় ছাড়াইবার প্রার্থনা জানাইলেন। প্রাভু বলিলেন---পাচ ভাই-ই যদি বিষয় ছাড়, কুটুখ-ভরণ হইবে কিরপে? প্রভু ভবানন্দরায়কে নিজ মুখে বলিয়াছেন—"তুমি পাণ্ড, তোমার পত্নী কৃম্ভী; তোমার পঞ্চপুত্র পঞ্চ পাণ্ডব।" স্থতরাং গোপীনাথ পট্টনায়ক ছিলেন পঞ্চ পাওবের একজন।

শোবিক্ষ। নীলাচলে প্রভূব অঙ্গনেবক। শৃদ্র। ইনি পূর্ব্বে ছিলেন প্রীপাদ ঈশ্বরপুরীর সেবক। অন্তর্জান-সময়ে পুরীগোস্থামী প্রীকৃষ্ণচৈতত্যের সেবা করিবার জন্ম গোবিন্দকে আদেশ করিয়াছিলেন। তদহসারে তিনি প্রভূব নিকটে আদিয়া উপস্থিত হয়েন—দক্ষিণ হইতে প্রভূব নীলাচলে প্রত্যাবর্তনের পরে। "গুরুর সেবক মান্তপাত্র, তাহাম্বারা অঙ্গনেবা সঙ্গত হয় না"—প্রভূ এইরূপ বিবেচনা করিয়া সার্কভোমের পরামর্শ চাহিলে সার্কভোম বলিয়াছিলেন—"গুরুর আদেশ লক্ষন করা উচিত নয়।" প্রভূ তথন গোবিন্দকে আলিঙ্গন করিয়া বীয় সেবার অধিকার দিলেন। গোবিন্দ প্রভূব পাদসংবাহনাদি অঙ্গনেবা করিতেন, প্রভূব আহারাদির ব্যবস্থা করিতেন, ভক্তগণ প্রভূব আহারের জন্ম যে-সমন্ত ক্রব্য দিতেন, তৎসমন্তর রাধিতেন এবং সুযোগমত প্রভূবে দিতেন। প্রভূব ক্ষম্ত চন্দাদিতিল এবং তুলীগণ্

জগদানন্দ গোবিলের নিকটেই দিয়াছিলেন। গোবিলের দেবার মহিমা অভত। মধ্যাত্-ভাছারের পরে প্রভু গভীরার শন্ত্রন করিলে গোবিন্দ প্রতিদিনই প্রভুর অন্তরেনাদি করেন, প্রভু গুমাইলে নিজে আসিয়া আহার করেন। একদিন প্রভু এক ভঙ্গী করিকেন। বেঢ়াকীর্ছনের দিন। প্রাত্তকোল হইতে বেলা তৃতীয় প্রাহর পর্যান্ত প্রাভূ নুতাকীর্ছনাদি করিয়াছেন। হুতরাং সেই দিন অঙ্গলেৰার প্রয়োজন আরও বেশী। কিন্তু প্রভু ভিক্ষার পরে গন্তীরার বার কুড়িয়া ভইয়া পড়িলেন; ভিতরে যাওয়ার পথ নাই। গোবিন্দের পুন: পুন: আবেদন সত্তেও প্রভু সরিলেন না, বলিলেন—"আমার নড়াচড়ার শক্তি নাই।" তথন গোবিন্দ নিজের বহির্কাসখানা প্রভুর অঙ্গের উপরে দিয়া প্রভুকে ভিঙ্গাইয়া ভিতরে গেলেন এবং প্রভুর পাদসংবাহনাদি করিলেন; প্রভু নিদ্রিত হইলেন। নিদ্রাভকে দেখেন, গোবিন্দ প্রভুর পদপ্রান্তে বলিয়া আছেন। বলিলেন—"এখনও এখানে? তোর খাওয়া হয় নাই ?" উত্তর—না, প্রভু। "কেন ?" "বাহিরে যাব কিরুণে ?" "ভিতরে আসিলে কিরুপে? যে-ভাবে আসিয়াছ, সে-ভাবে গেলে না কেন?" গোবিল মুখে কিছু বলিলেন না: মনে মনে বলিলেন—"মোর সেবা সে নিয়ম। অপরাধ হউক, কিবা নরকে গমন। সেবা লাগি কোট অপরাধ নাহি গণি। স্বনিমিত্ত অপরাধাভাসে ভয় মানি। প্রভু যখনই গন্তীরা হইতে বাহিরে ঘাইতেন, জলপাত্র लहेशा शाविक मरक मरक याहेराजन। क्रमन्नाथ-शक्तित श्राद्धां श्राद्धां श्राह्म श्राह्म काहेशा निराजन। क्रमांवन সময়েও নিকটে থাকিতেন। এক দিন এক উড়িয়া স্থীলোক দর্শনাবেশে প্রভুর কাঁখে পা রাখিয়া গুরুড়-ক্তম্ভ ধরিয়া জগরাথ দর্শন করিতেছিলেন, গোবিন্দ তাঁহাকে নিষেধ করিয়াছিলেন। এক দিন সম্ভ্রমানে যাওয়ার সময় এক দেবদাসীকর্ত্তক কীণ্ডিত গীতগোবিন্দের গান দূর হইতে শুনিয়া প্রাভু যথন বাছম্বতি হারাইয়া সিজের কাঁটার উপর দিয়া ছুটিতেছিলেন, কাঁটার আঘাতে অঙ্গ ক্ষিবাক্ত হুইতেছিল, গোবিন্দ তথন প্রভুকে জড়াইয়া ধ্রিয়া বলিলেন—"প্রভু, ত্রীলোকে গান করে।" তথন প্রভুর বাছস্থৃতি হইল, বলিলেন—"গোবিন্দ, আজ তুমি আমাকে প্রাবে বাঁচাইয়াছ; স্ত্রীলোকের স্পর্শ হইলে আমি বাঁচিতাম না। তুমি সর্বাদা আমাকে রক্ষা করিবে।" আর এক দিন চটক পর্বত দর্শনে গোবর্দ্ধন-জ্ঞানে প্রভু যথন প্রেমাবেশে মুর্চ্ছিত হইয়া পড়িয়াছিলেন—গোবিন্দ তথন প্রভুর চোখে-মুখে জলের ছিটা দিয়া সময়োচিত দেবা করিয়াছিলেন। বাত্রিকালে প্রভু গন্তীরায় শয়ন করিলে গোবিন্দ বাহিরে ছারে শয়ন করিতেন; কান হুখানা যেন খাড়া করিয়া রাখিতেন প্রভুর দিকে। ইনিই প্রভুর আদেশে প্রত্যহ হরিদান ঠাকুরকে মহাপ্রদাদ দিয়া আদিতেন এবং অপর যে-কেহ প্রভুর অবশেষ প্রোর্থী বা যে কাহাকেও অবশেষ দেওয়া প্রভুর ইচ্ছা, তাঁহাকে প্রভুর অবশেষ দিতেন। গোবিন্দের ভাগ্যের তুলনা গোবিন্দের ভাগ্যই। ব্রন্ধলীলায় গোবিন্দ ছিলেন ভন্তর-নামক শ্রীক্রফভতা।

গোবিক্ষ কৰিব্লাক্ষ। নিজ্যানন্দশাখা (১০১০৪৮)। কেহ কেহ মনে করেন, ইনিই জ্রীনিবাস আচার্য্যের শিষ্ট প্রসিদ্ধ পদকর্তা গোবিন্দ কবিরাদ্ধ। কিন্তু তাহা সক্ষত বলিয়া মনে হয় না। তাহার হেতু এই। জ্রীনিবাস আচার্য্যের শিষ্ট গোবিন্দ কবিরাদ্ধ প্রীনিত্যানন্দের সম-সাময়িক নহেন, নিজ্যানন্দ প্রভুব অপ্রকটের অনেক পরে তাঁহার আবির্তাব। ক্রীনিবাস আচার্য্যও নিজ্যানন্দ প্রভুব দর্শন পারেন নাই। বিশেষতঃ, আচার্য্য প্রভু হইলেন জ্রীপাদ গোপালভট্ট গোস্বামীর শিষ্ট ; জ্রীপাদ গোপালভট্ট ছিলেন প্রবোধানন্দ সরস্বতীর শিষ্য এবং জ্রীনেতস্তশাখাভুক্ত (১০০০০), জ্রীনিত্যানন্দ-শাখাভুক্ত ছিলেন না। স্বত্যাং তাঁহার শিষ্ম জ্রীনিবাস আচার্য্যকে এবং জ্রীনিবাস-আচার্য্যের শিষ্য গোবিন্দ কবিরাদ্ধক — শিষ্যপরন্দার্ক্রনেও—জ্রীনিত্যানন্দেন সাধার অন্তর্ভুক্ত বলা যায় না। অন্ত গণভুক্ত কোনও কোনও ভক্তকে মহাপ্রভু নাম-প্রেম-প্রচারার্থে জ্রীনিত্যানন্দের সঙ্গে দিয়াছিলেন ; উভন্ন গণেই তাঁহাদের নাম আছে ; কিন্তু জ্রীপাদ গোপালভট্ট তাঁহাদের অবং তাঁহার শিষ্যান্থশিষ্ঠ জ্রীনিবাস আচার্য্যাদিকে নিত্যানন্দশাখাভুক্তর লো চলে না। আরও একটা কথা বিবেচ্য। জ্রীনিবাস আচার্য্যের শিষ্য গোনিন্দ কবিরাদ করিয়ান্তের নাম যদি নিত্যানন্দশাখাভুক্তরপে ক্রীজ্রীকৈতস্তচরিতান্ত্রত উন্নিখিত হইত, তাহা হইলে কি জ্রীনিবাস আচার্য্যের নাম উন্নিখিত হইত না? তাঁহার উল্লেখ কোণাও নাই। এ-সমন্ত কারণে মনে হয়—জ্রীনিবাস আচার্য্যের শিষ্ক গোবিন্দ কবিরাদ্ধ হইতেছেন নিত্যানন্দশাখাভূক্ত গোবিন্দ কবিরাদ্ধ হইতে ভিন্ন ব্যক্তিন।

শোবিশ্ব খোব। উত্তরবাঢ়ীয় কায়স্থ। বাহ্বদেব ঘোষ ও মাধব ঘোষ ইহারই সহোদর। ইহাদের কীর্তনে গৌর-নিত্যানন্দ নৃত্য করিতেন। কাটোয়ার নিকটবর্ত্তী কুলাই গ্রামে আবির্ভাব। নীলাচলে বর্ষাজ্ঞাদিকালে ইহারা তিন সহোদরই কীর্ত্তন করিতেন। রামকেলি ঘাইবার পথে প্রভু গোবিন্দ ঘোষকে অগ্রন্থীপে রাধিয়া যায়েন; অগ্রনীপে ইনি গোপীনাথ-বিগ্রহের সেবা প্রতিষ্ঠা করেন। গোবিন্দ ঘোষের একমাত্র পুত্রের দেহত্যাগ হইলে ইনি শোকবিহ্বল হইয়া পড়েন। গোপীনাথ জানাইলেন—তিনিই তাঁহার পুত্রকে স্বচরণে লইয়া গিয়াছেন। তথন গোবিন্দ ঘোষ বলিলেন—আমার প্রান্ধ করিবে কে? গোপীনাথ বলিলেন—ভোমার প্রান্ধ আমি করিব। বছতঃ ঘোষঠাকুরের প্রান্ধবাসরে গোপীনাথের ঘারাই প্রান্ধ করান হইয়াছিল এবং এখনও ঘোষঠাকুরের তিরোভাব-তিথিতে গোপীনাথের ঘারাই প্রান্ধ করান হয়। গোবিন্দ ঘোষ পদকর্তাও ছিলেন। ব্রজ্গীলায় ইনি ছিলেন কলাবতী, বিশাখার্যনিত গীত গান করিতেন।

রোবিক্ষ দত্ত। থড়দহের নিকটে হথচর গ্রামে শ্রীপাট। নবদীপে প্রভুর কীর্তনের সঙ্গী, মূল গায়ক। শ্রীপাদ সনাতন গোস্বামী বৃহদ্বৈষ্ণব-তোষণীর স্চনায় বাহ্নদেব দত্ত, গোবিন্দ ও মৃকুন্দের বন্দনা করিয়াছেন। "শ্রীবাহ্নদেব দত্তীক শ্রীগোবিন্দং মৃকুন্দকম্।" ইহাতে কেহ কেহ মনে করেন, গোবিন্দ দত্ত ছিলেন বাহ্নদেব দত্ত ও মৃকুন্দ দত্তের সহোদর। ইনি পূর্ববলীলায় ছিলেন বৈকুণ্ঠমণ্ডলে—পুগুরীকাক।

গৌরীদাস প্রিত। ঘাদশ গোপালের এক গোপাল। ব্রজের স্থবন্সথা। নবছীপ হইতে পাঁচ-ছয় কোশ দূরবর্ত্তী শালিগ্রামে আবির্ভাব। পিতা শ্রীকংসারি মিশ্র (ঘোষাল), মাতা শ্রীমতী কমলাদেবী। কংসারি মিশ্রের ছম্ব পুত্র-- লামোলর, জগন্নাথ, স্থানাস, গোরীনাস, কঞ্দাস ও নৃসিংহচৈতক্ত। গোরীদাস হইলেন চতুর্থ পুত্র। ছন্ন ভ্রাতাই পরম বৈষ্ণব। গৌরীদাস শৈশব হইতেই বিষয়ে অনাসক্ত। জ্যেষ্ঠ ভ্রাতার আদেশ লইয়া শালিগ্রাম হইতে গঙ্গাতীরবর্ত্তী অম্বিকায় আসিয়া নির্জ্জনে সাধন-ভজনে রত থাকেন। পরে প্রভুর ইচ্ছায় বিবাহ করেন; পত্নীর নাম এমতী বিমলাদেবী। তাঁহার ছই পুত্র—বলরামদাস ও রগুনাথদাস। গৌরীদাস সংগ্রভাবের উপাসক; শ্রীমন্নিত্যানন্দ প্রভুর শিক্স। স্থবল্মঞ্চল-এন্ধ হইতে জানা যায়—শ্রীমন্নিত্যানন্দ ও শ্রীমন্মহাপ্রভু একদিন শান্তিপুর হইতে নবৰীপে আসিবার সময়ে হরিনদী গ্রামে আসিয়া নৌকায় উঠেন এবং নিজেরাই বৈঠাদারা নৌকা বাহিয়া গলা পার হয়েন; কিন্তু নবন্ধীপে না গিয়া বৈঠা হাতেই অধিকায় গোরীদাদের গৃহে আদিয়া গোরীদাদকে বৈঠা দিয়া বলিলেন—"এই বৈঠা লও; জীবকে ভবনদী পার কর।" প্রভু গৌরীদাসকে স্বহস্তলিখিত একথানি শ্রীমদ্ভগবদ্-গীতাও দিয়াছিলেন (ভক্তিরত্বাকর)। এই বৈঠা এবং গীতা এখনও অম্বিকায় আছেন। সন্ন্যাসের পরে প্রভু যখন শান্তিপুরে আসেন, তথন অভিমানভরে গৌরীদাস তাঁহার দর্শনে যায়েন নাই। প্রভু নিজেই শ্রীনিতাইয়ের সহিত অন্ধি-কায় আসিলেন; গৌরীদাসের অভিমান দূর হইল। গীতকল্পতক্র পদ হইতে জানা যায়, গৌরীদাস তথন প্রেমাবেশে কাদিতে কাদিতে বলিয়াছিলেন—"তোমাদের আর ছাড়িয়া দিব না; তোমরা ছই ভাই এথানেই থাক।" প্রভু বলিলেন—"গৌরীদাস, আমাদের প্রতিমৃত্তির সেবা কর।" গৌরীদাস কাঁদিতেই লাগিলেন। পরে প্রভু বলিলেন— "নবদ্বীপ হইতে নিম্ববৃক্ষ আনিয়া আমাদের বিগ্রহ প্রস্তুত কর।" গৌরীদাস তাহাই করিলেন। প্রভু বলিলেন—"আমর। তুইজন; আর তুই বিগ্রহ; তোমার বিখাসের জন্ম আমরা চারিজন এক দক্ষে আহার করিব।" গৌরীদাস প্রমানক্ষে রন্ধন করিলেন। ছই বিগ্রহসহ ছই মহাপ্রভু এবং ছই নিত্যানন্দ একসঙ্গে বসিয়া আহার করিলেন। এই চারিজনের মধ্যে **ছুইজন—মহাপ্রভু** ও নিত্যানন্দ—অধিকায় রহিলেন এবং ছুইজন—মহাপ্রভু ও নিত্যানন্দ—নীলচলে গেলেন। এই ছুই শ্রীবিগ্রহ এখনও অম্বিকায় বিরাজিত।

গৌরীদান পণ্ডিতের জ্যেষ্ঠ স্থ্যদাস পণ্ডিতের কন্যাদমকে (শ্রীশ্রীবস্থা-জাহবাকে) শ্রীমন্নিত্যানন্দ বিবাহ করেন। গৌরীদানের পুত্রের কন্যাকে হৃদয়চৈতক্ত বিবাহ করেন। হৃদয়চৈতক্ত গৌরীদান পণ্ডিতের শিক্ত; শ্রীল স্থামানন্দঠাকুর হৃদয়চৈতক্তক্তের শিক্ত।

চল্রদেশর আচার্য। "আচার্যারত্ব" ক্ররা।

ভেষ্ট ছরিদাস। নীলাচলে মহাপ্রভুকে নিত্য কীর্ত্তন শুনাইতেন। ইনি ভগবান্ আচার্য্যের আদেশে প্রভুর ভিক্ষার জন্ত বৃদ্ধা তপৰিনী মাধবীদাসীর নিকট হইতে ভাল চাউল চাইয়া আনিয়াছিলেন বলিয়া প্রভু ওাহাকে বর্জন করেন। শুনিয়া তিনি লানাহার ত্যাগ করেন। স্বরূপদামোদরাদি এবং প্রমানন্দপুরী গোস্বামীও ওাঁহাকে রূপা করার জন্ত প্রভুকে অন্থরোধ করিয়াছিলেন; কিন্ত রুতকার্য্য হয়েন নাই। "বৈরাগী হইয়া করে প্রকৃতি সুভাবণ। প্রভু বোলে তার মুখ না করোঁ দর্শন॥" পরম করুণ প্রভু অবশুই রূপা করিবেন—স্বরূপদির মুথে এই ভর্মা পাইয়া ছোট হরিদাস লানাহার করেন। এক বংসর পর্যন্ত আশায় আশায় অপেক্ষা করিয়াও প্রভুর রূপা না পাইয়া হরিদাস কাহাকেও কিছু না বলিয়া প্রয়াগে চলিয়া যায়েন এবং গৌর-চরণ প্রাপ্তির সম্বন্ধ করিয়া ত্রিবেণীতে দেহ বিসর্জন করেন। পরে অদৃশ্র দেহে কীর্ত্তন করিয়া নীলাচলে প্রভুকে শুনাইতেন; এই কীর্ত্তন অপরেও শুনিত। বিশেষ বিবরণ অন্ত্যনীলার দ্বিতীয় পরিছেদে ১০১-৬৪ প্রারে ক্রন্ট্রা।

জগদানন্দ পণ্ডিত। ব্রাহ্মণ। কাঞ্চনপল্লীতে আবির্ভাব। প্রভুর অস্তরঙ্গ ভক্ত। পূর্ববদীলায় সত্যভাষা। সন্ন্যাসের পরে প্রভু যথন শান্তিপুর হইতে নীলাচলে আসেন, তথনই ইনি প্রভুর সঙ্গে নীলাচলে আসিয়াছিলেন। নীলাচলেই সাধারণতঃ থাকিতেন। মধ্যে মধ্যে প্রভুর আদেশে নবছীপে আসিতেন। ইনি প্রভুকে সর্ব্বদা স্থাথ রাথিতে চেষ্টা করিতেন। শীতকালে প্রভুর তিন বেলা স্নান, কলার শরলাতে প্রভুর শয়ন ইত্যাদি জগদানদের সহ হইত না। একবার তিনি যথন গৌড়ে আসিয়াছিলেন, শিবানন্দসেনের গৃহে এক কলস চন্দনাদি তৈল প্রস্তুত করিয়া নীলাচলে আনিয়া প্রভুর ব্যবহারের জন্ম গোবিন্দের নিকটে দিয়াছিলেন। প্রভু তাহা অঙ্গীকার করেন নাই জানিয়া অভিমানভরে তৈল কলস আনিয়া প্রভুব সাক্ষাতেই ভাঙ্গিয়া চলিয়া গেলেন এবং ঘরে গিয়া ঘার বন্ধ করিয়া শুইয়া রহিলেন। তৃতীয় দিবসে প্রভু তাঁহার বারে গিয়া ভাকিয়া বলিলেন—"পণ্ডিত উঠ; আজ তুমি নিজে রাল্লা করিয়া আমাকে ভিক্লা দিবে; আমি এখন জগল্লাথ দুর্শনে যাইতেছি; মধাকে আসিব।" জগদানন্দ তখন উঠিয়া বন্ধন করিলেন, মধ্যাহে প্রভুকে ভিক্ষা করাইলেন এবং প্রভুর আগ্রহে নিচ্চেও আহার করিলেন। আর একবার প্রভুর জন্য "তুলীগাও" প্রস্তুত করিয়া গোবিন্দের নিকট দিয়াছিলেন; প্রভু তাহা অঙ্গীকার না করায় অত্যন্ত হুংথ পাইলেন। সনাতন গোস্বামী যথন নীলাচলে, তথন তাঁহার অঙ্গে ছিল কণ্ড। প্রাভু জোর করিয়া তাঁহাকে আলিঙ্গন করেন। তাঁর কণ্ডরদা প্রভুর অঙ্গে লাগে: তাতে দনাতনের মনে অত্যন্ত কট্ট হইত। তিনি জগদানন্দ পণ্ডিতের প্রামর্শ চাহিলেন। তিনি সনাতনকে বলিলেন—"রথযাত্রা দেখিয়া তুমি রন্দাবনে চলিয়া যাও।" প্রভু সনাতনের মুথে ইহা ভনিয়া জগদানন্দ মর্য্যাদা লভ্যন করিয়াছেন বলিয়া জগদানন্দের উদ্দেশ্যে অনেক তির্স্কার করিয়াছিলেন। প্রভুর আদেশ লইয়া তিনি একবার বুন্দাবনে গিয়াছিলেন। সনাতনের নিকটে থাকিতেন; সনাতনই তাঁহার সব সমাধান ক্রিতেন। এক দিন তিনি সনাতনকে আহারের জন্ম নিমন্ত্রণ ক্রিয়াছিলেন। পাক শেষ না হইতেই সনাতন আদিলেন—মন্তকে একথানা লাল কাপড় বাঁধিয়া। জগদানন্দ মনে করিয়াছিলেন—উহা প্রভুর দেওয়া কাপড়। কিস্ক স্নাতনের মুখে ভনিলেন যে, উহা অন্ত সন্মাসীর দেওয়া; তথন ক্রোধে জগদানন্দ ভাতের হাঁড়ি লইয়া স্নাতনকে সান্বিতে গিয়াছিলেন। সনাতন যথন বলিলেন—পণ্ডিতের গৌরপ্রীতি পরীক্ষা করার জন্তই তিনি অন্ত সন্ন্যাসীর দেওয়া কাপ্ড মাধায় বাঁধিয়াছেন, পণ্ডিতের গোরপ্রীতি দেখিয়া অতাস্ত আনন্দ পাইয়াছেন, ঐ কাপ্ড কাহাকেও দিয়া দিবেন, যে-হেন্ত "রক্তবন্ত্র বৈষ্ণবেবে পরিতে না যুরায়"—তথন পণ্ডিত নিরন্ত হইলেন, ভাতের হাঁড়ি রাথিয়া দিলেন। প্রভতে পণ্ডিতের গাঢ় প্রীতি বশতঃ প্রভু ও জগদানন্দে প্রায় সর্ববদাই "থটুমটি" লাগিত। জগদানন্দ যথন পরিবেশন করিতেন, তথন ভয়ে প্রভু অতিরিক্ত মাত্রায়ও আহার করিতেন—না থাইলে হয়তঃ জগদানন্দ রাগ করিয়া উপবাস করিবেন।

ক্লাকীল পণ্ডিত। ব্রাহ্মণ। জ্রীচৈতক্তলাথা। ইহার সহোদরের নাম হিরণ্য। জগদীল পণ্ডিতের আবি-ক্লাকু-প্রাক্তক্ত্র পূর্বে। জগতের বহিন্দু থতা দেখিয়া বাহারা মনে জ্বংথ পাইতেন এবং তৎকালে বাহারা অবৈতের সভায়

কৃষ্ণকথা ভনিতে যাইতেন, জগদীশ পণ্ডিত তাহাদের মধ্যে একজন। একবার একাদশীর দিনে জগদীশ পণ্ডিত ও হিরণ্য পঞ্জিত নানাবিধ উপচারে বিষ্ণুর নৈবেছা প্রস্তুত করিয়াছিলেন। প্রাভু তথন শিশু। শৈশবে কেহ হরিনাম [>] করিলেই প্রভুর কান্না থামিত; কিন্তু এই দিন কিছুতেই থামে না। অনেক সাধ্য-সাধনার পরে বলিলেন—"অগদীশ হিরণা বিষ্ণু-নৈবেত করিয়াছে; যদি আমাকে প্রাণে বাঁচাইতে চাও, তবে সেই নৈবেত আনিয়া দাও।" সকলে ভাবিলেন—ইছা কি সম্ভব ? যাহাহউক, জগদীশ-হিরণ্য একথা শুনিয়া ভাবিলেন—"আমাদের ঘরে যে বিষ্ণু-নৈবেল প্রস্তুত হইরাছে, এই শিশু ভাহা কিরূপে জানিল ? এই পরম স্থন্দর শিশুটীর দেহে নিশ্চয়ই গোপাল অধিষ্ঠিত আছেন; সেই গোপালই নৈবেত থাইতে চাহিতেছেন।" প্রমানন্দে তাঁহারা নৈবেত লইয়া জগন্নাথ মিশ্রের গৃহে আদিলেন এবং শিশুকে থাওয়াইলেন এবং বলিলেন—"বাপ থাও উপহার। সকল ক্লফের স্বার্থ হইল আমার॥" পূর্ব্বলীলায় জগদীশ পণ্ডিত ও হিরণ্য পণ্ডিত ছিলেন যজ্ঞপত্নী।

জগাই-মাধাই। গৌরগণোদ্দেশ-দীপিকার মতে জগন্নাথ ও মাধব; বৈক্ঠের ছারপাল জয় এবং বিজয়ই । স্বেছ্ছায় জগলাথ ও মাধবরূপে অবতীর্ণ হইয়াছেন। সদ্ত্রাহ্মণবংশে নবদ্বীপে আবির্ভাব। ইহাদের বংশের পূর্ব-পুরুষগণ সকলেই সদাচারসম্পন্ন ছিলেন; কিন্তু ছুর্দ্দিববশতঃ এই ছুইজন শৈশব হইতেই ছৃক্তমে রত ছিলেন। তাঁহারা স্বজনকর্তৃক পরিত্যক্ত হইয়া তুর্জ্জনের সঙ্গেই থাকিতেন। ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করিয়াও ম্লুপান, গোমাংস-ভক্ষণ, চুরি-ভাকাতি, পরগৃহদাহ-আদি হৃদ্ধে এই হৃই ভাই সর্কাদা রত থাকিতেন। এমন কোনও হৃদ্ধ ছিল না, যাহা ইহারা করিতেন না। সর্বাদা মত্যপাদি ফুজ্জনের সঙ্গেই থাকিতেন, কথনও ভক্তসঙ্গ হইত না; তাই সৌভাগ্য-ক্রমে ইহাদের মধ্যে বৈষ্ণব-নিন্দা-জনিত অপরাধ ছিল না। লোকে ইহাদের অত্যাচারের ভয়ে সর্বাদা সম্ভক্ত থাকিত। ছই ভাই ম**অপানে বিভোর হইয়া কথনও কথনও রা**স্তায় গড়াগড়ি দিতেন, পরস্পর পর≫ারকে কিল-চড়-লাখি দিতেন, পরস্পারের প্রতি অঙ্গীল ভাষা প্রয়োগ করিতেন। এই অবস্থাতেই শ্রীমন্ধিত্যানন্দ ও শ্রীল হরিদাসঠাকুর তাঁহাদিগকে দেখিলেন। প্রভুর আদেশে নিত্যানন্দও হরিদাস নগরে ক্লঞ্চনাম-প্রচারে বাহির হইয়াছিলেন। দ্র হইতে তাঁহারা দেখিলেন—ছইজন লোক রাস্তায় পড়িয়া "কিলাকিলি গালাগালি" করিতেছে। লোকের নিকটে জিজ্ঞাসা করিয়া তাঁহারা এই ছইজ্পনের পরিচয় পাইলেন। তথন করুণ-হাদয় নিত্যানন্দ জগাই-মাধাইয়ের উদ্ধারের বিষয় চিস্তা করিতে লাগিলেন। তিনি ভাবিলেন—"পাতকী তারিতে প্রভু কৈলা অবতার। এমত পাতকী কোণা পাইবেন আর॥ * * ॥ এ-ছইয়েরে প্রভু যদি অহুগ্রহ করে। তবে সে প্রভাব দেখে সকল সংসারে ⊮" পতিত-পাবন নিত্যানন্দ তথন তাঁহার প্রচার-দঙ্গী হরিদাসকে বলিলেন—"হরিদাস, যে-সকল যবন তোমার প্রতি অত্যাচার করিয়াছিল, তুমি তাহাদেরও মঙ্গল কামনা করিয়াছিলে। তুমি যদি এই ছুইজ্বনের মঙ্গল কামনা কর, তাহা হইলেই ইংাদের উদ্ধার হইতে পারে; তোমার দঙ্কল প্রভু পূর্ণ করিবেনই।" হরিদাস বলিলেন—"তোমার ইচ্ছাই প্রভুর ইচ্ছা; আমাকে ভাণ্ডাইতেছ কেন ?" তথন শ্রীনিতাই হরিদাসকে প্রেমালিঙ্গন করিয়া উভয়ে জগাই-মাধাইয়ের দিকে যাইয়া একটু দূর হইতে বলিলেন—"বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, লহ কৃষ্ণনাম। কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ ধন প্রাণ॥ তোমা-স্বা লাগিয়া ক্লফের অবতার। হেন কৃষ্ণ ভঙ্গ, স্ব ছাড় অনাচার॥" শুনিয়া জগাই-মাধাই একটু মাথা তুলিয়া চাহিলেন এবং উঠিয়া "ধর ধর" বলিয়া নিত্যানন্দ-হরিদাসকে ধরিবার জ্বন্ত ছুটিলেন; তাহারাও "রক্ষ ফ্ড, রক্ষ ক্লফ্ড" বলিতে বলিতে পলায়ন করিলেন; ছর্ক_,ত্ত্ত্বয় তাঁহাদের ধরিতে পারিলেন না। নিত্যানন্দ-হরি**দাস** প্রভুর নিকটে উপনীত হইয়া সমস্ত বিরৃত করিলেন। প্রভু তথন ভক্তর্ন্দের সহিত কৃষ্ণকথার আলাপন করিতেছিলেন। গঙ্গাদাস ও শ্রীবাসপণ্ডিত প্রভুর নিকটে জগাই-মাধাইয়ের বংশের এবং ত্রুর্মের পরিচয় দিলেন। ⁹নিয়া প্রভু বলিলেন—"জানেঁ। জানেঁ। সেই হুই বেটা। থও থও করিম্ আইলে মোর হেথা॥" রঙ্গীয়া নিত্যানন্দ লিলেন—"প্রভু, থণ্ড থণ্ড কর; কিন্তু এই ছইজন থাকিতে আমি আর কোথাও যাইব না। কিসের জন্ম তুমি এত ড়াই কর; যাহারা ধার্দ্মিক, তাহারা তো নিজেদের অভাবে ক্লফ-নাম করিয়া থাকে। তুমি এই ছই জনকে যদি

ভজিদান করিতে পার, তবেই জানিব—ভূমি পতিছ-পাবন।" প্রভু হাসিয়া বলিলেন—"শ্রীপাদ, ভূমি ধর্মন ইহাদের মঙ্গল কামনা করিতেছ, তখন শীত্রই ক্ষক ভাহাদের মঙ্গল করিবেন।" হরিদানের নিকটে সমক্ত শুনিয়া আবৈভাচার্য বলিলেন—"চিক্তা নাই; হুই তিন দিনের মধ্যেই জগাই-মাধাই ভক্তগোটাতে আসিবে।" ইহার পরে একদিন রাজিকালে শ্রীনিত্যানন্দ নগর-ভ্রমণ করিয়া আদিতেছেন, এমন সময়ে জগাই-মাধাই তাঁহাকে দেখিয়াই---"কেরে, কেরে" বলিয়া ভাকিলেন; নিতাই বলিলেন—"আমি অবধৃত।" অমনি মাধাই ক্রন্ধ হইয়া মুটকী তুলিয়া নিত্যানন্দে মাথায় মারিলেন; মূটকীর আঘাতে নিত্যানন্দের মাথা হইতে রক্তের ধারা পড়িতে লাগিল; তিনি গোবিন্দ শর্প করিলেন। মাধাই আবার মারিতে উল্লভ হইলে, নিত্যানন্দের মাধার রক্ত দেখিয়া জগাই তাঁহার হাড ধরিলেন এবং বলিলেন—"কেনে হেন করিলে, নির্দয় তুমি দৃঢ়। দেশাস্তরী মারিয়া কি হৈবা তুমি বড়। এড় অবধুতে না মারিহ আর। সন্ন্যাসী মারিয়া কোন্ ভাল বা তোমার ॥" রাস্তান্ন লোক গিন্না প্রভুর নিকটে এই সংবাদ জানাইলে পার্যদর্শের সহিত প্রভু ছুটিয়া আসিলেন। তখনও "নিত্যানন্দের অংক সব বক্ত বহে ধারে। হাসে নিত্যানন্দ সেই হু'য়ের ভিতরে॥" মহান্তনগণ ঠিক কথাই বলিয়াছেন— "অকোধ পরমানন্দ নিত্যানন্দরায়। অভিমানশুর নিতাই নগরে বেডায়॥" যাহা হতক, প্রাণাশ্বিক নিত্যানন্দের অঙ্গে রক্ত দেখিয়া প্রভু ক্রোধে আত্মহারা হইলেন, প্রভুর নিজের অঙ্গে যদি মাধাই রক্তধারা বহাইতেন, তাহা হইলেও বোধ হয় এত ক্রন্ধ হইতেন না। ক্রোধে প্রভু "চক্র চক্র" বলিয়া ঘন ঘন ভাকিতে লাগিলেন, ত্রাচার क्यांहै-माधाहेत्क त्यन उथनहे मःशांत कतित्तन। ठक व्यानिया उभनी उहन ; मकंत्नहे ठक तम्बितन, क्यांहै-মাধাইও দেখিলেন। ভক্তরুদ্দ প্রমাদ গণিলেন; আর বোধহয় মনে মনে বলিলেন—"এ তো চক্তের যুগ নয় প্রভু, কেন চক্রকে ডাকিতেছ; তোমার অঙ্গ-উপাঙ্গই তো চক্রের অধিক কান্ধ করিতে সমর্থ। অক্যান্ত যুগে তো চক্রান্ধি ছারা অহ্বদিগকে প্রাণে মারিয়াছ; কিন্তু এবার তো তুমি প্রভু কাহাকেও প্রাণে মারিতে আস নাই, এবার তুমি **আসিয়াছ—আপাম**র-সাধারণকে প্রেমভক্তি দিয়া ক্লতার্থ করিতে; তোমার দর্শন-মাত্রেই মহা অহুরেরও অহুরত্ব স্থ্যোদ্যে অন্ধকারের ক্যায় দ্রীভূত হইয়া যায়, মহা-অস্থরও দত্ত মহাভাগবত হইয়া প্রেমাবেশে হাসে, কান্দে, নাচে, গায়। তাই ভাবি, প্রভু তুমি চক্রকে ডাকিতেছ কেন?" নিত্যানন্দও জানেন, এ তো চক্রের যুগ নয়; বিশেষত:, চক্র তো এই ছুইটি জীবকে সংহার করিবে: কিন্তু এদের প্রাণবিনাশ তো পরম-করুণ খ্রীনিভাইয়ের অভিপ্রেত নয়: ইহারা প্রেমভক্তির অধিকারী হইয়া, এখন যেমন অম্পুর্গু প্রাক্তু মন্ত পান করিয়া উন্মত্ত হয়, প্রেমভক্তিরূপ মদিরা-পানে তেমনি যেন প্রেমোন্মন্ত হইয়া ভক্তবন্দের সহিত হাসে, কান্দে, নাচে, গায়—ইহাই খ্রীনিতাইটাদের অভিপ্রায়। কিন্তু প্রভুর মন যদি চক্রের দিকে থাকে, তাহা হইলে চক্র তো তাহার প্রভাব বিস্তার করিবেই, এই তুই হতভাগ্যকে সংহার করিবেই। তাই পরম করুণ নিত্যানন্দ প্রভুর মনের ভাব ফিরাইবার জন্ম বলিলেন—"মাধাই মারিতে প্রভু রাখিল জ্ঞগাই। দৈবে সে পড়িল রক্ত হৃঃথ নাহি পাই॥" পাছে জগাইকে রক্ষা করিয়া প্রভু চক্রদারা মাধাইকে মারেন, তাই ্লীনিতাই আরও বলিলেন—"মোরে ভিক্ষা দেহ' প্রভু এ হুই শরীর। কিছু হুঃখ নাহি মোর—তুমি হও দ্বির॥" ेम्बक्कार्य-পরমানন্দ শ্রীনিত্যানন্দের করুণার প্রবল স্রোতঃ প্রভুর মনের গতিকে ফিরাইয়। দিল, প্রভু ভাগ্যবান্ জগাইকে আলিঙ্গন করিয়া বলিলেন—"কৃষ্ণ কৃপা কঞ্ন তোরে। নিত্যানন্দ রাথিয়া কিনিলি তুঞি মোরে। ষে অভীষ্ট চিত্তে দেখ—তাহা তুমি মাগ। আজি হৈতে ,হউ তোর প্রেমভক্তিলাভ ॥" তৎক্ষণাৎ জগাই প্রেমভরে মূর্চ্ছিত হইয়া পড়িলেন। তথন "প্রভু বলে—জগাই উঠিয়া দেখ মোরে। সত্য আমি প্রেমভক্তি দান দিল তোরে।" উঠিয়া ভাগাবান জগাই দেখিলেন—প্রভু বিশ্বস্তব শত্ম-চক্র-গদা-পদ্মধারী চতুভুজ। জগাই আবার মৃষ্টিত হইয়া পড়িলেন; প্রভু তাঁহার বক্ষঃছলে স্বীয় শ্রীচরণ ধারণ করিলেন; স্কুতি জগাইর মুর্জ্ঞাভঙ্গ হইল, শ্রীচরণ ধারণ করিয়া অঝোর নয়নে প্রেমাই বিসর্জন করিতে লাগিলেন। তুই প্রভুর করুণার স্রোডোবেগ চক্রকে ফিরাইয়া বোধহয় চক্রধরের হাতেই লইয়া আদিল; চতুভুজিরপ প্রকটিত করিয়া প্রভু বোধহর ভাহাই দেখাইনেন। বাহাহউক, জগাইরের প্রতি তুই প্রভূব কুণা দেখিয়া মাধাইয়ের চিত্তও পরিবর্তিত হুইল; তিনি প্রভূর

চরবে গভিত হইয়া নিবেশন করিলেন—"হুই জনে একঠাঞি কৈল প্রভু পাপ। অহুগ্রহ কেনে প্রভু কর ছুই ভাগ মোৰে অছুগ্ৰহ কৰ-লঙ ভোৰ নাম। আমাবে উদ্ধাৰ কৰিবাবে নাহি আন।" প্ৰভূ বলিলেন-"ভোৰ উদ্ধাৰ নাই; তুই নিজানশের অংশ বক্তপাত করিয়াছিন; আমা হইতেও নিজানশের দেহ বড়।" "ভাহা হইলে कि উপায়ে হইবে প্রাড়, সামাকে রূপা করিয়া উপদেশ কর।" "মাধাই, নিত্যানন্দের চরণে শরণ লও।" মাধাই নিত্যানন্দের চরণে পতিও ইইয়া কাকৃতি জানাইতে লাগিলেন। তথন বঙ্গীয়া প্রভু বলিলেন—"ওন নিত্যানক বায়। পড়িল চরশে—কুণা করিতে ক্যায় । তোমার অঙ্গেতে যেন কৈল বক্তপাত। তুমি সে ক্ষতিতে পার—পড়িল তোমাত ।" নিতাই তো পূর্বেই প্রভূব নিকটে জগাই এবং মাধাই—উভয়ের শরীর ভিকা চাহিয়াছেন; তাঁহাদিগকে অঙ্গীকার কৰিয়াছেন। তথাপি প্রভুর কথা শুনিয়া বলিলেন—"প্রভু কি বলিব মৃঞি। বৃক্ষধারে ক্লপা কর দেই শক্তি ভূঞি॥ কোন জ্ঞানে থাকে যদি আমার হুক্ত। সব দিলুঁ মাধাইরে—শুনহ নিশ্চিত । মোর যত অপরাধ—নাহি তার দার। মারা ছাড়, রূপা কর, তোমার মাধাই॥" "তোমার মাধাই" বলিয়া শ্রীনিতাই মাধাইকে প্রভুর চরণেই সমুর্লণ ক্রিয়া প্রভু যেন তাঁহাকে অঙ্গীকার করেন—এই অভিপ্রায়ই জানাইলেন। প্রভু বিশ্বস্তর বলিলেন—"যদি ক্রিলা দকল। মাধাইরে কোল দেহ, হউ্ক সফল " নিতাইয়ের গৌর-প্রীতি এবং গৌরের নিতাই-প্রীতি—কেবল ভক্তদেরই অম্ভববেশ্ব। আর ভাগ্যবান্ মাধাই উভয়ের প্রীতির হিল্লোলে বাহিত হইয়া যেন একবার প্রভুর চরণে, একবার নিতাইর চরণে যাইতেছেন। প্রভুর "মাধাইরে কোল দেহ"—বাক্যে প্রভু বোধ হয় জানাইলেন— "নিতাই, তুমি যাকে রূপা করিয়া অঙ্গীকার কর, একমাত্র সেই ভাগ্যবান্ই আমার রূপার পাত্র। তুমি কোল দিমা মাধাইকে আঅসাথ কর, তাহা হইলেই মাধাইর সর্বার্থ লাভ হইবে।" জীনিতাই মাধইকে দৃঢ় আলিম্বন कतित्तुन; उथन "माधारेत रहेन नर्वतक्षन त्यावन माधारेत एएट निजानम প্রবেশিলা। সর্কশক্তি সমৃত্বিত মাধাই হইলা ॥"

প্রভুজগাই-মাধাইকে বলিলেন—"তোমবা আর পাপকার্য করিও না; আর যদি পাপ না কর, তাহা হইলে তোমাদের কোটি জয়ের পাপেরও আর দাম থাঞ্জিবে না।" তাঁহারা বলিলেন—"আর নারে বাপ।" তথন প্রভুজকর্ম্পকে বলিলেন—"এই চুইজনকে আমার বাড়ীতে তুলিয়া লও; ইহাদের সহিত কীর্ত্তন করিব; ইহাদিকে আঙ্গ ব্রহ্মার ছর্মভ বন্ধ দিব।" ভক্তর্ম্প তাঁহাদিগকে লইয়া প্রভুর অঙ্গনে গেলেন; বারে কপাট পড়িল। প্রভুর কপায় জগাই-মাধাই ছই প্রভুর স্তব করিলেন। গুনিয়া ভক্তর্ম্প বিশ্বিত হইলেন। প্রভু বলিলেন—"এ-ছই মন্তপ নহে আর। আজি হৈতে এই ছই সেবক আমার॥ সবে মিলে অহ্প্রহ কর এ হ'য়েরে। জয়ে জয়ে আর মেন আমা না পাসরে॥। যে-রূপে হাহার ঠাই আছে অপরাধ। ক্ষিয়া এ-ছই প্রতি করহ প্রসাদ॥" জগাই-মাধাই বৈষ্ণবদের চরণে পতিত হইলেন। প্রভু বলিলেন—"জগাই-মাধাই উঠ। তো-সবার যত পাপ মৃঞ্জি নিলু সব। সাক্ষাতে দেখহ ভাই এই অহ্ভব॥" তাঁদের শরীরে আর পাপ নাই, ইহা বৃশ্বাইবার জন্ত প্রভু "কালিয়া-আকার" হইয়া গেলেন। তার পর সকলে মিলিয়া কীর্ত্তন আরম্ভ করিলেন। আর "হার অন্ধ পরশিতে রমা ভ্রম পায়। সে প্রভুর অঞ্জ-সঙ্গে মগুপ নাচয়॥" নৃত্যকীর্তনাস্তে সকলে মিলিয়া গঙ্গায় জলকেলি করিলেন। তারে উঠিয়া প্রভু সকলকে মালা-প্রসাদ-চন্দন দিয়া বিদায় লইলেন; আর "জগাই-মাধাই সমর্শিল সবা-শ্বানে। আপন গলার মালা দিল ছই জনে॥"

ধ্যেই হইতে জগাই-মাধাই পরম ভাগবত হইলেন। প্রতাহ উষাকালে গঙ্গাসান করিয়া নির্দ্ধনে প্রতাহ ছইল্ড্রু নাম জপ করিজেন। আর "আপনারে ধিকার কর্মে অফুক্রন। নির্ব্ধি কৃষ্ণ বলি কর্মে জেন্সুন।"

এক দিন শ্রীনিত্যানন্দকে নিভূতে পাইয়া অনেক গুবস্থতির পরে মাধাই বলিলেন—"তোমার আদ্ধে আমি
আমাজ করিয়াছি; আমার কি গতি হইবে প্রভূ।" শ্রীনিতাই বলিলেন—"শিশুপুত্র মানিলে কি বাণে ছংখ পার।
এই মত জোমার প্রহাব মোর গায়।" আবার মাধাই বলিলেন—"অনেক জীবের হিংসা, করিয়াছি; তাঁদের চিনিও না,
টিনিডে পারিলে তাঁদের চরণে অপুরাধের জন্ত কমা চাছিতে পুয়ুরিভাম। এখন আমি কি করিব প্রভূ, দুরু

করির। উপদেশ দাও।" তথন জ্ঞীনিতাই বলিলেন—"গঙ্গাঘাটের দেবা কর, মার্ক্সন কর। লোক স্থথে স্থান করিবে, তথন ভোমাকে সকলে আশীর্কাদ করিবে। সকলকে বিনীতভাবে নমন্বার করিয়া অপরাধের ক্ষমা চাহিবে; ভাহা হইলেই ভোমার অপরাধ দূর হইবে।" মাধাই ভাহাই করিতে লাগিলেন। যাহারা গঙ্গামানে আনেন, সকলকে দণ্ডবং-প্রণাম করেন, আর বলেন—"জ্ঞানে বা অজ্ঞানে যত কৈলুঁ অপরাধ। সকল ক্ষমিয়া মোরে করহ প্রসাদ।"

ভপন বিশ্ৰা। আদি নিবাস পূৰ্ববঙ্গে, পদ্মাতীরবর্ত্তী কোনও এক গ্রামে। ইনি সাধ্য-সাধন-নির্ণয়ের জন্ত অনেক চেষ্টা করিয়াও কিছুই করিতে পারেন নাই। পরে পূর্ববঙ্গ-ভ্রমণ-কালে অধ্যাপক নিমাই পণ্ডিত যথন মিশ্রের গ্রামে গিরা উপস্থিত হইলেন, তথন মিশ্র একদিন রাজিশেবে স্বপ্ন দেখিলেন—মূর্ত্তিমান্ এক দেব তাঁছার সন্মথে আসিয়া বলিলেন, "তুমি নিমাই পণ্ডিতের নিকটে যাও; তিনি তোমার সাধ্যসাধন-তত্ত্ব বলিয়া দিবেন। নিমাই পণ্ডিত মহন্ত নহেন, নর্মপে সাক্ষাৎ ভগবান।" সেই দেব অন্তর্দ্ধান প্রাপ্ত হইলে তপন মিশ্র কাঁদিতে লাগিলেন। পরে প্রভূব নিকটে আসিয়া চরণে পতিত হইয়া করযোড়ে সাধ্য-সাধনের কথা জিজ্ঞাসা করিলেন। প্রভূ কলির যুগধর্ম হরিনাম-সঙীর্জনের কথা বলিয়া মিশ্রকে যোলনাম-বত্তিশ অক্ষরাত্মক তারকব্রহ্ম নাম উপদেশ করিয়া বলিলেন—"লাধালাধনতত্ব যে কিছু সকল। হরিনাম-দকীর্তনে মিলিবে সকল॥" আর বলিলেন—"লাধিতে লাধিতে যবে প্রেমাস্কুর হবে। সাধ্য-সাধনতত্ত জানিবা সে তবে॥" মিশ্র নিজেকে ক্লতার্থ জ্ঞান করিলেন; আর প্রভুর সঙ্গে নবৰীপে আসার ইচ্ছা প্রকাশ করিলেন। প্রভূ তাঁহাকে নিষেধ করিয়া বলিলেন—"তুমি শীঘ্র বারাণসীতে যাও, দেই স্থানেই আমার দকে তোমার মিলন হইবে—"কহিম্ দকল তত্ত সাধ্য-সাধন ॥" পরে প্রভু মিশ্রকে আলিক্সন করিলেন; প্রভুর স্পর্শে মিশ্র প্রেম-পুলকিত হইলেন। ইহার পরে তপন মিশ্র সপরিবারে কানীতে যায়েন। ঝারিখণ্ড-পথে প্রভুর বৃন্দাবন-গমন-কালে কাশীতে তপন মিশ্রের সহিত প্রভুর মিলন হয়; বৃন্দাবন-গমনের সময় প্রভু কাশীতে অল কয় দিন মাত্র ছিলেন; প্রতাাবর্তনের সময় ছই মাদের কিছু অধিক কাল ছিলেন। প্রত্যেক বারেই প্রভু তপন মিশ্রের গৃহে ভিক্ষা করিতেন; চক্রশেখর-বৈছের গৃহে বাস করিতেন। তপন মিশ্রাদির আগ্রহে কাশীবাসী মায়াবাদী সন্মাসীদের উদ্ধারের জন্ম প্রভুর রুপা উদ্বৃদ্ধ হয়। বিনুমাধব-মন্দিরে যে-দিন প্রকাশানন্দ-সরস্বতী-প্রমুখ সরাাসীদিগকে প্রভু ক্বতার্থ করেন, সেই দিন তপন মিশ্র সে-স্থানে ছিলেন। তপন মিশ্রেরই পুত্র শ্রীল রঘুনাধ ভট গোস্বামী।

দমরন্তী। রাঘবপণ্ডিতের ভগিনী। পানিহাটীতে শ্রীপাট। শ্রীচৈতত্যশাখা। ব্রন্ধলীলায় গুণমালা। ইনি প্রভুর প্রতি অত্যন্ত ক্ষেহবতী ছিলেন। প্রভুর জন্ত বারমাদের উপযোগী নানাবিধ ভক্ষাপ্রব্য প্রস্তুত করিয়া ঝালি ভূতবিয়া রাঘবের সঙ্গে প্রতি বৎসর নীলাচলে পাঠাইতের্ন। প্রভুও ভক্তের প্রীতিবস-সিঞ্চিত ত্রবা বারমাস উপভোগ করিতেন।

করিয়াছেন। সন্নাসের পরে প্রভু যথন শান্তিপুর হইতে নীলাচলে আসেন, তথনই দামোদর পণ্ডিত প্রভুর সঙ্গে আসিয়াছিলেন। নীলাচল হইতে প্রভু যথন গোড়ে আসিয়াছিলেন, তথন দামোদরও সঙ্গে ছিলেন এবং প্রভুর সঙ্গেই পুনরায় নীলাচলে গিয়াছিলেন। ইনি প্রভুতে অত্যন্ত প্রীতিমান্ ছিলেন। ইহার লোকাপেকাহীনতার এবং অন্তনিরপেক্ষতায় প্রভু অত্যন্ত প্রীতি লাভ করিতেন। প্রভু নিজম্থেই বলিয়াছেন—"গোহার গণের মধ্যে দামোদরের মত নিরপেক্ষ কেহ নাই; নিরপেক্ষ হইতে না পারিলে কৃষ্ণ-ভজন হয় না।" ইনি প্রভুর উপরে পর্যন্ত করিতে কৃষ্ণিত হইতেন না। এক হন্দরী যুবতী বিধবা আন্ধার শিশুপুর প্রভাই প্রভুর নিকটে ক্রিনিত; প্রভুতে শিশুর অত্যন্ত প্রীতি ছিল। প্রভুও তাহাকে অত্যন্ত ক্রিতেন। ক্রমোদর ইহা সন্ধ করিতেন না। বালককে অনেক নির্বেধ করিলেন; কিছে রেহের আকর্ষণে বালক নিতাই প্রভুক্ত

নিষ্কটে আনে। এক দিন দামেদির অত্যন্ত কট হট্য়া তজ্ঞন গর্জন করিয়া প্রভুকে বলিলেন—"এই বালকের প্রজ্ঞি দেখাও কেন? জান এই বালক কে?" "কে এই বালক, দামোদৰ?"—"এই বালক এক বিধবার প্রায়ে বিধিও সেই বিধবা পরম-ভপদ্বিনী, লাখনী; তথাপি তাঁর একটা দোব এই—ডিনি হুন্দরী, যুবতী। লোকের কানাকানি কথার অবসর দাও কেন?" প্রভু দামোদরের নিরপেকতা দেখিয়া বহু প্রশংসা করিলেন। প্রভুর্গ প্রতি তাঁহার সেহাধিক্য বলতঃই তিনি প্রভুকে বাক্যদণ্ড করিয়াছিলেন। প্রভু মনে করিলেন—"দামোদর মেরপ্রপূর্ণ করিপেক, তাহাতে বদি তাঁহাকে নববীপে পাঠান বায়, তাঁহার সাক্ষাতে কেহই স্বতম্র আচরণ করিতে পারিবে না।" প্রভু তাঁহাকে নববীপে মারের নিকটে পাঠাইলেন। কাহারও সামান্ত অসক্ত আচরণ দেখিলেও দামোদর বাক্যদণ্ডবারা তাহা সংশোধন করিতেন। ইহার পর হইতে রথযান্তা-উপলক্ষ্যে গৌড়ীয় ভক্তদের সহিত তিনি নীলাচলেও আসিতেন।

দেবালক (ভাগবতী)। কুলিয়া গ্রামবাদী। সর্বগুণষ্ক। পরম স্থান্ত; জ্ঞানবান্, তপৰী, আজন্ম উদাদীন, সন্ন্যাসীর স্থায় ব্রতধর ; কিন্তু ভক্তিহীন, মোকাকাজ্জী ; শ্রীমদ্ভাগবতের অধ্যাপনা করিতেন ; কিন্তু ভক্তিহীন বলিন্ধা ভাঁগৰতের মর্ম বুঝিতে পারিতেন না। একদিন শ্রীবাস পণ্ডিত তাঁহার গৃহসন্নিকট দিয়া যাইতেছিলেন; ভাগ্রতব্যাখ্যা ছইতেছে ভনিয়া তাঁহার সভায় গিয়া বসিলেন। ভাগবতের লোক ভনিয়াই শ্রীবাস প্রেমাবিট ছইলেন, তাঁহার আঙ্কে অ#-কম্পুলকাদি সাত্তিক ভাবের উদয় হইল; তিনি উচ্চন্বরে কাঁদিতে লাগিলেন এবং বিহ্বল হইয়া ভূমিতে পড়িয়া গেলেন। দেবানন্দের শিল্পণ ভক্তিহীন বলিয়া তাঁহার আচরণের মর্ম বুঝিতে পারিল না; তাহারা মনে করিল, শীবাদের ক্রন্দনে তাহাদের অধ্যয়নের ক্ষতি হইতেছে; তাই তাহারা তাঁহাকে লইয়। বাহিরে রাথিয়া দিল। শ্রীবাসের একটু জ্ঞান-ফিরিয়া আসিলে মনে হুঃথ পাইয়া চলিয়া আসিলেন এবং বিরলে বসিয়া ভাগবত আলোচনা করিতে লাগিলেন। শিশুগণ যথন শ্রীবাসকে বাহিরে নিয়া ফেলিয়া রাখিল, তখন দেবানন্দ তাহাদিগকে নিবারণ করেন নাই; তাই তাহার অপরাধ হইল। এই ঘটনা ঘটিয়াছে প্রভুর আবির্ভাবের পূর্বেষ। প্রভু একদিন নগ্র-ভ্রমণে বাহির হইলে হঠাৎ দেবানন্দের দেখা পাইলেন, তথনই শ্রীবাসের নিকটে তাঁহার অপরাধের কথা প্রভুর মনে পড়িল। শ্রীবাসের প্রতি তাঁহার শিশুদের আচরণ এবং তাহাতে তাঁহার বাধা না দেওয়ার কথা উল্লেখ করিয়া প্রভূ ক্রোধবশে দেবানন্দকে তিরস্কার করিলেন। দেবানন্দ লজ্জিত হইলেন; কিছু বলিলেন না। দেবানন্দ প্রভুর ভগবত্তাম বিশ্বাস করিতেন না। এক দিন প্রেমময়-কলেবর বক্রেশ্বর-পণ্ডিত দেবানন্দের ভক্তিবেশে তাঁহার গৃহে রহিলেন এবং প্রেমাবেশে নৃত্য করিতে লাগিলেন; অঞ, কম্প, স্বেদ, হাস্ত, পুলক, ছমার, বৈবর্ণ্য, আনন্দমূর্জ্ঞাদি, বিকার তাঁহার দেহে প্রকাশ পাইল। দেবানন্দ মুগ্ধচিতে তাঁহার সেবা করিতে লাগিলেন, মাটিতে পড়িয়া যাওয়ার সময় আপন কোলে ধরিয়া রাখিলেন, বক্রেখরের অঙ্গুলা লইয়া নিজের সর্বাঙ্গে মাখিলেন। বক্রেখরের রূপার্য মহাপ্রভুতে দেবানন্দের বিশাস জন্মিল। প্রভু যথন কুলিয়ায় আসিয়াছিলেন, তথন দেবানন্দ যাইয়া প্রভুর চরণে দণ্ডবং-প্রণিপাত করিয়া সঙ্চিত হইয়া এক পাশে বসিয়া রহিলেন। প্রভুও তাঁহাকে দেখিয়া সম্ভষ্ট হইলেন; তাঁহার পূর্বেশ্ব সকল অপরাধ ক্ষমা করিয়া প্রভু তাঁহাকে লইয়া বিবলে বসিলেন এবং বক্তেশ্ব-পণ্ডিতের সেবা করিয়াছেন বলিয়াই খে প্রভু দেবানন্দের প্রতি প্রীত হইয়াছেন, তাহা বলিয়া বক্রেশবের মহিমা বর্ণন করিতে লাগিলেন। দেবানন্দ প্রভুদ্ধ চরণে সীয় দৈয় জ্ঞাপন করিলেন। প্রভু তাঁহার নিকটে ভাগবতের স্বরূপ-তত্ত প্রকাশ করিলেন এবং ভাগবতের ভক্তিমূলক ব্যাখ্যান করিতে উপদেশ দিলেন। তদবধি দেবানন্দ পরম-ভাগবত। ইনি ঘাপর-লীলায় নুন্ধ-মহারাজের সভাপণ্ডিত ভাগুরিমূনি ছিলেন।

শ্বন্ধস্ম প্ৰিত। ছাদশ গোপালের একতম। ব্ৰজের বহুধাম স্থা। নিত্যানন্দশাথা। চট্টগ্রামের জাড়-শ্বাব্ৰে জাবিভাব। পিতার নাম শ্রীপতি বন্দ্যোপাধ্যায়, মাতা কালিন্দীদেবী। ধনশ্বয়ের পিতা জ্বত্যক্ত ধনী ছিলেন; তিনি ুহবিশ্রিয়ানালী এক জ্বামান্তা রূপলাবণ্যবতীয় সহিত ধনশ্বয়ের বিবাহ দেন। বিবাহের পরে ধনশ্ব কিছুকাল বিলাপী হইয়া পড়েন। পরে সংসার-ভ্যাগের আৰু উহার বাদনা জয়ে; কিছু অকথা কাহারও বিজ্ঞান প্রকাশ না করিয়া তীর্থ অমণের হলে বাহির হইয়া পড়েন। বনজয় বর্জমান জেগার শীতলগ্রামে আলিয়া ভাইজা লোকদিগকে হরিনাম মহামন্ত্র দান করেন। পরে নববীপে আলিয়া প্রভু এবং ভাহার ভজ্জানের সহিভ মিলিভ মুইমা কিছুকাল কীর্তনানলে বিভোর হইয়া থাকেন। পরে আবার শীতলগ্রামে আদেন এবং দে-স্থান হইতে স্থলাবনে যাত্রা করেন। পথে বর্তমান মেমারী ষ্টেশনের নিকটে সাঁচড়া-পাচড়া গ্রামে কিছুকাল অবস্থান করেন; পরে বীর সহযাত্রী শিশুকে দে-স্থানে দেবা প্রকাশ করিতে অস্মতি দিয়া বৃন্ধাবনে চলিয়া যায়েন। বৃন্ধাবন হইতে মিরিয়া আদিয়া বর্তমান বোলপুরের নিকটে জলন্দিগ্রমে শ্রীবিগ্রহদেবা প্রকাশ করিয়া শীতলগ্রামে ফিরিয়া আদেন এবং শ্রীমন্ন মহাপ্রভুর দেবা প্রকাশ করেন। শীতলগ্রামেই তিনি তিরোভাব প্রাপ্ত হয়েন।

बकुन खकात्री। এপাট-কালনার নিকটবতী পিয়ারীগঞ। নৃসিংহের উপাসক। পূর্ব নাম ছিল প্রভার ব্রহ্মচারী; স্বীর উপাত্ত নৃসিংহদেবে তাঁহার অত্যন্ত প্রীতি দেখিয়া প্রভু তাঁহার নাম রাখেন নৃসিংহানন্দ (১)১০।৫৫-৫৬)। প্রভুর প্রতিও তাঁহার অত্যন্ত প্রীতি ছিল। প্রভু যথন গোড়পথে বুন্দাবন-গমনের উদ্দেশ্যে নীলাচল হইতে কুলিয়ায় জাসিয়া উপনীত হইলেন, তথন মৃসিংহানন্দ মনে মনে প্রভুর জন্ত পথ নির্মাণ করিতে লাগিলেন—রত্ববাধা পথ, তাহার উপরে নির্স্ত-পূম্পের শয্যা, পথের ছই দিকে পূম্প-বক্লের শ্রেণী, মধ্যে মধ্যে পথের ছই পার্ষে দিব্য পুদ্ধরিণী, তাতে রম্বর্বাধা ঘাট, প্রফুল কমল, অধাসম জল, নানা পক্ষীর কোলাহল, সর্ব্বত্ত শীতল সমীরণ। এইভাবে তিনি কানাইর নটিশালা প্রয়ন্ত পথ প্রস্তুত করিলেন; কিন্তু তার পরে আর তাঁর মন অগ্রসর হয় না। তথন তিনি বলিলেন— প্রভুর এবার বৃন্দাবনে যাওয়া হইবে না; কানাইর নাটশালা হইতেই প্রভু ফিরিয়া আদিবেন। বাস্তবিক তাহাই হইয়াছিল। একবার অম্বিকাতে তাঁহার দেহে প্রভুর আবেশ হইয়াছিল। আবিষ্ট অবস্থায় তিনি গ্রহগ্রন্তের স্থায় হাসেন, কাদেন, নাচেন, গান করেন— যেন উন্মত্ত ; দেহে অঞ্জ-কম্পাদি সন্থিক বিকার ; সঘন হুদ্ধার ; ঠিক প্রভুর মতই গৌরকান্তি, সর্বাদা প্রেমাবেশ। দর্শনের জন্ম সর্ব্ব গৌড়দেশের লোক উপস্থিত। সকলকেই তিনি কৃষ্ণনাম উপদেশ করেন। তাঁহার দর্শনেই লোক ক্লফপ্রেমে উন্মত্তপ্রায় হয়। শিবানন্দসেন এসব শুনিলেন। তাঁহার ইচ্ছা ংইল পরীকা করিতে। শিবানক মনে করিলেন—"আমি লুকাইয়া থাকিব; যদি আমার নাম ধরিয়া একচারী শামাকে ভাকাইয়া নেন এবং যদি আমার ইউময় বলিয়া দিতে পারেন, তাহা হইলেই বুঝিব, দর্কজ্ঞ প্রভুর আবেশ গাঁহাতে হইরাছে।" বন্ধচারী এই পরীক্ষায় উত্তীর্ণ হইলেন। নকুল বন্ধচারীর সাক্ষাতে প্রভুর আবির্ভাবও হইত। শিবানক্ষদেনের ভাগিনেয় শ্রীকান্ত একবার রথযাতার কয়েকমাদ পূর্ব্বে নীলাচলে গিয়াছিলেন; ফিরিবার সময়ে প্রভূ তাঁহাকে বলিলেন—"নকুলকে বলিও, এবার যেন কেহ নীলাচলে না আসেন; আমিই গোড়ে যাইব। পৌষ-য়ালে তোমার মামা শিবানন্দের গৃহে ভিকা করিব। জগদানন্দ সে-স্থানে আছে, আমার জন্ম রাল্লা করিবে।" ভ্রনিয়া ব্রানন্দ ও জগদানন্দ প্রায় সমস্ত পৌষমাস অপেকা করিলেন, প্রভু আসেন না। মানের অল্প বাকী থাকিতে ক্ষিংহানন্দ শিবানন্দের গৃহে উপস্থিত হইলেন; সমস্ত শুনিয়া বলিলেন—"চিন্তা নাই; তিন দিনের মধ্যে আমি क्षेक्टंक जानित।" তিনি ধ্যানস্থ হইলেন; বাস্তবিক, তাঁহার ভক্তির প্রভাবে তৃতীয় দিনে প্রভু আবিষ্ঠাবে মাসিয়া নৃসিংহানন্দের পাচিত অনাদি গ্রহণ করিলেন, নৃসিংহানন্দ তাহা দেখিলেন। শিবানন্দ অবভা দেখেন নাই; ক্ত পরের বংসরে রথমাত্রা উপলক্ষ্যে শিবানন্দ যথন নীলাচলে গিয়াছিলেন, তথন প্রভু নিজেই গত পোরে তাহার ছে ভোজনের কথা উল্লেখ করিয়া শিবানন্দের সন্দেহ দূর করিলেন। যেথানে প্রীতি, সেথানে প্রভুনা আঞ্জি চ্চিতে পারেন না।

নিৰ্মান আচাৰ্য্য। বাদাণ। নবৰীপের চত্তুজ পণ্ডিতের পুত্র। প্রভুর কীর্তনের সঙ্গী। নানাজীর্থ জিলা বিষা জীনিত্যানিক নবৰীপে আসিয়া সর্বপ্রথমে ইয়ার আহেই অবস্থান করেন এবং ইয়ার লভেই নিজ্

মহাজ্ঞান্ত শুক্তব্যক্ত বিদান হয়। একবার ঈশর-আবেশে প্রভু শ্রীবাদের লাভা রামাই-পণ্ডিভকে শ্রীকবৈতের নিকটে পাঠাইরাছিলেন এবং বলিয়া দিয়াছিলেন, অবৈতাচার্য্য যেন তাঁহার পূজার জগু উপকরণাদি লইয়া সঞ্জীক সালেন। অব্যাহত এই সংবাদ ভনিয়া প্রেমাবিট হইয়া প্রোণকরণাদি লইয়া সঞ্জীক আসিলেন বটে; কিন্তু প্রভূর নিকটে না গিয়া প্রভুব পরীকার্য নক্ষন আচার্য্যের গৃহে লুকাইয়া বহিলেন এবং রামাই-পণ্ডিতকে বলিলেন—"তুমি গিয়া **टाप्रक रिमंश, व्यर्वेश व्यक्तिम मा।" वर्श्वशामी श्रम्भ किन्न त्रामारेत म्र्य किन्न एमात श्रम्भ रिमंश** শাসাকে পরীকা করিতে নন্দনাচার্য্যের গৃহে লুকাইয়া আছেন; যাও রামাই, তাঁকে শিল্প আসিতে বল।" পরে অহৈত আৰিয়া প্ৰভুৱ বন্ধনাদি করিলেন; প্ৰভু তাহার মন্তকে চরণ ধারণ করিয়া অবৈতের মনের গোপনীয় অভিলাধ পূর্ণ করিলেন। আর একবার প্রভু নিজেই নন্দন আচার্য্যের গৃহে লুকাইয়া ছিলেন। একদিন কীর্ত্তন হইতেছে; কিছ প্রভু আনন্দ পাইতেছেন না; প্রভু বলিতেছেন—কেন এমন হইল। অধৈত বলিলেন—"সকলকে ভূমি শ্রেম দিভেছ; বাদ পড়িলাম আমি, আর শ্রীবাস। আমি তোমার প্রেম শোষণ করিয়াছি।" প্রেমহীন দেহ বাখিয়া কোনও লাভ নাই বলিয়া প্রভু গঙ্গায় ঝাঁপ দিলেন; নিত্যানন্দ-হরিদাস ধরিয়া উঠাইলেন। প্রভু বিশিলেন—"আমি নন্দনাচার্য্যে গৃহে লুকাইয়া থাকিব; কাহাকেও তোমরা বলিও না।" নন্দনাচার্য্য নানাভাবে প্রভিত্ন সেবা করিলেন; ভাহার সঙ্গে কৃষ্ণ-কথারসে প্রভু সমস্ত রাত্রি কাটাইয়া দিলেন। প্রাত্তকোলে অইছডের মনে কট দিয়াছেন ভাবিয়া তাঁহাকে কুপা করার ইচ্ছা হইল। নন্দন আচার্য্যকে বলিলেন—"একেলা শ্রীবাসকে ভাকিরা আন।" শ্রীবাস আসিয়া কাঁদিতে লাগিলেন। প্রভু অহৈতাচার্য্যের সংবাদ জিজ্ঞাসা করিলে শ্রীবাস বিদিদোন—"কালি আচার্য্য উপবাস করিয়াছেন; সকলেই হৃ:থিত।" শুনিয়া রূপার্দ্রচিত্তে প্রভূ অবৈতাচার্ব্যের নিকটে গিয়া তাঁহাকে সাখনা দিলেন।

কালীদমনের দিন কীর্ত্তনে এবং শ্রীধরের গৃহে প্রভুর ভক্তবাৎসল্য-প্রকটনের সময়েও নন্দন আচার্য্য ছিলেন। রথবাত্রা উপলক্ষ্যে প্রভুর দর্শনের নিমিত্ত ইনি নীলাচলে যাইতেন।

मन्त्राई। এটিচতক্রশাথা। ইনি নীলাচলে গোবিন্দের আফ্গত্যে প্রভুর সেবা করিতেন। প্রভুর সঙ্গে গোড়েও 🙃 আসিয়াছিলেন। ব্রজ্ঞলীলায় ইনি ছিলেন জলসংস্কারকারী বারিদ।

নরহরিদাস। নরহরি সরকার ঠাকুর। ব্রজের মধুমতী স্থা। শ্রীথণ্ডে বৈগুবংশে আবিভাব। প্রাভুর **অতি প্রিয় ভক্ত। প্রভুর দর্শনের জন্ম রথযাত্রা উপলক্ষ্যে নীলাচলে যাইতেন। রথযাত্রাকালে এবং বেঢ়াকীর্ত্তন** কালে মৃত্য ও কীর্ত্তন করিতেন। নীলাচল হইতে বিদায় গ্রহণকালে প্রভু তাঁহাকে বলিয়াছিলেন—"নরহরি, রহ **আমার ভক্তগণ সনে।" ব্রজে**র মধুমতীর ভাবে ইনি গৌরবর্ণ ক্লফ্জানে প্রভুর প্রতি নাগর-ভাব পোষ্**র্** করিতেন।

লাদ্মায়ণী। শ্রীবাস পত্তিতের দ্রাতকলা। প্রভু যথন শ্রীবাস-অঙ্গনে কীর্তনাদিও নানা এখর্যা প্রকাশ করেন_ে তথন নারায়ণীর বয়স ছিল মাত্র চারি বংসর। প্রভু একদিন তাঁহাকে বলিয়াছিলেন—"নারায়ণী, রুঞ্চ ব**লিয়া** কাঁদ।" অমনি প্রভুর রূপায় নারায়ণী—"কুফ কুফ" বলিয়া প্রেমাবিষ্ট হইয়া ক্রন্দন করিতে লাগিলেন। প্রভু কবিয়া এই ভাগাবতী বালিকাকে নিজের চর্বিত তাম্ব্লরূপ অবশেষও দিয়াছিলেন। "চৈতত্তের অবশেষ-ৰিক্ষা তাঁছার খ্যাতি হইয়াছিল। প্রেমবিলাস-গ্রন্থের মতে নারায়ণীর স্বামী ছিলেন—কুমারহট্টবাসী বিপ্র क्র ুনারামণীর একমাত্র সন্তান ছিলেন—শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর, যিনি শ্রীচৈত্তগুভাগবত বচনা ক্রিয়াছেন। ্রাছ বলেন—বৃন্দাবন দাস যথন পর্ডে, তথনই নারায়ণী পতি-হারা হইয়াছিলেন এবং তথ্য শিভুহীনা ক্রিক্তা নারায়ণীকে শ্রীবাদ পণ্ডিত নিজ গৃহে আনিয়া রাথিয়াছিলেন। শ্রীমন্ মহাপ্রাভু দল্লাদ প্রহণ ক্ষিত্র নিষ্ট্রীপ জ্ঞান ক্ষিলে জীবাসও নবছীপ ত্যাগ ক্রিয়। কুমারহটে বাস ক্রিভেছিলেন এবং তিনি নারাম্বীক্ষে

ৰ্থানেই পাত্ৰত্বা করিয়াছিলেন। ব্ৰঙ্গলীলায় নারারণী ছিলেন জ্ঞীকৃক্ষের উচ্ছিট্ট-ভোজনকারিণী কিলিছিকা— অধিকার ভগিনী।

কোনও কোনও আধুনিক সমালোচক বলিতে চাহেন—বুন্দাবন দাস বিধবা নারায়ণীর গর্ভে জয়িয়াছিলেন; ভাঁছার। বলেন, চারি বংসর বয়সে নারায়ণী যথন মহাপ্রভুর কুপা লাভ করেন, তখন তিনি বিধবা ছিলেন। এই উক্তির সমর্থনে তাঁহারা ম্রারি গুপ্তের কড়চার একটা উক্তির উল্লেখ করেন। "শ্রীবাদ-প্রাভূ-তনরাহভর্ত্তকা মধুবছাতি:। হরে: প্রাপ্য প্রসাদক রৌতি নারায়ণী ভভা ।—হরির (গৌর হরির) রূপা লাভ কর্মিয়া এবালের আতৃহত। মধ্বহাতি মঙ্গলময়ী 'অভর্কা' নারায়ণী ক্রন্দন করিতেছেন।" এই শ্লোকে নারায়ণীকে "অভর্কা" বলা হইয়াছে; সমালোচকগণ "অভর্জা"-শব্দের অর্থ করিয়াছেন—বিধবা ভর্তা (স্বামী) নাই যাহার। মৃদ **मस**णै रहेन—जाइक, श्रीनित्र अप्पर्कन रहेग्राहि। अप्पर्कन-मस रहेन अभूक्रक-मस्त्र साग्न। अ-मस अपार-नाहक। অপুত্রক-শব্দে, যাহার পুত্রের অভাব, তাহাকেই বুঝায়: তদ্রপ, অভর্ত্তকা-শব্দেও যাহার ভর্তার অভাব, দেই নারীকে বুঝার। এই অভাব ছই বকমের হইতে পারে—এক, যাহার ভর্তা ছিল, পরে মরিয়া গিয়াছে, তাহারও ভর্তার অভাব; আর, যাহার ভর্তা এখনও কেহ হয় নাই, তাহারও ভর্তার অভাব। তাহা হইলে অভর্ত্তা-শব্দে বিধ্বাও বুঝাইতে পারে, অবিবাহিতা কুমারীও বুঝাইতে পারে। স্থতরাং নারায়ণী যে বিধবাই ছিলেন, কুমারী ছিলেন না—মুরারি গুপ্তের—"অভর্ক্কা"-শব্দ হইতে তাহা নিশ্চিতরূপে বুঝা যায় না। বরং, অপুত্রক-শব্দে যেমন সাধারণতঃ যাহার পুত্র জয়ে নাই, তাছাকেই বুঝায়; তজ্রপ "অভর্তকা"-শব্দেও যাহার এখনও কেহ ভর্তা হয় নাই, যে-নারী কুমারী, তাহাকেই বুঝাইতে পারে। চারি বংসর বয়সে নারায়ণীর বৈধব্য-সূচক অন্ত কোনও উক্তি পাওয়া না গেলে, কেবলমাত্র "অভর্কা-শব্দ হইতেই তাঁহাকে বিধবা বলা সঙ্গত হইবে বলিয়া মনে হয় না; বিশেষতঃ, মুবারি গুণ্ডের শ্লোকে অভর্ত্কা-স্থলে "অত্রাত্কা"-পাঠও যথন দৃষ্ট হয় (প্রভূপাদ অতুলক্ত্ফ গোস্বামী তাঁহার সম্পাদিত শ্রীচৈতক্ত ভাগবতের পরিশিষ্টে "শ্রীলঠাকুর বুন্দাবন দাস"-প্রসঙ্গে যে স্লোক উদ্ধৃত করিয়াছেন, তাহাতে "অভ্রাতকা"— পাঠ আছে)। কিন্তু চারি বংসর বয়সে নারায়ণীর বৈধব্যস্তচক কোনও উক্তি কোথায়ও পাওয়া যায় না, সমালোচক-গণও তাহা দেখাইতে পারেন নাই। বরং প্রেমবিলাস হইতে জানা যায়—"বুন্দাবন দাস যবে আছিলেন গর্তে। তাঁর পিতা বৈকুষ্ঠ দাস চলি গেল স্বর্গে ॥" নারায়ণীর চারি বৎসর বয়সের পূর্বের বুন্দাবন দাস তাঁহার গর্ভে আসিয়া-ছিলেন এবং সেই সময়েই নারায়ণী বিধবা হইয়াছিলেন, এইরূপ অন্থমান অস্থাভাবিক। স্থতরাং প্রেমবিলাসের উক্তি হইতে বুঝা যায়—প্রভুর রূপা লাভের পরেই বৈকুঠদাসের সহিত তাঁহার বিবাহ হইয়াছিল; প্রভুর রূপা লাভের সময়ে ্বিতিনি কুমারী ছিলেন। যাহা হউক, সমালোচকগণের কেহ কেহ প্রেমবিলাদের উল্লিখিত উক্তিকে প্রক্রিপ ৰীলিয়া মনে করেন: কিন্তু প্রক্ষিপ্ত বলিয়া মনে করার সমর্থনে কোনও প্রমাণ বা যক্তি তাঁহার। 🎏 খান নাই। তাঁহাদের যুক্তি বোধ হয় এই যে—চারি বংশর বয়সেই নারায়ণীকে মুরারিগুপ্ত যথন বিধবা ক্রিলিয়াছেন, তথন প্রেমবিলাদের উক্তি প্রক্রিপ্ত না হইয়া পারে না। কিন্তু আমরা পূর্ব্বেই বলিয়াছি, অক্তকোনও উক্তির সমর্থন না পাইলে মুরারিগুপ্তের "অভপ্তকা"-শব্দের অর্থ যে "বিধবাই"—কুমারী নহে, তাহা নিশ্চিতরূপে ৰদা যায় না; স্থতরাং প্রেমবিলাসের উক্তিকে বিনা যুক্তিতে প্রক্ষিপ্ত বলাও সঙ্গত হয় না। কোনও কোনও সমালোচক তাঁহাদের সিদ্ধান্তের সমর্থনে প্রাচীন পদকর্তা উদ্ধবদাদের একটা পদ উদ্ধত করিয়াছেন। পদটা এই। "প্রভূব চর্কিত পান, স্লেহবসে কৈলা দান, নারায়ণী ঠাকুরাণী-হাতে। শৈশবে বিধবা ধনী, দাধনীসতীশিরোমণি, স্বেৰন করিল সে চর্কিতে ॥" এই পদটীর যথাঞ্চত **স**র্থে মনে হইতে পারে—প্রভুর চর্কিত তাখূল সেবন ক্রার সমবেই (অর্থাৎ চারি বংসর বয়সেই) নারায়ণী বিধবা ছিলেন; কিন্তু পদের শব্দগুলির বিচার করিবে বুকা যাইবে—ইহাই পদকর্তার অভিপ্রেত নহে। তিনি লিখিয়াছেন—শৈশবে বিধবা হইলেও নারাক্ষ্মীরিকন "সামাত্রী সজী-শিবোমণি।" চারি বৎসর বয়সেই যিনি বিধবা এবং তাহার পরে যিনি সন্তানের অননী ছিটাটেন, উহোকে "সাধী সতী-শিরোমণি" বলা হাস্তাম্পদ ব্যাপার : স্মাবার, চারি বৎসর বরনের কোনও বালিকাকৈ

"সাধ্বী সতী-শিরোমণি" বলামও সার্থকতা কিছু থাকিতে পারে না : যৌবন-বিকাশের পূর্বে কোনও বমণীকে সাধ্বী বা অসাধ্বী, কিন্ধা সভী বা অসভী বলার অবকাশই হইতে পারে না। নারায়ণীর পরবর্ত্তী জীবনের প্রতি লক্ষ্য রাখিয়াই উদ্ধবদাস ভাঁহাকে "সাধনী সভী-শিরোমণি" বলিয়াছেন। প্রশ্ন হইতে পারে, উদ্ধবদাস नावामगीरक "रेममर विश्वा" विगतन रकन ? अकरण स्मिएं इहेरव—"रेममर विश्वा शनी"-वारकात जारमधा कि ? এहे ेे जार भर्या निर्मन कतिए इहेरन भनकता जिन्नताम-मन्द्रक अकटे जारनाहनात श्रासमन। याहाता भक्क शास्त्र कीवनी चारनाठना कविद्याहरून. ठाँशांत्रा वरनन. উদ্ধवमान हिर्लन खेल वाधारमाहन ठाँकरवद मित्र। রাধামোহন ঠাকুর ছিলেন প্রীপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তীরও পরবর্ত্তী। বুন্দাবনদাস ঠাকুরের তিরোভাবের অনেক পরে ভাঁছার স্মাবির্ভাব। স্মৃতরাং তিনি যথন উক্ত পদটী লিখিয়াছিলেন, তথন তিনি নারায়ণী এবং ভাঁছার পুত্র কুন্দাবনদাস সহত্তে সমস্তই জানিতেন। প্রভু নারায়ণীকে রূপা করিয়াছিলেন সন্নাসগ্রহণের কয়েক মাস পূর্বে, ১৪৩১ শকের প্রথমার্দ্ধে বা ১৪৩০ শকের শেষ ভাগে। তথন যদি নারায়ণীর বয়স চারি বংসর হয়, তাহা হইলে ১৪৪০ শকের পূর্বের, অর্থাৎ নারায়ণীর চৌদ-প্রর বংসর বয়সের পূর্বের, তাঁহার সন্তান-সন্তাবনা মনে করা যায় না। প্রেমবিলাদের উক্তি স্বীকার করিলে বুঝিতে হইবে—চেছ-পুনর বংসর বয়সেই নারায়ণী বিধবা হইয়াছিলেন। শ্রীচৈতক্তভাগবতের সমাপ্তিকাল বিবেচনা করিলেও মনে হয় ১৪৪০ শকের কাছাকাছি কোনও সময়েই বুন্দাবনদাস ঠাকুরের জন্ম হইয়াছিল। হতরাং নারাঘণীর চৌদ, পুনর, বা ধোল বংসর বয়সের সময়েই বুন্দাবন্দাসের জন্ম এবং ঐ বয়দেই নারায়ণী বিধবা হইয়াছিলেন। যাহারা নারায়ণীর প্রতি অত্যন্ত শ্রন্ধা বা প্রীতি পোষণ করেন. ভাঁছারা পনর যোল বৎসর বয়সে বৈধব্য-প্রাপ্তা নারায়ণীকে যে "শৈশবে বিধবা" বলিবেন, ইহা অস্বাভাবিক নছে। এখনও লোকসমান্তে, ল্লেহের পাত্রী কোনও পঞ্চদশী বা বোড়শী রমণীকে, তাহার বৈধবা-দর্শনে, শিশু বা বালিকা বলিতে দেখা যায়। উদ্ধবদাসও এই ভাবেই নারামণীকে "শৈশবে বিধবা" বলিমাছেন। নারামণীর পক্ষে প্রভুর অসাধারণ-ক্লাপ্রাপ্তির কথা বলিতে যাইয়াই তাঁহার পরবর্তী জীবনের কথা সম্ভবতঃ পদকর্তার মনে পড়িয়াছিল; তাই খেদের দহিত তিনি বলিয়াছেন-এমন ভাগ্যবতী যে-নারী, তাঁহার কপালে কি এই ছিল, অতি অল্পবয়সে বিধবা হইলেন! এই বৈধব্য তাঁহার কোনও পাপাচরণের ফলও নহে; যেহেতু তিনি ছিলেন—সাধনী সতী-শিরোমণি। এইরূপ অর্থ না করিলে "শৈশবে বিধবা" এবং "সাধ্বী সভীশিরোমণি" বাক্যম্বয়ের অর্থসঙ্গতি করা সম্ভব হয় বলিয়া মনে হয় না। কেবল "শৈশবে বিধবা"-বাকাটীই গ্রহণ করিব, "দাধ্বী সতী-লিরোমণি"—বাকাটীকে উপেক্ষা করিব—ইহা কোনও কাজের কথা নয়। এ-সমস্ত কারণে আমাদের মনে হয়—চারি বংসর বয়সে নারামণীর देवधरवात कथा भवकर्ता উদ্ধवनास्मत উদ্ধত भववाता निःमन्तिम ভাবে ममर्थिত হয় ना ।

আরও একটা কথা বিবেচা। তৎকালীন বৈঞ্চব-সমাজে নাবায়ণী ছিলেন অসাধারণ সন্মানের পাত্রীয়া বিলি স্বীয় মাহান্মো শ্রীক্ষেত্রর ব্রজপরিকর কিলিম্বিকার স্থান অধিকার করিয়াছিলেন। যদি তিনি ব্যক্তিচারিণী হইতেন, বৈঞ্চব-সমাজ তাহাকে এইরপ সন্মান দিতেন না। তাঁহার পুত্র বৃন্ধাবনদাস কর্ত্বক শ্রীকৈতক্যভাগবত লেখার সময়েও যে-নারায়ণীর নামে বৈঞ্চব-সমাজ মন্তক অবনত করিতেন, শ্রীকৈতক্যভাগবতের "অগ্রাপিহ বৈশ্ববমণ্ডলে বার ধ্বনি। চৈতক্রের অবশেষপাত্র নারায়ণী"-এই উক্তিই তাহার প্রমায় তিনি যদি চরিত্রহীনা, অন্তা হইতেন, তাহা হইলে ইহা সন্থব হইত না। মহাপ্রভুর তিরোভাবের ক্রেমান্ত সন্থাবনদাসের জন্ম হইয়াছিল; সেই সময়ে বৈঞ্চব-সমাজে কাহারও ব্যভিচার উপেক্ষিত হর্ত্বার ক্রেমান্ত সন্থানাই ছিল না। অধিকন্ত, যিনি মহাপ্রভুর এমন রূপার অধিকারিণী, যিনি শ্রীবাসপতিতের ক্রামান্ত কিলার ক্রামান্ত কথা এবং তাহার ক্রিমান্ত বিভ্রম ক্রিমান্ত বিশ্বন করা তাহার ব্রেমান্ত কা ঢালিয়া দিয়াছিলেন যে, তিনি একটা ক্রিমান্ত ক্রপার কথা ভ্রমান হিলেন, এ-কথা বিশাস করা যায় না। বিতীয়তঃ, বৃন্ধাবনদাস ক্রি নারায়ণীর অপার্গতজ্ঞাত ক্রেমান হিলেন, ডাহার শ্রীকৈ শ্রীকৈ শ্রীকের প্রতিতক্ত ভাগবতে তিনি তাহার জননী নারায়ণীর মহিমার কথা এত উচ্চ

কর্তে কীর্তন করিতে সাহদ পাইতেন না, "জীবাদের প্রাকৃত্তা নাম নাবারণী।", "पकालिছ বৈক্ষবমঞ্জে বার নান।", ममरा नावायमी यनि विश्वाह ट्टेंटिन, जाटा ट्टेंटिन "ठावि वश्मरत्व राष्ट्र डियान-ठविड" विनेता बुन्नायन मान डिव्हाब वसरम्ब উत्तर्भ कतिए अवः "-- वस्मायन-माम। व्यवस्य भाज-मात्राम्भी-गर्छकाछ।"--विमा निर्माद छोहाद सम বলিয়া পরিচিত করিতেও সংহাচ অহুভব করিতেন। তৃতীয়তঃ, ঐচৈতন্তভাগবত আলোচনা করিলেই জানা বায়-বুন্ধাবনদানের অসামাত শান্তজ্ঞান ছিল: স্বতরাং অমুমান করা যায়, তিনি বিশিষ্ট অধ্যাপকদের নিকটেই অধ্যয়ন कविशाहित्तन : जिनि यनि नावायभीत कावक मसानहे श्रेटजन, जारा रहेत्न कानश व्याभिक जाराक निक होतन শিক্ষা দিতেন কিনা সন্দেহ। সেই সময়ে সত্যকাম-জাবালের মুগ ছিল না, ছদেনসাহ-স্থবিদ্ধিরায়ের মুগ, মধন ব্রাহ্মণ-সমাজে স্বপ্রতিষ্ঠিত ধনাত্য কোনও বিশিষ্ট ব্রাহ্মণের মুখে কেহ বলপুর্বক অহিন্দুর স্পৃষ্ট জল দিলেও দেই ব্রাহ্মণকে সমাজ হইতে বহিষ্কৃত হইয়া দেশান্তরী হইতে হইত এবং প্রায়ন্চিত্তের নিমিত্ত তপ্ত খত খাইয়া প্রাণত্যাগ করার জন্ত আদিট্ট হইতে হইত। আরও একটা কথা বিবেচা। মামগাছী গ্রামে গৌর-পার্বদ বাস্থদেব দত্তের একটা সেবা আছে: প্রভুপাদ অতুলক্ষ গোস্বামী লিথিয়াছেন—মামগাছী-গ্রামবাদিগণ তাঁহার নিকটে বলিয়াছেন ষে, বাহদেব দত্তই নারামণীর হাতে তাঁহার শ্রীবিগ্রহ-সেবার ভার অর্পণ করিয়াছিলেন। নারামণী যদি বাস্তবিক ল্লাই। হইতেন, ছোহা হইলে তিনি সমাজকর্ত্তক পরিত্যক্তাই হইতেন; জারজ-সম্ভানের মাতা এবং সমাজ কর্ত্তক পরিত্যক্তা কোনও ব্মণীকে যে গৌরপার্ধদ বাহ্যদেব দত্ত তাহার শ্রীবিগ্রহদেবার দায়িত্বে প্রতিষ্ঠিত করিয়াছিলেন, ইহা বিশাস করা যায় না। অবশ্য বাস্থদেব দত্ত পর্ম-উদার ছিপেন ; তিনি সমন্ত জীবের উদ্ধারের নিমিত্ত সমন্ত জীবের পাপের বোঝা গ্রহণ করিয়া নরক-গমনের প্রার্থনাও প্রভুর চরণে জানাইয়াছিলেন: কিছু তাহা বলিয়া তিনি যে ভলনাঙ্গের ব্যাপারে শাস্ত্রবিক্তম আচরণের প্রশ্রেয় দিবেন, ইহা বিশ্বাস করা যায় না। তিনি ছিলেন প্রম ভাগবত, নৈষ্টিক ভক্ত। তিনি জানিতেন-শাপ্তাহ্মপারে অর্জনমার্গে আচার অবশুপালনীয়। চরিত্রহীনা জারজ-সন্তানের মাতার উপরে তিনি কিছতেই তাঁহার শ্রীবিগ্রহের দেবার দায়িত্ব অর্পণ করিতে পারেন না এবং তত্বারা সমাজে বাভিচারেরও প্রশ্রের দিতে পারেন না। ব্যভিচারের প্রশ্রয় দিয়া সমাজের অকল্যাণ-সাধন উদারতার পরিচায়ক নহে। এরপ কোনও ব্মণীর সেবা জন-সাধারণেরও সহায়ভূতি লাভ করিতে পারে না; অথচ বাহুদেব দত্তের এই সেবা পরবর্ত্তী কালে "নারায়ণীর সেবা"—নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে; ইহাতেই বুঝা যায়—নারায়ণীর প্রতি জনসাধারণের কিন্ধপ 🎎 🕊 জা 🕞 না নারায়ণী ভ্রষ্টা হইলে কখনও ইহা সম্ভব হইত না।

উল্লিখিত আলোচনা হইতে আমাদের মনে হয়, চারি বৎসর বয়সে নারায়ণীদেবীর বৈধব্যের সমর্থক কোনও মানাই নাই ; স্থতরাং ম্রারিগুপ্তের "অভর্জক"-শব্দের "বিধবা"-অর্থ বিচারসহ নহে, "কুমারী"-অর্থই গ্রহণীয়। ব্যারায়ণী দেবী চিরকালই যে "সান্ধী সতী-শিরোমণি" ছিলেন, তাহার প্রতিকৃল কোনও প্রমাণই নাই, অফুকুল মান যথেষ্ট আছে।

নিত্যানন্দ । নামান্তর- নিতাই, নিত্যানন্দ, অবধৃত। ব্রজের বলরাম। রাদ্দেশে বীরভূমক্রোর অন্তর্গত একচক্রাগ্রামে মহাপ্রভূর আবির্ভাবের অন্তর্মান আট দল বংসর পূর্বে নিত্যানন্দপ্রভূর
আবির্ভাব। পিতা—হাড়াই পণ্ডিত বা হাড়াই ওঝা; মাতা—পদ্মাবতীদেবী। বাল্যকালে সমবয়র শিক্তরের
নিত্যানন্দ যে-খেলা থেলিতেন, তাহা ছিল অন্ভূত; সাধারণ শিশুগণ যে-সকল খেলা
ক্রিয়ানন্দের থেলা সেইরূপ ছিল না। তিনি শিশুদের লইয়া ভগবানের লীলাসমূহের অভিনয়
আহার ইয়েকটা লীলা নহে, বহু বহু লীলার অভিনয় খেলা করিতেন। লোকে দেখিয়া বিশিষ্ট
এত লীলার কথা এই শিশু কিরূপে জানিল? যে-দিন মহাপ্রভূ নবনীপে আবির্ভূত ক্রিয়ার ক্রিয়ার এক ভীবণ অন্তর্ভুত হুরার করিয়া প্রকলকে বিশিষ্ট করিয়ারিনেন ভাষার করেয়া

निष्णानम अकाकी जीर्वपर्यतम खेरपट चरवव वास्ति स्ट्रेलन। विन व्यत्र পৰ্যাপ্ত ভাৰতকৰের सम्ब कतिता स्थरणदर मधुतामध्यन स्थितिन। क्रकतीनात स्थिति বিভার হইয়া অধিকাংশ নমর বাহুজানশৃত ভাবেই তিনি মধ্রার অবস্থান করিতে লাগিলেন। এই সময়ে তাঁহার মনে তিনি জানিতে পারিলেন, তাঁহার প্রাণকানাই গৌররূপে নববীপে অবতীর্ণ হইয়াছেন, কিছ তথনও আত্মপ্রকাশ করেন নাই। তিনি যথন আত্মপ্রকাশ করিবেন, তথনই যাইয়া তাঁহার সঙ্গে মিলিউ ছইবেন, এরপ সভয় করিয়া নিত্যানক মধ্রায় অপেকা করিতে লাগিলেন। প্রভু যথন নবৰীপে আল্লপ্রকাশ ক্রিয়াছেন, তথন খ্রীনিত্যানশ মধ্রা ত্যাগ করিয়া নববীণে উপনীত হইলেন এবং নন্দনাচার্য্যের গৃহে আসিয়া উঠিলেন। সর্বজ্ঞ প্রভূত নিত্যানন্দের আগমনের কথা জানিতে পারিয়া আগমনের কয়েক দিন পূর্বে ভক্তমগুলীর নিকটে বলিয়াছিলেন—"হুই তিন দিনের মধ্যেই কোনও এক মহাপুরুষ নবন্ধীপে আদিবেন।" তারপর একদিন প্রাতঃকালে প্রভু স্বীয় ভক্তর্ন্দের নিকটে বলিলেন—"কাল রাত্রিতে আমি এক অপূর্ব্ব স্বপ্ন দেখিয়াছি। এক তালধ্যক রখ আসিয়া আমার গৃহহারে দাঁড়াইল; তাহার পশ্চাতে এক প্রকাণ্ডশরীর মহাপুরুষ; তাঁহার কছলেন একটা ভাষ্ক, বামহত্তে বেত্ৰবাদ্ধা কানাকুভ, পরিধানে ও মন্তকে নীলবন্ত, বামশ্রতিমূলে একটা কুওল; যেন সাক্ষাৎ ছলধর। দশ বার, বিশ বার বলিলেন—এই বাড়ী কি নিমাঞি পণ্ডিতের ? আমি দম্নস্ত হইয়া জিজ্ঞাসা করিলাম— ভিনি বলিলেন

"এই ভাই হয়ে। তোমার আমার কালি হবে পরিচয়ে॥" বলিতে বলিতেই প্রভু হলধর-জ্ঞাবে আবিট ছইয়া গৰ্জন করিলেন। শ্বির হইয়া বলিলেন—"আমি পূর্কেযে এক মহাপুরুষ আদিবেন বলিয়াছিলায়, তিনি নিশ্চয়ই আসিয়াছেন। শ্রীবাস ও হরিদাস তোমরা উভয়ে খুঁজিয়া দেখ।" তাহারা উভয়ে বাহির ছইলেন; সর্বত্ত অহসন্ধান করিয়া ফিরিয়া আসিয়া জানাইলেন—তাঁহারা কোথাও কোনও মহাপুরুষকে দেখিতে পাইলেন না। প্রভু বলিলেন—"আইদ আমার দঙ্গে দবে দেখি গিয়া।" সকলকে শই । প্রভু নন্দন আচার্য্যের গৃহে গিয়া উপস্থিত হইলেন, দেখিলেন—যেন কোটিস্থ্যসম এক মনোরম বিগ্রহ, 'ধাানস্থা পরিপূর্ণ, হাস্যে সদায়।' সকলে **ওাঁহাকে দণ্ডব**ং প্রণাম করিয়া নিঃশব্দে দণ্ডায়মান বহিলেন। নিত্যানন্দ "আপন-ঈশ্ব" গৌর*ফ্ল*রকে চিনিলেন, **অপলক দৃষ্টিতে প্রভূব দিকে চা**হিন্না বহিলেন। প্রভূব ইঙ্গিতে শ্রীবাস পণ্ডিত শ্রীক্তফের রূপবর্ণাত্মক "বর্হাপীড়ং নট-ব্ৰৰপুঃ কৰ্ণয়োঃ কৰিকাৰ্য্"—ইত্যাদি শ্ৰীমদ্ভাগৰতেৰ শ্লোকটা আবৃত্তি কৰিলেন। গুনিয়া নিত্যানন্দ স্থানন্দে মূৰ্চ্ছিত হইরা পড়িলেন। প্রভূব আদেশে এবাদ পুনঃ পুনঃ দেই লোক উচ্চারণ করিতে লাগিলেন; নিভাানদের মূর্চ্ছাভঙ্গ হইল, অঞ্চবিগলিত নেত্রে ভূমিতে গড়াগড়ি দিতে লাগিলেন, কথনও বা —"জোড়ে জোড়ে লাফ" দিতে লাগিলেন। সকলেই ধরিতে চেষ্টা করেন; কিন্তু কেহ ধরিতে পারিলেন না; তথন প্রভু তাঁহাকে কোলে করিলেন; প্রভুর কোলে 🕮 নিত্যানন্দ নিশান্দ হইয়া পড়িয়া বহিলেন। কিছুক্ষণ পরে অশুবিগলিত-নেত্রে নিতাই-গৌর পরস্পরে আলাপু করিলেন। প্রভু শ্রীনিত্যানন্দকে লইয়া শ্রীবাদের গৃহে আসিলেন; শ্রীবাদের গৃহেই শ্রীনিত্যানন্দ ব্যাসপূজা করিলেন। ব্যাসপূজার পূর্ব্ব দিন রাত্রিতে নিত্যানন্দ শ্রীবাসের গৃহে স্বীয় দণ্ডকমণ্ডলু ভাঙ্গিয়া ফেলিলেন। শুনিয়া প্রভু আসিলেন; ভাকা দণ্ডকমণ্ডলু ও নিত্যানন্দকে লইয়া গকামানে গেলেন; প্রভু নিত্যানন্দের দণ্ডকমণ্ডলু গকায় ভাসাইয়া দিলেন। এইরূপেই গোর-নিত্যানন্দের মিলন হইল। গোরকে ছাড়িয়া নিতাই আর কোথাও যায়েন নাই। প্রাক্তর সমন্ত নবৰীপ-দীলারই শ্রীনিতাই দলী। জগাই-মাধাই-উদ্ধার-দীলাতেও শ্রীনিতাই-ই প্রধান কাণ্ডারী (জগাই-মাধাই-खहेता)। जैिनिजानम् इटेरन्न जैशीराव चलवनः, चाराव जैशीवन इटेरन्न जैनिजानसम्ब चलवनः। उद्यो কানাই-বলাই। যে-দিন শেব রাত্রিতে প্রভু সন্মাসার্থ গৃহ ত্যাগ করিলেন, সেই দিন পূর্ব্বাছেই তাঁহার সহলের विशे **এনিডানেন্দকে জনাই**রাছিলেন। গৃহত্যাগের সংবাদ জানিয়া শ্রীনিতাই কাটোয়ায় আসিয়া উপনীত ছইলেন नमिनिहर्त अनुदेक नहेशा नाश्चित्रद चानित्तन ; नाश्चित्र श्रेट्ट अनुदेश नत्त्र नीनाव्दन शात्रमानाः अनु धर्मन पृक्ति यां करवन् अपन जीनिजानम नीमाठरमरे हिरमन। पक्तिगरम रहेर्ड अजूद नीमाठरम अजादस्तान भरव शोड़ीक ভ্ৰমাৰ আছুই বৰ্গনেৰ কভ নীলাচলে গেলেন। চাতৃপাজের পরে প্রাভ্র আবেশে গ্রাহানের লকে প্রীনিভ্যানক পৌজে - w/e2

আনেন। প্রান্থ উহাকে বলিয়াছিলেন—"শ্রীপাদ! তুমি প্রতি বর্বে নীলাচলে আসিও না; গৌড়ে থাকিয়া তুমি আচণ্ডালে অনুর্গল নাম-প্রেম বিতবণ করিবে। গৌড়ে ডোমাখারাই আমি আমার এই কার্যাটী করাইব।" প্রাভূব প্রতি প্রীতিবশতঃ প্রভূব নিবেধ সত্ত্বে শ্রীনিত্যানন্দ নীলাচলে যাইতেন; ফিরিয়া আসিয়া ভক্তবৃন্দের সহিত প্রামে গ্রামে নাম-প্রেম বিতরণ করিতেন। এই ভাবে নাম-প্রেম বিতরণের নিমিত্ত শ্রমণ-কালেই পাণিহাটীতে শ্রীরঘুনাথ দাসের প্রতি কুপা করিয়াছিলেন।

প্রভুর আদেশে শ্রীনিত্যানন্দ গৌরীদাস পণ্ডিতের জ্যেষ্ঠ সহোদর স্থ্যদাস পণ্ডিতের তৃই কল্পা জাহ্নবাদেবী ও বহুধাদেবীকে বিবাহ করেন। শ্রীচৈতন্ত-ভক্তিমণ্ডণের মৃলক্তম্ব শ্রীবীর চন্দ্র গোস্বামী শ্রীনিত্যানন্দের পুত্র; তাঁহার এক কল্পাও ছিলেন—শ্রীমতী গঙ্গামাতা। মহাপ্রভুর অন্তর্জানের অল্প কয়েক বংসর পরে শ্রীনিত্যানন্দও অন্তর্জান প্রাপ্ত হয়েন (মূলগ্রাছের বিষয়-স্চীতে "নিত্যানন্দ প্রসঙ্গ প্রস্তর্জা)।

ভক্তিরত্বাকরের মতে, তীর্থভ্রমণ-কালে পশ্চিমাঞ্চলে শ্রীপাদ মাধবেন্দ্র পুরীর গুরুদের শ্রীপাদ লক্ষ্মীপতির সহিত শ্রীমন্ধিত্যানন্দের মিলন হয় এবং তথন শ্রীপাদ লক্ষ্মীপতির নিকটে শ্রীনিত্যানন্দ দীক্ষা গ্রহণ করেন। আবার শ্রীক্ষীব-গোস্বামীর বৈষ্ণব-বন্দনা গ্রন্থে দেখা যায়—মাধবেন্দ্রপুরীর শিশ্ব সম্বর্ণপুরী, সম্বর্ণপুরীর শিশ্ব শ্রীনিত্যানন্দ। কেছু কোবার শ্রীনিত্যানন্দকে মাধবেন্দ্র পুরীর শিশ্বও বলেন।

নীলাব্দর চক্রবর্ত্তী। শচীমাতার পিতা; মহাপ্রভুর মাতামহ। সার্বভৌম ভট্টাচার্য্যের পিতা মহেশর বিশারদের সমাধ্যায়ী। আদি নিবাস শ্রীহট্টে; পরে নবখীপে বেলপুকুরিয়াতে বাস করিতেন। জ্যোতিষ্-শাস্ত্রে তাঁহার বিশেষ জান ছিল; তিনি মহাপ্রভুর কোষ্ঠা প্রস্তুত করিয়াছিলেন। ছাপর লীলায় ইনি ছিলেন গর্গাচার্য্য।

नृजिःश्वानमः। "नक्न उक्कारी" उद्देवा।

পরমানক দাস। "কবিকর্ণপূর" দ্রষ্টবা।

পরমানক্ষ পুরী। শ্রীপাদ মাধবেন্দ্রপুরীর শিয়। ত্রিছতে আবির্ভাব। ভক্তিকল্পতক মধ্যমূল। প্রভুর দক্ষিণ-ভ্রমণ-সময়ে ঋষভ-পর্কতে ইহার সঙ্গে প্রভুর মিলন হয়; প্রভু তাঁহাকে নীলাচলে বাস করার জন্ম বলেন। পরমানক্ষপুরী ঋষভ-পর্কত হইতে নীলাচল হইয়া নবছীপে আসেন। শচীমাতার গৃহে বিশ্রাম করিলেন এবং ভিক্ষা প্রহণ করিলেন। সে-স্থানেই যথন শুনিলেন—প্রভু নীলাচলে ফিরিয়া আসিয়াছেন, তথন দ্বিজ্ব কমলাকান্তকে সঙ্গে করিয়া নীলাচলে আসিয়া প্রভুর সহিত মিলিত হইলেন। প্রভু তাঁহার জন্ম কানীমিশ্রের গৃহে এক নিভ্তত্থানে বাসা ও সেবার জন্ম একজন কিন্ধর ঠিক করিয়া দিলেন। নীলাচল হইতে প্রভুর সঙ্গে ইনি গৌড়েও আসিয়াছিলেন। গৌড় ছইতে প্রভাবর্তনের পরে নীলাচলেই থাকিতেন। প্রভু ইহার প্রতি শুরুবৃদ্ধি পোষণ করিতেন। ইনি শ্বাপরলীলায় ছিলেন উদ্ধব।

পরমানক মহাপাত্র। নীলাচলবাসী। জগন্নাথের সেবক। প্রভুর পরম ভক্ত।

পরমেশার দাস। শ্রীনিত্যানন্দ শাথা। ঘাদশ গোপালের একতম। ব্রজের অর্জ্জন স্থা। কাউ-গ্রামে আবির্জাব। পরে থড়দহে আসিয়া বাস করেন। জাহ্নবামাতা গোস্বামিনীর আদেশে হগলী জেলার তড়া আটপুরে আসিয়া শ্রীশ্রীরাধা-গোপীনাথের সেবা প্রকাশ করেন। জাহ্নবা মাতার সঙ্গে ইনি থেতুরীর মহোংসবে এবং বৃন্দাবনেও গিয়াছিলেন। নিত্যানন্দ প্রভুর সঙ্গে ইনি প্রভুর নাম-প্রেম-প্রচার-লীলার সঙ্গী ছিলেন। ইহার অনেক অলোকিকী শক্তি ছিল বলিয়া প্রসিদ্ধি আছে।

পরমেশর মোদক। নববীপবাসী মিষ্টার-বিক্রেতা। প্রভুব বাল্যকাল হইতেই প্রভুব প্রতি তাঁহার দ্বেহ ছিল। বাল্যকালে প্রভু বার বার তাঁহার গৃহে যাইতেন; তিনিও প্রভুকে প্রত্যেকবারেই "ত্ত্বথও-মোদকারি" বিভেন। তিনি একবার তাঁহার পদ্মী ও পুত্র মুকুক্ষকে লইয়া প্রভুব দর্শনের জন্ম নীলাচলে গিয়াছিলেন। ক্রেম্বং করিয়া প্রভুক বলিলেন—"প্রমেশ্বরা' মৃঞি।" প্রভূ বলিলেন—"প্রমেশ্বর! কুশল তো? আসিয়াছ, ভাল হইয়াছে।" স্বল-প্রাণ প্রমেশ্বর বলিলেন—"প্রভূ, মৃকুন্দার মাতাও আসিয়াছে।" মৃকুন্দার মাতার নাম শুনিয়া প্রভূ সন্থটিত হইলেন; কিন্তু প্রমেশ্বর মোদকের প্রীতির বন্ধীভূত হইয়া নীরব রহিলেন, কিছু বলিলেন না।

বিভানিধি। "বিভানিধি" এবং "প্রেমনি বিলয়াও থ্যাত। ব্রজনীলার শ্রীবাধিকার পিতা বৃষ্ণ ভাল্থ মহারাজ। ইহার পত্নী রত্বাবতী ছিলেন ব্রজনীলায় শ্রীবাধিকার জননী কীর্ত্তিদা। চট্টগ্রাম জেলার অন্তর্গত হাট-হাজারী থানার নিকটবর্ত্তী মেথলা গ্রামে বিভানিধির আবির্ভাব। পিতার নাম—বাণেশ্বর; মাতার নাম—গলাদেবী। বারেক্স শ্রেণীর ব্রাহ্মণ। বিভানিধি চট্টগ্রামের চক্রশালার জমিদার ছিলেন। নবদীপেও তাঁহার এক বাদ্ধীছিল। মাঝে মাঝে নবদীপে আসিয়া বাস করিতেন। তাঁহার বাহিরের আচরণে তাঁহাকে থুব বিলাসী বলিয়া মনে হইত; কিন্তু ভিতরে তিনি ছিলেন কৃষ্ণপ্রেমে ভরপুর। তাঁহার নবদীপে অবন্ধিতিকালে মুকুল্দ দন্ত ঘথন গদাধর পণ্ডিত গোস্বামীকে তাঁহার নিকটে লইয়া গিয়াছিলেন, তথনকার ঘটনা হইতেই বৃঝা যায়—শ্রীক্ষকে বিভানিধির কিন্ধপ গর্দ্ধ প্রিতি ছিল (গদাধর পণ্ডিত গোস্বামী ক্রইব্য)। এই ঘটনার পরেই গদাধর পণ্ডিত গোস্বামী তাঁহার নিকটে দীক্ষা গ্রহণ করেন। বিভানিধি নিজে ছিলেন শ্রীপাদ মাধবেক্সপুরী গোস্বামীর মন্ত্রশিগ্র। গঙ্গার প্রতি তাঁহার অত্যন্ত ভক্তিছেল; পাদম্পর্শ-ভয়ে গঙ্গান্থান করিতেন না; গঙ্গাতে লোকে কুলকুচো করে, দন্তধাবনাদি করে দেখিলে তাঁহার অত্যন্ত করি হইত; তাই রাত্রিকালে আসিয়া গঙ্গাদর্শন করিতেন। গঙ্গাজল পান করিয়া তবে তিনি দেবার্চেনাদি করিতেন।

মহাপ্রভু যখন নবৰীপে নিজের ঈশরত্ব প্রকাশ করেন, তখন পুগুরীক বিগ্যানিধির জন্ম তিনি "পুগুরীক বাপ" বলিয়া কান্দিয়াছিলেন। "পুণ্ডরীক আরে মোর বাপরে বন্ধুরে। কবে তোমা দেখিব আরে রে বাপরে॥" নবৰীপের ভক্তগণ তথনও বিভানিধির স্বরূপ জানিতেন না। প্রভুকে "পুণ্ডরীক" বলিয়া কান্দিতে দেখিয়া তাঁহার। প্রথমে মনে করিলেন—প্রভু বোধহয় "পৃত্রীক"-শব্দে শ্রীক্লফকেই মনে করিতেছেন। কিন্তু প্রভু মাঝে মাঝে "বিভানিধিও" বলিতেন; তথন তাঁহারা মনে করিলেন—পুগুরীক বিগানিধি বোধহয় কোনও ভক্তের নামই হইবে। পরে প্রভুর নিকটে তাঁহারা পুণ্ডরীক বিভানিধির পরিচয় পাইলেন। প্রভু এ-কথাও বলিলেন—ভিনি শীঘ্রই নবন্ধীপে আসিবেন। বাস্তবিক প্রভুর আকর্ষণেই বিগানিধি নবন্ধীপে আসিলেন; আসিয়াও গুপ্ত ভাবেই ছিলেন, কেবল মুকুন্দদত্ত জানিলেন; মুকুন্দদত্তের বাড়ীও ছিল চট্টগ্রামে। পুগুরীক একদিন রাত্রিকালে একাকী প্রভুর গৃহে আসিলেন; প্রভুকে দেখিয়াই প্রেমাবেশে মৃর্চ্ছিত হইয়া পড়িলেন। দণ্ডবৎ করার অবকাশও পাইলেন না। কণকাল পরে চেতনা লাভ করিয়া ছঙ্কার গর্জ্জন করিতে লাগিলেন এবং "রুষ্ণরে, পরাণ মোর, রুষ্ণ, মোর বাপ। মুঞি অপরাধীরে কতেক দেহ, তাপ । সর্বজগতের বাপ উদ্ধার করিলা। সবে মাত্র মোরে তুমি একেলা বঞ্চিলা।" বলিয়া কাঁদিতে লাগিলেন। প্রভুও তাড়াতাড়ি উঠিয়া তাঁহাকে কোলে করিলেন "পুগুরীক বাপ" বলিয়া কাঁদিতে লাগিলেন। তথন প্রভুর সঙ্গের ভক্তগণ বুঝিলেন—ইনিই পুগুরীক বিভানিধি এবং ইনি প্রভুর প্রিয়তম ভক্ত। প্রভু বলিলেন—"আজি শুভ প্রভাত আমার। আজি মহামঙ্গল সে বাসি আপনার। নিদ্রা হৈতে আজি উঠিলায় ভভক্ষণে। দেখিলাম 'প্রেমনিধি' সাক্ষাৎ নয়নে॥" বিভানিধি তথনও প্রভুর কোলে অচেতন। যথন জ্ঞান ফিরিয়া আদিল, তথনই তিনি প্রভুকে নমস্কার করিলেন। জগাই-মাধাইর উদ্ধারের পরে প্রভু যথন নি**জগৃ**হে **তাঁহাদের** লইয়া বসিয়াছিলেন, তাঁহাদের দঙ্গে নৃত্যকীর্ত্তন করিয়াছিলেন এবং পরে যথন গঙ্গায় জলকেলি করিয়াছিলেন, তখনও বিভানিধি প্রভূব দঙ্গে ছিলেন।

রথযাত্রা উপলক্ষ্যে প্রভূর দর্শনের জন্ম বিচ্ছানিথি নীলাচলেও যাইতেন। তথনও প্রভূ তাঁছাকে "বাপ বাপ" বিলিয়া সংখাধন করিতেন। বাস্তবিক রাধাভাবাবিট প্রভূর বাপাই তো পুগুরীকরপ বৃষভাত্রাজ। স্থরপ-দামোদরের স্ক্রে ভাছার স্থাভাব ছিল, তাঁছারই সঙ্গে জ্যারাথ-দর্শনে যাইতেন। ওড়ন-বল্লীতে দেবক-পাণ্ডাগণ চিরাচরিত

প্রাণা অহসাবে লগনাথকে "মাডুয়া বসন" দিয়া থাকেন; তাহা দেখিয়া বিছ্যানিধির মনে একটু নলেই হইরাহিন"পাঙারা কি আচার জানে না? জগনাথকে মাড়যুক্ত বস্ত্র দেয় কেন ?" রাজিতে তাঁহার নিস্তিতাবন্ধার লগনায় ও
বলদেব আসিনা ছই জনে বিভানিধির ছই গণ্ডে চপেটাঘাত করিয়া তাঁহার গাল ফুলাইয়া দিয়াছিলেন। প্রাজ্ঞানে
স্কপ-দামোদর আসিনা বিভানিধিকে ভাকিলেন—"উঠ, চল, জগনাথদর্শনে যাই।" বিভানিধি তথনও বিছানার;
বিলিলেন—"সমা, ভিতরে আস।" স্করপ ভিতরে গিয়া বিভানিধির ছই গণ্ডের অবস্থা দেখিনা কালে জিলাসা
করিলে বিভানিধি সমস্ত স্থাবৃত্তান্ত খুলিয়া বলিলেন; আর বলিলৈন—"জগনাথের সেবকদের আচার-জানসক্রে কটাক করিয়া যে-অপরাধ করিয়াছি, জগনাথ-বলরামের হাতে তাহার শান্তিরূপ কুপা লাভ করিয়াছি;
মন্ত হইয়াছি।"

পুরন্ধর আচার্য্য। শ্রীচৈতন্ত্রশাথা। মহাপ্রভু ইহাকে "পিতা" বলিতেন। প্রভুর দর্শনের জন্ত নীলাচলেও ঘাইতেন।

পুরক্ষর পশ্তিত। নিত্যানক্ষণাথা। প্রভূ যথন পাণিহাটীতে রাঘব পণ্ডিতের গৃহে গিয়াছিলেন তথন ইনি প্রভূর সহিত মিলিত হইয়াছিলেন। শুনিত্যানন্দের প্রতি গৌড়ে নাম-প্রেম-প্রচাবের আদেশ হইলে নিত্যানক্ষ মুখন নীলাচল হইতে গৌড়ে আসিতেছিলেন, তথন পুরক্ষর-পণ্ডিতেও সঙ্গে ছিলেন; পথিমধ্যে ইনি অক্ষরে ভাবে আবিট হইয়া গাছে উঠিয়া লাফ দিয়া পড়িয়াছিলেন। থড়দহে ইহার শ্রীপাট। শ্রীনিত্যানক্ষ-প্রভূর থড়দহে বসতিছাপনের পূর্ব হইতেই থড়দহে ইহার দেবদেবা ছিল। নাম-প্রেম-প্রচারার্থ শ্রীনিত্যানক্ষের দেশ-শ্রমণের সময়ে তিনি
পুরক্ষর পণ্ডিতের দেবালয়েও আসিয়াছিলেন।

भूबी त्भामां कि। "भव्यानम भूबी" खहेवा।

পুরীদাল। "কর্ণপূর" ভাইবা।

भूकृटवान्डम आठार्वर। "बन्नभ-नात्मानन" जहेवा।

পুরুষোন্তম দাস। নিত্যানন্দশাথা। বাদশ গোপানের একতম। নদীয়া জেলার বালিভাঙ্গা গ্রামে আবির্ভাব। পিতা সদাশিব কবিরাজ। বৈল্ঞ। বালিভাঙ্গা বা বেলভাঙ্গা গ্রাম নই ইইয়া গেলে স্থপাগরে ভাঁহার শ্রীপাট স্থানান্তরিত হয়। স্থপাগরে জাহ্বামাতারও শ্রীবিগ্রহ ছিলেন। স্থপাগরও গঙ্গাগরে গোহেবা আবিগ্রহ দির সহিত পুরুষোন্তমদাসের শ্রীবিগ্রহ সাহেবভাঙ্গা বেড়িগ্রামে আনীত হয়েন। বেড়িগ্রামও ধ্বংসপ্রাপ্ত ছইলে তাঁহার শ্রীবিগ্রহ চাকদহের নিকটবর্তী চান্দপুর গ্রামে আসেন। ব্রজনীলায় তিনি ছিলেন শ্রীকৃষ্ণপথা স্তোককৃষ্ণ। পুরুষোন্তমদাস ঠাকুরের পত্নীর নাম ছিল জাহ্বাদেবা। তাঁহার গর্ভেই কাহ্যাকুরের আবির্ভাব ("কাহ্যাকুর" স্প্রার্জ্ঞা)। আরও একজন পুরুষোন্তমদাস ছিলেন—নাগর পুরুষোন্তম। ব্রজনীলায় তিনি ছিলেন শ্রীকৃষ্ণপথা দাম। তিনিও বাদশ গোপালের একতম।

পুরুবোত্তম পণ্ডিত। ব্রজের স্তোকরুষ্ণ। বাদশ গোপালের একতম। নবৰীপে ব্রাহ্মণবংশে আবিভূতি। পিতা--ব্রত্তাকর। ইনি শ্রীনিত্যানন্দ প্রভূর "মহাভৃত্য মর্ম" ছিলেন।

প্রকাশানক সরস্থতী। অতিশয় প্রভাব-প্রতিপত্তি-শালী কাশীবাদী মায়াবাদী সন্মাদী। ইহার বহ বহর কর্মাদী শিশু ছিলেন। "নামে মাত্র সন্মাদী, ভাবক, লোক-প্রভাবক" প্রভৃতি বলিয়া ইনি সর্বাদাই মহাবাদুর নিশা ক্রিতেন। তানিয়া তপনমিশ্র, চক্রশেথর বৈহু, প্রমানক কীর্তনীয়া প্রভৃতি প্রভূব কাশীবাদী ভক্তপণ প্রানে অভ্যত পাইতেন। বৃদ্ধাবন যাওয়ার পথে প্রভূ বধন কাশীতে ছিলেন, তুপন এক সহারাষ্ট্র বাজ্যার প্রভৃত্ব কর্মিন্ত

প্রাক্তব ব্যৱসাগ সাম্প্রতির করিয়া ক্রমপ্রেম লাভ করিয়াছিলেন। তিনি প্রকাশানক সম্বতীর সভার একদিন প্রাকৃত্ মহিমার কথা বলিলে সর্বতী তথনও প্রভূব নিন্দা করিয়া বিপ্রকে বলিলেন—"এথানে আসিয়া বেরাক তন ; ক্রৈছের নিকটে বাইও না, উচ্ছুখন লোকের সঙ্গে ইহকাল প্রকাল নাই হয়।" ওনিয়া মহারায়ী বিপ্রা প্রাচে বঞ্চ আঘাত পাইলেন। তিনি ভাবিলেন—"যদি কোনও রকমে এই সন্নাদীদিগকে প্রভুর দর্লন করাইতে পারি, তাহা হইকে দর্শনের প্রভাবেই ইহারা বুঝিতে পারিবেন, প্রভু কি বন্ধ; তথন আর নিন্দাদি করিবেন না প্রাক্তর পদানত না হইয়া পারিবেন না। কিন্তু কি রূপে এই দর্শনের ব্যবস্থা করা যায় ? সন্ন্যাসীদের সক্ষতমে প্রাভূ তো কোণাও নিমন্ত্রণও অঙ্গীকার করেন না।" বুন্দাবন হইতে প্রভু যথন কানীতে ফিরিয়া আদিলেন, তথন প্রভক্তে পূর্ব্বে কিছু না জানাইয়াই কেবল তাঁহার কুপার উপর নির্ভর করিয়া মহারাষ্ট্রী বিপ্র একদিন স্থিয় প্রকাশানক্ষকে নিজের গৃহে নিমন্ত্রণ করিলেন। পরে প্রভুর নিকটে আসিয়া চরণে পতিত হইয়া প্রভুকেও নিমন্ত্রণ করিলেন। তাঁহার আগ্রহাতিশয়ে প্রভু নিমন্ত্রণ অঙ্গীকার করিলেন। নির্দিষ্ট দিনে প্রভু বিপ্রের গৃহে গিয়া দেখিলেন সন্ন্যাসীরা পূর্ব্বেই আসিয়াছেন। পাদপ্রকালন করিয়া প্রভু পাদপ্রকালনের স্থানেই বসিয়া পড়িলেন। সন্ন্যাসিগণ দেখিয়াও বোধ হয় তাচ্ছিলাভরেই কিছু বলিলেন না। তথন প্রভ এক ঐশর্য্য প্রকাশ করিলেন—তিনি যেন শভক্ষাসম-কান্তিময়। দেখিয়া সন্ন্যাদিগণ সকলেই করযোড়ে দণ্ডায়মান হইয়া প্রভুকে তাঁহাদের মধ্যে আসার জন্ত আহ্বান করিলেন; প্রভু কিন্তু আসেন না। তথন প্রকাশানন্দ নিজে ঘাইয়া খুব শ্রদ্ধার সহিত প্রভুর হাতে ধরিয়া আনিয়া সভামধ্যে বসাইলেন। তারপর ইষ্টগোষ্টী চলিতে লাগিল। সরস্বতীপাদ বলিলেন—"কেন তুমি আমাদের সঙ্গ কর না ? কেন তুমি ভাবুক লোকদের সঙ্গে নুতা কীর্তন কর ? কেন তুমি বেদান্ত পড় না ? বেদান্ত পড়া যে সন্মানীর ধর্ম।" প্রভ বলিলেন—"আমি তোমাদের দক্ষের অযোগ্য। আমি মূর্য; তাই আমার গুরুদেব বলিলেন— 'বেলান্তে তোমার কাজ নাই: তমি কুঞ্চনাম কীর্তন কর।' তাই আমি কুঞ্চনাম জপ করি। কিন্তু জপিতে জপিতে আমার কি রকম এক অবস্থা হইল-কখনও হাসি, কখনও কাঁদি, কখনও নাচি; ঠিক যেন উন্মন্ত। গুকুকে कानाहेनाय। 'खकरम्य, आमि कि भागन इटेनाम?' जिनि विनातन-'ना जुमि भागन इंड नाहे; छागायरन কৃষ্ণকীর্ত্তনের ফলে তোমার চিত্তে কৃষ্ণপ্রেমের উদয় হইয়াছে। তুমিও ধন্ত, আমিও ধন্ত। যাও, ভক্তসঙ্গে কৃষ্ণ-স্থীর্ত্তন কর।' তাই আমি বেদান্ত পড়ি না। ভক্তসঙ্গে কীর্ত্তন করিয়া বেড়াই।" শুনিয়া প্রকাশানন্দ বলিলেন— "তোমার প্রেম লাভ হইয়াছে, সে তো উত্তম কথা। মূর্থ বলিয়া বেদান্ত হয়তো পড়িতে না পার ; কিছু ভনিতে তো পার ? বেদান্ত ভনও না কেন ?" তথন প্রভু বলিলেন—"যদি মনে হৃঃথ না নাও, তবে বলি আমি কেন বেদাস্ত শুনি না।" সন্ন্যাসিগণ বলিলেন—"আমরা কোনও তুঃথ মনে করিব না, তুমি বল।" তথন প্রভু শহরাচার্য্যের মায়াবাদ-ভাষ্কের দোষ দেখাইতে লাগিলেন। শ্রীপাদ শব্দর শ্রুতির ম্থ্যার্থ ত্যাগ করিয়া লক্ষণা বা গৌণীরন্তিতে অর্থ করিয়াছেন; তাহাতেই তাঁহার ভারে নানা দোবের উদ্ভব হইয়াছে। প্রভু প্রধান কয়েকটা বেদাস্তস্ত্রের মুখ্যার্থ করিয়া শুনাইলেন এবং শ্রীপাদ শহরের মায়াবাদ-ভারের দোবও দেখাইলেন। শুনিয়া প্রকাশানন্দ-প্রমুখ সন্ত্রানিগণ ক্তম্ভিত ও বিশ্বিত হইলেন। প্রভুকে সঙ্গে করিয়া তাঁহারা মহারাষ্ট্রী বিপ্রের গৃহে ভিক্ষা করিলেন। তারণর নিজেদের আশ্রমে যাইয়া প্রভু-ক্বত স্ত্রার্থের আলোচনা করিয়া বুঝিতে পারিলেন, প্রভু যে-অর্থ করিয়াছেন, তাহাই বেদাক্তক্তের বাক্তব অর্থ; শহরাচার্য্য যে-অর্থ করিয়াছেন, তাহা বিচারসহ নহে। একদিন এইরূপ আলোচনা ছইতেছে, এমন সময় প্রভু স্নান করিয়া বিন্দুমাধব-দর্শনে গিয়াছেন। বিন্দুমাধব-দর্শনে প্রেমাবিট হইয়াছেন। তপন মিলা, চল্লালেখন-বৈভ, সনাতন গোস্বামী-আদিও সঙ্গে ছিলেন; তাঁহারা নামকীর্ত্তন আরম্ভ করিলেন; শতসহত্র স্বর্শনার্থী লোক কীর্ছনে যোগ দিল। কীর্ছনের ধ্বনি ভনিয়া সশিগ্র প্রকাশানন্দ বিন্দুমাধ্বের অঙ্গনে ছুটিয়া স্থাসিলেন। স্বয়ং প্রকাশানকও কীর্ত্তন আরম্ভ করিলেন, তাঁহার দেহে অঞ্জ-কম্প-পুলকাদি। প্রভুর বাহম্বতি নাই। কডক্র পরে বাষ্ত্রতি ফিরিয়া আসিলে কীর্ছন বন্ধ করিয়া প্রকাশানন্দকে নমন্তার করিলেন। পূর্ব্ধ-নিন্দান্তনিত অপরাধ ক্ষাপুদ্ধের আছা প্রকালানক প্রভূষ চরণে পত্তিত হইলেন। ভারণর তিনি প্রভূর মূপে বর্ষত বেদাভক্তের মুখার্ম

The state of the s

ভনিবার ইচ্ছা আশান করিলেন। প্রভু বলিলেন—"বেদাস্তস্থাকার হইতেছেন ব্যাসদেব; শ্রীমদ্ভাগবতকারও ব্যাসদেব। বেদাস্তের ভাগরপেই তিনি শ্রীমদ্ভাগবত রচনা করিয়াছেন। শ্রীমদ্ভাগবত আলোচনা করিলেই বেদাস্তস্থারের মুখ্য অর্থ উপলব্ধি করা যায়। তুমি শ্রীমদ্ভাগবত আলোচনা কর।" সেই দিনই প্রকাশানন্দ সর্বতী ও তাঁহার শিগ্রবর্মের চরম পরিবর্তন সাধিত হইল; তাঁহারা সকলে প্রভুর শরণাপর হইয়া নিজেদিগকে কৃতার্থ আন করিলেন।

প্রভাপরুদ্ধ। গন্ধপতি। গন্ধাবংশীয়। উড়িফাদেশের স্বাধীন রাজা। পিতা পুরুষোত্তম দেব। কটকে রাজধানী ছিল। মধ্যে মধ্যে পুরীতেও বাস করিতেন। পরমভক্ত; জগন্ধাথ সেবক। পুর্ব্বলীলায় ইন্দ্রতায়। মহাপ্রভর গুণাবলীর কথা শুনিয়া প্রভুর সহিত মিলনের জন্ম ইনি অত্যস্ত উৎকৃষ্টিত হয়েন; মিলন সংঘটনের জন্ম সার্ব্বভৌম ভট্টাচার্য্য ও রায়রামানন্দকে অনেক অফুনয়-বিনয় করেন। সন্মাসীর পকে রাজদর্শন নিধিদ্ধ বলিয়া প্রভ সম্বত হয়েন নাই। রূপা না পাইলে তিনি রাজ্য ত্যাগ করিয়া ভিথারী হইবেন, প্রাণও ত্যাগ করিবেন— সার্ব্বভোমের নিকটে লিখিত পত্রে ইহাও জানাইয়াছিলেন। এই পত্র দেখিয়া শ্রীমন্নিত্যানন্দাদি প্রভুর নিকটে গিফ্লা রাজার কথা জানাইলেন। তাহাতেও প্রভুর সম্মতি মিলিল না। রাজার প্রাণ রক্ষার জন্ম শ্রীনিত্যানন্দ তথন প্রভুর একখানা বহির্বাদ প্রভুর অমুমোদনক্রমেই সার্বভৌমের যোগে রাজার নিকট পাঠাইলেন। বহির্বাদ পাইয়া রাজা নিজেকে ক্বতার্থ জ্ঞান করিলেন এবং প্রভুজ্ঞানেই তাহার পূজা করিতে লাগিলেন। পরে রায় রামানন্দও রাজার সহিত মিলনের জন্ম প্রভুকে নিবেদন করিলেন। প্রভু তাহাতেও সমত হইলেন না; তবে রাজার পুল্লের সহিত মিলনের জন্ম অসুমতি দিলেন। রাজপুত্রকে দর্শন করিয়া কৃষ্ণশ্বতিতে প্রভু প্রেমাবিষ্ট হইয়া রাজপুত্রকে আলিঙ্গন করিলেন; রাজপুত্র প্রেমাবিষ্ট হইলেন; সেই রাজপুত্রকে দর্শন ও আলিঙ্গন করিয়া রাজাও প্রেমাবিষ্ট হইলেন। সন্মাস-আশ্রমের মর্য্যাদা রক্ষার নিমিত্ত বাহিরে কঠোরতা দেথাইলেও প্রভু অন্তরে রাজার প্রতি ক্রপার্দ্র ছিলেন। রথযাত্রাকালে রাজার হীনসেবা দেখিয়া অত্যন্ত প্রীতিলাভ করিলেন। রাজার মাহাস্ম্য-প্রকটনের জন্ম রাজার স্পর্শে নিজেকে ধিজারও দিয়াছিলেন। পরে সার্বভোমের পরামর্শে রাজবেশ ছাডিয়া বৈষ্ণবের বেশে রাস-পঞ্চাধ্যায়ীর শ্লোক আরুত্তি করিতে করিতে বলগণ্ডিস্থানের নিকটবর্ত্তী উন্থানে রাজা যথন ভাবাবিষ্ট প্রভুব সেবা করিয়াছিলেন, তথন প্রভু তাঁহাকে আলিঙ্গনও করিয়াছেন। প্রভু যথন নীলাচল হইতে গৌড়ে আদিবার পথে কটকে গিয়াছিলেন, তথনও রাজা প্রভুর সহিত মিলিত হইয়াছিলেন, প্রভুর গোড়-গমনের পথে সর্বপ্রকারের সেবার ব্যবস্থা ক্রিয়া দিয়াছিলেন। মহাপ্রভু অন্তর্দ্ধান প্রাপ্ত হইলে রাজা প্রতাপকত্র অত্যন্ত শোকাকুল হইয়া পড়েন। তাঁহার চিত্তের সাস্কনার জন্ম কবিকর্ণপরের শ্রীশ্রীচৈতনাচন্দ্রোদয়-নাটক লিখিত হয়। মূলগ্রন্থের বিষয়স্ফীতে "প্রতাপকস্ত্র (গঙ্গপতি)-প্রসঙ্গ দ্রষ্টব্য।

প্রস্তান্ধ বেলচারী। "নকুল বন্ধচারী" দ্রষ্টব্য।

United and Shake

প্রান্ত মিশ্র । নীলাচলবাসী ব্রাহ্মণ। এক সময়ে ইহার ক্লফকথা-শ্রবণের ইচ্ছা হওয়ার প্রভূব নিকটে আসিয়া সেই ইচ্ছা জ্ঞাপন করেন। প্রভূ ওাঁহাকে রায় রামানন্দের নিকটে পাঠান। মিশ্র গিয়া রায় রামানন্দের দেখা পাইলেন না; রায়ের ভূত্যের মূথে শুনিলেন—তিনি নিভূত উন্থানে হইজন স্কলরী যুবতী দেবদাসীকে নিজক্ত জগরাথবল্লভ-নাটকের অভিনয় শিক্ষা দিতেছেন। রায় যথন গৃহে ফিরিয়া আসিয়া ভূত্যের মূথে মিশ্রের আসিমন-বার্ছা শুনিয়া মিশ্রের নিকটে আসিলেন, তথন অনেক বেলা হইয়া গিয়াছে দেখিয়া মিশ্র নিজের ইচ্ছা প্রকাশ ক্রিলেন না, রায়ের দর্শনমাত্র করিতে আসিয়াছেন বলিয়া গৃহে ফিরিয়া আদিলেন। পরদিন প্রান্ত কার্ল মিশ্র প্রভূব নিকটে যাইয়া পূর্কদিনের বৃত্তান্ত জানাইলেন। প্রভূ রায় রামানন্দের মাহাত্ম্য কীর্তন করিয়া তথনই আবার রায়ের নিকটে মিশ্রকে পাঠাইলেন এবং বলিলেন—"আমি ডোমাকে পাঠাইয়াছি, এ-কথা রায়কে বলিও।" মিশ্র গেলেন ধ

রার রামানন্দের নিকটে কৃষ্ণকথা শুনিরা নিজেকে কৃতার্থ জ্ঞান করিলেন, প্রেমে নৃত্য করিতে লাগিলেন। পরে প্রামুর নিকটে আসিরা স্বীয় কৃতার্থতার কথা জানাইলেন।

বক্ষেশ্বর পশ্তিত। শ্রীচৈতগ্রশাথা। ব্রাহ্মণ। গৌরগণোদ্দেশের মতে ইনি ক্রেক্ট্র্নুহান্তর্গত চতুর্যুহ অনিক্ষ; প্রকাশ-বিশেবে শশিরেথাও ইহাতে প্রবেশ করিয়াছেন। ধ্যানচন্দ্র গোশ্বামীর মতে—বক্ষেশ্বর পণ্ডিতে ব্রজের তুঙ্গবিছা নিত্য অবস্থান করেন। মহাপ্রভুর কীর্ত্তনসঙ্গী। প্রভুর বড় প্রিয় ভক্ত। নৃত্যে ইহার প্রশ্ন আনন্দ। এক সময়ে একাদিক্রমে চর্বিশ প্রহর নৃত্য করিয়াছিলেন। ইহার নৃত্যকালে শ্বয়ং মহাপ্রভুও কীর্ত্তন করিতেন। এক সময় প্রভুর চরণ ধরিয়া ইনি বলিয়াছিলেন—"প্রভু, আমাকে দশ সহস্র গন্ধর্ম দাও; তারা কীর্ত্তন করিবে, আমি নৃত্য করিব; তাহা হইলেই আমার হও হইবে।" প্রভুও বলিয়াছিলেন—"তুমি মোর পক্ষ এক শাখা। আকাশে উড়িতাম যদি পাঙ আর পাখা॥" বক্ষেশ্বর পণ্ডিতের সঙ্গ-প্রভাবেই ভাগবতী দেবানন্দের চিত্তের পরিবর্ত্তন হইয়াছিল এবং দেবানন্দ্র প্রভুর নিকট হইতে ভাগবতের ভক্তিপ্রতিপাদক অর্থ উপলব্ধি করিতে পারিয়াছিলেন ("দেবানন্দ্র"-ত্রেইবা)। প্রভুর জগাই-মাধাইকে কপা করার সময়ে, কাজীদমনের দিন নগরকীর্ত্তনে, শ্রীধারের গৃহে ভক্তবাৎসল্য-প্রকটনের সময়েও বক্ষেশ্বর পণ্ডিত প্রভুর সঙ্গে ছিলেন। রথযাত্রাকালে নীলাচলে যাইতেন এবং তৎকালীন প্রভুর লীলায় যোগ দিতেন। ইহার শিক্ত শ্রীগোপাল গুরু এবং গোপাল গুরুর শিক্ত শ্রীধানচক্ষ গোশ্বামী।

বভবিপ্র-ছোটবিপ্র। বিভানগরের হুই ব্রাহ্মণ তীর্থভ্রমণে গিয়াছিলেন। একজন বয়স্ক কুলীন, পণ্ডিত এবং ধনী; তিনি বড়বিপ্র। আর একজন যুবক, অকুলীন, মূর্য এবং দরিদ্র; তিনি ছোটবিপ্র। বছ তীর্থ ভ্রমণ করিয়া তাঁহারা বুন্দাবনে আসিয়া শ্রীগোপালদেবের মন্দিরের নিকটে বাস করিতে লাগিলেন। তীর্থপথে ছোটবিপ্স খব শ্রদ্ধা ও প্রীতির সহিত বড়বিপ্রের সেবা করিয়াছিলেন; তাহাতে বড়বিপ্র অত্যন্ত সম্ভষ্ট হইয়াছিলেন। যথন তাঁহার। বুন্দাবনে, তথন একদিন বড়বিপ্র ছোটবিপ্রকে বলিলেন—"তুমি আমার যে-রূপ দেবা করিয়াছ, পুত্রও পিতার এইরপ দেবা করে না। আমি অত্যন্ত দম্ভট হইয়াছি। আমি তোমাকে আমার কলা দান করিব।" ভ্রমিয়া ছোটবিপ্র বলিলেন—''কোনও উদ্দেশ্য নিয়া আমি আপনার দেবা করি নাই; ব্রাহ্মণের দেবায় শ্রীক্লফ প্রীত হয়েন: তাই আমি আপনার দেবা করিয়াছি। আমি আপনার কলার যোগ্য পাত্র নহি; যেহেতু, আপনি কুলীন, আমি অকুলীন: আপনি পণ্ডিত, আমি মুর্থ; আপনি ধনী, আমি দরিদ্র।" বড়বিপ্র বলিলেন—"তা হউক, আমি তোমাকে কন্সা দিব।" ছোটবিপ্র বলিলেন—''আপনার স্ত্রীপুত্র, আত্মীয়-স্বন্ধন বাধা দিবে।" বড়বিপ্র বলিলেন— "আমার কল্পা, আমি দিব; কে বাধা দিবে? তুমি সমত হও।" ছোট বিপ্র বলিলেন—"যদি আপনি আমার মত অযোগ্য পাত্রেও কন্তা দান করিতে দুদুসঙ্ক হইয়া থাকেন, তাহা হইলে শ্রীগোপালদেবের সাক্ষাতেই আপনার অভিপ্রায় ব্যক্ত করুন।" তথন উভয়ে শ্রীগোপালদেবের সাক্ষাতে গেলেন। বড়বিপ্র বলিলেন—"গোপালদেব, তুমি জানিও, ইহাকে আমি আমার কন্তা দিব।" ছোটবিপ্র বলিলেন—"গোপালদেব, তুমি সাক্ষী থাকিও; ভোমার সাক্ষাতে ইনি বলিতেছেন, ইনি আমাকে কলা দিবেন। পরে যদি ইহার কথার বাতিক্রম হয়, তোমাকে দাকী ভাকাইব।" পরে উভয়ে দেশে আসিলেন। বড়বিপ্র তাহার স্ত্রীপুত্র জ্ঞাতি-কুটুম্বদিগকে তাঁহার সকল্পের কথা জানাইলেন; কেহই সম্বৃতি দিলেন না। স্ত্রীপুত্র বলিলেন—নীচুকুলে কক্তা দিলে বিষ থাইয়া মরিব। জ্ঞাতি-কুটুমেরা বলিলেন—তোমাকে ত্যাগ করিব। বড়বিপ্র বলিলেন—"তীর্থস্থানে গোপালের সাক্ষাতে ব্রাহ্মণের নিকটে বাক্য দিয়াছি। কিন্নপে অন্তথা করি; আমার ধর্ম নষ্ট হইবে। বিশেষতঃ, ছোটবিপ্র দশজনের নিকটে বিচার প্রার্থী হইবে।" তাঁহার পুত্র বলিলেন—"বিচারকালে কে সাক্ষ্য দিবে? সাক্ষী তো প্রতিমা; তাহাও আবার দূরদেশে। আচ্ছা 'আমি কক্ষা দিতে বলি নাই'-এরণ মিথাা কথা তুমি না হয় বলিও না। তুমি মাত্র বলিও 'ন্সনেক দিনের কথা, কি বলিয়াছি, আমার মনে নাই।' ভাহার পরে যাহা করার, আমি

করিব।" এদিকে বড় বিপ্রের কোনও সাড়া-শব্দ না পাইরা ছোটবিপ্র একদিন তাঁছার বাড়ীতে আসিরা তাঁছার व्यक्तिकारित कथा प्रवेश कवाहेश हित्तन। शूट्यव निका अञ्जात वहाविका विश्वास-"कि विनेशाहि, बान माहे।" তথন তাঁৰ পুত্ৰ ছোটবিপ্ৰকে তিবনাৰ কৰিয়া লাঠি লইয়া বাড়ী হইতে ভাড়াইয়া দিলেন। ছোটবিপ্ৰ গ্ৰামের বিশিষ্ট লোকদের নিকটে গিয়া সমস্ত জানাইলেন। সকলে একত্রিত হইয়া বড়বিপ্রকে ভাকাইলেন। বড়বিপ্র--পুরের শিকাছরপ কথাই বলিলেন। এই হযোগ পাইয়া বড়বিপ্রের পুত্র বাক্চাতুর্য আরম্ভ করিলেন; বলিলেন--"আপনা-ৰাই বিচার করুন; আমার ভগিনীর যোগ্য পাত্র এই লোকটী হইতে পারে কিনা। আসল কথা হইতেছে এই— তীর্থপথে আমার পিতার সঙ্গে অনেক টাকা ছিল; তাহাকে ধুতুরা থাওয়াইয়া অজ্ঞান করিয়া এই ধুর্ত লোকটা সময় টাকা তো লইয়াই গিয়াছে. এখন আবার এদব অসম্ভব কথা বলিতেছে।" উপস্থিত লোকদের কেছ কেছ বলিলেন-"তা হইতেও পারে: ধনলোভে কত লোক অক্যায় কার্য্য করিয়া থাকে।" বড়বিপ্স পুর্বেষ্ গোপালের শ্বরণ করিয়া প্রার্থনা জানাইয়াছিলেন, তথনও মনে মনে প্রার্থনা করিলেন—"গোপালদেব, এই ক্লপা কর, যাতে আমার বাক্যও বক্ষা পায়, স্ত্রীপুত্রও প্রাণে বাঁচে।" ছোটবিপ্রা দক দকে বলিলেন—"বড়বিপ্র ধর্মপরায়ণ; পুত্রের শিক্ষাতেই তিনি এখন অন্তরূপ কথা বলিতেছেন। তাঁহার পুত্র যাহা বলিতেছেন, তাহা সত্য নয়। আমার দাকী আছে গোপালদেব।" বড়বিপ্র ও তাঁহার পুত্র বলিলেন—"আচ্ছা, যদি গোপালদেব এথানে আদিয়া দাক্য দেন, তাছা হুটলৈ তুমি কলা পাইবে।" বড়বিপ্র সম্মত হুইলেন—যেহেতু তিনি মনে করিয়াছেন—"গোপালদেব ভক্তবংসল: ক্রপা করিয়া তিনি আসিতেও পারেন; আসিলে আমার ধর্ম রকা হইবে।" তাঁর পুত্র সন্মত হইলেন—যেহেড জিনি ভাবিলেন—"প্রতিমা কিরুপে আসিবে, আর কিরুপেই বা সাক্ষ্য দিবে।" যাহা হউক, বিচারকেরা বলিলেন— "আছে। যদি গোপালদেব আসিয়া তোমার কথার সমর্থন করেন, তুমি বড়বিপ্রের কক্যা পাইবে।" তথন এ-সকল কথা কাগজে পিথিত হইয়া এক মধ্যত্বের নিকটে রক্ষিত হইল। ছোটবিপ্স বলিলেন—"কলা পাওয়ার জল্প **স্পামার লোভ নাই**; বড়বিপ্রের প্রতিশ্রতি যাতে রক্ষা পায়, তাহাই স্থামার কর্ত্তব্য। বড়বিপ্রের পুণ্য-প্রভাবেই আমি গোপাণকে আনিব।" ছোটবিপ্র বুলাবনে গিয়া সমস্ত কথা গোপালদেবের চরণে নিবেদন করিয়া বলিলেন—"গোপালদেব, তোমাকে ঘাইয়া সাক্ষ্য দিতে হইবে। তুমি জান, জানিয়া যে শাক্ষ্য দেয় না, তার পাপ হয়।" পরমককণ ভক্তবংদল গোপাল বলিলেন—"তুমি দেশে যাও; আমি দে-স্থানে আবিভূতি হইরা সাক্ষা দিব।" ছোটবিপ্র বলিলেন—"তাহা হইবে না। তুমি সে-ছানে চতুভু জরুপে আবিভূতি হইয়া সাক্ষা দিলেও হইবে না। এই শ্রীবিগ্রহেই তোমাকে যাইতে হইবে।" গোপাল বলিলেন—"আমি যে প্রতিষা; প্রতিষা কি হাটিতে পারে?" ছোটবিপ্র বলিলেন—"প্রতিমা কি কথা বলিতে পারে? যে বলে তুমি প্রতিমা, দে মুর্থ। তুমি দাকাৎ ব্রজেন্ত্র-নন্দন।" গোপাদদেব তথন হাদিগা বলিলেন—"আচ্ছা, তোমার পেছনে পেছনে আমি যাইব। किइ (পছনের দিকে ফিরিয়া আমাকে যদি দেখ, তাহা इन्हें ल আমি আর অগ্রসর হইব না, সেখানেই থাকিব। আমার নূপুরের শব্দে আমার গমন জানিবে। আর প্রত্যন্থ এক দের চাউলের অন্ন আমার ভোগে দিবে।" ছোটবিপ্র সম্মত হইমা প্রমানন্দে দেশের দিকে যাত্রা করিলেন। নিজের গ্রামের নিকটে আসিয়া ভাবিলেন -"একবার দেখি, বাস্তবিক গোপাল আসিয়াছেন কিনা। এখানে তিনি থাকিয়া গেলেও ক্তি নাই। সকলকে এখানেই আনিব।" তিনি পেছনের দিকে চাহিবামাত্রই গোপাল হালিয়া বলিলেন—"আমি ড পূৰ্বেই বলিয়াছি; আৰু আমি ঘাইব না।" ছোটবিপ্ৰ গোপালকে নমন্ধার করিয়া গ্রামে ঘাইয়া গোপালের আগমন-ৰাষ্ঠা জানাইলেন। বিশিত হইয়া সকলে গোপলদর্শনের জন্ম উপস্থিত হইলেন। সকলের সাক্ষাতে গোণাল সাক্ষা দিলেন। বড়বিপ্র ছোটবিপ্রকে কলা দান করিলেন।

গোপালদেব ছই বিপ্রকে বলিলেন—"তোমনা জন্মে জন্মে জামার কিছন। বর চাও।" তাঁহারা বলিলেম— "প্রাভূ, বলি বর দিবে, ভাহা হইলে এই বর দাও, যেন ভোমার ভূত্যবাংসল্যের নিদর্শনরূপে ভূমি এই-ছানেই থাকিয়া ক্লাইবে ।" নোপালদেব বহিয়া গেলেন; নাম হইল সাক্ষীগোপাল। ছই বিপ্রের প্রায়ে বিভানগরেই ছহিলেন। প্রে উৎকলের বাজা প্রবার্থনের (প্রতাপকরের পিতা) সেই দেশ জয় করিয়া অরাজ্যে যাওয়ার জয় গোপালদেবের চরবে প্রার্থনা জানাইলে লাকীগোপাল কটকে আসেন। মহাপ্রাভু যথন নীলাচলে গিয়াছিলেন, তখনও তিনি কটকেই সাজীগোপাল কর্মন করিয়াছেন। এখন আর সাকীগোপাল কটকে নাই, প্রীর নিকটবর্ত্তী এক স্থানে আহেন। এই স্থানেও বড়বিপ্র-ছোটবিপ্রের বংশধরগণই সাকীগোপালের সেবা করিয়া থাকেন।

বঙ্ হরিদাস। কীর্তনীয়া। নীলাচলে প্রভূব নিকটে থাকিতেন। গোবিন্দের সঙ্গে প্রভূব সেবা করিতেন। বথষাত্রায় কীর্তন-কালেও ইনি কীর্তন করিতেন। ইনি হরিদাস ঠাকুর নহেন। হরিদাস-ঠাকুর প্রভূব নিকটে থাকিতেন না, গোবিন্দের সঙ্গে প্রভূব সেবাও করিতেন না। নীলাচলে তিন জন হরিদাস ছিলেন—হরিদাসঠাকুর বড় হরিদাস ও ছোট হরিদাস।

বলভার ভটাচার্য্য। প্রীমন্মহাপ্রভুর বৃন্দাবন-গমনের সঙ্গী। পণ্ডিত, সাধু, আর্য্য। প্রীমন্মহাপ্রভু কানাইর নাটশালা হইতে শান্তিপুর হইরা যথন নীলাচলে আসেন, তখন ইনি তীর্থ-প্রমণেচ্ছু হইয়া এক বিপ্রভৃত্যকে সঙ্গে করিয়া প্রভুর সঙ্গে নীলাচলে আসেন। প্রভু যথন ঝারিখণ্ড-পথে বৃন্দাবন-যাত্রা করেন, তখন সঙ্গের ভূত্য-ব্রাহ্মণকে লইয়া ইনি প্রভুর সঙ্গী হয়েন। পথে ইনি অত্যন্ত প্রীতির সহিত প্রভুর সর্কবিধ সেবা করিয়াছিলেন, ভিদাকরিয়া রন্ধনাদি করিয়া প্রভুকে ভিদাকরাইয়াছিলেন। প্রভুর বৃন্দাবন ও প্রমাগের লীলা এবং কাশীতে মায়াবাদী সঙ্গাদীদিগের উদ্ধার-লীলাও ইনি প্রত্যক্ষ করিয়াছেন। প্রভুর সঙ্গে নীলাচলে প্রত্যাবর্তনের পরে ইনি নীলাচলেইছিলেন। সনাতনগোস্বামী যথন নীলাচলে আসিয়াছিলেন, তখন ইহার নিকট হইতেই প্রভুর ঝারিখণ্ডপথে কৃন্দাবন-গমনের পথাদির বিবরণ জানিয়া লইয়াছিলেন।

ব্যান্ত ভট্ট। তৈলকদেশে আবির্ভাব। বান্ধা। পিতা—লক্ষ্ণ-দীক্ষিত। মহাপণ্ডিত। তিনি নাকি তিনবার দিগ্বিদয়েও বাহির হইয়াছিলেন। তিশ বংসর বয়ক্রম-কালে বিবাহ করেন। পদ্মীর নাম—মহালক্ষ্যী-দেবী। ইহার তুই পূত্র—গোপীনাথ ও বিঠ্ঠলেশ্বর। পূর্বলীলায় ইনি ছিলেন তকদেব। বৃন্দাবন হইতে ফিরিবার পথে প্রভু যথন প্রয়াগে ছিলেন, তথন বল্লভ ভট্ট থাকিতেন প্রয়াগের নিকটবর্তী আড়ৈল প্রামে। তিনি প্রভুকে নিজের বাড়ীতে নিয়া ভিক্ষা করাইয়াছিলেন, প্রভুর পাদোদক সবংশে গ্রহণ করিয়াছিলেন। পরে শ্রীমদ্ভাগবতের এক টীকা লিখিয়া প্রভুকে ভনাইবার জন্ম তিনি নীলাচলে আসেন। প্রভু তাঁহার ভিতরের গর্ব্ধ জানিয়া তাঁহাকে কেবল উপেক্ষাই করিয়াছিলেন, টীকাদি ভনেন নাই। পরে ভট্ট চিন্তা করিলেন—প্রভু পূর্ব্বে আমাকে এত কৃপা করিয়াছেন, এখন এরূপ ব্যবহার কেন করিতেছেন। আত্মাহ্মদ্ধান করিয়া বৃন্ধিতে পারিলেন—আমিই বৈক্ষর-দিশ্বান্ত ভাল রক্ষমে জানি—এরূপ একটা গর্বা তাঁহার চিত্তে আছে বলিয়াই তাঁহার সংশোধনের উদ্দেশ্তে প্রভু ঐরপ ব্যবহার করিতেছেন। ইহা বৃন্ধিয়া প্রভুর চরণে শরণাগত হইলেন, প্রভুও কুপা করিয়া তাঁহার নিমন্ত্রণ অঞ্চীকার করিলেন।

ইনি পূর্কে ছিলেন বালগোপাল-মন্ত্রে দীক্ষিত। নীলাচলে গদাধর-পণ্ডিতগোস্বামীর সঙ্গের প্রভাবে কিশোর-গোপাল উপাসনার বাসনা চিত্তে জাগ্রত হওয়ায় পণ্ডিত গোস্বামীর নিকটে কিশোর-গোপাল মত্রে দীক্ষা গ্রহণ করেন। আড়ৈল হইতে তিনি সপরিবারে বৃন্দাবনে গিয়া বাস করেন। সে-স্থানে শ্রীমন্মহাপ্রভুর শ্রীমৃর্তি প্রতিষ্ঠিত করিয়া সেবা করিতেন। মূলগ্রন্থের বিষয়স্চীতে "বল্লভ-ভট্ট-প্রসঙ্গ" এবং ২।৪।১০৩ পয়ারের টীকা ক্রইবা।

বাধীরাখ পট্টনায়ক। প্রীচৈতন্ত্রশাখা। নীলাচলবাসী। ভবানন্দরায়ের পুত্র এবং রামানন্দ রায়ের প্রাতা। প্রভুর সেবায় আত্মনিয়োগ করিয়াছিলেন, প্রায় প্রভুর নিকটেই থাকিতেন। প্রভুর দর্শনার্থ নীলাচলে সমাগত গোড়ীয় ভক্তদের বাসা ও প্রসাদের সংস্থান বাণীনাথই করিতেন। রাজা প্রতাপরুদ্রের প্রাপ্ত চাকা আলায়ের জন্ধ বাজপুত্র যথন গোপীনাথ পট্টনায়ককে চাঙ্গে চড়াইয়াছিলেন, তাঁহার ভাই বলিয়া তখন রাজপুত্র সবংশে বাণীনাথকেও বাধিয়া লইয়া গিয়াছিলেন; কিন্তু বাণীনাথ তাহাতেও কিঞ্জিয়াত্র বিচলিত না হইয়া করে সংখ্যা বাণিয়া ক্রম্পনাম অপ করিতেছিলেন।

বাস্থানের (ক্রি)। লাজিণাতো ক্র্যক্ষেত্রানী আমাণ। ইহার সর্জাকে প্রনিষ্ঠ ক্রইরাছিল; ভাইনিষ্ঠ ক্রীটিও লানিরাছিন; আল হইতে কীট কথনও পড়িয়া গেলে তিনি সেই কীটকে উঠাইয়া তাঁহার অলে প্র্রাচন নাথিয়া দিতেন। এক দিন বাজিতে বাহুদের শুনিতে পাইলেন—লেই হানেই ক্র্যনামক এক বিপ্রোর পূচ্ছ ফ্রান্তের পাদার্পণ করিয়াছেন। পরদিন প্রাতঃকালেই তিনি প্রভুর দর্শনের লক্ত ক্র্যগৃহে যথন আনিলেন, তথম ক্র্যন্ত্রের ভালিনে—প্রভু চলিয়া গিয়াছেন। ভনামাত্রেই বাহুদের ত্বংথে মৃচ্ছিত হইয়া ভূমিতে পড়িয়া গ্রেলেন; আন কিরিয়া আনিলে বিলাপ করিতে লাগিলেন। তৎকণাৎই প্রভু আবির্ভাবে তাঁহার সাক্ষাতে উপনীত হইয়া ভাহাকে আনিজন করিলেন। আলিজনমাত্রেই তাঁহার কুর্চ লোপ পাইল, পরমন্ত্রকর হেছ লাভ ছইল। প্রভুর দর্শনে আনন্দ-বিন্ময়ে তিনি প্রভুর তব করিয়া বলিলেন—"দয়াময়! আমাকে দেখিয়া আমার গারের গছে সকলেই দ্বে পলায়ন করে; এ-হেন আমাকে তুমি আলিজন করিলে। জীবের মধ্যে এরূপ ব্যবহার দৃই হয় লা; তুমি নিক্রই বতর দ্বার কিন্ত দয়াময়! সকলের অল্পুল হইয়া ছিলাম ভালই; কোনও অহন্তার আমার মনে লাগিত না। কোনও আমার নিকটে আসিত না। নির্বিরে নাম কীর্তন করিতে পারিতাম। কিন্ত প্রভু, এখন বে আমার মনে জভিযান জাগিবে।" ভনিয়া প্রভু বলিলেন—"তুমি চিন্তা করিও না; ডোমার মনে কোনওক্রপ অভিযান জাগিবে না। তুমি নিরন্তর ক্রফনাম কীর্ভন কর; আর ক্রফনাম উপদেশ করিয়া জীবকে উলার কয়! জীত্রই ডোমাকে অলীকার করিবেন।" একথা বলিয়াই প্রভু অদুল হইয়া গেলেন। ক্র্যবিপ্র এবং বাল্বেকে উভয়েই প্রভুর গুল অরণ করিয়া পরসপরের গলা জড়াইয়া ধরিয়া কাঁদিতে লাগিলেন।

বাস্থদেৰ খোৰ। এজলীলার গুণতৃকা; বিশাখা-রচিত গীত কীর্তন করিতেন। উত্তর রাটীর কায়মুক্লে আবিভূতি। গোবিন্দ ঘোষ ও মাধব ঘোষ ইহার সহোদর। তিন ভাই-ই প্রসিদ্ধ কীর্তনীয়া ছিলেন। ইহাদের কীর্তনে গোর-নিত্যানন্দ নৃত্য করিতেন। নীলাচলে রথযাত্রাকালে সাত সম্প্রদারের একটা সম্প্রদারে ইহারা কীর্তন করিতেন। গোঁড়ে নাম-প্রেম প্রচারের জন্ম প্রভূ যখন শ্রীমন্নিত্যানন্দকে পাঠাইলেন, তখন এই তিন ভাইকেও প্রভূ তাঁহার সঙ্গে পাঠাইরাছিলেন। বাস্থদেব ঘোষ যখন গোর-মহিমা কীর্তন করিতেন, তখন কাঠ-পাষাণও প্রবীভূত হইত। প্রভূর দুর্শনের জন্ম রথযাত্রা উপলক্ষে প্রতি বংসর নীলাচলে যাইয়া চারিমাস অবস্থান করিতেন। ইনি একজন পদকর্তা মহাজনও।

কাশ্বন্ধের দন্ত। প্রভুর গায়ক। প্রজনীলার মধুপ্রত নামক গায়ক। চট্টগ্রামের পটায়া থানার অন্তর্গত চক্রশালার বৈগ্রন্থলে আবিভূতি। প্রীমৃক্ষ দন্ত ইহারই কনিষ্ঠ প্রাতা। ইনি পরে কুষার হট্টে বাস করিতেন। প্রীন্তর্গলিক পর্য স্থল ছিলেন। প্রভুরণ্ড অত্যন্ত প্রিয় ভক্ত ছিলেন। প্রভু বলিতেন—"এ-শরীর বাহ্দের দত্তের আষার॥ দন্ত আমা ধণা বেচে তথাই বিকাই। সভা সভা ইহাতে অগ্রথা কিছু নাই। সভা আমি কহি ভন বৈক্ষর-মণ্ডল। এ-দেহ আমার বাহ্দেরের কেবল।" নীলাচলে প্রভু বাহ্দের দত্তবে বলিরাছিলেন—"ভোষার হোট ভাই মুকুল্ব যদিও শিশুকাল হইতে আমার দক্রে থাকে, ভণাণি ভোমাকে দেখিলেই আমার বেশী হণ্ণ জল্ম।" রথযাত্রাকালে ইনিও কীর্তন করিতেন। ইন্দ্রভায়সর্বোব্যের জলকেলিতেও বোগ দিতেন। ইনি অত্যন্ত উদার প্রকৃতির ছিলেন; বে-দিন যাহা উপার্জন করিতেন, সেই দিনেই ভাহা বায় করিতেন, কিছু সক্ষর করিতেন না। কিছু তিনি গৃহস্ত মান্তর; সক্ষয় না থাকিলে কুট্বভরণ হইবে বিক্রণে? ভাই প্রভু শিবানন্দলেনকে বলিয়াছিলেন—"শিবানন্দ, ভূমি বাহ্দেবের আর-বায়ের ভার নিবে; সর্বথেল হইয়া ইহার সমস্ত কার্য্য সমাধা করিবে।" একছিন নীলাচলে ইনি প্রভুর নিকটে বলিয়াছিলেন—"প্রভু, জগতের উন্নারেছ জন্ত তোমার অবতার। তোমার চরণে একটা প্রার্থনা জানাইতেছি; ভূমি ইছা কারলেই ভাহা পূর্ণ হইতে পারে। জাসক্রের যায়াবের জীবের তুংথ দেখিয়া আমার হারয় বিলীর্ণ হইয়া যায়। প্রভু, সমস্ত জীবের পাণের বোঝা যাথায় লইরা ভাইনিক হইয়া আমি নরক ভোক্ত করিব; ভূমি করী করিয়া সকলকে উদ্ধার কর।" ভনিয়া প্রভুর চিন্দ্র ক্রিভুত হটল; ভাহার দেহে অঞ্চ-কলাদির উদ্য হইল; গাণ্যণ্য হবে প্রভু বনিলেন—"শ্বান্তরে, ভোমার এই ব্যার্থনা

বিচিত্র নতে; ভূমি ও প্রজান। ভোমার উপরে ককের শশুর্প কপা আছে। ভূমি বাহা চাহিবে, কৃষ্ণ ভাছাই কার্মিবেন; বেহেভূ, ভক্তবাছাপ্তিব্যতীত ককের অন্তক্ততা কিছু নাই। তোমার হুজানাত্রেই ব্রশ্নাতেই ব্রশ্নাতের দীর উদ্ধান তথ্য হুইবে না।" প্রভূ যখন নীলাচল হুইতে গোড়ে আলিয়াছিলেন ভখন ক্মারহটো বাহ্মদেবের গৃহেও পদার্পণ করিয়াছিলেন। দাসগোখামীর শুক্ষদের বহুনন্দন আচার্য্য ছিলেন ইহাণ বিশেষ অন্তপ্তিত। প্রীল ব্লাবনদাস ঠাকুরের প্রীপাট মামগাছিতে ইনি প্রীমননগোপালের সেবা প্রতিষ্ঠা করিয়াছিলেন; পরে প্রভূর অবশেষপাত্রই নারায়ণী দেবীর হত্তে এই সেবার ভার অর্পণ করিয়াছিলেন।

বিশ্বাবাচন্দতি। মহেশ্বর বিশাবদের পুত্র এবং সার্কভৌম ভট্টাচার্য্যের ল্রাতা। কুলিয়ার নিকটবর্ত্তী বিশ্বানগরে বাস করিতেন। নীলাচল হইতে প্রভু যখন গোঁডে আদিয়াছিলেন, তখন প্রভু কয়েক দিন ইহার গৃহে বাস করিয়াছিলেন এবং দর্শন দান করিয়া অসংখ্য লোককে ক্বতার্থ করিয়াছিলেন। প্রভু বিভাবাচন্দতিকে "জলব্রুলের — (গঙ্গার)" উপাসনা করিতে বলিয়াছিলেন। শ্রীয়দ্ভাগবতের টাকার প্রারম্ভে শ্রীপাদ সনাতন গোশামীর ক্ষমান হইতে জানা যায়, বিভাবাচন্দতি সনাতনগোশামীর গুরু ছিলেন। বিভাবাচন্দতি ব্রজনীলায় ছিলেন তুলবিশ্বার শ্রীয়া স্বয়্রবানামী গোপী।

विकृष्टिয়াদেবী। নবৰীপবাসী রাজপণ্ডিত সনাতন মিশ্রের কন্যা। প্রভুর প্রথমা পদ্মী শ্রীলক্ষ্মীদেবীর অন্তর্জানের পরে প্রভু শ্রীবিকৃপ্রিয়াদেবীকে বিবাহ করেন। শিশুকাল হইতে ইনি পিতৃ-মাতৃ-বিকৃশুক্তি-পরায়ণা ছিলেন, তিনবার গঙ্গালান করিতেন। পতিব্রতা কিশোরী বিকৃপ্রিয়াদেবীকে ত্যাগ করিয়াই প্রভু সন্মাস প্রহণ করেন। ইনি অভান্ধ শ্রদ্ধা ও ভক্তির সহিত শচীমাতার দেবা করিতেন।

প্রভুর সন্ন্যাসগ্রহণের পরে বিষ্ণুপ্রিয়াদেবীর যে-অবস্থা হইযাছিল, তাচা বর্ণনাতীত। ভক্তিবন্ধাকর বলেন—
"প্রভুর বিচ্ছেদে নিলা তেজিল নেত্রেতে। কদাচিং নিলা হৈলে শয়ন ভ্যিতে ॥ কনক জিনিয়া জক সে জতি মলিন।
কৃষ্ণচতুর্দনীর শরীর প্রায় কীন ॥ হরিনাম-সংখ্যা পূর্ণ তণ্ডুলে করম। সে তণ্ডুল পাক করি প্রভুকে অর্পয় ॥ তাহার
কিঞ্চিয়াত্র করয়ে ভক্ষণ। কেহ না জানয়ে কেনে রাখয়ে জীবন ॥" বৃক্ষাবনে যাওয়ার পূর্বে প্রীনিবাস আচার্য্য
যখন নববীপে আসিয়াছিলেন এবং শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর চরণ বন্দনা করিয়াছিলেন, তথন শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী "অন্ধ্রগ্রহ
করি মাথে দিলা শ্রীচরণ ॥ তৃই নেত্রে অশ্রুধারা নিরস্তব বছে। গদ গদ্ বাক্যে কিছু শ্রীনিবাসে কহে ॥ আহে বাপু
শ্রীনিবাস আছি পথ চাহিয়া। ভাল কৈলে আইলে স্থে পাইছ দেখিয়া ॥ চিরজীবী হইয়া থাকহ পৃথিবীতে। জীবের
মঞ্চল হবে তোমার দারাতে ॥ এহেন ত্র্রভ প্রেমভক্তি বিলাইবা। ভক্তের সর্ব্বর ভক্তিশান্ত প্রচারিবা ॥" তারপর
দেবী শ্রীনিবাসকে বৃক্ষাবনে যাওয়ার আদেশ দিলেন।

গৌরগণোক্ষেশদীপিকা বলেন, সনাতন মিশ্র ছিলেন পূর্ব্বে সক্রাজিৎ রাজা এবং জগন্মাতা বিষ্ণুপ্রিয়া দেবী ছিলেন তাঁছার কক্যা, ভ্-স্বরূপিণী সত্যভামা। খ্রীচৈতক্সচন্দ্রোপ্ত বিষ্ণুপ্রিয়াদেবীকে পৃথিবীর অংশরূপা বলা হইয়াছে। ১০১৬ প্রারের টীকা স্তান্তা

বীরভন্ত গোস্থামী (বীরচন্ত্রগোস্থামী)। স্বরূপে স্বর্ধণের বৃহে পয়োজিলায়ী নারায়ণ। শ্রীমরিত্যানন্দ প্রভূর প্ররূপে বহুধা-মাতার গর্ভে আবিভূঁত, জাহ্বা-মাতার শিশ্ব। ভক্তিকয়তফর বর্ণন-প্রান্তর কবিরাজ গোসামী লিখিয়াছেন—"শ্রীবীরভন্ত গোলাঞি বন্ধমাশাথা। তার উপলাথা যত অসংখ্য তার লেখা। ঈশ্বর হইয়া কহায় মহাভাগবত। বেদধর্মাতীত হৈয়া বেদধর্মে রত। অন্তবে ঈশ্বর-চেন্তা, বাহিরে নির্দম্ভ। চৈত্যাভক্তিমণ্ডপে তেঁহো মৃলক্তা। আভাপি বাহার রূপা মহিমা হইতে। চৈত্যা-নিত্যানন্দ গায় সকল জগতে।" শ্রীবীরভন্ত গোস্বামীর এক ভগিনী ছিলেন—নাম শ্রীমতী গলাদেবী। ভক্তিরত্মাকর বলেন—শ্রীশ্রীজাহ্বামাতা গোস্বামিনীর ইচ্ছাতে রাজবলহাটের নিক্টবর্তী বামিত্র নির্দ্ধিনা বিবাহ করেম; তাঁহাদের নাম—শ্রীমতী ও শ্রীনার্বার্থী। জাহ্বাদেবী তৃই প্রবৃধ্কে দীকা দিলেন এবং বীরভন্ত গোস্বামী বহুনন্দন আচার্য্যকে দীকা দিলেন। বিবাহ করেম আচার্য্যকৈ দীকা দিলেন।

এক সময়ে থড়দহ হইতে যাত্রা করিয়া সপ্তগ্রাম, শান্তিপুর, অধিকা, নবৰীণ, শ্রীপণ্ড, যাজিপ্রাম, কন্টকনগাঁই ও থেওরী হইয়া এবং সর্ব্ধন্ত ভক্তবৃদ্ধ কর্ত্বক পরমাদরে সম্বর্দ্ধিত হইয়া সকলের সহিত প্রেমাবেশে নৃত্য-কীর্ত্তন করিয়া, অবশেষে বৃদ্ধাবনে গিয়াছিলেন। বৃদ্ধাবনের শ্রীভৃগর্ত-শ্রীজীবাদি গোস্বামি প্রমূথ ভক্তবৃদ্ধ তাঁহার দর্শনে পরম্যানন্দ উপভোগ কারিয়াছেন, তাঁহার প্রতি যথেই শ্রদ্ধাভক্তি প্রদর্শন করিয়াছেন। তিনি ভক্তবৃদ্ধের সহিত বাদ্ধাবন শ্রমণ করিয়াছেন। শ্রীরাধাকুওে কবিরাজগোস্বামীর সহিত তাঁহর মিলন হয়। রাধাকুও হইতে বৃদ্ধাবনে আদিবার কালে কবিরাজ গোস্বামীও তাঁহার সঙ্গে আদিবাহিলেন। গোবর্ত্বন, কাম্যবন দর্শন করিয়া বৃষ্ভান্থপুরে, তারণর নন্দগ্রামে গেলেন এবং অক্যান্ত তীর্থস্থান দর্শন করিলেন।

বোরাকুলি গ্রামে শ্রীনিবাস আচার্য্যের শিশু গোবিন্দচক্রবর্তীর গৃহে শ্রীশ্রীরাধাবিনোদের প্রতিষ্ঠাকালে নরোন্তম দাস ঠাকুরের কীর্ত্তনে প্রভু বীরচন্দ্র প্রেমাবেশে নৃত্য করিয়া সকলকে মুগ্ধ করিয়াছিলেন। ধর্ম-সংস্থাপন এবং ধর্মের বিশুদ্ধতা-রক্ষণের জন্ম প্রভু বীরচন্দ্রের বিশেষ আগ্রহ ছিল। রাঢ়দেশে কাঁদরা গ্রামে জন্মগোপাল-নামে জনৈক কারস্থ বাস করিতেন; তাঁর বেশ বিভার অহঙ্কার ছিল; কিন্তু তাঁহার গুরুদেব তেমন বিধান ছিলেন না বিলিয়া জন্মগোপাল গুরুর পরিচন্ন দিতেন না, কেহ তাঁহার গুরুর নাম জিজ্ঞাসা করিলে পরম-গুরুকেই গুরু বিলিমা জানাইতেন। অহঙ্কারবশতঃ তিনি এক সময়ে প্রভু বীরভদ্রের প্রসাদও উল্লন্থন করিয়াছিলেন। মহাতেজন্দ্রী প্রভু বীরচন্দ্র জন্মগোপালকে বর্জন করিলেন এবং সমগ্র বৈষ্ণবসমাজকেও তাহা জানাইলেন। বৈষ্ণব-সমাজও জন্ম-গোপালকে বর্জন করিলেন।

বুজিমন্ত্রখান। নবদীপবাসী। মহাধনী। প্রভুর প্রতি অত্যন্ত প্রীতিসম্পন্ন। বিষ্ণুপ্রিয়াদেবীর সহিত প্রভুর বিবাহের সমস্ত ব্যয়, নিজের ইচ্ছাতেই আনন্দসহকাবে, ইনি বহন করিয়াছিলেন। নবদীপে প্রভুর প্রেমাবেশকে বাৎসল্যবশে শচীমাতা যথন বান্ত্রাধি বলিয়া মনে করিলেন, তথন ইনি প্রভুর চিকিৎসা করাইয়াছিলেন। চক্রশেথরের গৃহে প্রভু যথন লন্ধীকাচে অভিনয় করিয়াছিলেন, তথন সমস্ত সাজ-সরঞ্জাম ইনিই সংগ্রহ করিয়া দিয়াছিলেন। প্রভুর জলক্রীড়াদিতে এবং কীর্ভনেও ইনি সঙ্গী থাকিতেন। প্রভুর দর্শনের জন্ম নীলাচলেও যাইতেন। (বুজিমন্তর্থান এবং স্বুজিরায় ছই বিভিন্ন ব্যক্তি)।

বৃদ্ধবিদ্ধ দাস ঠাকুর। ঘাপরের বেদব্যাদ। শ্রীবাদ পণ্ডিতের ল্রাভ্রম্নতা "শ্রীচৈতন্তের অবশেষ পাত্র" বলিয়। বিখ্যাতা নারায়ণীদেবীর গর্ভে আবিভূতি। পিতা—বিপ্র বৈদুষ্ঠ দাদ। বৃদ্ধবিদ্দাদ যথন মাড়গর্ভে, তথনই তিনি পিতৃহারা হয়েন ("নারায়ণী" দ্রইবা)। পতি-বিয়েরগের পরে নারায়ণীদেবী মামগাছি গ্রামে বাস্কদেব দত্তের প্রতিষ্ঠিত শ্রীবিগ্রাহ-দেবার ভার প্রাপ্ত হইয়াছিলেন। বৃদ্ধাবনদাদ ঠাকুরের শৈশব-কালও মামগাছিতেই অতিবাহিত হইয়াছিল বলিয়া মনে হয়। তিনি বহুশাস্ত্রে বিশেষ বৃংপত্তি লাভ করিয়াছিলেন, তাঁহার রচিত শ্রীচৈতন্তভাগবতই তাহার সাক্ষ্য দান করিতেছে। তিনি শ্রীমন্ধিত্যানন্দ প্রভুর সর্বশেষ শিল্প ছিলেন। শ্রীমন্ধিত্যানন্দের আদেশেই তিনি শ্রীগৌরনীলা-বর্ণনাত্মক শ্রীচিতন্তভাগবত রচনা করেন। তাহার রচিত গীতিপদও পদ করাতক্ষ-আদি পদসংগ্রহত্যেই হয়। শ্রীল বৃদ্ধাবনদাদ ঠাকুরের শ্রীচৈতন্তভাগবত যেন শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ-লীলারসের এক অপুর্ব অমৃতভাগার। তিনি নিতাইগৌর-লীলারসন-শ্রোতে উন্মজ্জিত-নিমজ্জিত হইতে হইতে যাহা আস্বাদন করিয়াছেন, তাহাই যেন ভক্তবৃন্দের জ্বন্ত এই প্রন্থে পরিবেশন করিয়া গিয়াছেন। বৃন্দাবনবাদী ভক্তবৃন্দ এই গ্রন্থ আস্বাদন করিয়া একই মৃশ্ধ হইয়াছিলেন যে, তিনি গৌরের অস্ত্যানীলা বর্ণন করিয়ত পারেন নাই বলিয়া ঐরূপ স্বমধুরভাবে তাহা বর্ণন করিবার নিমিত্ত কবিরান্ধ গোস্বামীকে আদেশ করিয়াছিলেন। নিত্যানন্দ-লীলা বর্ণন করেন নাই।

বৃন্দাবনদাস কোন্ সময়ে প্রীচৈতগ্যভাগবত রচনা করিয়াছিলেন, তাহা নিশ্চিতরূপে জানিবার উপায় নাই।

অক্সানমাত্র করা যাইতে পারে। অক্সানের ভিত্তিও এইরপ। প্রীমন্মহাপ্রভু ২৪ বংসর বয়সে ১৪৩১ শকের

সাল্যাব্যে, সুন্তাস্থাহণ করেন; তাহার পূর্বে প্রায় একবংসর তিনি শ্রীবাস-অঙ্গনে কীর্তন করেন এবং এই সম্বেদ্ধ

মধ্যেই জিনি স্বীয় ঈশ্বর-ভাবও প্রকাশ করেন। এই একবংসর-কাগ-মধ্যেই কোনও সম্বেল্ল-স্কুরতঃ ১৪৩১ শ্রের্ প্রথমার্দ্ধে বা ১৪৩০ শকের শেষার্দ্ধে—প্রভু নারায়ণীকে ক্লপা করিয়াছিলেন। তথন নারায়ণীর বয়স—চারি বংসর্মাঞ্জ। তাঁহার চৌদ্ধ-পানর বংসর বয়সের পূর্ব্বে বৃন্ধাবনদাসের জয় হইয়াছিল বলিয়া মনে হয় না। তাহাতে মনে হয়, ১৪৪০ শকে বা তাহার কাহাকাছি কোনও সম্বেই তাঁহার জয়। গৌরগণোদ্দেশ-দীপিকাতে বৃন্ধাবনদাসকে স্থাপরের "বেদব্যাস" বলা হইয়াছে। গৌরগণোদ্দেশদীপিকা লিথিত হইয়াছিল ১৪৯৮ শকে; তাহা প্রস্কার কবিকর্পপূরই লিথিয়া গিয়াছেন। স্থতরাং ১৪৯৮ শকের পূর্বেই যে বৃন্ধাবনদাস ঠাকুরের প্রীচেতক্তভাগবত বিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছিল, তাহাই অন্থমিত হয়। কেহ কেহ অন্থমান করেন ১৪৯৫ শকে, কেহ কেহ অন্থমান করেন ১৪৯০ শকে প্রতিচতক্তভাগবত রচিত হইয়াছে। এই অন্থমান বিচারসহ বলিয়া মনে হয় না; যেহেতু, ছু' এক-বংসরেই যে এই গ্রন্থ এত প্রশিদ্ধি লাভ করিয়াছিল, যাহাতে ১৪৯৮ শকে গ্রন্থকার ব্যাসক্রপে স্বীকৃত হইতে পারেন, ব্যবহারিক দৃষ্টিতে তাহা সম্ভব বলিয়া মনে হয় না। রামগতি ক্রায়রত্ব মহাশয়ের মতে ১৪৭০ শকে (১৫৪৮ গৃষ্টাকে) এই গ্রন্থ লিখিত হইয়াছে। ইহা সন্ধত বলিয়া মনে হয়; তথন বৃন্ধাবনদাসের বয়সও হইয়াছিল প্রায় ত্রিশ বংসর এবং ক্রিকর্পপূর যথন তাঁহাকে বেদব্যাস বলিয়া বর্ণন করিয়া গিয়াছেন, তথন তাঁহার গ্রন্থর বয়সও হইয়াছিল প্রায় আটাইশ বংসর।

শ্রীত ক্রন্থাবনদাস ঠাকুরের লিখিত গ্রন্থের নাম নাকি প্রথমে ছিল "শ্রীতৈত গ্রমঙ্গল"। পরে নাকি ইহার নাম শ্রীতৈত গ্রন্থানত হয়, তাহাও নিশ্চিত রূপে জানিবার উপায় নাই। এ-সম্বন্ধে কয়েকটা কিম্বন্তী মাত্র প্রচলিত স্মাছে; সকলগুলি বিচারসহও নয়।

শ্রীকৈতে অচরিতামতে অনেক স্থলে—এমন কি অস্তানীলার সর্বশেষ পরিছেদেও বৃন্দাবনদাস ঠাকুরের প্রাহকে "চৈত অমঙ্গল" বলা হই নাছে; কোনও স্থলেই "শ্রীকৈত অভাগবত" বলা হয় নাই। ইহাতে পরিষারভাবেই বৃন্ধা যায়—শ্রীশ্রীকৈত অচরিতামত-লিখন সমাপ্ত হওয়ার সময় (১৫৩৭ শক) পর্যান্তও এই প্রস্থের নাম ছিল "কৈত অমঙ্গল"। বৃন্দাবনবাসী ভক্তবৃন্দ বৃন্দাবনদাস ঠাকুরের প্রস্থের "চৈত অমঙ্গল"-নাম পরিবর্ত্তন করিয়া "চৈত অভাগবত" রাখিয়াছেন বিলিয়া যে একটী কিম্বন্ধী প্রচলিত আছে, তাহারও যে কোনও মৃল্য নাই, তাহাও ইহাতে বৃন্ধা যায়। কারণ, বৃন্দাবনদাস ঠাকুরের প্রস্থের আলোচনা এবং আম্বাদনের পরেই বৃন্দারণ্যবাসী ভক্তবৃন্দের আদেশে শ্রীশ্রীকৈত অচরিতামত লিখিত হইমাছে। যদি তত্রতা ভক্তবৃন্দ বৃন্দাবনদাসের প্রস্থের নাম চৈত অমঙ্গলের পরিবর্ত্তে চৈত অভাগবত রাখিতেন, তাহা হইলে করিরান্ধ গোস্বামী তাহার স্বর্রিত শ্রীশ্রীকৈত অচরিতাম্বতে তাহার উল্লেখ করিতেন, অস্ততঃ একটীবারও "চৈত অভাগবত" না বলিয়া পুনঃ পুনঃ "চৈত অমঙ্গল" বলিতেন না। যাহা হউক, ২৫৩৭ শক পর্যান্তও যে এই প্রস্থের নাম শ্রীকৈ অমঙ্গল" বলিতেন না। যাহা হউক, ২৫৩৭ শক পর্যান্তও যে এই প্রস্থের নাম শ্রীকৈ অমঙ্গল" করিবান্ধ গোম্বামীর প্রস্থই তাহার প্রমাণ।

আবার ইহার প্রতিক্ল প্রমাণেরও অভাব নাই। খ্রীঞ্জীতৈত লচরিতামূতের বহু পূর্বে লিখিত গৌরগণোদ্দেশদীপিকাতে বৃন্দাবনদাস ঠাকুরকে যথর খ্রীমদ্ভাগবত-প্রণেতা বেদব্যাস বলা হইয়াছে, তথন বুঝা যায়, গৌরগণোদ্দেশদীপিকার লিখন-সময়েও (১৪৯৮ শকে) বৃন্দাবনদাসের গ্রন্থ ভাগবত-নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিল। খ্রীলোচনদাস
ঠাকুরও তাঁহার খ্রীতৈত লমকলে বৃন্দাবনদাসের গ্রন্থকে ভাগবত-আখ্যা দিয়াছেন। গ্রন্থের প্রারম্ভে বন্দনায় তিনি
লিখিয়াছেন—"খ্রীক্ষাবনদাস বন্দিব এক চিতে। জগত মোহিত যায় ভাগবত-গীতে।" লোচনদাসের খ্রীতৈত লমকল
১৪৮২ হইতে ১৪৮৮ শকের মধ্যে লিখিত হইয়াছিল বলিয়াই সমালোচকগণ মনে করেন। তাহা হইলে ১৪৮২ শকে,
জন্ততঃ ১৪৮৮ শকে যে-গ্রন্থ শ্রীতৈত লভাগবত"-নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিল, ১৫০৭ শকেও করিরান্ধ গোসামী
কেন যে তাহাকে পূনঃ "চৈত লমকলই" বলিয়াছেন, একবারও "চৈত লভাগবত" বন্দেন নাই, তাহার
কারণ বুঝা যায় না।

কোনও কোনও সমালোচক অস্থ্যান করেন—"বৃন্দাবনদাসের গ্রন্থের নাম প্রথম হইতেই চৈতক্তভাগবত ছিল—
কিন্ত চণ্ডীর মহাত্মাসুচক গান থেমন চণ্ডীমঙ্গল, মনসার মাহাত্মাস্থচক গান যেমন মনসামঙ্গল, তেমনি ঐচৈতত্তের

মাহাত্মাস্চক বাদলা বঁটকে চৈতল্যমঙ্গল নামে অভিহিত করা হায়। এই জল্লট কৃষ্ণাশ কৰিবাজ ফুলাখনগাঁলের বিহার নাম চৈতল্যমঙ্গল বলিয়াছেন।" (শ্রীযুক্ত বিমানবিহারী মকুমদারের শ্রীচৈতল্যচরিতের উপাদান")।

উন্নিখিত অভ্যান সর্বতোভাবে গ্রহণ করিতে গেলে একটা সন্দেহ জাগে এই যে—বৃন্ধাৰন দাদের প্রথেষ নাম প্রথম হইতে যদি "শ্রীচৈতগ্রভাগবত" থাকিত, কেবল শ্রীচৈতগ্রহ মাহাত্ম্যুস্চক বলিয়াই যদি ভেলাবন্দালা বা অক্তমানের ভক্তগণ তাহাকে "শ্রীচৈতগ্রহসল" বলিতেন, তাহা হইলে কবিরাজগোস্থামীর প্রশ্ন হইতে ভাহাত্ম শান্ত উল্লেখ না হইলেও কিছু ইঙ্গিত পাওয়া যাইত।

কবিকর্ণপুর এবং লোচনদাদের উক্তি হইতে মনে হয় বৃন্দাবনদাদের প্রন্থ প্রথম হইতেই ভাগবত (और চড়গু-ভাগবড) নামে পরিচিত হইয়াছিল। কবিরাজ গোস্থামী তাহার প্রন্থের প্রায় প্রতি পরিচ্ছেদের উপসংহার-পর্যারে লিখিয়াছেন—"ঠেতক্রচরিতামৃত কহে রুঞ্চাস ॥", বৃন্দাবনদাস ঠাকুর কোনও অধ্যায়ের উপসংহার-পরারে তেমন ভাবে প্রন্থের নাম কিছু লেখেন নাই। তিনি লিখিয়াছেন—"শ্রীকৃষ্ণচৈতক্র নিত্যানন্দচান্দ জান। বৃন্দাবনদাস তাই পদ্যুগে গান ॥" এই উক্তিতে প্রন্থের নাম নাই। তথাপি বোধহয় ভগবৎ-সম্বন্ধীয় প্রহকেই যথন "ভাগবত" বলা যায়, এবং শ্রীচৈতক্রও যথন ভগবান, শ্রীচৈতক্রলের সম্বন্ধীয় এই সর্বপ্রথম বাঙ্গালা প্রন্থকে তৎকালীন বৈক্ষরদাশ যে শ্রীচৈতক্রভাগবত করিবেন, ইহা নিতান্তই স্বাভাবিক। আমরা যে-কয়থানি শ্রীচৈতক্রভাগবত দেখিয়াছি, একখানিব্যতীত তাহাদের সকল থানিতেই প্রতি অধ্যায়ের শেষে উল্লিখিত প্রার্টী দৃষ্ট হয়। কিছ্ক-প্রভূপাদ শ্রীল অতুলক্ষক গোস্বামি-সম্পাদিত প্রন্থের (৩য় সংস্করণ) আদিথণ্ডের প্রথম অধ্যায়ের উপসংহার-পন্মারটী অক্সরক্ষ। "চিন্ডিয়া চৈতক্রচান্দের চরণ কমগ। বৃন্দাবনদাস গান চৈতক্রমঙ্গল ॥" পাদটীকায় সম্পাদক প্রভূপাদ লিখিয়াছেন—"প্রতি অধ্যায়ের শেষে 'চিন্ডিয়া' হইতে 'মঙ্গল' পর্যন্ত তুই চরণের পরিবর্গ্তে কোন কোন পুত্তকে এক্ষণ পাঠও পরিলক্ষিত হয়। যথা,—"শ্রীচৈতক্র নিত্যানন্দ চান্দ জান। বৃন্দাবন দাস তছু পদ্যুগে গান॥" ইহা হইতে বুনা যায়, অন্তান্থ অধ্যায়ের শেষেও প্রভূপাদ "বৃন্দাবনদাস গাম চৈতক্রমঙ্গল ॥"—এই ভণিতা পাইয়াছেন। তিনি নিজে কিন্ত আদিথণ্ডের প্রথম অধ্যায় ব্যতীত অন্তান্ত অধ্যায়ে এই ভণিতা প্রকাশ করেন নাই।

যাহা হউক, বৃন্দাবনদাদের প্রন্থে প্রথম হইতেই যদি "বৃন্দাবন দাস কহে চৈতল্য মঙ্গল।"—এই ভণিতাটী অন্তঃ প্রন্থের সর্বপ্রথম অধ্যায়েও থাকিয়া থাকে এবং কোনও অধ্যায়ের ভণিতাতেই গ্রন্থকার যথন "চৈতলভাগবত" বা "ভাগবত" বলিয়া তাঁহার প্রন্থের নাম ব্যক্ত করেন নাই, তথন কাহারও কাহারও পক্ষে তাঁহার প্রন্থক "চৈতল্যমঙ্গল" বলা অস্বাভাবিক নয়। বৃন্দাবনে এই প্রন্থের যে প্রতিনিপি গিয়াছিল, তাহাতে "বৃন্দাবনদাস গান চৈতল্যমঙ্গল" ভণিতা ছিল বলিয়াই মনে হয়, তাই কবিরাজগোস্বামী সর্ব্ধর "চৈতল্যমঙ্গল" লিখিয়াছেন। কবিরাজ গোস্বামীর শ্রীশ্রীচৈতল্যচরিতাম্তব্যতীত অপর কোনও চরিতকারের গ্রন্থে বৃন্দাবনদাসের প্রন্থকে "চৈতল্যমঙ্গল" বলা হইয়াহে বলিয়াও জানি না।

বৃন্দাবনদাস ঠাকুরের রচিত পদগুলি দেখিলে মনে হয়, তিনি সঙ্গীতজ্ঞও ছিলেন। আজকাল কেই কেছ "বৃন্দাবনদাস" ভণিতায় ত্ব'একটা এমন পদ কীর্ত্তন বা প্রচার করিয়া থাকেন, যাহা প্রামাণ্য কোনও সংগ্রহ-প্রাহেও নাই এবং বৃন্দাবনদাসের বা বৈশ্ববাচার্য্য গোস্বামিচরণদের স্থপরিচিত অভিমত বা সিদ্ধান্তের সহিতও যাহার কোনওরূপ সঙ্গতি নাই। এ-সকল পদ বৃন্দাবনদাস-নামক অপর কেছই হয়তো লিখিয়া থাকিবেন, কিছা অপর কেছ লিখিয়া তাহাতে প্রামাণ্যত্বের ছাপ দেওয়ার উদ্দেশ্তে বৃন্দাবনদাস-ভণিতা সংবাগ করিয়া থাকিবেন। কেবল বৃন্দাবনদাস কেন, অপরাপর প্রসিদ্ধ পদকর্ত্তাদের নামের ভণিতা সংযুক্ত করিয়াও কোনও কোনও নৃত্তন মত প্রচাবেন্দ্র গোক পদর্চনা করিয়া গিয়াছেন।

, বৃন্দাবনদাস ছিলেন স্থাভাবের উপাসক; তিনি ব্রন্ধের কুত্রমাপীড় স্থার ভাবে আবিষ্ট ছিলেন। প্রক্রেই গোরগণোদ্দেশ-দীপিক। বলেন—বৃন্দাবনদাস বেছব্যাস হইলেও কৃত্যাপীড় স্থা কার্য্য তাহাতে প্রবেশ ক্রিয়াইন।

क्षा । विवयस्थानानी विनयागात्री दिवस्य। ज अस्तिस्थान क्षामकः विस्थान-व्याप-नेत्रक ইহারই আগ্রহে প্রভু ইহার পূহে চাতুর্বাভকাল অবস্থান করেন। ইহার সঙ্গে প্রভুব স্থাভাব অক্রিরাছিল। বেইচ ক্ষরের মনে একটা অভিযান ছিল এই যে, তিনি মনে করিতেন—"শ্রীনারারণ হরেন বরংভগবান্। ভাঁছার ভর্ম স্মর্কাপরি ককা হয়। জ্রীবৈক্ষব-ভঙ্গন এই সর্কোপরি হয়।" তাঁহার এই গর্ক-খণ্ডনের উদ্দেশ্তে প্রভু একদিন পাৰতালন্ত ভাইকে দিজাসা কৰিলেন—"ভট! ভোষার লন্ধীঠাকুৱাণী হইতেছেন পভিত্ৰতা-শিৰোমণি, নাৱারণের ্ৰ কাৰিলালিনা। আৰু আমাৰ কৃষ্ণ হইতেছেন গোপ, তিনি গোচাৰণ করেন। তোমাৰ লক্ষীদেবী সাধী হইয়াও ক্ষেম কৃষ্ণাৰক ইছা কৰিয়া বৈকৃঠের ছখভোগ ত্যাগ করিয়া ত্রত-নিয়ম-ধারণপূর্বক তপতা করিয়াছিলেন ?" ভট ৰলিলেন—"কৃষ্ণ এবং নারায়ণ করণতঃ অভিন্ন; রূপ-লীলা-বৈক্ষ্যাদি কৃষ্ণেতে অধিক; কোতৃকবশতঃ লক্ষ্মী কৃষ্ণদক্ ছাছেন, ভাছাতে লোবের কিছু নাই; তাহাতে পাতিব্রভ্য নই হয় না।" প্রভূ বলিলেন—"দোব নাই, ভাহা স্থানি আনি। কিছ শাল্প বলেন- লন্ধী কৃষ্ণসক পায়েন নাই। ইহার কারণ কি ভট্ট ? তপ্তা করিয়া শ্রুতিগদ জে इक्टनवा পাইয়াছেন।" ভট্ট বলিলেন-- "আমি ক্ত জীব; ইহার কারণ আমি জানি না। তুমিই ইহা জান; দ্রেহেতু, তুমি সাক্ষাৎ রুঞ্চ।" তথন প্রভূ ভট্টকে বৃঝাইলেন—"রুঞ্চ স্বয়ংভগবান্। স্বীয় মাধুর্ব্যের পরমোৎকর্ম 🕮 সকলের চিত্তকেই আকর্ষণ করেন; তাই লন্ত্রীর চিত্ত তাঁহাতে আরুট হইয়াছে। নারায়ণের মাধ্য্য লন্ত্রীয় ু চিন্তকে ধরিয়া রাথিতে পারে নাই (ইহাবারা প্রভু নারায়ণ অপেকা ক্ষের উৎকর্ষ—স্বতরাং ক্লফের স্বয়ংভগ্রস্তান্ত্র কথা জানাইলেন)। আব, বজলোকের ভাবে গোপীদের আহুগত্যে ভজন করিলেই ব্রঞ্জে শ্রীক্লফের সেবা পাওয়া যার; অন্ত কোনওরপ ভজনে তাহা পাওয়া যায় না। শ্রুতিগণ গোপী-আচ্গত্যে ভঙ্গন করিয়া গোপীদেহ লাভ করিয়া এক্রফসেবা পাইয়াছেন। লক্ষীদেবী সেই ভাবে ভজন করেন নাই; তিনি লক্ষীদেহেই এক্রিফসেবা চাহিরাছিলেন; তাহা হইতে পারে না। তাই তিনি কৃষ্ণদেবা পায়েন নাই (ইহাছারা লন্ধীনারায়ণের ভক্তম আপেকা শ্রীক্লফভদনের উৎকর্ব দেখান হইল)।" ইহার পরে প্রভু ভট্টের নিকটে বৈষ্ণব-শাস্ত্রসম্মত সিদ্ধান্ত প্রকাশ করিলেন। তাহা হইতেছে এই—"রুঞ্চ নারায়ণ থৈছে একই স্বরূপ। গোপী-লন্দ্রী ভেদ নাহি—হয় একরূপ। গোপীবারা করে লক্ষী কৃষ্ণদঙ্গাখাদ। ঈশরতে ভেদ মানিলে হয় অপরাধ। একই ঈশর ভক্তের ধ্যান অফুরুপ। একই বিগ্রাহে ধরে নানাকার রপ।" ভনিয়া ভট পরমানন্দ লাভ করিলেন, তাঁহার গর্কের অবসান হইল। ভিনি প্রাভূর চরণে পতিত হইলেন; প্রাভূ তাঁহাকে আলিম্বন করিয়া ক্লতার্থ করিলেন। চাতৃর্বান্তের আন্ত প্রভূ দক্ষিণে চলিলেন; ভট্ট সঙ্গে সঙ্গে চলিলেন। অনেক যত্নে প্রভু তাঁহাকে বিদায় দিয়া অগ্রসর হইলেন; প্রভুর বিচ্ছেদে ভট্ট मुक्किं इहेशा পড़िलन।

বেছটভট্টের পুদ্রই খ্রীপাদ গোপালভট্ট গোস্বামী।

ব্রহ্মানক্ষ ভারতী। ভক্তিকয়তয়র নবম্লের এক ম্ল। দক্ষিণদেশ হইতে প্রভু নীলাচলে কিরিয়া আদিলে ব্রহ্মানক্ষ ভারতী নীলাচলে উপনীত হয়েন। প্রভুর দর্শনার্থী হইয়া তিনি প্রভুর বাসার দিকে চলিলেন; মৃকুক্ষ দত্তের সহিত দেখা হইল; মৃকুক্ষের নিকটে প্রভুর দর্শনের ইচ্ছা জানাইলেন; মৃকুক্ষণত গিয়া প্রভুর নিকটে বিলিলেন—"ব্রহ্মানক্ষ ভারতী আইলা তোমার দর্শনে। আজ্ঞা দেহ যদি, তাঁরে আনিয়ে এখানে ॥" প্রভু বলিলেন—"গুরুল তেঁহো, বাব তাঁর ঠাঞি।" মনে হয়, প্রভু পূর্ব্ব হইতেই ভারতীকে চিনিতেন। প্রভু ভারতীকে গুরুক্ত্রা মনে করিতেন; তাই তাঁহার মর্যাদারকার্থ তাঁহাকে নিজের নিকটে আসিতে না বলিয়া প্রভু নিজেই সকল ভক্তকে কলে কইয়া ভারতীর নিকটে গোলেন। দেখিলেন ভারতী মৃগচর্মান্য পরিধান করিয়াছেন। প্রভুর মনে হংশ হইল। কেথিয়াও যেন দেখেন নাই, এরূপ ভাব দেখাইয়া মৃকুক্ষকে জিজাসা করিলেন—"মৃকুক্ষ! কোথায় ভারতীগোসাঞি ?" মৃকুক্ষ বলিলেন—"ভারতীগোলাঞি তো প্রভু তোমার সাকাতেই বিহামান।" প্রভু বলিলেন—"মৃকুক্ষ, ভূমি ক্ষজান; এককে অপর মনে করিতেছ। ভারতীগোসাঞি চাম পরিবেন কেন?" ভনিয়া ভারতী মনে বিচায় করিলেন—"ক্ষকেন করিতেছ।

ইহাতে তো সংসাৰ-বন্ধন হইতে উদ্ধার পাইতে পরিব না। আর আমি চর্মানর পরিব না।" প্রাক্ত ক্রান্ধর বানের ভাব জানিতে পান্ধিয়া হতার বহির্কাস আনাইলেন; ভারতী চর্মতাগ করিয়া তাহা পরিধান করিলেন। ভারতী তাহাতে সংলাচ অহুভব করিয়া বলিলেন—"লোক-শিক্ষার নিমিন্তই তোমার আচরণ; লোকশিক্ষার নিমিন্তই তুমি আমার চরণ বন্ধনা করিয়াছ; আর ইহা করিবে না; আমার ভর হয়। নীলাচলে এখন হই বন্ধ—জগরাথ অচল ভাম-বন্ধ; আর তুমি সচল গোর-বন্ধ।" প্রভু বলিলেন—"ভোমার আগমনে সত্যই এখন নীলাচলে হই বন্ধ। জগরাথ—ভাম-বন্ধ; আর ব্রন্ধানন্দ-নামক তুমি গোরবর্ধ বন্ধ।" সার্বভোম ভারাচার্য্য সে-স্থানে ছিলেন। ভারতীগোসাঞি তাঁহাকে বলিলেন—"সার্বভোম, মধ্যন্থ হইয়া। ইহার সহ আমার ভাম বুর্ধ মন দিয়া। ব্যাপ্য-ব্যাপক-ভাবে জীব বন্ধ জানি। জীব ব্যাপ্য, বন্ধ ব্যাপক শাল্পতে বাধানি। চর্ম ঘুচাইয়া কৈল আমার শোধন। দোহার ব্যাপ্য-ব্যাপকত্বে এই ত কারণ।" সার্বভোম বলিলেন—"ভারতী দেখি তোমার জয়।" তথন প্রভু বলিলেন—"থেই কহ সেই সত্য হয়। গুরু শিশ্ব ভারতীগোসাঞি প্রাভ্রম।" এইরূপে প্রেমকোন্দলের পরে ভারতীকে লইয়া প্রভু নিজ বাসায় আসিলেন। তদবধি ভারতীগোসাঞি প্রভুর নিকটেই নীলাচলে অবস্থান করিতে লাগিলেন।

উল্লিখিত বিবরণ হইতে জানা যায়—মহাপ্রভু পুন: পুন: ভারতীগোস্বামীকে গুরু এবং নিজেকে তাঁছার শিশুও ৰলিয়াছেন। পরেও সর্বাদাই প্রভু তাঁহার প্রতি গুরুবং আচরণ করিয়াছেন। ইহাতে মনে হয়, পরমানন্দপুরীর ন্তায় বন্ধানন্দভারতীও প্রভুর গুরুপধ্যায়ভুক্ত ছিলেন। প্রভুর দীকাগুরু ঈশ্বরপুরীপাদের, অথবা সন্ত্যাসের গুরু কেশবভারতীপাদের সতীর্থ (গুরুভাই) হইলেই ভারতী গোসাঞি মহাপ্রভুর গুরু পর্য্যায়ভুক্ত হইতে পারেন। বস্ততঃ তিনি কাহার সতীর্থ ছিলেন, তাঁহার নিজের উক্তি হইতেই তাহা নির্ণয় করা যায়। প্রথম সাক্ষাৎকার-কালে তিনি মহাপ্রভুকে বলিয়াছিলেন—"আজন কবিল আমি নিরাকার ধ্যান। তোমা দেখি কৃষ্ণ হইলা মোর বিগুমান। কৃষ্ণনাম মুখে ক্ষুরে মনে নেত্রে কৃষ্ণ। তোমাকে তদ্ধপ দেখি হৃদ্য় সতৃষ্ণ। বিষমঙ্গল কহিল যৈছে দশা আপনার। ইহা দেখি সেই দশা হইল আমার ॥ ২।১০।১৬৯-৭১ ॥" ইহার পরে তিনি বিৰুমঙ্গলের উক্তিও আবৃত্তি করিলেন—"আছৈতবীধী-পৃথিকৈৰুপাস্তাঃ স্থানন্দ্দিংহাসনগ্ৰদীক্ষাঃ। শঠেন কেনাপি বয়ং হঠেন দাসীকৃতা গোপবধ্বিটেন।" ইহাতে প্ৰিষ্কার ভাবেই বুঝা যায়, শ্রীপাদ ব্রহ্মানন্দভারতী ছিলেন শহব-সম্প্রদায়ভুক্ত , কেশবভারতীও শহর-সম্প্রদায়ভুক্তই ছিলেন। স্থতরাং ব্রন্ধানন্দভারতী যে কেশবভারতীরই সতীর্থ ছিলেন, তাহাই জানা গেল। ঈশ্বপুরীপাদ, কিমা তাঁহার দীকাগুরু মাধবেজপুরীপাদ পূর্বে শঙ্কর-সম্প্রদায়ের অস্কর্ভুক্ত ছিলেন, তাঁহাদের "পুরী" উপাধিই তাহার প্রমাণ; কিন্তু পরে তাঁহারা শ্রীশ্রীরাধারুষ্ণের উপাসনা করিতেন, যদিও তাঁহাদের পূর্ব্ব নাম তাঁহারা পরিত্যাগ করেন নাই। তাঁহারা শঙ্করাম্বণত অধৈতবাদীদের ন্যায় নিরাকাবের ধ্যান করিতেন না; স্থতরাং "আজন্ম নিরাকার ধ্যানপ্রায়ণ" ব্রন্ধানন্দ-ভারতী যে ঈশ্বরপুরীর সতীর্থ ছিলেন, তাহা বিশাস কুরা যায় না। তিনি কেশবভারতীরই গুরুভাই ছিলেন। **এমিয়াহাপ্রভর রুপায় পরে তিনি শহর-সম্প্রদা**য়ের ভাব পরিত্যাগ করিয়া ভক্তিপদ্বাবলম্বী হইয়াছিলেন। ব্রহ্মানন্দপুরীও একজন ছিলেন , তিনি ব্রন্ধানন্দভারতী হইতে পৃথক্ ব্যক্তি (১।ন।১১ পয়ার দ্রষ্টব্য)।

ভগবান্ আচার্য্য। শ্রীশ্রীগোরের কলা বলিয়া থ্যাত। হালিসহরে আবির্ভাব। পিতা শতানক থান।
শতানকথান ছিলেন "বড বিষয়ী", কিন্তু ভগবান্ আচার্য্য ছিলেন বিষয়-বিমুথ, বৈরাগ্য-প্রধান; ইনি
নীলাচলে গিয়া বাস করেন এবং একান্তভাবে প্রভুর চরণ আশ্রয় করেন। স্বরূপদামোদরের সক্ষে ইহার
পথ্যভাব ছিল। ইনি ছিলেন পরম-ভক্ত, পরম-পণ্ডিত, অত্যক্ত উদার-চরিত্র, সরল; "স্থাভাবাক্রান্ত-চিন্ত
গোপ-অবতার।" ইহার ছোট ভাই গোপাল ভট্টাচার্য্য কাশীতে বেদান্তের মায়াবাদ-ভান্ত অধ্যয়ন করিয়া
নীলাচলে ইহার নিকটে আসিলে ইনি তাঁহাকে প্রভুর সহিত মিলাইয়াছিলেন। গোপালের মুখে বেদান্ত ভনিবার
ক্রম্য স্বরূপদামোদরকে অভ্যরোধ করিলে মায়াবাদ-ভান্ত ভনিবার জন্য ভগবান্ আচার্য্যের ইচ্ছা হইয়াছে দেখিয়া
বিশ্বনিধে স্বরূপ-দামোদর ইহাকে মুক্ তিরন্ধার করিয়াছিলেন; তাহাতে ভিনি নিরন্ত হয়েন। আর একবার

ক্রগনান্ত আচার্যের পূর্বপরিচিত এক বলদেশীয় কবি মহাপ্রভুগদ্ধে এক নাটক লিখিয়া নীলাচলে তাঁহার নিকটে উপছিত হইলেন এবং তাঁহাকে নাটক ভনাইলেন। এই নাটক ভনিবার জন্ত ভগবান্ আচার্য্য বরপদামোদরকে পুনঃ অহবোধ করিলে নিজের অনিছা সংরও বরপ সমত হইলেন। নাটকের নালীরোকের অর্থ কবি বাহা করিয়াছেল, ভাহা মে নানাবিধ দোবপরিপূর্ণ, স্বরূপ তাহা দেখাইয়া দিলেন। কবি লক্ষিত হইলেন, ভগবান্ আচার্য্যালি বিন্তিত হইলেন। ভগবান্ আচার্য্য প্রভুব প্রতি অত্যন্ত প্রতি পোষণ করিতেন; মধ্যে মধ্যে প্রভুকে নিজগৃহে নিমন্ত্রণ করিয়া নিজে রান্না করিয়া ভিক্ষা দিতেন। এইরূপ এক নিমন্ত্রণের দিনেই তিনি ভাল চাউল আনিবার জন্ত ছোট হরিদাসকে মাধবীদাসীর নিকটে পাঠাইয়াছিলেন এবং তাহা জানিতে পারিয়া প্রভু ছোট-হরিদাসকে বর্জন করিয়াছিলেন। ইনি খন্ন ছিলেন। যে-দিন প্রভু চটকপর্বত দেখিয়া গোবর্দ্ধন-অমে প্রেমাবেশে অজ্ঞান হইয়া পড়িয়াছিলেন, এবং প্রভুব সঙ্গী গোবিন্দের চীৎকার ভনিয়া স্বরূপদামোদরাদি প্রভুব নিকটে ছুটিয়া গিরাছিলেন, সেই দিন ইনিও খোঁড়াইতে থোঁড়াইতে সকলের পরে গিয়া প্রভুব নিকটে উপস্থিত হইয়াছিলেন।

ভবাৰক্ষরায়। নীলাচলবাসী। রামরামানন্দের পিতা। ইহার পাঁচ পুত্র—রামানন্দরায়, গোপীনাথ পদ্ধনায়ক, কলানিধি, স্থানিধি এবং বাণীনাথ পদ্ধনায়ক। প্রভু ভবানন্দ রায়কে বলিতেন—"তুমি পাণু, ভোমার পদ্ধী কৃষ্টী এবং তোমার পঞ্চপুত্র পঞ্চণাণ্ডব।" ইনি প্রভুতে সমাক্রপে আত্মসমর্পণ করিয়াছিলেন, প্রভুব ... নেবার নিমিত্ত স্বীয়পুত্র বাণীনাথকে প্রভুব নিকটেই রাথিয়াছিলেন। ইনি রাজা প্রতাপক্তের শ্রদ্ধা ও গোরবের পাত্র ছিলেন।

ভাগবভাচার্য্য। নাম প্রীরঘুনাথ, উপাধি ভাগবতাচার্য। শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামীর শিক্ষ। কলিকাতার নিকটবর্ত্তী বরাহনগরে শ্রীপাট। প্রভু যেবার নীলাচল হইতে গোঁডে আদিয়াছিলেন, দেবার নীলাচল ফিরিয়া যাওয়ার সময়ে বরাহনগরে ইহার গৃহে আদিয়াছিলেন। ইনি প্রভুকে দেখিয়া শ্রীমদ্ভাগবত পাঠ করিতে লাগিলেন; শুনিয়া প্রভু প্রেমাবিষ্ট হইয়া ছবার, গর্জন ও নৃত্য করিতে লাগিলেন; বাহম্বতিহারা হইয়া রাত্রি ভূতীয় প্রহর পর্যান্ত এই ভাবে নৃত্যাদির পরে প্রভু একটু স্থান্থির হইলে রঘুনাথকে আলিঙ্গন করিয়া বলিলেন—"ভাগবত এমত পড়িতে। কভু নাহি শুনি আর কাহারো ম্থেতে। এতেকে তোমার নাম 'ভাগবতাচার্যা'। ইহা বিনা আর কোন না করিহ কার্যা।" তদবধি ইনি ভাগবতাচার্য্য নামে বিখ্যাত। বাঙ্গালা প্যারাদি ছন্দে ইনি শ্রীকৃষ্ণপ্রেম-তরঙ্গিনী" নামে একথানা শ্রীমদ্ভাগবতের মর্মান্থ্রাদ-গ্রন্থ লিথিয়াছেন। ব্রজলীলায় ইনি ছিলেন শ্বেতমঞ্বী।

মকর্থবজ্ঞকর। পূর্বলীলায় চন্দ্রম্থ নট। পানিহাটীতে কায়ন্থ-কুলে আবিভূত। অধ্যক্ষ হইয়া ইনি রাশ্বের ঝালি নীলাচলে লইয়া যাইতেন। ইনি পানিহাটীর রাশ্বপণ্ডিতের শিক্ত ছিলেন। প্রভূ ইহাকে উপদেশ দিয়াছিলেন (পানিহাটীতে)—"সেবিহ তুমি শ্রীরাশ্বানন্দ। রাশ্ব পণ্ডিত প্রতি যে প্রীতি তোমার। সেকেবল ক্রনিশ্চিত জানিহ আমার॥"

মাছেল পণ্ডিত। ব্রজের মহাবাহ স্থা। ছাদশগোপালের একতম। মসিপুরে ব্রাহ্মণবংশে আবির্ভাব।
মসিপুর গঙ্গাগর্ভে বিলীন হইলে বেলেডাঙ্গাতে শ্রীপাট ছানাস্তবিত হয়; তাহাও গঙ্গাগর্ভে লীন হইলে পালপাড়ায়
তাহা স্থানাস্তবিত হয়।

কেহ কেহ বলেন, ইনি চাকদহের নিকটবর্ত্তী যশড়া-শ্রীপাটের জগদীশ পণ্ডিতের কনিষ্ঠ সহোদর। বন্দ্যঘাটীয় ভট্টনারায়ণের সম্ভান।

মহেশ পণ্ডিত নবৰীপে এবং নীলাচলে—উভয় স্থানেই প্রভুর সেবা করিয়াছেন।

সাধুর ত্রাহ্মণ। মণ্বাবাদী সনৌড়িয়া গ্রাহ্মণ। সনৌড়িয়ার গৃহে সন্মাদীরা ভিচ্ছা করেন না। কিন্ত ইহার ভক্তি দেখিয়া জ্রীপাদ মাধ্বেজ্বপুরীগোদামী ইহাকে শিশ্ব করিয়া ইহার হাতেও ভিচ্ছা করিয়াছিলেন। ইনি —৬/৫৪ ছিলেন বহা ক্লকপ্রেমী। নধ্বাতে প্রভুব দহিত ইহার মিলন হর; উভরে উভরের পরিচর পাইরা অভ্যন্ত আনন্দ লাভ করেন। মাধ্র রাম্বা প্রভুকে অগৃহে নিমন্ত্রণ করিলেন। বলভক্রভীচার্য রামা করিলেন; কিন্ত প্রাভু প্রই ক্লাম্বনের হাতেই নিজনা করিতে চাহিলেন। রাম্বা আপত্তি করিলে প্রভু মাধ্বেক্রপ্রীকর্তন আন্ত আচিবলৈর গোভাই দিলেন। মহাম্বনো যেন গভঃ স প্রাঃ। ভদবধি এই রাম্বা প্রভুর মণ্রাবাসকালীন সঙ্গী। প্রভুকে ললে করিয়া ক্লমঞ্জলের তীর্থাদি দর্শন করাইরাছিলেন। পরে প্রভু যথন প্রয়াগের দিকে যাত্রা করিলেন, তথনত ইনি সঙ্গৈ

মাঘৰখোষ। ব্রজের "রলোরাসা", বিশাথাকৃত গীত গান করিতেন। উত্তর-রাটীয় কায়স্থবংশে আবিভূতি। ইহারা তিন সহোদর—গোবিন্দ ঘোষ, মাধব ঘোষ ও বাহুদেব ঘোষ। ইহারা তিনজনই মধুর কীর্ত্তন করিতে পারিতেন। ব্যথমাত্রাকালের সাত সম্প্রদায়ের কীর্ত্তনে ইহারা মৃল গায়ন থাকিতেন। ইহাদের কীর্ত্তনে নিতাই-গৌর মত্যস্ত প্রীতিলাভ করিতেন। মাধবঘোষের কীর্ত্তনে শ্রীনিত্যানন্দ নৃত্য করিতেন। প্রভুর আদেশে নাম-প্রেম-প্রচারকার্য্যে যাহারা শ্রীনত্যানন্মে সঙ্গী ছিলেন, মাধবঘোষও ছিলেন তাঁহাদের মধ্যে একজন।

শাধবীদেবী। নীলাচলবাসী শিথিমাহিতীর ভগিনী। ইনি ছিলেন বৃদ্ধা, তপস্থিনী। প্রভূ ইহাকে বীরাধিকার গণের মধ্যে গণনা করিতেন। ভগবান্ আচার্য্যের আদেশে প্রভূর দেবার জন্ম ইহার নিকট হইডে ভাল চাউল চাইয়া আনিয়াছিলেন বলিয়া প্রভূ লোকশিকার্থ ছোট হরিদাসকে বর্জন করিয়াছিলেন। ব্রজ্জনীলায় ইনি ছিলেন—কলাকেলী।

মাধবেজ্রপুরী (মাধবপুরী)। মহাবিরক্ত সন্ধ্যাসী। মহাপ্রেম-নিকেতন। এপাদ পরমানন্দপুরী, এপাদ দৈৰবপুৰী, প্ৰীপাদ বঙ্গপুৰী প্ৰভৃতি বহু বিৱক্ত সন্ন্যানী এবং শ্ৰীপাদ অধৈত আচাৰ্য্যও ইহাৰ শিক্ত। লৌকিক-লীলার ইনি হইলেন মহাপ্রভুর পরমগুরু। অ্যাচক। অ্যাচিতভাবে চ্ঞাদি পাইলে আহার করিতেন। নতবা উপবাসীই পাকিতেন। নির্দ্ধিষ্ট কোনও বাসস্থান ছিল না, তীর্থে তীর্থে ভ্রমণ করিতেন। একবার ব্রদ্ধমণ্ডলে আসিয়া গোর্জন পরিক্রমা করিয়া সন্ধ্যাসময়ে গোবিন্দকুণ্ডের তীরে বসিয়া নাম কীর্ত্তন করিতেছিলেন . তথনও আহার হয় নাই। এক গোপবালকের বেশে এক ভাগে এক ভাগে হধ দিয়া বলিলেন—"আমি পরে আসিয়া ভাগু নিব, এখন যাই, এই গ্রামেই আমি থাকি, অ্যাচকদের আহার যোগাই।" পুরীগোস্বামী হুদ্ধ পান করিয়া বালকের অপেকায় বসিয়া থাকিয়া নাম কীর্তন করিতে লাগিলেন, কিছু বালক আসিলেন না। শেগ বাত্তিতে যথন একটু ভক্তা আদিল, তখন স্বপ্নে দেখিলেন, সেই বালক আদিয়া মাধবেন্দ্রের হাত ধরিয়া এক ক্লে নিযা গিয়া বলিলেন—"আমি গোবর্জনের অধিপতি গোপাল। মেচ্ছের ভয়ে আমার দেবক আমাকে এই কুঞ্জে রাথিয়া গিয়াছে, আর ফিরিয়া আদে নাই। তদবধি আমি এই কুঞ্জে রোদ্র-বৃষ্টি-শীতে, দারানলে কট্ট পাইতেছি। তোমার অপেক্ষায় আছি। তুমি আমাকে এই কুঞ্চ হইতে বাহির করিয়া সেবা প্রতিষ্ঠা কর।" প্রদিন ব্রজবাসীদের সহায়তায় মাধুকেন্দ্র গোপালকে বাহির করিয়া গোবর্দ্ধনের উপরে সেবা প্রতিষ্ঠা করিলেন। কিছুকাল সেবার পরে গোপাল আবার স্বপ্নে পুরীগোস্বামীকে বলিলেম—"তুমি আমার অঙ্গের তাপ দুরীকরণের জন্ম অনেক সেবা করিয়াছ, কিন্তু আমার অঙ্গের তাপ এখনও সমাক্রপে দূর হয় নাই। তুমি নিজে যাইয়া মল্যজ চন্দ্র আনিয়া আমার অঙ্গে লেপন কর। তাহা হইলেই তাপ यारेटर।" পরমানন্দে মাধবেন্দ্র চন্দন আনিতে চলিলেন, শান্তিপুরে অবৈতাচার্ধ্যের গৃহে উপনীত হইলেন, তাঁহাকে দীকা দিয়া বেম্ণাতে আসিলেন। রেম্ণাতে শ্রীগোপীনাথের কি কি ভোগ লাগে জানিয়া লইলেন। শুনিলেন "অমৃতকেলি"—নামক এক অপূর্ব্ব ক্ষীর গোপীনাথকে ছাদশ পাত্তে ভোগ দেওয়া হয়। পুরীগোস্বামী মনে ভাবিলেন---"যদি স্ব্যাচিতভাবে একটু কীর পাই. ভাহা আস্বাদন করিয়া যদি দেখি যে স্বতি উত্তম, তাহা হইলে তাহার প্রস্তুত-প্রশালী আৰিয়া লইয়া দেইরূপ কীর প্রস্তুত করিয়া গোবর্তনে গোপালের ভোগ দিতে পারি।" এই কথা মনে হওয়া মুদ্ৰেই ফিনি সাবাৰ ভাবিৰেন-পৃতি, ছি, সামি না অ্যাচক বৃত্তি গ্ৰহণ কৰিয়াছি ? আমাৰ মনে কীৰ পাওয়াৰ

কালদা কেন ? নিজেকে বিজার দিয়া কাহাকেও কিছু না বনিয়া মন্দিব-প্রাঙ্গণ ভাগি কবিয়া নিকটবর্তী হাটের এক শৃক্ত ঘরে বিদিয়া তিনি নামকীর্তন করিতে লাগিলেন। এদিকে দেবক গোপীনাথের শরন দিয়া ঘরে গিরাছেন। গোপীনাথ দেবককে স্বর্মের বিলালেন—"উঠ, আমি আমার ভক্ত মাধ্বেক্রের জক্ত এক ভাও কীর আমার ধড়ার আঁচলে প্রাইমা রাথিয়াছি। আমার মায়ায় ভোমরা জানিতে পার নাই। কীরভাও নিয়া মাধ্বকে লাও।" তৎক্ষণাৎ দেবক জাগিয়া আদিনা মন্দিরের ঘার খুলিয়া গোপীনাথের ধভার আড়ালে কীর পাইলেন। কিন্ত মাধ্বেক্র কোথায়, ভাহাতো জানেন না। তাই চিৎকার দিতে দিতে চনিয়াছেন—"কে কোথায় মাধ্বেক্র আছু? ভোমার জক্ত গোপীনাথ কীর চুরি করিয়া রাথিয়াছেন। আসিয়া ভাহা গ্রহণ কর।" তনিয়া প্রেমাক্রবিগলিত নেত্রে পুরীগোখারী বাহির হইয়া আদিলেন, দেবক ভাহাকে কীর দিয়া ভাহার অক্ষক্ষপাদি দেখিয়া ভাবিলেন—"গোপীনাথ যে এতাদৃশ প্রেমিক ভক্তের জক্ত কীর চুরি করিবেন, ইহাতে আর আক্রর্ঘ্যের কথা কি?" দেবক ভাহাকে দওখৎ-প্রশাম করিয়া চলিয়া গোলেন। অক্র-কম্প-পুলকান্বিত দেহে পুরী কীরপ্রসাদ গ্রহণ করিলেন, ভাওটী টুক্রা টুক্রা করিয়া ভালিয়া বিলিন—"রাত্রি প্রভাত হইলেই তো এই স্থানে লোক আমার স্বথ্যাতি কীর্তন করিবে।" তাই প্রতিচার ভয়ে তিনি গেব রাত্রিতে বেম্ণা ত্যাগ করিলেন। তদবধি গোপীনাথের নাম হইল—কীরচোরা গোপীনাথ।

মাধবেক্স নীলাচলে আসিয়া গোপালের আদেশের কথা জানাইয়া জগন্নাথের সেবকদের সহায়তায় রাজপুরুষদিগের আফুক্ল্যে একমণ চন্দন ও বিশ তোলা কপূর্ব সংগ্রহ করিয়া চন্দন বহনের জন্ম তুই জন লোক সঙ্গে
করিয়া আবার রেম্ণায় আসিলেন। রাত্রিতে স্বপ্নে গোপালদেব আবার তাঁহাকে দর্শন দিয়া বলিলেন—"তোমার প্রেম পরীক্ষার্থ তোমাকে চন্দন আনিতে বলিয়াছিলাম। তোমাব প্রেম দর্শনে অত্যন্ত স্থাী হইয়াছি। সেখানে গোপীনাথের অঙ্কে চন্দন লেপন কর , তাহাতেই আমার তাপ দ্ব হইবে। গোপীনাথ ও আমি একই।" সেবকদের সহায়তায় তিনি সমস্ত চন্দন ঘ্যাইয়া গোপীনাথের অঙ্কে দিলেন। চন্দন শেব হইলে পুনরায় নীলাচলে গেলেন।

শ্রীমন্নিত্যানন্দ যথন তীর্থভ্রমণ করেন, তথন পশ্চিমাঞ্চলে শ্রীপাদ মাধবেদ্রের সহিত তাঁহার মিলন হইয়াছিল। উভয়ে উভযের দর্শনে প্রেম-পরিপুত হইযাছিলেন।

ইহার সিদ্ধি-প্রাপ্তিকালে শ্রীপাদ ঈশবপুরী ইহার প্রাণঢালা দেবা করিয়াছিলেন, তিনিও তুই হইয়া শ্রীপাদ ঈশবপুরীকে কৃষ্ণপ্রেমপ্রাপ্তির আশীর্কাদ করিয়াছিলেন। দিদ্ধিপ্রাপ্তি-সময়ে "কৃষ্ণ পাইলাম না, মধুরা পাইলাম না" বলিযা খেদ করিতে করিতে ইনি অপ্রকট হইয়াছেন। ইনি ভক্তিকল্পড়কর প্রথম অঙ্কুর। যাহার সহিতই ইহার সম্মাছেইয়াছে, তিনিই কৃষ্ণপ্রেম লাভ করিয়া ধন্ত হইয়াছেন।

মাধাই। নবৰীপবাসী ব্ৰাহ্মণ। "জগাই মাধাই" দ্ৰষ্টব্য।

মাজিনী। শ্রীবাসপণ্ডিতের গৃহিণী, শ্রীনিত্যানন্দ ইহাকে মা ডাকিতেন এবং বাল্যভাবের আবেশে ইহার কোলে বিন্যা স্বস্থ পান করিতেন, ছোট শিশুকে মা যেমন থাওয়াইয়া দেন, মালিনীও বাল্যভাবাবিষ্ট নিত্যানন্দকে সেই ভাবে অল্লাদি থাওয়াইতেন। একদিন ঠাকুরসেবার একটা দ্বত রাখার বাটা একটা কাকে লইয়া যাওয়ার মালিনী ছংথিতা হইয়া কাঁদিতেছিলেন, নিত্যানন্দ দেখিয়া কাল্লার কাবণ জিজ্ঞাসা করিলে মালিনী ঘটনার কথা বলিলেন। তথন নিত্যানন্দ কাককে ডাকিলেন, কাক আসিলে নিত্যানন্দ বলিলেন—বাটা কিরাইয়া লইয়া আইস। কাক উদিল্লা চলিল, মালিনী চাহিয়া রহিলেন, কতক্ষণ পরে কাক বাটাটা আনিয়া যথাস্থানে রাখিল। নিত্যানন্দের প্রভাব-দর্শনে মালিনী মুর্চ্ছিতা হইয়া পডিলেন, পরে মূর্চ্ছাভঙ্গে নিত্যানন্দের তব করিলেন। তব ভনিয়া নিত্যানন্দ হাসিয়া বাল্যভাবে বলিলেন—"মৃঞি করিব ভোজন।" তথন মালীনীর চিত্তেও বাৎসল্যের উদ্ধ হইল, উহার তত্ত্ব ক্রান্সন্দেই ভক্ত পান কল্লাইলেন।

ইনি স্বামী শ্রীবাস পণ্ডিতের সঙ্গে প্রভূর দর্শনের জন্ম নীলাচলেও হাইতেন এবং মরে অন্নব্যস্থনাদি রন্ধন করিয়া। প্রভূকে ভিন্দা করাইতেন।

মীলকেন্ডল স্বামদাস। শ্রীনিত্যানন্দের শিশ্র। ব্রজরাথাগভাবে আবিষ্ঠ থাকিতেন; হাতে ব্রজরাথাগদের
মত বাঁলীও থাকিত। কবিরাজ গোস্থামীর ঝামটপুরের বাড়ীতে অহোরাত্র সন্ধীর্জনে নিমন্ত্রিত হইরা ইনিও
গিয়াছিলেন। সমবেত বৈষ্ণবগণ তাঁহার চরণ বন্দনা করিবার সময় প্রেমাবেশে তিনি "কারো উপরৈতে চচ়ে।
প্রেমে কারে বংলী মারে, কাহারে চাপড়ে॥" নয়নে অবিচ্ছিন্ন অশ্রধারা, অঙ্গে পুলক; মূথে "নিত্যানন্দ" বিদ্বা
ছন্মার। গুণার্লবিম্প্রা নামক এক সরলচিত্ত বিপ্রা শ্রীমন্দিরে বিগ্রহ-সেবায় বাস্ত ছিলেন; তিনি অঙ্গনে আসিনা
মীনকেতনের সম্ভাষা না করায় তিনি বলিয়া উঠিলেন—"এই ত বিতীয় হতে শ্রীরোমহর্বণ। বলরামে দেখি যে না
করিল প্রত্যাদ্গম॥" কিন্ত সেই বিপ্র ক্লফ্রেমবার কান্ধ করিতেছিলেন বলিয়া মীনকেতন তাঁহার প্রতি কট হইলেন
না; তিনি নৃত্য-কীর্জনই করিতে লাগিলেন।

কবিরাজগোদ্বামীর এক ভ্রাতা ছিলেন; তিনি মহাপ্রভুকে স্বয়ংভগবান্ বলিয়া মানিতেন; কিন্তু নিত্যানন্দে তাঁহার ততটা বিশ্বাস ছিল না। ইহা লইয়া মীনকেতনের সঙ্গে তাঁহার কিছু বাদাহ্যবাদ হইল; মীনকেওন রামদাস কুদ্ধ হইয়া তাঁহার বাঁলী ভাঙ্গিয়া চলিয়া গেলেন।

মুকুন্দ দত্ত। ব্রজের মধুকণ্ঠ-নামক গায়ক। চট্টগ্রামের চক্রশালায় বৈত্যকুলে আবিভূতি। ইনি বাহদেব দত্তের ছোট ভাই। চট্টগ্রাম হইতে নবৰীপে, পরে কাঁচরাপাড়ায় বাস করেন। প্রভুর সমাধ্যায়ী। প্রভু একং মুকুন্দের মধ্যে ব্যাকরণের ফাঁকির লড়াই প্রায় লাগিয়াই থাকিত; পরস্পরের প্রতি পরস্পরের গাঢ়প্রীতির ফলেই এইরূপ হইত। মুকুন্দ খুব হুগায়কও ছিলেন; তাঁহার কীর্তনে প্রভুও খুব আনন্দ পাইতেন। কিন্তু প্রভুর মহা প্রকাশের সময় এক অভূত ব্যাপার ঘটিয়াছিল। প্রভু সকলকেই ভাকিয়া রূপা করিতেছেন; কিন্তু মুকুন্দকে ভাকিতেছেন না; ভয়ে মুকুন্দও প্রভুর নিকটে যাইতে সাহস করেন না; কিন্তু অস্তরে অত্যন্ত হৃঃখ। শ্রীবাস পণ্ডিত প্রভুর নিকটে যাইয়া মুকুন্দের তু:থের কথা জানাইয়া বলিলেন—''মুকুন্দ কি অপরাধ করিল তোমাত। মুকুন্দ তোমার প্রিয়, মোসভার প্রাণ। কেব। নাহি দ্রবে শুনি মুকুন্দের গান। যদি অপরাধ থাকে তার শান্তি কর। আপনার দাসে কেনে দূরে পরিহর ॥" শুনিয়া প্রভু বলিলেন—"না, না, শ্রীবাস, মুকুন্দের কথা আমার নিকটে বলিবে না। 'ও বেটা যথন যেথা যায়। সেই মত কথা কহি তথাই মিশায়।' যথন যেথানে যায় তথন সেথানের মত কথা বলে। 'ভক্তিস্থানে উহার হইল অপরাধ। এতেকে উহার হৈল দরশন-বাধ।' মুকুন্দ বাহিরে থাকিয়া সব' ভনিলেন; শ্রীবাসকে বলিলেন—"প্রভুকে জিজ্ঞাসা কর, কথনও কি তাঁর চরণ দর্শনের সোভাগ্য হইবে ?" বলিয়া অঝোর নয়নে কাঁদিতে লাগিলেন। প্রভু বলিলেন—''আর যদি কোটি জন্ম হয়। তবে মোর দরশন পাইবে নিশ্চয় ॥" শুনিয়া, যে-সময়েই হউক না কেন, প্রভুব চঁরণ-প্রাপ্তি নিশ্চিত জানিয়া মৃকুন্দ "পাইব, পাইব" বলিয়া মহানন্দে নৃত্য করিতে লাগিলেন। দেখিয়া প্রভু হাসিতে লাগিলেন, আর বলিলেন—"মুকুন্দেরে আনহ সম্বর।' আরও বলিলেন—''মুকুন্দ, খুচিল অপরাধ। আইস, আমারে দেখ, ধরহ প্রসাদ ॥'' মুকুন্দ প্রভুর চরণে পতিত ছইলেন। প্রভু তাঁকে আখাস দিলেন; মুক্নদ কাঁদিতে লাগিলেন এবং গত চরিত্রের জন্ম অহতাপ করিতে লাগিলেন।

শিশুকাল হইতেই মৃকুন্দ প্রভুর অন্তরক সঙ্গী। প্রভুর সম্যাসের সময়েও কাটোয়াতে ইনি উপস্থিত ছিলেন; কাটোয়া হইতে প্রভুর সঙ্গে ইনিও শাস্তিপুরে গিয়াছিলেন এবং শাস্তিপুর হইতেও প্রভুর সঙ্গে নীলাচলে গিয়াছিলেন। প্রভুর কপাপ্রাপ্তির পূর্বে প্রভুসম্বদ্ধে সার্বভৌম ভট্টাচার্য্যের মনোভাব জানিয়া মৃকুন্দ অত্যন্ত ছংখ পাইয়াছিলেন। ইনি নীলাচলে প্রভুর কীর্তনাদি সমস্ত লীলাতেই সঙ্গী ছিলেন।

সূত্র দাস। এজের বৃন্দাদেবী। এখিওে বৈভক্তে আবিভূতি। পিতা নারায়ণদাস। ইনি নরহরি স্বকার ঠাকুরের বড় ভাই। ইহার পুত্র রঘুনন্দন। মৃকুন্দ ছিলেন মহাপ্রেমিক। ব্যবহারে তিনি রান্ধবৈভ ছিলেন। একদিন মেছ বাজার উচ্চ ট্রিন্তে বিসরা চিকিৎসার কথা বলিতেছেন, এমন সময় বাজার সেবক এক মহ্বপুছের আড়ানী আনিয়া বাজার মাথার উপরে ধরিল। ময়বপুছে দেখিয়া মুকুল প্রেমাবিট্ট হইয়া উচ্চ টুঙ্গী হইতে ভূমিতে পজিয়া গিরাছিলেন। একেবাবে চেতনাহীন; বাজা ভাবিলেন, মুকুল আর জীবিত নাই। বাজা নিজে নামিয়া আসিয়া মুকুলেব চেতনা লম্পাদন করিয়া জিজ্ঞাসা করিলেন—"মুকুল, কোন স্থানে তুমি ব্যথা পাইয়াছ?" "মুকুল কহে অতি বজু ব্যথা আহি গাই।" বাজা বলিলেন—কেন তুমি পড়িয়া গেলে? "মুকুল কছে—মোর এক ব্যাধি আছে মৃগী।" বাজা মহা বিজ্ঞ; তিনি বুঝিতে পারিলেন—মুকুল একজন সিদ্ধ মহাপুক্ষ।

বথষাত্তা উপলক্ষে মুক্লও নীলাচলে যাইতেন। একদিন প্রভু জিজ্ঞাসা করিলেন—"মুক্ল, রঘুনন্দন ভোষার পুদ্র; না কি তুমি রঘুনন্দনের পুত্র?" মুক্ল বলিলেন—"রঘুনন্দন হইতেই আমাদের কৃষ্ণভক্তি; অভএব রঘুনন্দনই আমার পিতা, আমি তার পুত্র।" শুনিয়া প্রভু অত্যস্ত আনন্দিত হইয়া বলিলেন—"যাহা হৈতে কৃষ্ণভক্তি, সেই শুক্ত হয়।"

মুরারিগুপ্ত। পূর্ব্বের হত্তমান। শ্রীহট্টে বৈছবংশে, প্রভুরও পূর্বের, আবিভূতি; পরে নবদীপবাসী হয়েন। শ্রীরামচক্রের উপাসক। ইনি প্রভুর সমস্ত নবদীপলীলার সঙ্গী ও প্রত্যক্ষদশী। তাঁহার "শ্রীচৈতক্সচরিত"-নামক কড়চায় মুরারিগুপ্ত প্রভুর নবদীপ-লীলা বিশেষভাবে বর্ণন করিয়া গিয়াছেন। ইনিই প্রভুর আদি চরিত-লেথক।

একদিন বরাহ-ভাবের শ্লোক শুনিয়া প্রভু বরাহভাবে আবিষ্ট হইয়া গজ্জন করিতে করিতে ম্রারিগুপ্তের গৃহে যাইয়া "শুকর—শুকর" বলিতে লাগিলেন। ম্রারি সব দিকে চাহিয়াও শুকর দেখিলেন না। প্রভু ম্রারির বিষ্ণুগৃহে প্রবেশ করিয়া দেখিলেন—সম্পুথে এক জলপাত্র। তৎক্ষণাৎ তিনি বরাহরূপ ধারণ করিয়া দস্তে জলের গাড়ু তুলিয়া লইয়া গর্জন করিতে লাগিলেন; চারিটা খ্রও প্রকাশিত হইয়াছিল। ম্রারিকে বলিলেন—আমার স্তব কর। ম্রারির স্তবে সম্ভষ্ট হইয়া প্রভু তাঁহার নিকটে নিজ তত্ব প্রকাশ করিলেন।

মহাপ্রকাশের সময় প্রভু ম্রারিকে বলিলেন—"ম্রারি আমার রূপ দেখ।" ম্রারি তংক্ষণাং দেখিলেন—বীরাসনে নবহুর্বাদলভাম জীরামচক্র বিদিয়া আছেন; তাঁহার বামে সীতাদেবী, দক্ষিণে লক্ষণ, বানরেন্দ্রগণ চতুর্দিকে স্তব করিতেছেন। দেখিয়া ম্বারি ম্র্ছিত হইয়া পড়িলেন। প্রভু ডাকিয়া বলিলেন—"আরেরে বানরা। পাশরিলি, তোরে পোড়াইল সীতাচোরা॥" তারপর লকাবিজয়ে হহুমানের চরিত্র প্রকাশ করিলেন। চেতনা পাইয়া ম্রারি কাঁদিতে লাগিলেন। প্রভু বলিলেন—বর চাও। ম্রারি বলিলেন—'জয়ে জয়ে যেন তোমার চরণে রতি থাকে; যেখানে যেখানেই সপার্যদে তোমার অবতার হইবে, সেখানে সেখানেই যেন তোমার দাস হইয়া থাকি—এই বর চাই প্রভু বলিলেন—তথাস্ত।

একদিন শ্রীবাস-অঙ্গনে প্রভূ শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী চতুর্ভুজ রূপ ধারণ করিয়া "গরুড় গরুড়" বলিয়া ভাকিলে গরুড়ের ভাবে আবিষ্ট মুরারিগুপ্ত প্রভূকে স্কন্ধে লইয়া অঙ্গনে বিচরণ করিয়াছিলেন।

একদিন ম্বাবিগুপ্ত রাত্তিতে আহার করিতে বিদিয়া অন্ন লইয়া "রুঞ্চ রুঞ্চ" বলিয়া মাটিতে ফেলিতে লাগিলেন। পরদিন প্রাতঃকালে প্রভূ আসিয়া বলিলেন—"ম্বারি, আমার অজীর্ণ রোগ হইয়াছে; ঔষধ দাও।" ম্বারি বলিলেন—"অজীর্ণতার হেতু কি? কি থাইয়াছ প্রভূ।" প্রভূ বলিলেন—"তুমি গত রাত্তে এত অন্ন থাওয়াইয়াছ যে, আমার অজীর্ণরোগ হইয়া গিয়াছে। তোমার জল পান করিলেই আমার রোগ সারিবে।"

এক সময়ে মুবারি ভাবিলেন—"ঈশবের লীলার তথ্য তো নির্ণয় করা যায় না। কথন তিনি অবজীর্ণ হয়েন, তাহা কেবল তিনিই জানেন। প্রভূপ্ত কথন লীলাসম্বরণ করেন, তাহা বলা যায় না। তাঁহার অন্তর্জানের হৃংখ সন্থ করিতে পারিব না। আমি তাঁহার পূর্কেই প্রাণ ত্যাগ করিব।" এইরূপ সম্ম করিয়া মুবারি একখানা ধারালো কাতি তৈয়ার করাইয়া ঘরে লুকাইয়া রাখিলেন; ইহার সাহায্যে রাত্রিতে প্রাণ ত্যাগ করিবেন। অন্তর্গামী প্রভূ ছাহা জানিতে পারিয়া তৎক্ষণাৎ মুরারির গৃহে ছুটিয়া আসিয়া ক্রফকথা আলাপ করিতে লাগিলেন; পরে মুরারির

ij

সঙ্গ্ধ যে তিনি জানিতে পারিয়াছেন, তাহা বলিয়া ল্কায়িত কাতি বাহির করিয়া আনিয়া প্রাণভাগে করিছে স্বান্ধিক নিষেধ করিলেন।

ম্বাবিৰ ইউনিষ্ঠা জগতে প্রচাব করার জন্ম প্রস্থু এক সময়ে এক ডঙ্গী করিয়াছিলেন। প্রভূ প্ন: প্রা ম্বাবিকে বিলিলেন—"ম্বারি, রুফ ভজন কর। রুফ বসিক-শেথর, পরম-মন্র।" প্রভূ দিনের পর দিন এইরূপ বলাতে প্রভূর প্রতি গৌরব-বৃদ্ধিবশতঃ ম্রাবি শেবে একদিন বলিলেন—"প্রভূ, তোমার বাক্য কত লজ্জ্মন করিব, কালি জামাকে দীকা দিও।" সমস্ত রাত্রি ম্বাবি কাদিয়া কাটাইলেন। পরদিন প্রাণ্ড:কালে জাসিয়া বলিলেন—"প্রভূ, পারিব না। সমস্ত রাত্রি হেটা করিয়া দেখিলাম। রঘুনাথের চরণ হইতে মন ছাড়াইয়া আনিতে পারি না। তোমার বাক্যও লজ্মন করিতে পারি না। এখন জামার একমাত্র উপায় এই—তোমার জাগে যেন জামার দেহত্যাগ হয়; তাহাই কর প্রভূ।" প্রভূ জত্যন্ত সম্ভূষ্ট হইয়া বলিলেন—"সাধু, সাধু গুপু। তুমি সাক্ষাৎ হয়মান; তুমি কেন রঘুনাথের চরণ ত্যাগ করিবে। তোমার ভক্তিনিষ্ঠা দেখিবার জন্মই আমি তোমাকে শ্রীকৃষ্ণভন্ধনের লোভ দেখাইয়াছিলাম।"

প্রভূব দর্শনের জন্ম ম্রাবিগুপ্ত নীলাচলে যাইতেন। একবার দৈন্মভাবে তিনি প্রভূর বাসায় প্রবেশসনা করিয়া রাস্তায় পড়িয়াছিলেন। প্রভূ লোক পাঠাইয়া তাঁহাকে ভিতরে নেওয়াইলেন। ভিতরে গিয়া তিনি আর্জিভরে দৈন্ম প্রকাশ করিতে লাগিলেন। প্রভূ বলিলেন—"ম্রারি, দৈন্ম ত্যাগ কর; তোমার দৈন্মে আমার বৃক্ষাটিয়া যায়।"

মুরারিটেড শ্রাদান। নিত্যান গ শাখা। প্রেমাবেশে ইনি প্রায় সর্বাদাই বাহান্থতিহারা হইয়া থাকিতেন। বাম তাড়াইয়া বনের ভিতরে যাইতেন, কথনও বাঘের গালে চাপড় মারিতেন, কথনও বা বাঘের উপরে উঠিয়া বসিতেন, আবার কথনও বা নির্ভয়ে বাঘের সঙ্গে খেলা করিতেন। একবার এক অজগর সর্পকে কোলে লইয়া বসিয়াছিলেন, তাহার সঙ্গে খেলা করিয়াছিলেন। যিনি সর্বভৃতেই ভগবান্কে দর্শন করেন, ভগবানের মধ্যে সকল ভৃতকেও দর্শন করেন, বিশেষতঃ ক্রফপ্রেম-প্রবাহে বাঁহার চিত্ত হইতে হিংসাছেবাদি সম্যক্রপে দ্রীভৃত হইয়া গিয়াছে, হিংশ্রুজ ছইতে তাঁহার আবার ভয় কোথায়? ইনি কথনও বা ছই তিন দিন জলে নিমজ্জিত হইয়া থাকিতেন; তাহাতেও ভাঁহার কোনও হুংথ হইত না।

যতুনন্দ্র আচার্য্য। সপ্তথামবাসী। প্রীঅছৈত আচার্য্যের অন্তরঙ্গ শিয়। বাহ্নদেবদন্তের অহুগৃহীত।
দাসগোস্থামীর দীক্ষাগুরু। ইনি নিজের অজ্ঞাতসারেই দাস-গোস্থামীর গৃহত্যাগের সহায় হইয়াছিলেন। তাঁহার
গৃহস্থিত প্রীবিগ্রহের সেবক-ত্রান্ধণ সেবা ছাড়িয়া চলিয়া গেলে তিনি দণ্ডচারি রাত্রি থাকিতে রঘুনাথ দাসের নিকটে
আসিয়া ঐ ত্রান্ধণকে সাধিয়া আনিবার জন্ম রঘুনাথকে বলিলেন; সেবার জন্ম আর কোনও ত্রান্ধণ ছিল না। রঘুনাথের
সঙ্গে সেই ত্রান্ধণের সম্প্রীতি ছিল। তথন রঘুনাথের প্রহরীগণ নিপ্রিত। আচার্য্য রঘুনাথকে লইয়া চলিলেন।
আচার্য্যের গৃহের নিকটে আসিলে রঘুনাথ তাঁহাকে বলিলেন—"আপনি গৃহে ফিরিয়া যাউন। আমি ত্রান্ধণকে পাঠাইয়া
দিব। আমাকে অহুমতি করুন।" রঘুনাথ যে কৌশলক্রমে নীলাচলে যাওয়ার অহুমতিই চাহিলেন; যহুনন্দন
আচার্য্য তাহা বুনিতে পারেন নাই। তিনি রঘুনাথকে অহুমতি দিয়া গৃহে ফিরিয়া গেলেন। এদিকে রঘুনাথও
নীলাচলের দিকে যাওয়ার জন্ম অগ্রসর হইলেন।

রঘুনশান। বারকাচতুর্গুহের তৃতীয়বৃৃৃহ প্রত্নয়। প্রীক্ষের প্রিয়নর্মণারণে শ্রীশ্রীরাধামাধবের লীলার সহায়তা করিয়াছিলেন। তিনিই শ্রীচৈতত্তার অভিন্নতত্ত রঘুনশান। শ্রীথতে বৈছকুলে আবিভূত। পিতা—
মৃক্ষাণাস; থ্রতাত—নরহরি সরকার ঠাকুর। ইহার ক্ষণ্ডক্তির মাহাত্ম্যে ইহার পিতা মৃক্ষাণাস বলিয়াছিলেন—
"রঘুনশান হইতেই আমাদের ক্ষণ্ডক্ষি; স্তরাং রঘুনশানই আমার পিতা, আমি তার পুত্র।" মহাপ্রভূ বলিয়াছিলেন
—"রঘুনশানের কার্য্য—শ্রীকৃষণেরন। কৃষ্ণদোরা বিনা ইহার অশ্বত নাহি মন।" রঘুনশানের গৃহুহ একটি ক্ষম

বৃদ্ধ ছিল ; ক্লোবোর মাধ্যে বাবমালই লেই গাছে ফুল ফ্ঠিড ; বযুনন্দন প্রভ্যন্ত হুইটি কদ্বমূল দিয়া তাঁহার ক্লিক্টান্তের কর্ণিদুর্গ বচনা করিতেন।

রমুলাথদাস গোদামী। এদের রসমধ্বী; কেহ কেছ ইহাকে এদের রভিমধ্বী, আবার কেছ কেছ বা ভাত্মতীও বলিয়া থাকেন। এই তিন জনের ভাবই তাঁহাতে বিজ্ঞান। সপ্তগ্রামে কায়ত্বকুলে আবিভূতি। পিতা -- গোবর্জন দাস; জোঠা-- হিরণ্যদাস। বাল্যকালে ইনি হরিদাস ঠাকুরের সঙ্গ রূপা লাভ করিয়াছিলেন; তাহার ফলেই বাল্য হইতেই ইনি সংসাব-বিবক্ত; তাঁহাকে গৃহে আসক্ত করার উদ্দেশ্তে অল্প বয়সেই পিতা-মাতা একটা পরষাস্থন্দরী কিশোরীর সহিত তাঁহার বিবাহ দেন। কিন্তু তাহাতে কোনও ফল হয় নাই। প্রভুর চুর্ন সারিখ্যে অবস্থানের উদ্দেশ্যে ইনি বার বার পলাইতে আরম্ভ করেন, বার বারই ধরা পড়েন। পরে পিতা-জ্যোঠা তাঁহাকে প্রহরীবেষ্টিত করিয়া রাখিতেন। সন্ন্যাসের পরে প্রভু ছুইবার শান্তিপুরে আসিয়াছিলেন: ছুইবারই র্ঘুনার পিতা-জ্যেঠার অহমতি লইয়া শান্তিপুরে যাইয়া প্রভুর চরণ দর্শন করেন। দ্বিতীয়বারে প্রভু তাঁহাকে উপদেশ দিয়া-ছিলেন—"মর্কট বৈরাগ্য তাজ লোক দেখাইয়া। যথাযুক্ত বিষয় ভুঞ্গ অনাসক্ত হৈয়া।" আরও বলিয়াছিলেন—"আমি যথন বৃষ্ণাবন হইতে নীলাচলে ফিরিয়া আসিব, তথন কোনও ছলে তুমি পলাইয়া আমার নিকটে যাইও। পরম-কঞ্ আঁক্লফ তথন তোমাকে দেই স্থযোগ দিবেন।" নিত্যানন্দপ্রাভু যথন পানিহাটীতে আসেন, তথন ব্যুনাথ তাঁহার দর্শনের জন্ম গিয়াছিলেন। প্রভু রূপা করিয়া রঘুনাথের চিড়ামহোংসব অঙ্গীকার করিলেন এবং বলিলেন—"শীছই তুমি নীলাচলে যাইতে সমর্থ হইবে। প্রাভূ তোমাকে স্বরূপদামোদরের হাতে অর্পণ করিবেন।" ইহার পরে তাঁহার গৃহ-ত্যাগের স্থােগ হইল। নীলাচলে উপনীত হইলেন; প্রভু তাঁহাকে স্বরূপ দামােদরের হতে অর্পণ করিলেন। স্বরূপের সঙ্গে তিনি যোল বংসর পর্যাস্ত প্রভুর অন্তরঙ্গ দেবা করিয়াছিলেন। মহাপ্রভুর এবং পরে স্বরূপ দামোদরের তন্তর্দ্ধানের পরে 🗐 বন্দাবনে যায়েন এবং কয়েক বৎসর পরে সেম্বানেই অন্তর্দ্ধান প্রাপ্ত হয়েন।

রঘুনাথের বৈরাগ্য এবং নিয়ম-নিষ্ঠা ছিল বিশ্বয়ের বস্তু। রঘুনাথদাস স্তবমালা, ম্ক্রাচরিত প্রভৃতি কয়েকথানা গ্রন্থ রচনা করিয়াছিলেন। মহাপ্রভুর পূর্বেই তাঁহার আবির্ভাব বলিয়া মনে হয় (তাতা১৬৭-প্যারের টীকা দ্রন্থী)। মূলগ্রন্থের বিষয়স্থাীতে "রঘুনাথদাসগোস্থামি-প্রসঙ্গ দ্রন্থী।

রম্নাথভট্গোস্থামী। ব্রঙ্গের রাগমঞ্গরী। ব্রাহ্মণকূলে আবিভূতি। পিতা—তপনমিশ্র, প্রভূব আদেশে যিনি কাশীতে বাস করিতেন। প্রভূ যথন কাশীতে গিয়াছিলেন, তথন তপন মিশ্রের গৃহে ভিক্ষা করিতেন। তথন রঘুনাথভট্টের পক্ষে প্রভূব সেবার সোভাগ্য মিলিয়াছিল। তিনি প্রভূর দর্শনের উদ্দেশ্যে হইবার নীলাচলে গিয়াছিলেন; নিজে রহ্মন করিয়া মধ্যে মুধ্যে প্রভূকে ভিক্ষা করাইতেন। তিনি রহ্মনে বিশেষ নিপুণ ছিলেন। প্রথম বারে প্রভূ তাঁহাকে বলিয়াছিলেন—"পিতাঁমাতার সেবা করিবে; বৈষ্ণবের নিকটে ভাগবত পড়িবে। বিবাহ করিবে না।" তিনি তখন কাশীতে ফিরিয়া আসেন; পিতামাতার অন্তর্জানের পরে আবার তিনি নীলাচলে যায়েন। তথন প্রভূ তাঁহাকে বৃক্ষাবনে পাঠান। মূলগ্রন্থের বিষয়স্কাটতে "রঘুনাথভট্ট গোষামী-প্রস্ক" স্কার্ট্রব্য।

রাষব পাঁওত। ব্রজের ধনিষ্ঠা। পানিহাটীতে ব্রাহ্মণকুলে আবিভূতি। রাঘব পণ্ডিতের রুফদেবার পরিপাটীর ভূমনী প্রশংসা মহাপ্রভূপ্ত করিয়াছেন। যেমন প্রীতি, তেমনি ভূচিতা ও ভ্রতা। রাঘবের বাড়ীতেও যথেষ্ট নারিকেল গাছ ছিল; তাহাতে নারিকেলও যথেষ্ট হইত। তথাপি যদি তিনি ভূনিতেন—কোথাও ভাল নারিকেল পাওয়া যায়, তাহা হইলে যতই থরচ হউক না কেন, তাহা আনাইয়া প্রীক্রফদেবায় দিতেন। গরমের দিনে ভাল স্থাছ ভাব নারিকেল আনাইয়া প্রথমে জলে বা কর্দমে ভূবাইয়া রাথিয়া তাহা ঠাঙা করিতেন; পরে স্পর্করণে গৃইয়া শভারতি করিয়া মৃথ করিয়া ভোগে দিতেন। ভাজের প্রীতির দত্ত বন্ধ শ্রীক্রফ আনন্দের সহিত্তই গ্রহণ করিতেন। কোনও কোনও দিন শ্রীকৃষ্ণ জল খাইয়া শৃত ভাব রাখিতেন। রাঘব তাহা আনিয়া ভাবের সন্ধ বাহির করিয়া রুফকে দিতেন; কোনও

কোনও দিন সরেক পাত্রও শৃক্ত দেখা যাইত। একদিন রাঘবের এক সেবক কভক্তিন নারিকেল ভোগের জন্ত প্রশান্ত করিয়া একটা পাত্রে করিয়া মন্দিরের ঘারে দাঁড়াইয়াহিল; রাঘব সেবার কাজে বাস্ক ছিলেন বনিরা তৎক্রণাৎ তাই।
নিতে পারিলেন না। দেখিলেন—দেবক মন্দিরের ভিত্তিতে হাত দিয়া সেই হাতে আবার নারিকেল শর্প করিয়াছে।
পণ্ডিত বলিলেন—মন্দিরের সম্থভাগ দিয়া লোক চলাচল করে; বাতাসে পথের ধূলা উড়াইয় মন্দিরের ভিত্তিতে আনে। সেই ভিত্তি ধরিয়া তৃমি আবার সেই হাতে নারিকেল শর্প করিয়াছ; ইহা ভোগের অযোগ্য হইয়াছে। ইহা
বনিয়া প্রাচীরের উপর দিয়া নারিকেল ছুঁড়িয়া কেলিয়া দিলেন। এইভাবে, যে ঋতুতে যে প্রব্যু উপাদের, সেই
ঋতুতে সেই প্রবাই রাঘব প্রীতি, শুচিতা ও পরিপাটীর সহিত শ্রীক্রফে নিবেদন করিতেন। ভোগের জন্ম রাঘবের গৃহে
যাহাই রন্ধন করা হইত, তাহাই অতি স্বয়াহ হইত। এজন্য মহাপ্রভু বনিয়াছেন—"রাঘবের ঘরে রান্ধে রাধাঠাকুরাণী।" মহাপ্রভু নিতাই আবির্ভাবে রাঘবের গৃহে আহার করিতেন; রাঘব কথনও কথনও প্রভুর দর্শন

মহাপ্রভু নীলাচল হইতে গোড়ে গিয়া সর্বপ্রথমে নৌকা হইতে রাঘবের গৃহেই উপনীত হইয়াছিলেন।

নিত্যানন্দপ্রভু নাম-প্রেম প্রচারার্থ দেশে-দেশে ভ্রমণ-কালে কয়েকবারই রাঘবের গৃহে পদার্পণ করিয়াছিলেক।
শীনিত্যানন্দের অচিস্ত্য-শক্তির প্রভাবে একবার রাঘবের গৃহে অকালে জাধীরবৃক্ষে কদম্মুক্তও ফুটিয়াছিল।
রাঘবের গৃহেই শ্রীনিত্যানন্দ রঘুনাথদানের প্রতি রুপা করিয়াছিলেন, তাঁহার দণ্ডমহোৎসব অঙ্গীকার করিয়াছিলেন।

রাঘ্রপণ্ডিত প্রভুর দর্শনের জন্ম প্রতি বংসরেই রথযাত্রা উপলক্ষ্যে নীলাচলে যাইতেন। **তাঁহার ভগিনী** দমরন্তী দেবী প্রভুর বারমাসের উপভোগের জন্ম অতি স্নেহের সহিত নানাবিধ দ্রব্য প্রস্তুত করিতেন; রাঘ্র সে সমস্ত ঝালি ভরিয়া মকর্মরেজকরের তরাবধানে নীলাচলে লইনা যাইতেন; প্রভুও প্রতিদিন কিছু কিছু করিয়া সারা বংসর্ তাহা উপভোগ করিতেন।

ব্লামচন্দ্র কবিরাজ। নিত্যানন্দ শাথা। কেহ কেহ মনে করেন—নিত্যানন্দশাথাভুক্ত রামচন্দ্র কবিরাজ একং শ্রীশ্রীনিবাস আচার্য্যের শিশ্ব রামচন্দ্র কবিরাজ একই ব্যক্তি; কিন্তু ইহা সঙ্গত বলিয়া মনে হয় না। তাহার কারণ "গোবিন্দ কবিরাজ"-পরিচয়ে দ্রষ্টবা।

রামচক্রখান। বেনাপোলের জমিদার। অত্যন্ত বৈশুব্দেষী। হরিদাসঠাকুর যখন বেনাপোলের নির্জন বনে বাস করিতেন, তখন সমন্ত লোক তাঁহাকে খুব শ্রন্ধাভক্তি করিত। রামচক্রের তাহা সহ্ না হওয়ার হরিদাসের দোব অন্তস্কর্ধান করিতে লাগিলেন। কোনও দোব না পাইয়া দোব-স্প্তির জন্ম একটা প্রমাহন্দরী যুবতী বেশ্লাকে রাজিকালে হরিদাসের কুটারে পাঠাইলেন। হরিদাসঠাকুর তাহাকে বলিলেন—"আমার নামসংখ্যা এখনও পূর্প হয় নাই বিসিয়া নামকীর্ত্তন শুন; সংখ্যা পূর্ণ হইলে তোমার অভিকাষ পূর্ণ করিব।" কিন্তু রাজিশেষ হইয়া গেলেও তাঁহার নামকীর্ত্তন শুন; বেশ্লা উঠিয়া চলিয়া আদে। এইভাবে তিন রাজি অতীত হইলে হায়াইট্রেইটেইইটেই প্রভাবে বেশ্লার পরিবর্তন হইল, বেশ্লা হরিদাসের চরণে পতিত হইয়া সমন্ত ব্যাপার খুলিয়া বলিল এবং নিজের উদারের উপায় প্রার্থনা করিল। হরিদাসের চরণে পতিত হইয়া সমন্ত ব্যাপার খুলিয়া বলিল এবং নিজের উদাবের উপায় প্রার্থনা করিল। হরিদাস তাহাকে নামকীর্তনের উপদেশ দিয়া সেই স্থান ত্যাগ করিলেন। হরিদাসের অবমাননায় রামচন্দ্রখান যে-অপরাধের বীজ রোপণ করিলেন, তাহার ফল হইল অতি ভীষণ। একবার সপরিকর শ্রীনিত্যানন্দ রামচন্দ্রের গৃছে আসিলে নিজের লোকের হায়া রামচন্দ্র তাহাকে তাড়াইয়া দিলেন। পরে, রাজকর দিতেন না বলিয়া রাজার মেছ উজীর আসিয়া তাহার হুর্গামণ্ডপে বসিলেন এবং সে-স্থানে আমেধ্য রন্ধন করিলেন এবং রামচন্দ্র ও তাহার স্থীবিলা রাম্বার রেছে উজীর আসিয়া তাহার হুর্গামণ্ডপে বসিলেন এবং সে-স্থানে স্থামন্তর্কের ব্যাধিয়া নিলেন। মহতের নিকটে অপরাধের বিষময় ফলের দৃষ্টান্ত রামচন্দ্রখান।

র।মদাস অভিরাম। ঘাদশ গোপালের একতম। ব্রজের শ্রীদাম-স্থা। থানাকুল কৃষ্ণনগরে ব্রাহ্মণকুলে আরিভূতি। তিনি দর্বদা স্থাপ্রেমের আবেশে উন্মন্ত থাকিতেন। শ্রীনিত্যানন্দের আদেশে ইনি আচার্য ছইয়া ভক্তিশ্ব প্রচার ক্রিয়াছিলেন। "জন্মদল্"-নামে তাঁহার একটা চাবুক ছিল; এই চাবুক দিয়া তিনি বাঁছাকে শার্শ

800

কৰিছেন, জিনিই নাক্তেইনে মন্ত হইতেন। ভজিনন্তাকর বলেন বৃদ্ধাবন-সমনের পূর্বে শ্রীনিবাস আচার্য্য যথম প্রানাক্ত ক্লন্তাবন সমনের পূর্বে শ্রীনিবাস আচার্য্য যথম প্রানাক্ত ক্লন্তাবন সমনের এই চাব্ক পার্ব ক্রাইরাছিলেন; জন্ম অভিযাম-গৃহিণী মালিনীদেশী হাসিরা তাঁহার হাত ধরিয়া বলিলেন—"ঠাকুর স্থির হও; শ্রীনিবাস বালক; জোনার চার্কের পার্বে ক্লাবন ক্লাইরাছিলেন।"

কৰিত আছে বিক্ৰিগ্ৰহ্বাতীত অন্ত কোনও বিগ্ৰহকে অভিৱাম প্ৰণাম করিলে সেই বিগ্ৰহ বিদীৰ্ণ হইয়া ঘাইত। এক সময়ে আভিনামঠাকুর বাদী বাজাইতে চাহিলেন; কিন্ত তথন সেখানে বাদী ছিল না; ছিল এক খণ্ড কাঠ, যাহা বহন করিতে বিগ্রিশ জন লোকের প্রয়োজন হয়, এত ভারী। কিন্ত অভিৱামঠাকুর প্রেমাবেশে অনায়াদে তাহা উত্তোলন করিয়া বাদীর ত্যায় মুখের নিকটে ধারণ করিয়াছিলেন। "রামদাস অভিৱাম স্থাপ্রেমবাশি। বোলসালের কাঠ লৈয়া যে করিল বাদী॥"

অভিবামঠাকুর ঐতিচ্তম্মশাথাভূক্ত, মহাপ্রভু ইহাকে নাম-প্রেম-প্রচারের কার্য্যে নিজানন্দপ্রভুর সঙ্গী করিয়া দিয়াছিলেন বলিয়া নিজানন্দশাথাতেও ইহার নাম আছে।

ক্রামাই। ঐতিচতয়ৢশাথা। নীলাচলে গোবিন্দের আয়গতো গোবিন্দেরই দক্ষে প্রভুর দেবা করিতেন। রামাই
 প্রতিদিন বাইশ ঘড়া জল তুলিতেন। ইনি ছিলেন ব্রজনীলায় জলসংস্কারকারী পয়োদ।

রামানদ্দ বস্থ। শ্রীচৈতত্যশাখা। ব্রজের কলকণ্ঠীনামী গন্ধর্ব-নাটিকা। কুলীনগ্রামে কায়স্কুলে আবিভূতি।
পিতা—লন্ধীনাথ বস্থ (সত্যরাজ খান); পিতামহ—মালাধর বস্থ (গুণরাজ খান)। প্রভুর দর্শনের জন্ত প্রতি
বৎসর নীলাচলে ঘাইতেন এবং রথঘাত্রাদিকালে কীর্তনে নৃত্য করিতেন। একবার নীলাচলে সত্যরাজ খান ও
রামানদ্দ বস্থ প্রভুকে জিজ্ঞাসা করিয়াছিলেন—"প্রভু, আমরা গৃহস্থ, বিষয়ী; আমাদের সাধন কি?" প্রভু
বলিলেন—"কৃষ্ণসেবা করিবে, বৈক্ষবসেবা করিবে এবং নিরন্তর কৃষ্ণনাম কীর্তন করিবে।" তথন সত্যরাজ খান
বলিলেন—"কিরপে বৈষ্ণব চিনিব? বৈষ্ণবের সামাত্ত লক্ষণ কি?" তত্ত্ত্বে—প্রভু বলিয়াছিলেন—"যার মুখে
ভানি একবার। কৃষ্ণনাম, পূজ্য সেই শ্রেষ্ঠ সভাকার॥ * * যার মুখে এক কৃষ্ণনাম। সেই বৈষ্ণব, করি তার
পরম সন্মান॥" পরের বৎসরেও তাঁহারা প্রভুর নিকটে আবার গৃহস্থ বিষয়ীর কর্তব্যের কথা জিজ্ঞাসা করায়
প্রভু বলিয়াছিলেন—"বৈষ্ণবদেবা, নামসন্ধীর্ত্তন। তুই কর, শীজ্ব পাবে শ্রীকৃষ্ণচরণ॥" এবারও তাঁহারা বৈষ্ণবের
লক্ষণ জিজ্ঞাসা করিলেন। প্রভু বলিলেন—"কৃষ্ণনাম নিরন্তর যাহার বদনে। সেই বৈষ্ণবংশ্রেষ্ঠ, ভজ তাহার
চরণে॥" বর্ধান্তবে আরও একবার তাঁহারা প্রকণ প্রশ্নই করিয়াছিলেন। প্রভু বলিলেন—খাঁহার দর্শনে মুথে আইসে
কৃষ্ণনাম। তাঁহারে জানিবে তুমি বৈষ্ণব প্রধান ॥" এইরূপে প্রভু যথাক্রমে বৈষ্ণব, বৈষ্ণবত্র ও বৈষ্ণবতমের লক্ষণ

প্রভ্রমভারীর তুমি হও যজমান। প্রতিবর্ধ আনিবে ভোরী করিয়া নির্মাণ। প্রভ্রমভারী দিয়া আদেশ করিলেন—"এই পট্রভোরীর তুমি হও যজমান। প্রতিবর্ধ আনিবে ভোরী করিয়া নির্মাণ।" প্রভ্রমনারপে ছিড়া পট্রভোরী দিয়া বলিয়াছিলেন—"ইহা দেখি করিবে ভোরী অতি দৃঢ় করি।" তদবধি সত্যরাজ ও রামানন্দ প্রতিবর্ধে জগরাথের পট্রভোরী লইয়া যাইতেন। পাতৃবিজ্ঞারের সময়ে জগরাথের কটিতটে পট্রভোরী বাঁধিয়া সেবক দ্যিতাগণ ভোরীর ছই পার্ষে ধরিয়া জগরাথকে পাতৃবিজ্ঞার করাইয়া থাকেন।

জীনিত্যানন্দশাথাতেও এক রামানন্দ বস্থর নাম পাওয়া যায়। এক রামানন্দ বস্থবই তুই শাথাতে গণনা কিনা বলা যায় না। জীনিত্যানন্দের সঙ্গে নাম-প্রেম প্রচারের জন্ম প্রহাপ্রভূ বাহাদের আদেশ করিয়াছিলেন, ভাঁহাদের মধ্যে রামানন্দ বস্থব নাম দৃষ্ট হয় না।

রামানক রার। ত্বাপর-লীলার পাঙ্পুত্র অর্জ্ন, ব্রজের অর্জ্নীয়া গোপী এবং ললিতা—এই তিন জনই বামানক রায়ে অবস্থিত। বামানক রায় যে ললিতা ছিলেন, একথা অনেকে স্বীকার করেন না। ধ্যানচন্দ্র গোস্বামীর মতে হামানক রায় ছইলেন ব্রজনীলার বিশাখা। রামানক রায়ে যে স্থবলের ভাবও আছে, প্রীপ্রীনৈতগ্রচরিতামুতের

ব্যা বামানক বায় উৎকলে ভবানক বাবের জ্যেষ্ঠ পুজরণে কবিছুত। ইনি কালা প্রভান করিছে আইনিকানা বায়। বামানক বায় উৎকলে ভবানক বাবের জ্যেষ্ঠ পুজরণে কবিছুত। ইনি কালা প্রভান করিনে কালাকরে প্রভান বিছুত। ইনি কালা প্রভান করিনে কালাকরে প্রভান বিভাননের প্রভান করিছিল। গোলাবরী-তীরে বিভানগরে ছিল ইহার কালা করিছাল। করিল বায়ানকের প্রথম নিলন হয় এবং তথনই প্রভু রামানকের মুখে সাধ্য সাধন ভব, অস্বাধনে কালাকরে প্রভুব সহিত রামানকের প্রথম নিলন হয় এবং তথনই প্রভু রামানকের মুখে সাধ্য সাধন ভব, অস্বাধনে করিয়া বায় তথা ব্যক্ত করেন। কলিল-ভ্রমণ হইতে প্রভাবর্তনের পথেও প্রভু নিভানগরে তাঁহার লহিত মিলিভ হইরাছিলেন এবং তীর্থভ্রমণ-কাহিনী প্রকাশ করিয়াছিলেন। প্রভুর আদেশে বামানক রায় নাজকার্য্য ভ্যাগ করিয়া নীলাচলে প্রভুব নিকটে অবস্থান করিয়াছিলেন এবং ব্যবসাদাবের কলে স্বীভ-রোকালি-কারা প্রভুব ক্রক্রিয়ান্ব্যার সাধনা ও ভাবের পুরি সাধন করিভেন। রামানক রায় ছিলেন পরম ভালবভ, মহাপ্রেমিক, সরম পঞ্জিত, ব্যবজ্ঞ ভক্ত। ইনি জগলাগবলভ-নামক একথানি ক্রক্রীলা-নাটক শিধিয়াছেন। ক্রেকালীহিলকে নিজে অভিনয় শিকা দিয়া প্রজ্ঞান্তাথ্যের সাক্ষাও এই নাটকের অভিনয় করাইক্রাছিলেন। ইনি ছিলেন প্রভুব অভান্ত মন্মী পার্বদ। প্রভুব ইহার নিকটে ক্রক্ষকণা ভনিতেন এবং প্রস্থামিশ্র-আনিকেও ইহার মুখে ক্রক্ষকণা ভন্নইক্রেন। স্বর্গদাব্যাদ্বের সঙ্গে ইহার অভান্ত হলতা ছিল। প্রভুব শেষ হাদশ বংস্বের দীলায় এই ছই কনই ছিলেন প্রভুব মিত্য সঙ্গী। মূলগ্রাহের বিষয়-স্চীতে "বামানক রায়-প্রস্বল্প ভাইব্য।

সক্ষীদেবী (লক্ষীপ্রিয়া)। মহাপ্রভুব প্রথমা সহধর্মিণী। শিক্তা—বল্পভার্চার্য্য, যিনি পূর্ব্বে ছিলেন মিৰিলাধিশতি বাজর্ধি জনক; কেহ কেহ বলেন—ইনি ছিলেন; কজিণীর পিতা ভীমক। জানকী ও ক্ষিণ্ডী উভয়ে মিলিয়া ক্ষীদেবী হইয়াছেন। প্রভূ যথন পূর্ব্বক্ষ-ভ্রমণে গিয়াছিলেন, তথন নক্ষীপে ক্ষীদেবী প্রভূব বিরহ-কর্পের দংশনজ্জনে ক্ষেত্রনা প্রাপ্ত হয়েন।

ভোকাৰ গোপামী। বংশাহর জেলার অন্তর্গত ভাসগড়িগ্রামে আবিভূত। পিতা—শৈল্পনাভ; একমাত্র কনিষ্ঠ সংহাদর—প্রগণ্ড। মহাপ্রভুর আদেশে লোকনাথ গোস্বামী শ্রীবৃন্দাবনে ঘাইয়া বাদ করেন। ইহার একমাত্র শিল্প শ্রীল নরোত্তমদাদ ঠাকুর। প্রজলীলায় লোকনাথ গোস্বামী ছিলেন লীলামঞ্জরী। লীলামঞ্জরীরই আর একটি নাম মঞ্নালি।

শহর পশ্তিত। ব্রজনীনার ভদাসথী, যাহার বক্ষংস্থনে শ্রীকৃষ্ণ ঘুমাইতেন। দামোদর-পণ্ডিতের কনিষ্ঠ-প্রাতার্মণে আবিভূতি। প্রভুর দক্ষিণদেশ হইতে নীলাচনে প্রত্যাবর্তনের পরে গৌড়ীয়ভক্তদের পঙ্গে ইনি নীলাচনে আদেন। ইহাকে দেখিয়া প্রভু দামোদর পণ্ডিতকে বলিয়াছিলেন—"দামোদর, তোমার উপরে আমার নগৌরব-প্রীতি; কিন্তু শহরের উপরে কেবল শুদ্ধ প্রেম। অতএব, শহরকে আমার নিকটে রাখ।" শুনিয়া দামোদর বলিয়াছিলেন—"শহর বহুদে আমার ছোট; কিন্তু প্রভু, তোমার কুণায় এখন ক্লামার বড় ভাই হইল।" তদবিধি শহরণিশুত ক্লীলাচনেই থাকিতেন। ক্ষ্মবিরহ-জনিত আর্ত্তিবলত গন্ধীরা হইতে বাহির হওয়ার চেটার পথ না পাইয়া দেওয়ালের ম্বণে প্রভুর মুখে এবং মাথায় যখন কত হইয়ছিল, তখন বরূপ-দামোদরাদি পরামর্শ করিয়া শহরকে প্রভুর বক্ষে হিদাবে। শহর প্রভুর পদতলে শয়ন ক্ষরিতেন, প্রভু ভাহার সেহের উপরে পাদপ্রসারণ করিতেন। এজন্ত শহরের একটা নাম হইয়ছিলেন—প্রভুর "পালেগপধান"। শহর প্রভুর পাদসংবাহন করিতেন। এজন্ত শহরের একটা নাম হইয়ছিলেন—প্রভুর "পালেগপধান"। শহর প্রভুর পাদসংবাহন করিতেন। এইরপে শহরের রাত্রি কাটিত। যখন ঘুমাইন্ডেন, শীতকানেও আলিগায়ে ঘুমাইন্ডেন; প্রভু উরিয়া-নিজের ক্ষাথান্দি শহরের গায়ে দিতেন। তাহার ভরে প্রভু গঙ্কীর। হইতে বাহিরে যাইতে পারিতেন না, দেওয়ালে মুধানিও ব্যক্তি পারিতেন না।

শ্রন্থী। পূর্বের অদিতি, কোলগা, দেবকী এবং খণোদা (১)১৭২৮৫)—এই চারিজদের ক্ষিতিত-শ্বর্থা। নীলাবর চক্রবর্তীর কগারণে আবিভূতা। মহাপ্রভূত্ব জননী। শক্ষাই নাবেও শাতা। ক্ষেত্র-ক্ষেত্র ইহাস আহিটা করা আনিত্ত বহুঁকা জিরোকান প্রায় ছবেন, চ পরে বিষক্তপর আবির্ভাক। বিষক্তপর পরে প্রকৃতি আবির্ভাক। আরু সক্ষাক বহুকা পরাক্তি করিয়া সংগার আগ করেন। কিছুকান পরে বানী লগরাথ মিলক কর্মান করেন। তথন প্রাকৃতি ছিলেন ভাষার একরার সমল। শচীরাতা ছিলেন বেন মূর্তিমতী সহিক্তা। প্রভূবং বাল্যনাশলালনিত কর্মার সমলই আরানবানে সক্ করিতেন। গরা হইতে কেন্ট্রেরেনে পরে প্রভূবং বাল্যনাশলালনিত কর্মার সমলই আরানবানে সক্ করিতেন। গরা হইতে কেন্ট্রেরেনে পরে প্রভূবং দেহে যথন ক্রেরেরের বিকার আনিত্ত করিয়াছিলেন। জগতের জীবের শিকার নিমিত্ত প্রভূ একসমরে শচীরাভাকে উপনক্তাক করিয়া বিকার করিয়াছিলেন। লয়ালের পরে প্রভূব যথন শান্তিপুরে আলিয়াছিলেন, তথন শচীরাভা শান্তিপুরে বাইরা প্রভূবে কর্মান করেন। করেন দিন থাকিরা কহনে বন্ধন করিয়া প্রভূবে ভিকা দিজেন। ভাষার আন্তর্ভাক করিয়া প্রভূবে কর্মান করেন। প্রভূ নীলাচল হাতে বন্ধন করিয়া প্রভূবে ভিকা দিজেন। তথ্ন নালাইতেন এবং লোকজারাও নারের চন্ধনে নিজের প্রধান এবং সংবাদ জানাইতেন। বালগোপালের ভোগ লাগাইরা শচীরাভা বথন প্রবাদ সম্বর্ধে রাখিয়া ভাবিতেন—"নিমাই যদি ঘরে থাকিত, এ-সকল ব্যঞ্জনাদি আহার করিয়া কত তুই হুইতে", আর কাঙ্গিতেন, তথন প্রভাহ আবির্ভাবে প্রভূ আনিয়া মারের সাক্ষাতেই ভোজন করিতেন; মা কেনিও কোনও কিন ভাছা দেখিতেন; কিন্ত দেখিলেও ভন্ধ বাৎসল্যের আবেশে ক্রিতেন। ক্রিরেতন।

শিশি বাছিকী।: নীলাচলবালী। জগন্ধাথের লিখন-অধিকারী। ইহারই ভগিনী মাধবী দাসী। ইনি প্রভুত্ম একজন মরমী ভক্ত। মহাভাগবত। প্রভু ইহাকেও শ্রীরাধার গণভুক্ত বলিয়া মনে করিতেন। ব্রজনীলায় ইনি ছিলেন—বাগলেখা।

শিবানন্দলেন। ব্ৰন্ধলীলার বীরা দৃতী। বৈশুকুলে আবিভূতি। শ্রীপাট—কুমারহট্টে (হালিসহরে)। ইহার তিন পুত্র—চৈতজ্ঞদাদ, রাম্বলদ এবং প্রশ্লানলদাদ (কবিকর্ণপুর)। শিবানল্যেন ছিলেন প্রভুর অন্তর্গ পার্বন। প্রভুর আদেশে প্রতিবর্ধে ইনি গৌড়ীয়-ভক্তদের সঙ্গে করিয়া নীলাচলে লইয়া যাইতেন এবং পথে সকলের আহার-বাসস্থাম-ঘাটীদানাদি সমাধান করিতেন। একবার তাঁহাদের নীলাচল-গমনের পথে একটা কুকুর আসিয়া তাঁহাদের সহিত মিলিত হইল। শিবানন্দ এই কুকুরটাকেও আহারাদি দিয়া সঙ্গে নিয়াছিলেন এবং অনেক বেশী পর্বনা দিরাও ইহাকে খেরা পার করাইরাছিলেন। একদিন অধিক রাভিতে ঘাটা হইতে বাদায় ফিরিয়া জানিলেন-সকৰের আহারাদি হইয়া গিরাছে; কিন্ধ কুকুর ভাত পায় নাই। কুকুর বাদাতেও নাই। থোঁজ করাইয়াও কুকুকুকে পাওয়া গেল না। শিবানন্দ মেই রাত্রিতে উপবাদী রহিলেন। নীলাচলে উপস্থিতির পর এক দিন প্রভূব চর্ম্ব দর্শন করিতে ঘাইয়া দেখেন-প্রভুর সক্ষাতে সেই কুকুরটা বসিয়া আছে, প্রভুপ্রদত্ত প্রসাদী নারিকেল থা**ইভেছে, আছ প্রভুর শিক্ষা অম্পুনারে** "কৃষ্ণ কৃষ্ণ" বলিতেছে। শিবানন্দ কুকুরের চরণে দণ্ডবং প্রণাম করিয়া নিজের অপরাধ কমা প্রার্থনা করিলেন। আর এক দিন শিবানন্দ ঘাটীতে আবদ্ধ; দঙ্গীদের বাসা ঠিক করিতে পারেন নাই। বাজিও একট বেশী হইনাছে। নিত্যানলপ্রভু যেন কুধার অস্থিব হইনা বলিলেন—"কুধা পাইয়াছে। শিকা এখনও আমিক না। শিকার তিন পুত্র মুক্ত।" সেবার শিবানন্দ-পত্নীও গিয়াছিলেন। তিনি নিত্যানন্দের এই কথা তনিয়া অমঙ্গলের আশকা করিয়া কাঁদিতে লাগিলেন। শিবানন্দ আসিলে পত্নীর মূথে সমস্ত তনিয়া বলিলেন--- "কাদ কেন ? জ্রীমিডাইর বালাই লইয়া আমার তিন পুত্র মকক।" গেলেন তিনি জ্রীনিডাানন্দের মিকটে; নিজ্যানন্দ ভাঁছাকে কাখি মান্নিলেন ; শিবানন্দের পরম আনন্দ। বলিলেন—"এত দিনে জানিলাম, প্রাভূ, এই অধ্যক্তে ভূত্য বলিয়া অঙ্গীকার করিয়াছ 🗗

উদাৰ-চৰিত ৰাষ্ট্ৰেৰ দত কিছুই ৰক্ষা করিতেন না। মহাপ্ৰাভু শিবানন্দকে বৰিয়াছিলেন---"তুমি সর্থেক হ**ইন্দ যাহনেন্দ্ৰ** সমক্ত কাৰ্যোৱ, তাহার আগ্নব্যৱেধ সমাযান করিবে।"

अक्काक अविकास नक्षाक्षकानीक प्राटः श्राप्त वादक रहेवाहिल। नियानक राज्य जारा छनिया वाधिकास

সৌলেন; কিছ নাৰীৰ সাক্ষাতে না গিয়া শৃকাইয়া ৰহিলেন, আৰু ভাবিলেন—"বহি বৰ্চাই আনাৰ ভাবিলা কৰিছা নাৰাৰ ভাবিলা কৰিছা নিজাৰ আনাৰ ইইমৰ বলিয়া দিতে পাৰেন, তাহা হইলেই বৃদ্ধিৰ ভিনিকাই গৌৰহান্দৰেৰ আনবৈশ হইয়াছে।" ব্ৰহ্মানী বাভবিকই তাঁহাকে নাম ধৰিয়া ভাকাইয়া নিয়াছিলেন এবং উছিছি ইইমৰ বলিয়া দিলাছিলেন। সুনিংহানন্দের আহ্বানে নিবানন্দের গৃহে প্রভু একবার আবিভাবে ভোজন করিয়াছিলেন; নিবানন্দ অবভ প্রভুব দর্শন পারেন নাই। পরের বংসর প্রভু নিজেই এই ভোজনের কথা বাজ করিয়া নিবানন্দের সংশ্র দূর করিয়াছিলেন।

নীলাচলে ইনি প্রভুকে বব্যে মধ্যে নিমন্ত্রণ করিয়া ভিক্ষা দিতেন; ওাঁহার পুত্রনের নামেও প্রভুকে নিমন্ত্রণ করিতেন। গৌরলীলার অনেক বিবরণ ইহার নিকট হইতে জানিয়া কবিকর্পপূর স্বীয় প্রস্থে সন্মিবেশিত করিয়াছেন। মূলপ্রান্থে বিবয়স্থাটীতে "শিবানন্দদেন-প্রস্ক" প্রষ্টব্য।

শুক্লাব্দর প্রকাচারী। বাপরের যজ্ঞপন্থী; কোনও কোনও মতে যাজ্ঞিক ব্রাহ্মণ। নববীপে আবিভূতি। ভিক্ক ব্রাহ্মণ। "কৃষ্ণ কৃষ্ণ" বলিরা ভিক্ষা করিছেন; সমস্ত দিনে যাহা পাইতেন, সন্ধ্যাসময়ে তাহা রামা করিয়া শ্রীকৃষ্ণে নিবেদন করিয়া প্রশাদ পাইতেন। সর্বাদা কৃষ্ণপ্রেমে ভগমগ। গরা হইতে প্রত্যাবর্তনের পরে ইন্ট্যুরই পূহে ভক্তগণের নিকটে প্রভূ কৃষ্ণবিরহ-জনিত আর্ত্তিতে বিহনলতা প্রকাশ করিয়াছিলেন। একদিন রুলি কাথে করিয়া ভক্ষাম্বর প্রভূব সাক্ষাতে উপস্থিত হইয়া নৃত্য করিতে লাগিলেন। দেখিয়া প্রভূ হাসিলেন। ভাহার ঝুলি হইতে নিজ হাতে ভিক্ষার চাউল লইয়া খাইতে লাগিলেন। একদিন প্রভূ তাঁহাকে বলিলেন—"ঘরে গিরা রান্না করিয়া কৃষ্ণের নিবেছ কর। মধাহে আমি গিয়া খাইব।" শুক্লাম্বর কাপরে পড়িলেন। ভক্তদের পরামর্শে তণ্ড্ল ও গর্ভথোড় "আলগোছে" রান্না করিলেন। প্রভূ গঙ্গাম্বান করিয়া আসিয়া কৃষ্ণে নিবেদন করিয়া তাহা প্রহণ করিলেন।

শুলাবর বন্ধচারী ছিলেন প্রভুর কীর্ত্তনসঙ্গী। ইনি প্রভুর দর্শনের জগু নীলাচলেও যাইতেন।

শিবানন্দরে গালি, শাপ দিয়াছিলেন বলিয়া এবং লাখি মারিয়াছিলেন বলিয়া ইনি মনে ছংখ পাইয়া প্রভুর নিকটে নালিশ করার জন্ম সকলকে ছাড়িয়া আগেই প্রভুর নিকটে আসিলেন। আসিয়া "পেটাঙ্গী-গায়ে"ই প্রভুকে দণ্ডবৎ করায় গোবিন্দ বলিয়াছিলেন—"শ্রীকান্ত পেটাঙ্গী উতার।" সর্বজ্ঞ প্রভু সমন্ত পূর্বেই জানিয়াছেন; তাই বলিলেন—"গোবিন্দ, ওকে কিছু বলিও না; ও মনে ছংখ পাইয়া আসিয়াছে।" শ্রীকান্ত বৃদ্ধিলেন—প্রভু সমন্তই জানিয়াছেন। তাই শ্রীকান্ত কিছু বলিলেন না। আর একবার রথয়াত্রার কয়েকমাস পূর্বেই ইনি একাকী প্রভুর দর্শনে নীলাচলে আসিয়াছিলেন। প্রভুর বিশেষ রূপা লাভ করিয়াছিলেন। যাওয়ার সময় প্রভু তাঁহাকে বলিলেন—"গোড়ীয় ভক্তদের বলিও, এবার যেন রথয়াত্রা উপলক্ষ্যে কেছ নীলাচলে না আয়ুসেন। আমিই গোড়ে ঘাইব। তোমার য়ায়া শিবানন্দের গৃহেও যাইব। জগদানন্দ গোড়ে আছেন, রায়া করিয়া আমাকে ভিন্দা দিবেন।" অবৈতাচার্য্যাদি নীলাচলে যাওয়ার জন্ম প্রস্তুত হইতেছিলেন; এমন সময় শ্রীকান্ত আসিয়া প্রভুর কথিও সংবাদ জানাইলেন। কেছ আর সেইবার নীলাচলে গেলেন না। প্রভুও আসেন নাই; তবে আবির্তাবে শিবানন্দের গৃহে ভোজন করিয়াছিলেন।

শ্রী শ্রীবংশা শ্রামী। ব্রজের বিলাস-মন্ধরী। ভর্ষা দ্বগোত্রীয় যকুর্বেদী ব্রাহ্মণবংশে আবিভূতি। পিতা—
রপসনাতনের অহল অহপের মন্ত্রিক শ্রীবন্ধত। ব্রক্তিন শ্রীবন্ধত নামে কর্ণাটের একজন প্রবলপরাক্রান্ত
রাজা ছিলেন; তিনি ছিলেন ভর্ষা জগোত্রীয় যকুর্বেদী ব্রাহ্মণ; চারিবেদেই তাঁছার বিশেষ বৃহপপ্তি ছিল; চারিবেক্তের অধ্যাপনাতেই তিনি বিশেষ পার্দেশী ছিলেন। কর্ণাটদেশীয় জনসাধারণের মধ্যে, বিশেষতঃ ব্রাহ্মণসমাজে,
তিনি বিশেষ পূজা ও সম্মানের পাত্র ছিলেন বলিয়া তিনি "জগন্তক"-নামে বিখ্যাত হইয়াছিলেন। শ্রীকর্মক জগন্ত্রেক পুত্র অনিক্রক; ইনিও বেক্ত ছিলেন। শ্রীঅনিক্রকের হুই পুত্র ক্রপেশ্বর ও ছবিছর। জ্যের রপেশ্বর বহুশারে

্ত্ৰিশেস শাম্বিতা নাজ কংলে, কনিষ্ঠ হৰিহৰ শতবিভাল পাৰদৰ্শী ছিলেন। যুই পুত্ৰকে বাজৰ ভাগ কৰিব। দ্বিত্ৰী चनिक्ष क्षेत्रकथाय छाछ हरस्म। किछ हिन शस्य चम्रक हरिहद छाई सरभ्यस्क दोकासह करिहा चस्र नवछ देखा অধিকার করেন। রুপেবর নিক্ষপার হইরা আটটা অথ এবং পদ্বীকে লইয়া পৌরস্ক্য দেশে প্রায়ন করেন এবং পৌরস্ক্রোর বাজা শিখরেশবের নখ্য লাভ করিয়া সেইস্থানেই বাস করিতে থাকেন। এই স্থানে তাঁহার এক পুত্র জন্মে, নাম প্রানার্ভী । পদ্মান্ড সাক্ষ্য বছরেনে, সমস্ত উপনিবদে এবং বস্পান্তে বিশেষ পাবদর্শী ছিলেন। প্রীক্রিকগল্পানে তাঁছার প্রগান্ত ভর্তিক ছিল। শেষ বয়নে গঙ্গাবাস করিবার উদ্দেশ্তে, শিখরেশবের রাজ্য ত্যাগ করিয়া গঙ্গাতট-নিকটবন্তী নবহুট্ট (কালনার্স্ক্ নিকটবর্ত্তী নৈহাটী) গ্রামে আসিয়া বসতি স্থাপন করেন। এইস্থানে তিনি রাজা দমুজমর্জনের সৌহার্জ্য লাভ করিয়া স্থাথে স্বচ্ছন্দে বাস করিতে থাকেন। এই স্থানেও তিনি স্বাড়খরের সহিত জগন্নাথের দেবা করিতেন। পদ্মনান্ডের স্বাঠারটা কক্সা ও পাঁচটা পুত্র। পাঁচপুত্রের মধ্যে পুরুষোত্তম ছিলেন সর্বজ্যেষ্ঠ ; তাঁহার পরে জগরাধ, নারায়ণ, মুরারি ও মুকুক্দ। মুকুলের পুত্র কুমারদেব । কুমারদেব ছিলেন অত্যন্ত গুদ্ধাচারী ত্রান্ধণ।চিত কার্যাদিতেই তিনি নর্মদা নিষ্ঠার সহিত ব্যাপত থাকিতেন। আচারহীন ব্যক্তির স্পর্শতরে ইনি প্রায় নির্জ্জনেই থাকিতেন। অহিনুর স্পর্শ হইলে প্রায়ভিত্ত না করিয়া ইনি জলবিন্দু গ্রহণ করিতেন না। কোনও কারণে কুমারদেব নৈহাটী হইতে বাকলা চক্রৰীপে যাইনী বাস করিতে থাকেন। যশোহরের অন্তর্গত ফতেয়াবাদেও তাঁহার এক বাড়ী ছিল। কুমারদেবের অনেক সন্তান ছিলেন: তর্মধ্যে শ্রীসনাতন, শ্রীরূপ এবং শ্রীক্ষমপ্রম—এই তিন জনই বৈষ্ণবশ্রেষ্ঠ বলিয়া বিশেষ প্রাণিদ্ধি লাভ করিয়া-ছিলেন। এ শীলীচৈতক্সচবিতামত হইতে কুমারদেবের এক কন্সার কথাও জানা যায়; তাঁহার স্বামীর নাম ছিল শীকান্ত; গোড়েখরের অখ থরিদের জন্ম শ্রীকান্ত হাজিপুরে থাকিতেন। কেহ কেহ বলেন—শ্রীসনাতনের পিতৃদন্ত নাম ছিল

শীরূপের পিতৃদন্ত নাম ছিল সন্তোব এবং শীঅস্থামের পিতৃদন্ত নাম ছিল বল্প । ইহারা তিন জনেই গৌড়েশবের অধীনে রাজকার্য্য করিতেন। তাঁহাদের গৌড়েশবে-প্রদন্ত পদাস্থায়ী নাম ছিল ব্যাক্রমে সাকর মন্তিক; দবীবথাস এবং অম্পম মন্তিক। রামকেলিতে যথন প্রভুর সহিত সাকর-মন্তিক ও দবীবথাসের সাক্ষাৎ হয়, তথন প্রভু তাঁহাদের নাম রাধিয়াছিলেন সনাতন ও রূপ।

উলিখিত বংশবিবরণী হইতে জানা যায়—কর্ণাটরাজ সর্বজ্ঞের পুত্র অনিক্ষন, অনিক্ষের পুত্র রূপেশ্বর, রূপেশ্বরে পুত্র পদ্মনাভ; পদ্মনাভের পুত্র মৃক্ষ্প, মৃক্ষ্পের পুত্র কুমারদেব; কুমারদেবের কনিষ্ঠ পুত্র অফুপম এবং অফুপমের পুত্র প্রীজীব। এইরপে দেখা গেল—প্রীজীবের উদ্ধাতন অষ্টম, সপ্তম এবং ষষ্ঠ পুরুষ ছিলেন কর্ণাটের রাজা। (প্রীমদ্ভাগবতের লঘুতোখণী-টীকার উপসংহারে প্রীজীবগোস্বামিলিখিত বিবরণ হইতেই উলিখিত বংশবিবরণী গৃহীত হইরাছে)।

ভক্তিবত্বাকর বলেন—মহাপ্রভু যথন রামকেলিতে গিয়াছিলেন (১৪৩৬ শকে), তথন "শ্রীজীবাদি সঙ্গোপনে প্রভুবে দেখিল। অতি প্রাচীনের মৃথে একথা ভনিল।" প্রভুব সহিত মিলনের পরে শ্রীক্ষণ যথন অস্থাবর ধনসম্পত্তি লইরা নৌকাযোগে পিতৃগৃহে গমন করেন, তথন অস্থপম এবং শ্রীজীবও সেই সঙ্গে বাক্লা চন্দ্রবীপে আসেন। মহাপ্রভু বৃন্দাবন-গমনের সংবাদ পাইয়া শ্রীক্ষণ ও শ্রীঅস্থপম যথন বৃন্দাবন যাত্রা করেন, তথন শ্রীজীব চন্দ্রবীপেই থাকেন, ইহা ১৪৩৭ শকের কথা। শ্রীক্ষণ ও শ্রীঅস্থপম নীলাচলে প্রভুব দর্শনের উদ্দেশ্তে বৃন্দাবন হইতে যাত্রা করিয়া গৌড়ে আসিলে অস্থপমের গলাপ্রাপ্তি হয় (সন্ধ্রতঃ ১৪৩৮ শকের প্রথমে, রথমান্ত্রাক পূর্বে)। ইহারও কয়েক বৎসর পরে চন্দ্রবীপে একদিন রাত্রিতে শ্রীজীব প্রথমে শ্রীক্ষণ-বলরামকে এবং পরে এই ক্ষণ-বলরামকেই গৌর-নিত্যানন্দরূপে স্বপ্নে দর্শন করিয়া অধীর হইয়া পড়েন। ইহার পরে তিনি অধ্যয়নের ছলে চন্দ্রবীপ হইতে কতেয়াবাদ হইয়া নবনীপে আসেন এবং শ্রীমিরিত্যানন্দের আদেশে বৃন্দাবন গমন করেন। বৃন্দাবনের পথে কাশীতে কিছুকাল অপেক্ষা করিয়া সর্বশারের অধ্যাপক শ্রীপাদ মধুন্দন বাচম্পতির নিকটে জ্যাম-বেদাভাদি শাত্র অধ্যয়ন করেন। (৩।৪।২২৩-পরারের চীকা শ্রেষ্ঠা)। শ্রীপাদ জীব বৃন্দাবনে স্বীম পিছ্বা শ্রীক্ষণ-ক্রাড্রের চরণ আরম করেন। (৩।৪।২২৩-পরারের চীকা শ্রেষ্ঠা)। শ্রীপাদ জীব বৃন্দাবনে স্বীম পিছবা শ্রীক্ষণ-ক্রাড্রের চরণ আরম করেন। (৩।৪।২২৩-পরারের চীকা শ্রেষ্ঠা)। শ্রীপাদ জীব বৃন্দাবনে স্বীম পিছবা শ্রীক্ষণ-ক্রাড্রের চরণ আরম্বাক করেন এবং ভাঁহাদের নিকটে ভঙ্গিশাস্ত্রাছিও অধ্যয়ন করিয়াছিলেন। স্বনাধান্ত্র

পাণ্ডিতা, ভক্তি এবং পোনার্কে জ্রীক্ষাৰ সকলেবই শ্রমা ও সাদরের পাত্র ইনাইনের। জ্রীক্ষানান্তনের তিরোভাবের। পরে শ্রীকীবই ছিলেনং সমগ্র গোড়ীয়-বৈক্ষা সম্প্রান্তারের সর্বজনবর্ষের, সর্বজনের সাচার্চ্চ। ইবি: কবিরাক গোড়ারীর একতম শিক্ষান্তক ছিলেন। গৌড়নেশ হইতে স্বাগত জ্রীনিবাস স্বাচার্চ্চ, নরোভ্য দাস্টাকুর এবং প্রান্তানন্দ ঠাকুরও ইহার নিকটে ভক্তিশাস্ত্র অধ্যয়ন করেন। শ্রীকীব জ্রীনিবাস স্বাচার্চ্চাদির সঙ্গে গোড়ামিগ্রন্থ-সম্পন্ন বক্ষদেশে পার্চান। শ্রীনিবাস স্বাচার্চ্চাদির সঙ্গে গোড়ামিগ্রন্থ-সম্পন্ন বক্ষদেশে পার্চান। শ্রীনিবাস স্বাচার্চ্চা ক্ষিতিন, কমেকথানি পরে ভক্তিরভাকরে উদ্ধৃত হইয়াছে।

শীক্ষীৰ গোৰাষী অনেক গ্রন্থ প্রণন্ধন করিয়াছিলেন। কয়েকথানি গ্রন্থের নাম এ-ছলে। লিখিত হইতেছে;—
হরিনামায়ত ব্যাকরণ, স্ত্র্যালিকা, ধাতুসংগ্রহ, ক্লার্চনদীপিকা, গোপালবিক্ষাবলী, রমায়তশেষ, শীক্ষাব্যহেশংপর;
শীসম্মকর্মক্রম, গোপালচম্পু (পূর্ব্বচম্পু ও উত্তরচম্পু), গোপালতাপনী-টীকা, ব্রহ্মসংহিতা-টীকা, ভক্তিরলায়ত্তিম্নু-টীকা,
শীক্ষালনীলমণি-টীকা, যোগদার-ভব-চীকা, অয়িপুরাপন্থ-গায়্মনী বিবৃতি, পদাপুরাণোক্ত শীক্ষাপদচিক্ষ, শীরাধিকা-কর্মচরণ চিহ্ন, শীমদ্ভাগবতের ক্রমসন্দর্ভ-টীকা, ভাগবত-সন্দর্ভ (বা ষ্ট্রসন্দর্ভ-তব্যসন্দর্ভ, পরমাত্ম-সন্দর্ভ, ভগবৎ-সন্দর্ভ,
শীক্ষমসন্দর্ভ, ভক্তিসন্দর্ভ ও প্রীতিসন্দর্ভ), সর্বসন্থাদিনী (ষ্ট্রসন্দর্ভের পরিপুরক পরিশিষ্ট) ইড্যাদি।

শ্রীশ্রীটেতগুচরিতায়ত রচনা করার নিমিত্ত কুলাবনবাসী যে-সকল ভক্ত-বৈশ্বব কবিরাজগোস্থামী তাঁহাদের নাম শীর গ্রন্থে উল্লেখ করিয়াছেন; ইহাদের মধ্যে শ্রীশ্রীবের নাম দৃষ্ট হয় না। এই গ্রন্থ প্রথমনের আরম্ভে তিনি তাঁহার একতম শিক্ষাগুক্ত শ্রীজীবের আদেশ ও আশীর্ষাদ প্রার্থনা করিয়াছেন বলিয়াও শ্রীগ্রের কোন স্থল, হইতে জানা যায় যার না। স্থতরাং শ্রীটেতগ্রন্তরিতামৃত লিখনারম্ভের সময়ে শ্রীজীবগোস্থামী প্রকট ছিলেন কিনা, তাহা নিশ্চিতরূপ জানা যার না। শ্রীনিকাস আচার্য্যের সঙ্গে শ্রীজীব যে-সমরে গোস্থামিগ্রন্থ গোড়ে পাঠাইয়াছিলেন, তাহারও কয়েক বংসর পরেই যে শ্রীশ্রীটেতগ্রন্তরিতামৃতের লিখন আরম্ভ হয়, ভূমিকার "শ্রীশ্রীটেতগ্রন্তনিয়াহতর সমাপ্তিকাল"-শার্বক প্রবন্ধ তাহা দেখান হইয়াছে।

শ্রীধর (শ্রীধর পণ্ডিত, খোলাবেচা শ্রীধর)। ব্রজের কুন্থমাসব স্থা বা মধুমঙ্গলা। খাদশপোপালের একতম। ব্রাহ্মগক্লে আবিভূতি। নবদীপবাসী। ব্যবহারিক ভাবে নিজান্ত দরিদ্র; ভক্তিধনে মহাধনী। খোড়, মোচা, কলা, কলার পাতা এবং কলার খোলা বিক্রয় করিয়া জীবিকা নির্কাহ করিতেন। প্রতিদিন যাহা উপার্জন হইত, ভাহার অর্জেক গঙ্গাপুজায় দিতেন, আন্ব অর্জেক নিজের জীবিকানির্কাহের জন্ত ব্যয় করিতেন। তিনি "খোলা বেচা শ্রীধর" নামেই পরিচিত ছিলেন। তিনি ছিলেন "এক কথার লোক"। যে-দ্রব্যের মূল্য যাহা বলিয়া দিতেন; তাহার কমে কাহাকেও কোন জিনিস দিতেন না। নিমাই পণ্ডিত ইহা লইয়া তাহার সহিত কোনল করিতেন; তিনি শ্রীধরকে অর্জেক মূল্য দিতেন। তারপর লাগিয়া যাইত জিনিস লইয়া কাড়াকাড়ি। শ্রীধর শেষে বলিলেন—"ঠাকুর, যাহা বলিয়াছি, সেই মূল্যই তোষাকে দিতে হইবে। আমি বরং ত্যোমাকে প্রত্যহ একথণ্ড খোড় এবং একটা খোলার ভোঙ্গা বিনামূল্যে অতিরিক্ত দিব। কিন্তু আমার সঙ্গে কোন্দল করিও না।" তথন নিমাই পণ্ডিত বলিলেন—"বেশ, এই তোলকক্ষা। তবে আর বিবাদ কি ?"

নগরকীর্ত্তনে বাছির হইয়া প্রভু শ্রীধরের গৃহে গিয়াছেন। ভাঙ্গা ষর; চালে ছানিও নাই। বাহিরে একটা ভাঙ্গা লোছার জলপাত্ত পড়িয়া আছে। প্রভু তাছা লইয়াই জল পান করিলেন; বলিলেন—"আজ আমার দেহ শুদ্ধ হইল; শ্রীধরের জলপানে বিষ্ণুভজি হইবে।"

মহাপ্রকাশের সময় প্রাভূ শ্রীধরকে ডাকিবার আদেশ করিলেন। কয়েকজন ভক্ত ছুটিলেন। অর্জপথে গিরা ডনিলেন শ্রীধরকর্ত্ক উচ্চস্বরে কীর্ত্তিত রুজনাম। শব্দ লক্ষ্য করিয়া ভক্তপণ শ্রীধরের গৃহে যাইয়া প্রভূব আদেশের কথা কলিলেন; ভনিয়াই শ্রীধর প্রেমে মূর্চ্ছিত। ভক্তপণ ধরাধরি করিয়া তাঁহাকে প্রভূব নিকটে লইয়া আদিলেন। "আইস, আইস" বলিয়া প্রভূ ডাকিতে লাগিলেন; আরু বলিলেন—"শ্রীধর, তুমি আমার বিস্তর্জ আরাধনা করিয়াছ; আমার কেন্দ্রা অভিবাহিত করিয়াছ, এ-জরেও আমার বছ লেনা করিয়াছ; তোহার দেওয়া খোলাতে আমি

ন ভা আহার করি।" ভারপর প্রভূ বলিলেন—"শ্রীধর, আমার রূপ দেখ।" শ্রীধর দেখিলেন—ভারপুলর বংশীবদন, ক্লিনে বলরাম, করলা হাতে তাদ্ ল দিতেছেন; অনস্তদেব যন্তকে ফণাছত্র ধারণ করিয়াছেন; চতুর্ম্প, পঞ্মুখ, নারদ-শুক-দনকাদি ভতি করিতেছেন; পরমান্ধলরী কিশোরীগণ চতুর্দিকে যোড়হন্তে স্তব করিতেছেন। দেখিরা শ্রীধর বিশ্বিত হইমা অচেতনপ্রায় মাটাতে পড়িয়া গেলেন। প্রভূ বলিলেন—"উঠ উঠ শ্রীধর। আমার স্তব কর।" শ্রীধর উঠিয়া প্রভূবই কুণায় স্তব করিলেন। প্রভূ বলিলেন—"শ্রীধর বর চাও। তোমাকে আজ অস্ট্রদিন্ধি দিব।" শ্রীধর বিলিলে—"প্রভূ ক্লায়ে ভারতাইবা? থাকহ দিলিস্তে তুমি, আর না পারিবা।" প্রভূ বলিলেন—"শ্রীধর, তোমাকে এক মহারাজ্যের রাজা করিব।" শ্রীধর বলিলেন—"মৃঞি কিছুই না চাঙ। হেন কর প্রভূ যেন তোর নাম গাঙা।" প্রভূ বলিলেন—"শা শ্রীধর, তোমাকে বর চাইতে হইবে; আমার দর্শন ব্যর্থ হইতে পারে না।" তথন শ্রীধর বলিলেন—প্রভূ, যদি নিতান্তই না ছাড়িবে, তবে "প্রভূ, দেহ এই বর॥ যে রাহ্মণ কাড়ি নিল মোর খোলাপাত। দে ব্রাহ্মণ ইউক মোর জন্ম জন্ম নাথ। যে ব্রাহ্মণ মোর সঙ্গে করিল কোনল। মোর প্রভূ হউক ভার চরণ মুগল।" বলিতে বলিতে শ্রীধর উর্ধবাহ হইয়া উচ্চস্বরে কান্দিতে লাগিলেন। প্রভূ বলিলেন—"শ্রীধর, আমার তুমি দাস। এতেকে ক্ষেথিলে তুমি আমার প্রকাশ। এতেকে তোমার মতিভেদ না হইল। বেদগোপ্য ভক্তিযোগ ভোরে আমি দিল।" ভাগ্যবান শ্রীধর ক্রতার্থ হইলেন।

নবদ্বীপলীলায় শ্রীধর প্রভুর দল্পতিনেও যোগ দিতেন। প্রভুর দর্শনের জন্ম তিনি নীলাচলেও যাইতেন।

শ্রীবাস পণ্ডিত। পূর্বের নারদ। শ্রীহটে রান্ধণকূলে আবিভূত। পরে নবধীপে আদিয়া বাস করেন। প্রভূব সন্ধ্যাস-গ্রহণের পরে ক্মারহটে আদিয়া বাস করেন। ইহারা ছিলেন চারি সহাদর—শ্রীবাস, শ্রীরাম, শ্রীপতি ও শ্রীনিধি। "চৈতত্তের অবশেষপাত্র"-নারায়ণীদেবী ছিলেন শ্রীবাসের প্রাতৃশ্রী। শ্রীবাসের গৃহিণী ছিলেন মালিনী দেবী—ব্রজের ভাষ্টারী থাত্রী অধিকা। প্রভূব আবির্ভাবের পূর্বের শ্রীবাসাদি শ্রীঅবৈতের সভায় কৃষ্ণকথা শুনিতেন। বাত্রিতে নিজগৃহে চারিভাই মিলিয়া উচ্চম্বরে হরিনাম কীর্তন করিতেন। তাহা শুনিয়া পাষণ্ডীগণের গাত্রদাহ হইত; কীর্ত্তনের গোলমালে ভাহাদের নাকি নিপ্রাভঙ্গ হইতে ৷ শ্রীবাসের ঘর ভাঙ্গিয়া গঙ্গায় ফেলিয়া দিতে এবং শ্রীবাসকে নবখীপ হইতে তাড়াইয়া দিতেও পাধণ্ডীগণ সন্ধন্ন করিত। জীবের হহিন্ম্পতা দেখিয়া তৎকালীন অন্তান্ত বৈষ্ণবের লায় শ্রীবাসেরও হৃদয় যেন বিদীণ হইয়া যাইত।

প্রভুর আবির্ভাবের পরে, প্রভুর অপরূপ সৌন্দর্য্য এবং অসাধারণ পাণ্ডিত্য দেখিয়া শ্রীবাসাদি ভাবিতেন—"নিমাই পণ্ডিত যদি বৈষ্ণৱ হইত, কত হথের বিষয় হইত"। একদিন পড়ুমাদের সঙ্গে প্রভু আসিতেছেন, পথে শ্রীবাসের সঙ্গে দেখা। প্রভু শ্রীবাসকে নমস্কার করিলেন; শ্রীবাস "চিরজীবী হও" বলিয়া আশীর্কাদ করিলেন। শ্রীবাস হাসিতে হাসিতে বলিলেন—"কতি চলিয়াছ উদ্ধতের চূড়ামণি? ক্লফ না ভজিয়া কাল কি কার্য্যে গোঙাও। রাত্রিদিন নিরবধি কেনে বা পড়াও। পড়ে কেনে লোক?—ক্লফভক্তি জানিবারে। সে যদি নহিল, তবে বিহায় কি করে। এতেকে সর্বাদা ব্যর্থ না গোঙাও কাল। পড়িলাত' এবে কৃষ্ণ ভজহ সকাল।" প্রভুও হাসিতে হাসিতে বলিলেন—"শুনহ পণ্ডিত। তোমার ক্লণায় সেহো হইবে মিন্চিত।"

গন্ধা হইতে প্রত্যাবর্ত্তনের পরে প্রভূর মধ্যে প্রেমবিকার দর্শন করিয়া শচীমাতা মনে করিয়াছিলেন—নিমাইর বায়্বাগি জিয়িয়াছে। সে-সময় শ্রীবাস একদিন প্রভূকে দেখিতে গেলেন ; "দেখিয়া শ্রীনিবাস মনে গণে। মহাভক্তিযোগ, বায়্ বলে কোন্ জনে॥" প্রভূ তাঁহাকে জিজাসা করিলেন—"কি বৃঝ পণ্ডিত ? আমার কি সতাই বায়ুরোগ হইরাছে ?" শ্রীবাস হাসিয়া বলিলেন—"ভাল বাই। তোমার যেমত বাই, তাহা আমি চাই॥ মহাভক্তিযোগ দেখি তোমার শরীরে। শ্রীকৃঞ্চের অন্তগ্রহ হইল তোমারে॥" শুনিয়া প্রভূ শ্রীবাসকে আলিঙ্গন করিয়া বলিলেন—"শুঞ্জিও যদি বলিতে যে আমার বায়ুরোগ হইয়াছে, আমি আজ গঙ্গায় প্রবেশ করিতাম।" শ্রীবাস বলিলেন—"যে জোমার ভক্তিযোগ। ব্রজা-শিব-নারদাদি বাশুয়ে এ-ভোগ॥ সবে মিলি এক ঠাই করিব কীর্ত্তন। যে-তে কেনে বাংবাকুক পাষ্থী শাসীগণ॥"

সন্ন্যাসের পূর্বপর্যন্ত একবংসর কাল প্রভু অন্তর্গ ভক্তদের লইয়া খারে কণাট দিয়া প্রীবাদ-অঙ্গনে কীর্তন করিয়াছেন। শ্রীবাদ-অঙ্গনেই প্রভু অনেক অনেক ঐশ্বর্য প্রকাশ করিয়াছেন। শ্রীবাসের বস্ত্র দেলাই করিত এক ধবন দরজী; তাহাকেও প্রভু প্রেম দান করিয়াছেন। শ্রীবাসের দাসদাসী সকলেই প্রভুৱ রূপা লাভ করিয়া রুতার্থ হইয়াছেন। শ্রীবাসের ভাতুপুশ্রী নারায়ণী দেবীর প্রতি প্রভুর রূপার কথা তো সর্বজন-বিদিত।

একদিন শ্রীবাসপণ্ডিত ঠাকুরঘরে ধ্যানময়। এমন সময় ভাবাবেশে প্রভু আসিয়া ঘরের ত্য়ারে প্নাপুনঃ লাখি মারিয়া ছয়ার দিয়া রলিলেন—"কাহারে প্জিস্, করিস কার ধ্যান। যাঁহারে প্জিস্, তাঁরে দেখ্ বিভমান॥" শ্রীবাসরে ধ্যানভঙ্গ হইল; দেখিলেন—প্রভু বীরাসনে বসিয়া আছেন, শঙ্খ-চক্র-গদাপদ্মধারী চতুভু জরপে। শ্রীবাস স্তবস্তুতি করিলেন। সপরিজনে প্রভুর পূজা করিয়া ক্লতার্থ হইলেন।

সাতপ্রহরীয়া ভাবের লীলায় শ্রীবাসের গৃহেই ভক্তবৃন্দ প্রভুর অভিবেক করিয়াছিলেন। সেই সময়ে শ্রীবাসের দাসদাসীগণও অভিবেকের জন্ম জানিয়াছিলেন। শ্রীবাসের এক দাসী ছিল—নাম তুঃথী; তাহার ভক্তিযোগ দেখিয়া প্রভু তাহার নাম রাখিয়াছিলেন "স্থী।"

শ্রীবাসপত্তিত সপরিজনে প্রভুর দর্শনের জন্ম প্রতি বংসরেই নীলাচলে ঘাইতেন এবং স্বগৃহে প্রভুকে ভিক্ষা করাইতেন। নীলাচল হইতে গোড়ে আসিবার সময়ে প্রভু শ্রীবাসের কুমারহট্টের গৃহেও পদার্পণ করিয়াছিলেন।

মূলগ্রন্থের বিষয়-স্চীতে "শ্রীবাসপণ্ডিত-প্রসঙ্গ" দ্রষ্টবা।

এরিপারোমা। ব্রন্থলীলার এরিপমঞ্জরী। ভরমাজ-গোত্রীয় যজুর্বেদীয় ব্রাহ্মণবংশে আবিভূতি। পিতা —কুমারদেব। ("শ্রীঙ্গীবগোস্বামী"-পরিচয় বংশ পরিচয় স্রষ্টব্য)। গোড়েশ্বর হুদেনসাহের অধীনে চাকুরী করিতেন। গৌড়েশ্বরদত্ত নাম ছিল দবীরখাদ। রামকেলিতে প্রভুর সহিত প্রথম মিলন। তাহার পরে ঐতিচতস্তরণ-প্রাপ্তির উদ্দেশ্তে কৃষ্ণমন্ত্রের পুরশ্চরণ করেন; পরে অস্থাবর সম্পত্তি লইয়া নৌকাযোগে কনিষ্ঠ সহোদর অমুপমের সঙ্গে পৈতৃক বাড়ী বাক্লাচন্দ্রবীপে গমন করেন। নীলাচল হইতে প্রভুর বৃন্দাবন-গমনের সংবাদ পাইয়া প্রভুর সহিত মিলনের উদ্দেশ্যে অমুপমের সহিত গৃহত্যাগ করেন। প্রভুর বৃন্দাবন হইতে প্রত্যাবর্তনের পথে প্রয়াগে প্রভুর সহিত মিলিত হয়েন এবং প্রভুর সঙ্গে আড়েল গ্রামে বল্লভভট্টের গৃহেও গিয়াছিলেন। প্রয়াগে প্রভু তাঁহাকে দশ দিন পর্যান্ত নানা বিষয়ক তব্ব শিক্ষা দিয়া ভক্তিগ্রন্থ-প্রণয়নের উদ্দেশ্যে তাঁহাতে শক্তি-সঞ্চার করিয়া তাঁহাকে বুন্দাবনে যাইয়া লুপ্ততীর্থাদির উদ্ধার করিতে আদেশ করেন। শ্রীরূপ তদমুশারে বুন্দাবনে গমন করেন এবং স্থবুদ্ধিরায়ের সঙ্গে বনভ্রমণ করেন। মাসেক বুন্দাবনে থাকিয়া নীলাচলে প্রভুৱ সঙ্গে মিলনের আশায় অমুপমের সহিত বুন্দাবন ত্যাগ করেন; গৌড়ে আসিলে অত্নপমের গঞ্চালাভ হয়। এক্রপ রথযাত্রার পূর্ব্বেই নীলাচলে যাইয়া হরিদাস ঠাকুরের বাসায় অবস্থান করেন। সে-স্থানেই প্রভুব সহিত মিলন হয়। বুন্দাবনে থাকিতেই কুফুনীলা-নাটক-রচনার সম্ভন্ন করিয়া কিছু কিছু লিথিয়া কড়চাকারে রক্ষা করিতেছিলেন। ব্রঞ্জলীলা ও পুরলীলা একসঙ্গে লেখারই তাঁহার ইচ্ছা ছিল। পথিমধ্যে मठा जामार करी व स्थापित वर नी नाहत अज़ मार्का पारित इंड जी ना निधित बाद करदन। নীলাচলে থাকিতে ছই নাটকের (ব্রজ্ঞলীলা-নাটক বিদগ্ধমাধব এবং পুরলীলা-নাটক বিদ্ধা মাধ্বের) ঘাহা কিছ লিখিত হইয়াছিল, স্বরূপদামোদর ও রায়রামানলের সঙ্গে প্রভু তাহা আস্বাদন করেন। শ্রীরূপের সিদ্ধান্ত এবং বর্ণনার সারস্ত দেখিয়া রায়রামানন্দ ও স্বরূপদামোদর তাঁহার ভূয়সী প্রশংসা করেন। রসশান্ত প্রকটনের উদ্দেশ্তে প্রভু তাঁহাতে পুনরায় শক্তিসঞ্চার করেন এবং স্বীয়-পার্যদ ভক্তগণের নিকটেও শ্রীরপকে রূপা করার জন্ম প্রভু অহবোধ করেন। কয়েকমান নীলাচলে বাদ করিয়া শ্রীরূপ গৌড়দেশ হইয়া আবার রুলাবনে আদিয়া প্রভুর আদেশ অমুযায়ী কাজ করিতে থাকেন। প্রভুর শিক্ষার আদর্শে বছ গ্রন্থ প্রণয়ন করিয়া শ্রীরূপ গৌড়ীয় বৈঞ্ব-ধর্মের সাধন-ভৰ্মনের বীতি প্রচার করিয়াছেন। তাঁহার রচিত দকল গ্রন্থ এখন পর্যান্ত আবিষ্কৃত হইয়াছে কিনা বলা যায় না। ্ৰ হে-কমথানা আবিষ্কত হইগাছে, তন্মধ্যে—ভক্তিবসামৃতদিল্প, উজ্জল-নীলমণি, লণুভাগবতামৃত, বিদ্ধমাধ্ব, ললিড-

মাধ্ব, দানকেলিকোম্দী, গুবমালা, শ্রীবাধাক্ষকগণোদেশদীপিকা, মথ্রামাহাত্মা, উদ্ধবসন্দেশ, হংসদৃত, শ্রিক্ষক্ষর-তিথিবিধি, পত্থাবলী, আথ্যাতচন্দ্রিকা, নাটকচন্দ্রিকাদি সমধিক প্রসিদ্ধ। ইনি শ্রীল কৃষ্ণদাস কবিরাজগোস্বামীর একতম শিক্ষাগুরু ছিলেন। দাসগোস্বামী নীলাচল হইতে বৃন্দাবনে গেলে শ্রীরূপ ও শ্রীসনাতন তাঁহাকে নিজেদের তৃতীয় ভাই রূপে সে-স্থানে রাথিয়াছিলেন। মূলগ্রন্থের বিষয়স্চীতে "রূপগোস্বামি-প্রসঙ্গ" দ্রস্ট্রা।

্রিসমাভমশোবামী। এজলীলার রতিমঞ্জরী, নামভেদে লবঙ্গমঞ্জরী। ভরখাজ-গোত্রীয় যজুর্বেদী ব্রাহ্মণ-বংশে আবিভূতি। পিতা-কুমার দেব। গোড়েখর হুসেন শাহের প্রধান মন্ত্রী ছিলেন। গোড়েখরদক্ত নাম শাকর মল্লিক। ("এ জীবগোস্বামী"-পরিচয়ে বংশ-বিবরণ এইবা)। রামকেলিতে প্রভুর সহিত প্রথম মিলন হয়। তাছার পরে সংহাদর শ্রীরূপের সহিত বিষয়ত্যাগের উপায় চিস্তা করেন এবং শ্রীচৈতগ্রচরণ-প্রাপ্তির আশায় রুষ্ণমন্ত্রের পুরশ্চরণ করেন। শীরূপ দেশে চলিয়া গেলেন; শীসনাতন রাজকার্য্যে না গিয়া অস্কৃত্তার ভান করিয়া গৃহে থাকিয়া প্তিতবর্গের সহিত শ্রীমদ্ভাগবত আলোচনা করিতে থাকেন। রাজা বৈল পাঠাইলেন; রাজবৈল স্নাতনকে দেশিয়া রাজার নিকটে জানাইলেন,—সনাতনের কোনও অস্বথ নাই। তথন গোড়েশ্বর হুসেন দাহ নিজেই একদিন সনাতনের গৃহে আসিয়া তাঁহাকে কার্য্যে যোগ দেওয়ার জন্ম অন্থরোধ করিলেন। সনাতন অস্বীকার করায় **জুদ্ধ** • ছইয়া রাজা তাঁহাকে বন্দী করিলেন। তথন উড়িয়ার সঙ্গে হুসেন সাহের যুদ্ধ চলিতেছিল। যুদ্ধযাত্রার পূর্বেও ছসেন সাহ আর একবার সনাতনের নিকটে আসিয়া তাঁহার সঙ্গে যুদ্ধে যাওয়ার জন্ত সনাতনকে বলিলেন। সনাতন সম্মত না হওয়ায় রাজা তাঁহাকে কারাগারে আবদ্ধ করিয়া যুদ্ধে গেলেন। শ্রীরূপ বুন্দাবন-গ্মনের সময় সনাতনের নিকটে এক পত্রে জানাইয়া গিয়াছিলেন—গোড়ে মুদীর ঘরে দশ হাজার টাকা গচ্ছিত আছে; সেই টাকার সাহায্যে কারাগার হইতে বাহির হইয়া সনাতন যেন বৃন্দাবন-যাত্রা করেন। সনাতন কারারক্ষীকে উৎকোচ দিয়া কারাগার হইতে পলায়ন করিয়া বুন্দাবন্যাত্রা করিলেন। পলাতক রাজবন্দী বলিয়া ধরা পড়িবার ভয়ে গড়িছার-পথে না গিয়া সনাতন অন্তপথে গেলেন এবং এক ভৌমিকের সাহায্যে বিপদসঙ্কুল পাতড়া-পর্ব্বত পার হইয়া কাশীর দিকে রওয়ানা হইলেন। পথে হাজিপুরে তাঁহার ভগিনীপতি শ্রীকান্তের সহিত সাক্ষাৎ হয়; শ্রীকান্ত অনেক চেষ্টা করিয়া একথানি ভোটকম্বল গ্রহণ করিবার জন্ম দনাতনকে দশ্মত করাইলেন। কাশীতে আদিয়া তিনি শুনিলেন—প্রভু বুন্দাবন হইতে কাশীতে আসিয়াছেন। চন্দ্রশেখর বৈজের গৃহে প্রভুর সহিত মিলন হইল। সনাতনের সঙ্গে ছিল একথানি মাত্র পরিধেয় বস্তা। স্নানের পরে চন্দ্রশেখর তাঁগাকে একখানা নৃতন বস্ত্র দিলেন, সনাতন তাহা গ্রহণ করিলেন না। প্রভুর সঙ্গে তপনমিশ্রের গৃহে আহার করিতে গেলে মিশ্র তাঁহাকে একখানা নৃতন বস্ত্র দিলেন; তিনি গ্রহণ না করিয়া একথানা পুরাতন বন্ধ চাহিলেন। মিশ্র তাহা দিলেন: সনাতন তাহা ছিঁ ড়িয়া কৌপীন ও বহির্বাস করিলেন। তিনি বুঝিতে পারিলেন—প্রভু তাঁহার ভোটকদল পছন্দ করিতেছেন না। স্নানের ঘাটে ঘাইয়া এক গৌড়িয়াকে নিজের ভোট দিয়া তাঁহার একখানা চেঁড়া কাঁথা লইয়া আসিলেন, তাঁহার ত্যাগ দেথিয়া প্রভূ সম্ভই হইলেন। প্রভু ছুইমাস পর্যান্ত সনাতনকে শিক্ষা দিলেন এবং বুন্দাবনের লুপ্ততীর্থ উদ্ধার, বুন্দাবনে সেবা-প্রচারাদি করার এবং বৈষ্ণব স্বৃতি-প্রণয়নের জন্ম আদেশ করিয়া তাঁহাতে শক্তি-সঞ্চার করিয়া তাঁহাকে বৃন্দাবনে পাঠাইলেন। সনাতন বৃন্দা-বনে গেলেন; সে-স্থানে স্থবুদ্ধিরায়ের সঙ্গে মিল্ন হইল। শ্রীরূপের বৃন্দাবন-ত্যাগের পরে শ্রীসনাতন বৃন্দাবনে উপস্থিত হইয়াছিলেন। ছই জন ছই পথে চলিতেছিলেন; তাই তাঁহাদের দেখা-দাক্ষাৎ হয় নাই। বৃন্দাবনে কিছুকাল অপেকা করিয়া ঝরিথণ্ডের পথে সনাতন নীলাচলে আসেন। ঝারিথণ্ডের জলবায়ুর দোষে সনাতনের দেহে কণ্ডু দেখা দিল; কণু হইতে রস ক্ষরিত হইতেছিল। স্নাতনের নির্বেদ উপস্থিত হইল। তিনি সম্ম করিলেন— নীলাচলে যাইয়া প্রভুর চরণ দর্শন করিয়া জগরাথের রথচক্রের নীচে দেহপাত করিবেন; যেহেতু, এই দেহে ভঙ্কনও হইবে না, নীলাচলে জগলাথ-মন্দিরে যাইয়া জগলাথের দর্শনও করিতে পারিবেন না; প্রভু নাকি মন্দিরের নিকটে থাকেন, তাই প্রভুর নিকটে যাইতেও পারিবেন না; স্বতরাং এই দেহ রাখিয়া কি লাভ? সনাতন ভক্তি -- 4/44

হইতে উথিত দৈশ্যবশতঃ নিজেকে অম্পৃশ্য মনে করিতেন; তাই জগন্নাথের মন্দিরের নিকটে যাওয়ারও অযোগ্য বিদিয়া নিজেকে মনে করিতেন। যাহা হউক, সনাতন নীলাচলে আসিয়া হবিদাসঠাকুরের বাসায় গিয়া উঠিলেন; দেইখানেই থাকিতেন। সেইখানেই প্রভুর সহিত তাঁহার মিলন হইল। অন্তর্যামী প্রভু সনাতনের দেহত্যাগের সঙ্গ্রের কথা জানিয়া দেহত্যাগ করিতে তাঁহাকে নিষেধ করিলেন। সনাতনের আর এক তৃঃথ—প্রভু বলপ্র্কাক তাঁহাকে আলিঙ্গন করেন; তাহাতে তাঁহার কণ্ডুর রস প্রভুর অঙ্গে লাগে। জগদানন্দ পণ্ডিতের নিকটে তিনি তাঁহার তৃঃথের কথা জানাইলেন। জগদানন্দ বলিলেন—বংখারা দর্শন করিয়া তৃমি বৃন্দাবনে চলিয়া যাও। একথা ভনিয়া প্রভু জগদানন্দের প্রতি অতাস্ত কই হইলেন—বংখার্ক জ্ঞানর্ক সনাতনকে উপদেশ দিতে যাওয়ায় জগদানন্দ-কর্ত্বক সনাতনের মর্যাদা লক্ষন করা হইয়াছে বলিয়া। সনাতন তাহাতে আক্ষেপ করিয়া বলিলেন—"প্রভু, জগদানন্দের সোভাগ্যের এবং আমার তুর্ভাগ্যের কথা আজই জানিলাম। তুমি জগদানন্দকে অন্ধীয়জ্ঞানে তির্কার কর, আর গোরববৃদ্ধিতে আমাকে সন্মান কর।" প্রভু বলিলেন—"না সনাতন! মর্য্যাদা লক্ষন আমি সহ্ম করিতে পারি না। তোমাকে আমি আমার লাল্য জ্ঞান করি; লাল্যের অমেধ্য গায়ে লাগিলে লালকের ঘুণা জয়ে না।" প্রভু সনাতনকে আনিজন করিলেন। সনাতনের কণ্ডু-আদি তৎক্ষণাৎ দ্রীভৃত হইল, তাঁহারু দিব্য দেহ ইইল।

একদিন জৈটেমাসের প্রথর রোগ্রে প্রভু সনাতনকে পরীক্ষা করিয়াছিলেন। প্রভু যমেশর-টোটায় ভিক্ষা করিবেন; সনাতনকে আহ্বান করিলেন। জগলাথের সেবকদের স্পর্শভয়ে সনাতন মন্দিরের নিকটবর্তী ছায়াছয় সোজা পথে না গিয়া মধ্যাহ্-সময়ে তপ্তবাল্কাময় সমৃত্রতীরবর্তী পথে যমেশরে গেলেন। তাঁহার পায়ে ফোস্কা হইয়া ক্ষত হইয়াছিল। প্রভু ভাকিয়াছেন—তাহাতেই পরমানন্দে তিনি চলিয়া গিয়াছেন, ফোস্কা বা ক্ষতের কথা কিছুই জানিতে পারেন নাই। প্রভু যথন দেখাইয়া দিলেন, তথনই জানিতে পারিলেন।

নীলাচলে প্রভু নিজের সকল পার্থদের নিকটে সনাতনের জন্ম কপ। প্রার্থনা করিলেন। কয়েকমাস অবস্থান করিয়া প্রভুর আদেশে সনাতন রুলাবনে আসিয়া প্রভুর আদেশের অহুরূপ কার্য্যে সিপ্ত ইইলেন।

🕮 রূপ ও জ্রীসনাতনের বৈরাগ্য, দৈন্ত, ভজননিষ্ঠাদি ছিল অপরের পক্ষে বিশ্বয়োৎপাদক।

` শ্রীপাদ সনাতনগোস্বামী যে-সকল গ্রন্থ প্রথমন করিয়াছেন, তন্মধ্যে—বৃহদ্ভাগবতামৃত, শ্রীশ্রীহরিভক্তিবিলাসের টীকা, দশমচরিতাদি বিশেষ প্রসিদ্ধ। মূলগ্রন্থের বিষয়স্চীতে "সনাতনগোস্বামি-প্রস্ক" ত্তর।

সঞ্জয়। মৃকুক্ষসন্ধয়। নবৰীপবাদী আহ্মণ। প্রভূব ছাত্র। ইহার গৃহেই প্রভূব চতুস্পাঠী ছিল। ইহার পুত্রের নাম পুরুষোত্তম; তিনিও প্রভূব ছাত্র। মৃকুক্ষমন্ত্র নবৰীপে প্রভূব কীর্তনসঙ্গী ছিলেন; প্রভূব দর্শনের জন্ম তিনি নীলাচলেও যাইতেন।

সভ্যরাশ খান। কুলীন-গ্রামবাদী গুণরাজ্বানের পুত্র। নাম—লন্দ্রীনাথ বহু, উপাধি হইল সভ্যরাজ থান। মহাপ্রভুর অতি প্রিয়ভক্ত। রামানল বহু ইহারেই পুত্র। সভ্যরাজ থান ও রামানল বহুর প্রার্থনায় প্রভু ইহাদের নিকটে গৃহস্থবৈশ্বরে কর্ত্তব্য সহদ্ধে উপদেশ, এবং বৈশ্বব, বৈশ্ববতর ও বৈশ্ববত্যের সংজ্ঞা প্রকাশ করিয়াছিলেন। কুপা করিয়া প্রভু ইহাদিগকে পট্রভোরীর সেবাও দিয়াছিলেন। ("রামানলবহু" দ্রষ্টবা)।

সদালিৰ কৰিরাজ। নিত্যানন্দশাথাভূক্ত। ব্রজনীলার চন্দাবলী। বৈছবংশে আবিভূতি। পিতা—কংসারি সেন। পুত্র—পুরুষোত্তম দাস ("পুরুষোত্তমদাস" জইবা) এবং পৌত্রের নাম—কাছঠাকুর ("কাছঠাকুর" জইবা)। ইহারা চারিপুরুষ ধরিয়া গৌরপার্বদ।

সমাভনগোত্বামী। "শ্রীসনাতনগোত্বামী" ত্রইবা।

নার্বভৌষ ভট্টাচার্ব্য। পূর্ব্বে দেবলোকের বৃহস্পতি। ব্রাহ্মণকুলে আবিভূতি। পিতা নবৰীপবাসী মহেশব বিশাবদ। বিদ্যাবচস্পতি ছিলেন সার্বভৌমের প্রাতা। লোচনদাসের প্রীচৈতক্সমঙ্গল এবং ভক্তিরপ্রাকরের মতে সার্বভৌম ভট্টাচার্য্যের নাম ছিল—বাহ্মদেব; সার্ব্বভৌম তাঁহার উপাধি। সর্ব্বশান্ত্র—বিশেষতঃ ক্রায় ও বেদান্তে—ইহার বিশেষ পারদর্শিতা ছিল। কথিত আছে—ইনি মিথিলাতে ক্রায়শাত্র অধ্যয়ন করিয়াছিলেন। তৎকালে বাংলাদেশে নাকি ক্রায়শাত্র ছিল না। তিনি মিথিলা হইতে ক্রায়শাত্র নকল করিয়া আনিতে চাহিলেন; মিথিলার গোরব ক্র হইবে ভাবিয়া তত্রতা ক্রায়-চতুস্পাঠীর প্রধান অধ্যাপক পঞ্চধর মিশ্র নাকি তাঁহাকে ক্রায়শাত্র নকল করিতে দিলেন না। তথন বাহ্মদেব সার্বভৌম সমগ্র ক্রায়শাত্র কণ্ঠন্থ করিয়া দেশে আসেন এবং তথন হইতেই নাকি বাংলাদেশে ক্রায়ের চর্চা আরম্ভ হয়। কেহ কেহ এই কিন্তবন্ধীতে আন্থা ত্বাপন করিতে চাহেন না। তাঁহারা বলেন—খুটীয় নবম শতাব্দী হইতেই বাংলা দেশে ক্রায়ের চর্চা চলিতেছিল। "ক্রায়কন্দলীর" লেথক প্রীধ্বও নাকি বাংলার (রাঢ়ের) লোকই ছিলেন। আবার সার্ব্বভৌম ভট্টাচার্য্যের পিতা মহেশ্বর বিশারদও "প্রভাক্ষমণি-মাহেশ্বরী"-নামে ক্রায়গ্রন্থ "তব্যচিন্তামণির" এক টাকা লিথিয়াছিলেন। স্বতরাং সার্ব্বভৌমের পক্ষে মিথিলা হইতে ক্রায়শাত্র কণ্ঠন্থ বিয়া আনার কোনও প্রয়োজনই ছিল না।

কেহ কেহ বলেন— শ্রীমন্মহাপ্রভু নাকি নবধীপে সার্কভোমের ছাত্র ছিলেন। কিন্তু ইহার কোনও প্রমাণ পাওয়া যায় না। নীলাচলে প্রভুর সঙ্গে সার্কভোমের যথন মিলন হয়, তথন সার্কভোম প্রভুকে চিনিতে পারেন নাই; গোপীনাথ আচার্য্যের নিকটেই তিনি প্রভুর পরিচয় পাইয়াছিলেন এবং পরিচয় পাওয়ার পরে তিনি প্রভুকে বলিয়াছিলেন— "সহজেই পূজা তুমি, আবে ত সয়্যাম। অতএব হঙ তোমার আমি নিজদাম॥" ইহাতেই পরিচার ভাবে বুঝা য়ায়, প্রভু সার্কভোমের ছাত্র ছিলেন না। যদি ছাত্র হইতেন, তাহা হইলে সার্কভোমের পক্ষে তাহাকে ভূলিয়া যাওয়া সম্ভব নয়; কোনও কারণে ভূলিয়া গেলেও গোপীনাথ আচার্য্য যথন পরিচয় দিলেন, তথন তাঁহার সে-কথা মনে পড়িত এবং গোপীনাথ আচার্য্যকে তাহা বলিতেন।

ীম ভট্টাচার্য্য "সমাসবাদ"-নামে একথানি ভাষের গ্রন্থ এবং ভাষশাস্ত্র "তত্তচিস্তামণি"-গ্রন্থের "সারাবলী"-নামক একথানা টীকাও লিথিয়াছিলেন। তিনি লন্দ্রীধরকৃত "অবৈতমকরন্দ"-নামক গ্রন্থেরও একথানি টীকা লিথিয়াছিলেন।

সার্ব্বভৌম নবৰীপ হইতে নীলাচলে গিয়া স্পরিবারে বাস করেন। সে-স্থানে তিনি অবৈত্ববেদান্তের (মায়াবাদ ভাষ্মের) অধ্যাপনা করিতেন। তিনি বহু সন্মাণীরও "উপকর্জা" ছিলেন; তিনি ছিলেন মায়াবাদী। প্রভুব ভগবন্তা প্রথমে স্বীকার করিতেন না। ইহা লইয়া তাঁহার ভগিনীপতি গোপীনাথ আচার্য্যের সঙ্গে তাঁহার অনেক বাদাহ্বাদ হইয়াছিল। প্রভুব ভগবন্তা স্বীকার না করিলেও প্রথম দর্শনেই প্রভুব প্রতি তাঁহার একটা আকর্ষণ জন্মিয়াছিল এবং এই পরম-স্বন্দর তরুণ সন্মাণীর সন্মানধর্ম কিরুপে রক্ষা পাইতে পারে, ভজ্জ্য তিনি চিন্তিতও হইয়াছিলেন। তিনি সম্বন্ধ করিলেন—বেদান্ত পড়াইয়া এই ভরুণ সন্মাণীটকৈ তিনি "বৈর্ব্যা অবৈভ্যার্থণ প্রবেশ করাইবেন। একাদিক্রমে সাত দিন পর্যান্ত বেদান্ত পড়াইলেন। প্রভু বিদ্যা বিদ্যা ভনেন; একটী কথাও বলেন না। শেষে তিনি প্রভুকে বলিলেন—"তোমার মনের ভাব তো কিছুই বৃন্ধিতে পারিতেছি না। সাত দিন পর্যান্ত কেনান্ত ভনিলে, অথচ একটী কথাও বল না। তুমি বৃন্ধিতে পারিতেছ কিনা, তাহাও তো আমি বৃন্ধিতে পারিতেছি না।" তথন প্রভু বলিলেন—"তুমি বেদান্তর স্থ্র যাহা পড়িয়া যাও, তাহা আমি পরিষ্কার বৃন্ধিতে পারি। কিছু ভোমার ভাগ্য বৃন্ধিতে পারি না। আমার মনে ইইতেছে—তোমার ভাগ্য বেদান্তস্থ্যের অর্থকৈ প্রকাশিত নাক্রিয়া বরং আছোদিত করিয়া রাথিতেছে।" ভনিয়া সার্ধভৌম স্তন্তিত হইলেন। পরে বিচার আরম্ভ হইল। প্রভু স্ক্রের মুথার্থ বিবৃত্ত করিয়া শঙ্করাচার্য্যের গৌণার্থ খণ্ডন করিলেন। সার্বভৌম জনেক বিতর্ক তুলিলেন; প্রভুক্মন্ত খণ্ডন করিলেন। সার্বভৌম বিশ্বিত হইলেন। মায়াবাদ হইতে ভক্তিবাদের দিকে শার্বভৌমের মন

টিলিতে লাগিল। প্রান্থ ইউছাকে ষড় ভূজরূপ দেখাইলেন। এবার সার্বভৌমের সমস্ত বিভাগর্ব চূর্ণ-বিচূর্থ ইইরা গেল; তিনি প্রভূর পদানত হইলেন, প্রেমগদ্গদ কণ্ঠে একশত শ্লোকে প্রভূব স্থতি করিলেন। অপরোক্ষ অন্তত্তব লাভ করিরা কদয়ের অন্তত্তক হইতে স্বীকার করিলেন—প্রাভূ স্বয়ংভগবান্ ব্রজেন্দ্র-নন্দন। তদবধি তিনি হইরা পড়িলেন প্রভূর একাস্থ ভক্ত।

একদিন অতি প্রত্যুবে দার্কভৌম সবেমাত্র শ্যাত্যাগ করিতেছেন, এমন সময়ে প্রভু আদিয়া তাঁছার হাতে মহাপ্রদাদ দিলেন; দার্কভৌম তৎক্ষণাৎ তাহা গ্রহণ করিয়া ভোজন করিলেন—যদিও তথনও তাঁহার বাসিম্থ পর্যান্ত ধোয়া হয় নাই। প্রভু বলিলেন—"তোমার প্রতি শ্রীক্লঞ্চের পূর্ণক্লপা হইয়াছে; তাহাতেই মহাপ্রদাদে তোমার বিশ্বাস জন্মিয়াছে, বেদধর্মাদি লক্ষ্মন করিয়াও তুমি প্রাপ্তি মাত্রে মহাপ্রসাদ ভোজন করিলে।"

সার্বভৌম নিয়মিত ভাবে প্রত্যেক মাদেই নিজের গৃহেই নিমন্ত্রণ করিয়া বিবিধ উপচারে প্রভুকে ভিক্ষা দিতেন।
একদিন এই নিমন্ত্রণ উপলক্ষ্যেই সার্বভৌমের জামাতা অমোঘ প্রভুর একটু নিলা করিয়াছিলেন—"একেলা সন্ত্রাসী এত
খায়! এই অন্নে যে দশজন তৃপ্তিলাভ করিতে পারে ॥" গুনিয়া সার্বভৌম লাঠি লইয়া অমোঘকে তাড়া কুরিয়া
গেলেন। অমোঘ ভয়ে পলাইয়া গেলেন। সার্বভৌম জামাতার মৃত্যু কামনা করিলেন। সন্ত্রীক দেদিন উপবাসী
বহিলেন। রাত্রিতে অমোঘের বিস্থাচিকা হইল। প্রভুর রুপায় পরদিন অমোঘ বাঁচিয়া গেলেন এবং প্রভুর একাস্ক
ভক্ত হইয়া পভিলেন।

প্রভুব মহিমাস্থচক ত্ইটী শ্লোক এক তালপত্রে লিথিয়া সার্ব্বভৌম একদিন জগদানন্দ পণ্ডিতের সঙ্গে প্রভুব নিকটে পাঠাইয়াছিলেন। জগদানন্দের হাত হইতে তালপত্র নিয়া শ্লোক পড়িয়া মুকুন্দ ভাবিলেন—প্রভু এই শ্লোক ত্ইটী দেখিলেই ছিঁড়িয়া নষ্ট করিয়া ফেলিবেন। তাই মুকুন্দ তাহা দেওয়ালে লিথিয়া রাখিয়া তাহার পরে প্রভুব নিকটে দিলেন। প্রভু বাস্তবিকই শ্লোক ত্ইটী ছিঁড়িয়া ফেলিলেন। দেওয়ালের লেখা দেখিয়া ভক্তগণ তাহা কণ্ঠস্থ করিলেন। কবিরাজ গোস্বামী লিথিয়াছেন—এই শ্লোকছয় "দার্ব্বভৌমের কীর্ত্তি ঘোষে চক্কাবাভাকার॥"

রাজা প্রতাপরুত্রও সার্বভৌমকে অত্যস্ত শ্রদ্ধাভক্তি করিতেন; প্রভুর সহিত মিলনের উদ্দেশ্যে প্রতাপরুত্র সার্বভৌমেরও শরণাপন্ন হইয়াছিলেন।

মূলগ্রন্থের বিষয়-স্ফটাতে "দার্কভৌম-ভট্টাচার্ঘ্য-প্রদক্ত" ডাষ্টব্য । ২।৬।১৯৫ পয়ারে টীকাও ডাইব্য ।

স্থান কিবাৰ বিবাহ

করেন নাই।

ক্ষিত্র বিবাহ

করেন বাদ্ধ করেন প্রাপ্ত বিভাগ করেন বাদকে পর্যন্ত অবুসায় জলের হিলেন হিনাম দিতেন।

ক্ষিত্র কেনিও কোনও শিক্ত বনের বাদকে পর্যন্ত ধরিয়া আনিতা কানে হরিনাম দিতেন।

ইহার কোনও কোনও শিক্ত বনের বাদকে পর্যন্ত ধরিয়া আনিতা কানে হরিনাম দিতেন।

ইনি বিবাহ

করেন নাই।

স্বৃত্তিরায়। গোড়ে "অধিকারী" ছিলেন। তথন ছসেন-খা সৈয়দ তাঁহার অধীনে চাকুরী করিতেন। ইনি ছসেন-খাঁর উপবে একটা দীঘি থোদাইবার ভার দেন; কাজের ক্রটী পাইয়া ইনি ছসেন-খাঁকে চাবুক মারিয়াছিলেন; পরে ছসেন-খাঁ (ছসেন সাহ) গোড়ের রাজা হইলেন এবং স্বৃত্তিরায়কে "বহু বাড়াইয়াছিলেন"। ছসেন সাহের পত্নী হসেন সাহের অসে চাবুকের দাগ দেখিয়া কারণ জিজ্ঞাসা করিলে তিনি সমস্ত খুলিয়া বলিলেন। তথন ছসেন সাহের পত্নী স্বৃত্তিরায়কে মারিবার জন্ম পীড়াপীড়ি করিতে লাগিলেন; কিন্তু ছদেনসাহ বলিলেন—"স্বৃত্তিরায় আমার পালনকর্তা ছিলেন, আমার পিতৃতুলা; তাঁহাকে মারিতে পারিব না।" তথন তাঁহার জ্ঞী বলিলেন—"হাদি প্রাবে না পার, তাতা হইলে তাহার জাতি নষ্ট কর।" ছসেনসাহ বলিলেন—"জাতি নষ্ট করিলে স্বৃত্তিরায় বাঁচিয়া থাকিবেন না।" উভয় সহটে পড়িয়া স্বৃত্তিরায়ের মৃথে তিনি করেঁয়ার জল দেওয়াইলেন।

ভাষন অ্ৰুক্তিয়ায় কাশীতে আসিয়া পণ্ডিতদের নিকটে প্রায়ন্চিত্তের ব্যবস্থা চাহিলেন। পণ্ডিতদের মধ্যে কেছ কেছ তপ্তস্থত খাইরা প্রাণত্যাগের ব্যবস্থা দিলেন; আবার কেহ কেহ বলিলেন—"না, তপ্ত স্থত খাইয়া প্রাণত্যাগ সঙ্গত নছে; যেহেতু দোৰ অল্ল।" বায় কিছু স্থির করিতে পারিলেন না। এমন সময় মহাপ্রভু বৃন্দাবন যাওয়ার পথে কাশীতে আসিলেন। স্বৰ্দ্ধিরায় প্রভুর সহিতে সাক্ষাৎ করিয়া সমস্ত বিবরণ খুলিয়া বলিলেন এবং তাঁহার উপদেশ প্রার্থনা করিলেন। প্রভু তাঁহাকে বলিলেন--"তুমি বৃন্দাবনে যাও, নিরম্ভর ক্লফনাম কীর্ত্তন কর। এক নামাভাদেই তোমার পাপ দ্বীভূত হইবে; আর নাম হইতে রুঞ্চরণ প্রাপ্তি হইবে।" প্রভূর আদেশ পাইয়া স্ব্দিরায় প্রয়াগ ও অযোধ্যা হইয়া নৈমিষারণ্যে আদিয়া কিছুকাল অবস্থান করিলেন। এই সময়ের মধ্যে প্রভু বৃন্দাবন হইডে প্রবাবে আসিয়াছেন। রায় নৈমিধারণা হইতে মথ্রায় আসিয়া প্রভুর বৃন্দাবন-গমনের স্বাদ পাইলেন। মথ্রায় প্রভুর দর্শন না পাওয়াতে তিনি বড়ই হ:খিত হইলেন। যাহা হউক, তিনি মথুরাতে বাধ করিতে লাগিলেন। তিনি বন হইতে গুৰুকাৰ্চ সংগ্ৰহ করিয়া মণুরায় আনিয়া বিক্রয় করিতেন। এক এক বোঝা পাচ ছয় প্যসায় বিক্রয় হইত। নিজে এক পয়সার চানা থাইয়া জীবিকা নির্বাহ করিতেন; অবশিষ্ট পয়সা দোকানদারের নিকটে গচ্ছিত রাখিতেন; গক্ষিত পয়সা-ছারা তিনি "হু:খী বৈষ্ণব দেখি তাঁরে করান ভোজন। গোড়ীয়া আইলে দধি, ভাত, তৈল্মর্দন ॥" মহাপ্রভুর আদেশে শ্রীরূপগোম্বামী যথন মথুরামণ্ডলে আদিলেন, স্বৃদ্ধিরায় তাঁহার প্রতি বিশেষ প্রীতি দেখাইলেন. তাঁহাকে দক্ষে করিয়া খাদশ বন দর্শন করাইয়াছিলেন। একমাসমাত্র বুন্দাবনে থাকিয়া শ্রীরূপ যথন নীলাচলে প্রভুর সহিত মিলনের জন্ম বুন্দাবন হইতে চলিয়া আসিলেন, তথন সনাতন গোস্বামী বুন্দাবনে গিয়া স্কুবৃদ্ধি রায়ের সহিত মিলিত হইলেন। স্থবৃদ্ধিরায় সনাতনের প্রতিও বিশেষ স্নেহ ও প্রীতি দেখাইয়াছিলেন।

স্থ্যদাস সরখেল। পূর্বে বলরামকাস্তা রেবতীর পিতা করুনী। ব্রাহ্মণবংশে আবিভূতি। শ্রীপাট—
নবদীপের নিকটবর্তী শালিগ্রামে। "সরখেল" তাঁহার গোড়েখরদত্ত উপাধি। গোরীদাস পণ্ডিত ও ক্লফ্রদাস সরখেল
ইহার সহোদর। স্থ্যদাসের ছই কক্তা—বস্থা ও জাহুবা, দাপরের বলদেবকাস্তা বারুণী ও রেবতী। এই ছই
কক্তাকে শ্রীনিত্যানন্দপ্রভূব নিকটে বিবাহ দেওয়া হইয়াছিল।

चक्कणणात्माण्य । ব্রজনীলার বিশাখা; ধ্যানচক্রগোষামীর মতে ললিতা। ব্রাহ্মণকুলে আবিভূতি।
নবনীপনাসী। পূর্বনাম পূর্কষোস্তম আচার্য। বাল্যকাল হইডেই মহাপ্রভূব প্রতি অহ্বাগী। মহাপ্রভূ সন্মাস
গ্রহণ করিলে ইনি উন্মন্তের মত হইয়া কাশীতে গিয়া নিশ্চিন্তে ক্রফভজনের উদ্দেশ্যে চৈতন্তানন্দের নিকটে সন্মাস প্রহণ
করেন, কিন্তু যোগপার প্রহণ করিলেন না; তথন তাঁহার নাম হইল "ব্রর্ক"। তাঁহার গুরু চৈতন্তানন্দ বেদান্ত অধ্যয়ন
এবং অধ্যাপনের জন্ত তাঁহাকে আদেশ করিয়াছিলেন। কিন্তু প্রভূব বিরহে অধীর হইয়া গুরুর আদেশ নিয়া তিনি
নীলাচলে আসিয়া প্রভূব সহিত মিলিত হয়েন—প্রভূব দক্ষিণদেশ হইতে প্রত্যাবর্তনের পরে। তদবধি ইনি নীলাচলেই
ছিলেন, একবার কেবল নীলাচল ত্যাগ করিয়া প্রভূব সঙ্গে গৌড়ে আসিয়াছিলেন। ইনি ছিলেন মহাপণ্ডিড, ক্রফ-রসভত্ববেন্তা, প্রেমময়বিগ্রহ, মহাপ্রভূব বিতীয়-ব্ররপ। কাহারও সঙ্গে কথাবার্তা বিশেষ কিছু বিনতেন না; প্রায়
নির্দ্ধনেই থাকিতেন। প্রভূব মনের ভাব একমাত্র ইনিই জানিতেন। ভক্তিসিদ্ধান্ত-বিক্রম বা রসাভাসমূক্ত কোনও
কথা শুনিতে প্রভূব হৃথ হইতে না; তাই প্রভূ নিয়ম করিয়াছিলেন—কেহ কোনও গ্রন্থ, শ্লোক বা গীত রচনা করিয়া
প্রভূকে শুনাইবার জন্তা আনিলে আগে ব্রর্গদামোদ্র তাহা পরীক্ষা করিবেন। ইনি ছিলেন সন্ধীতে গন্ধর্বসম, শাম্রে
বৃহস্পতিভূল্য। প্রভূব ক্রফবিরহ-দশায় ইনি বিল্যাপতি, চণ্ডীদাস, গীতগোবিন্দের পদ কীর্তন করিয়া এবং ভাগবন্তের
স্থোক পড়িয়া প্রভূব আনন্দ বিধান এবং ভাবপুষ্ট সাধন করিতেন।

রঘুনাথ দাস যথন গৃহত্যাগ করিয়া নীলাচলে উপস্থিত হইয়াছিলেন, তথন প্রভু তাঁহাকে স্বরূপের হাতে অর্পণ করিয়া দিরাছিলেন। প্রভুর নিকটে রঘুনাথের বক্ষব্য কিছু থাকিলে স্বরূপদামোদরের ঘারাই তিনি তাহা প্রকাশ করাইতেন।

ইনি মহাপ্রভুর শেষ (মধ্য ও অস্তা) লীলা ক্তাকারে তাঁহার এক কড়চায় লিথিয়া রাখিয়াছিলেন। এই কড়চার নাম "স্বরূপদামোদরের কড়চা"। এই কড়চা অবলম্বনে কবিরাজগোন্ধামী তাঁহার প্রান্থে প্রভুর অনেক লীলা বর্ণন করিরাছেন। ছর্ভাগ্যবশতঃ এই কড়চা এখন পাওয়া যায় না। "স্বরূপদামোদরের কড়চা"-নামে বাজারে এখন যাহা পাওয়া যায়, তাহা কৃত্তিম, গোস্বামিশাস্ত্র-বিরোধী।

মহাপ্রভুর তিরোভাবের পরে ইনি অন্তর্জান প্রাপ্ত হয়েন। মূলগ্রাছের বিষয়স্কীতে "বরূপদামোদর-প্রসঙ্গ" স্তর্য।

ছরিদাস ঠাকুর। যশোহর জেলার বৃঢ়ন-প্রামে যবনক্লে আবিভূতি (৩।৩)>>-পয়ারের চীকা দ্রন্থা)। বৃঢ়ন ত্যাগ করিয়া ইনি বেণাপোলের অরণ্যথ্য নির্জ্জন কৃটারে কিছুকাল বাস করেন দে-স্থানে তিনি প্রতিদিন তিন লক্ষ্ণ হরিনাম করিতেন, তুলদীদেবা করিতেন; রাজ্ঞণের গৃহে ভিক্ষা নির্কাহ করিতেন। তিনি সকল লোকেরই বিশেষ শ্রুদার পাত্র ছিলেন; কিন্তু স্থানীয় ভূমাধিকারী রামচন্দ্রখানের তাহা সন্থ হইল না। তিনি হরিদাদের কৃৎসা রটনার উদ্দেশ্যে প্রথমত: তাঁহার দোবের অহসন্ধান করিতে লাগিলেন; কোনও দোব না পাইয়া দোবস্থির জন্ম একটী স্থানী যুবতী বেখাকে রাত্রিকালে হরিদাদের কৃটারে পাঠাইলেন। বেখা তাহার চিন্তাকর্ষক হাব-ভাবান্দির্ন্থানানাভাবে হরিদাদের মুদ্ধ করিতে পর পর তিনরাত্রি পর্যস্ত যথাসাধ্য চেন্তা করিল; কিন্তু তাহার সমস্ত চেন্তা ব্যর্থ হইল; শেষকালে হরিদাদের মহিমায় বেখাটীরই চিন্তের পরিবর্ত্তন সাধিত হইল, বেখা হরিদাদের চরণে পতিত হইয়া নিজের উদ্ধারের উপায় প্রার্থনা করিল। হরিদাদ তাহাকে হরিনাম কীর্তনের উপদেশ দিয়া বেণাপোল ত্যাগ করিলেন। হরিদাদের রূপায় সেই বেখাটী পরে পরমা বৈঞ্চবী হইয়াছিলেন। যাহা হউক, হরিদাস ঠাকুর বেণাপোল হইতে সপ্তর্থামের নিকটবর্তী চান্দপুরে আদিয়া হিরণ্যদাস-গোবর্দ্ধনদাদের পুরোহিত বলরাম আচার্য্যের গৃহে কিছুকাল অবস্থান করেন। রঘুনাথ তথন বালক, পাঠশালায় পড়িতেন। রঘুনাথ প্রাই হরিদাদের নিকটে আদিতেন; তিনি তথন হরিদাদের রূপা লাভ করেন। কবিরাজগোন্থামী লিথিয়াছেন—হরিদাস ঠাকুরের এই রূপাই পরে বঘুনাথের পক্ষে চৈতভাচরণ-প্রাপ্তির হেতু হইয়াছিল।

অনেক অম্বন্ধ-বিনয় করিয়া বলরাম আচার্য্য একদিন হরিদাসকে হিরণ্যদাস-গোবর্ধন-দাসের সভায় লইয়া গেলেন। সে-স্থানে পণ্ডিতসমাজ তাঁহার মুখে নামমহিমা শুনিবার ইচ্ছা প্রকাশ করিলে তিনি নামমহিমা-প্রকাশ করেন এবং এই প্রসঙ্গে বলিলেন—নামাভাগেই মুক্তিলাভ হইতে পারে। গোপাল চক্রবর্ত্তী নামে হিরণ্যদাস-গোবর্ধনদাসের এক আরিন্দার ইহা সহু ইইল না; চক্রবন্তী হরিদাসের প্রতি কটাক্ষ করিলেন এবং হরিদাসকে বলিলেন—যদি নামাভাগে মুক্তি না হয়, তাহা হইলে ভোমার নাক কাটিব। হরিদাস সম্মত হইলেন। ইহাতে সভাম্ব পণ্ডিতমগুলী চক্রবর্ত্তীর প্রতি অত্যন্ত বিরক্ত হইলেন, বলরাম আচার্য্য তাঁহাকে বিন্তর তিরন্ধার করিলেন, হিরণ্যদাস-গোবর্ধনদাস তাঁহাকে কর্মচ্যুত করিলেন। হরিদাসঠাকুর বলিলেন—"ইনি তর্কনিষ্ঠ; তাই—এ-সকল কথা বলিতেহেন। ইহার বিষয়ে আমার সম্বন্ধে আপনারা মনে কোনও কন্ত নিবেন না।" হরিদাস বলরাম আচার্য্যের গৃহে চলিয়া গেলেন। কিন্তু আশ্চর্য্যের বিষয়, তিন দিনের মধ্যে গোপাল চক্রবর্তীর কুর্চরোগ জনিল, হাতের আন্ত্র ক্রেকড়া হইয়া গেল এবং নাক থিনিয়া পড়িল। তাহাতে হরিদাস মনে অত্যন্ত হুংথ পাইয়া শান্তিপুরে চলিয়া আসেন। অইনতাচার্য্য তাঁহাকে অত্যন্ত আদরের সহিত স্থান দিলেন; তাঁহাকে তিনি প্রান্ধপাত্রন্ত থাওয়াইয়া-ছিলেন। প্রীকৃষ্ণর আবির্তাবের উদ্দেশ্যে অবৈহাচার্য্য যেমন প্রীকৃষ্ণপূজা করিয়াছিলেন, শান্তিপুরে অবন্ধানকালে হরিদাস ঠাকুরও ঐ একই উদ্দেশ্যে নাম সন্ধীর্তন করিয়াছিলেন।

বেণাণোলে অবস্থান-কালে রামচন্দ্রথানের প্রেরিত বেশা যেমন ছরিদাসকে প্রান্ত করার জন্ম ব্যর্থ চেষ্টা করিয়াছিল, শান্তিপুরে স্বয়ং মায়াদেবীও দিব্য রমণীর বেশে ঠিক তদ্রপ চেষ্টাই করিয়াছিলেন, কিন্ত ব্যর্থকামা ছইয়া শেষকালে ছরিদাসের নিকটে নাম দীকা প্রার্থনা করিলেন।

ু **এই সময়ে তিনি শান্তিপুরেও থাকি**তেন; কথনও কথনও বা নিকটবর্ত্তী ফুলিয়াগ্রামেও থাকিতেন। গ্রহাম্মান করিতেন। উচ্চস্বরে "কৃষ্ণ কৃষ্ণ" বলিয়া নৃত্য-কীর্ত্তন, হাস্ত, রোদন, ছদ্মারাদি করিতেন। যবন কাজীর ইহা স্থ **ছইত না—যবন-সম্ভান হইয়া হিন্দুর ধর্ম আচ**রণ করে কেন হরিদাস ? কাজী গিয়া মূলুকপতির নিকটে **নালিশ** করিলেন এবং হরিদাসকে শাস্তি দেওয়ার জন্ত অহুরোধ করিলেন। মূলুকপতি হরিদাসকে ডাকাইলেন। হরিদাস গেলেন। • মূলুকপতি তাঁহাকে সাদরে ও সমানে গ্রহণ করিয়া বসিতে আসন দিলেন; পরে মিষ্ট কথায় স্বীয় শাস্ত্রের কথা জানাইয়া কুঞ্নাম ত্যাগ করার জন্ম হরিদাসকে বলিলেন। হরিদাসও তথন বলিলেন—"ঈশ্ব এক ; ভিন্ন ভিন্ন ধর্মাবলম্বী তাঁহাকে ভিন্ন ভিন্ন নামে ডাকে। ঈশ্বর যাহাকে যে-ভাবে প্রেরণা দেন, দেই লোক দেই ভাবেই বলে। আমাকে তিনি যে-ভাবে চালাইতেছেন, আমি সেই ভাবেই চলিতেছি।" শুনিয়া সকলে স্থী হইলেন; কিছ ছাষ্ট কাজী খুদী হইতে পারিলেন না; হরিদাদকে শাস্তি দেওয়ার জন্ম কাজী পুন: পুন: জেদ করিতে লাগিলেন। মুলুকপতি তথন আবার হরিদাসকে নাম ত্যাগ করিয়া কলমা পড়ার জন্ম কোমলে-কঠিনে বলিলেন। হরিদাস দৃঢ়তার সহিত বলিলেন—যদি আমার দেহ থও থওও করা হয়, তথাপি আমি হরিনাম ছাড়িব না।" কাজীর প্রব্যোচনায় মূলুকপতি তথন ছকুম করিলেন—বাইশ বাজারে নিয়া নিয়া কঠোর বেত্রাঘাতে হরিদাসকে হত্যা করিতে হটবে। মূলুকপতির পাইকগণ হরিদাসকে লইয়া গেল; একের পর এক—বাইশটী বাজারে তাঁহাকে খুব জোরের সহিত বেত্রাঘাত করিল। হরিদাস মরিলেন না; তাঁহার মুখেও হু:থের ছায়া প্রান্ত দেখা গেল না। প্রদারবদনে তিনি হরিনাম কীর্তন করিতেছেন, আর ভগবানের নিকটে প্রার্থনা করিতেছেন—তাঁহাকে প্রহার করিতেছে বলিয়া যবনদের যেন কোনও অমঙ্গল না হয়। তথন পাইকগণ বিশ্বিত হইল; যে-ভাবে তাহারা বেত্রাঘাত করিতেছে, তাহাতে তিন চারি বাজারের আঘাতেই অতি শক্ত লোকও মরিয়া যায়; আর এই হরিদাস বাইশটী বাজারে আঘাত পাইরাও এমন স্থপ্রসর! তাহারা হরিদাসকে বলিল—"ঠাকুর, তুমি তো মরিলে না; কিন্তু আমাদের মরণ নিশ্চিত; তোমাকে মারিতে পারিলাম না বলিয়া মূলুকপতি আমাদিগকে মারিয়া ফেলিবেন।" হরিদাস অম্লানবদনে বলিলেন—"আচ্ছা, তাহা হইলে আমি মরিতেছি।" তিনি তৎক্ষণাৎ শ্রীক্লফচরণ চিন্তা করিয়া ধ্যানস্থ हहेलन: निविष् धान, चाम नाहे, अचाम नाहे, छेम्ब्र-म्बलन नाहे; ठिक एवन मूछ। शाहेरकता ध्वाधित করিয়া তাঁহাকে মূলুকপতির নিকটে লইয়া গেল। মূলুকপতি কবর দেওয়ার হুকুম দিলেন; কিন্তু দেই কাজী বলিলেন—"না, কবর দিলে এই স্বধর্মবিরোধী লোকটী উদ্ধার পাইয়া ঘাইবে; উহাকে জলে ভাসাইয়া দেওয়া হউক; যেন চিরকাল কষ্ট পায়।" মূলুকপতি তদ্মুরূপ তরুম দিলেন। পাইকগণ হরিদাসকে লইয়া চলিল; হরিদাস উঠিয়া বদিল—কিন্তু দৃশ্রতঃ তথনও মৃত। তাঁহাকে মৃত জ্ঞানে গঙ্গায় ফেলিয়া দেওয়া হইল। কতক্ষণ পরে ছরিদাদের ধ্যানভক হইল: তিনি গঙ্গা হইতে উঠিয়া আদিলেন। মূলুকপতি বিশ্বিত হইয়া ওাঁহাকে যথোচিত সন্মান করিলেন। যিনি নামের আশ্রয় গ্রহণ করেন, শ্রীনামই তাঁহাকে রক্ষা করেন। নাম ও নামী যে অভিন্ন।

কিছুকাল পরে বৈষ্ণব-দর্শনের অভিপ্রায়ে হরিদাস নবদ্বীপে আসিলেন। হরিদাসকে পাইয়া তংকালীন নবদীপবাসী বৈষ্ণবর্গণ প্রমানন্দ প্রাপ্ত হইলেন।

হরিদাস ছিলেন নবখীপে মহাপ্রভুর কীর্ত্তনসঙ্গী। কাজী-দলনের দিনেও নগরকীর্ত্তনে হরিদাস ছিলেন অগ্রবর্ত্তী প্রথম সম্প্রদায়ে। প্রভুর আদেশে শ্রীনিত্যানন্দের সঙ্গে হরিদাস নবখীপের সর্ব্বত্র ক্ষণনাম প্রচার করিয়াছিলেন এবং জগাই-মাধাই কর্ত্বত্র আক্রান্ত হইয়াছিলেন। প্রভুকর্ত্বক কৃষ্ণলীলার অভিনয়ে হরিদাস হইয়াছিলেন বৈকৃষ্ঠের কোটাল।

সন্ন্যাস-গ্রহণান্তে প্রভু যথন কাটোয়া হইতে শান্তিপুরে আসিয়াছিলেন, তথন শ্রীঅবৈতাচার্য্যে গৃহে প্রভুর পহিত ছরিদানের মিলন হইয়াছিল; প্রভুর সহিত একত্রে ভিক্ষা গ্রহণের জন্ত প্রভু তাঁহাকে আহ্বানও জানাইয়া ছিলেন। প্রভূ যখন নীলাচল যাত্রা করেন, তখন হরিদাস কাঁদিতে কাঁদিতে বলিলেন—"আমার কি গতি হইবে প্রভূ।" প্রভূব বিন্নাছিলেন—"তোমার জন্ম আমি নীলাচলচন্দ্রের চরণে প্রার্থনা জানাইব; তোমাকে নীলাচলে লইয়া হাইব।" প্রভূব দক্ষিণ দেশ হইতে প্রত্যাবর্তনের পরে গোড়ীয় ভক্তদের দঙ্গে হরিদাস নীলাচলে গমন করেন। গভীরার নিকটবর্ত্তী এক নিভ্ত উত্যানে প্রভূ হরিদাসের বাসা ঠিক করিয়া দিলেন; প্রভূব আদেশে গোবিন্দ প্রতিদিন দে-মানে হরিদাসের জন্ম প্রসাদ দিয়া আসিতেন। প্রাত্তকালে জগন্নাথ দর্শন করিয়া প্রভূ প্রতাহ হরিদাসের সঙ্গে মিলিত হইতেন এবং জগন্নাথমন্দিরে যে প্রসাদ পাইতেন, হরিদাসকেও তাহা দিতেন। শ্রীরূপ গোম্বামী এবং তাহার পরে শ্রীদনাতন গোম্বামী যথন নীলাচলে গিয়াছিলেন, তথন তাঁহারাও হরিদাস ঠাকুরের সঙ্গেই থাকিতেন। প্রভূব সঙ্গে হরিদাস নীলাচল হইতে গৌড়েও আসিয়াছিলেন এবং প্রভূব সঙ্গেই আবার নীলাচলে ফিরিয়া গিয়াছিলেন।

শেষ সময়ে তিনি প্রভূব চরণে নিবেদন করিলেন—"প্রভূ, আমার মনে হইতেছে, তুমি শীব্রই লীলা অন্তর্ধান করিবে; আমাকে যেন তাহা দেখিতে না হয়। আমার ইচ্ছা—তোমার চরণদ্বয় হদয়ে ধারণ করিয়া, নয়নদ্বয় তোমার চক্রবদনে স্থাপন করিয়া, মুখে তোমার শীক্রফচৈততা নাম উচ্চারণ করিতে করিতে তোমার সাক্ষাতেই প্রাণত্যাপু কুরি। তোমার কপা হইলেই প্রভূ আমার এই ইচ্ছা পূর্ণ হইতে পারে।" ভক্তবংসল প্রভূ তাহা অঙ্গীকার করিলেন এবং প্রভূব পার্বদর্দের মুখে নামকীর্ত্তন শুনিতে শুনিতে সেইভাবেই হরিদাস নির্ঘান প্রাপ্ত হইলেন। প্রভূ হরিদাসের দেহ বক্ষে ধারণ করিয়া প্রেমাবেশে নৃত্য করিলেন। পরে পার্বদর্দের সহিত সমুদ্রতীরে তাঁহাকে সমাধিস্থ করিলেন—প্রভূ নিজেই দর্বাত্রে তাঁহাকে বালু দিলেন। পরে প্রভূ তাঁহার বিরহ-মহোৎসবও সম্পাদন করিয়াছিলেন।

নামসন্ধীর্তনের আচার এবং প্রচার—উভয়েরই হরিদাস ঠাকুর ছিলেন উজ্জ্বলতম দৃষ্টান্ত। প্রভুর প্রচারিত উচ্চদন্ধীর্তনের প্রভাবে যে স্থাবর-জঙ্গমাদি এবং নামাভাসের ফলে যে মেচ্ছ-যবনাদিও উদ্ধার প্রাপ্ত হইবে—হরিদাস ঠাকুরের মুখেই প্রভু এই তথ্যও প্রকাশ করাইয়াছিলেন।

তাঁহার নির্যানের পরে প্রভু নিজ মৃথেই বলিয়াছেন—"হরিদাসঠাকুর ছিলা পৃথিবীর শিরোমণি। তাঁহা বিনা রত্মশূত হইল মেদিনী॥" মৃল্গ্রন্থের বিষয়-স্চীতে "হরিদাসঠাকুর-প্রসঙ্গ দ্রপ্তবাঃ

গোরগণোদেশদীপিকা বলেন—ঋচীক মুনির পুত্র মহাতেজা বন্ধা প্রহ্লাদের সহিত মিলিত হইয়া হরিদাসঠাকুর্রপে আবিভূতি হইয়াছেন; ন্রারিগুপ্ত তাঁহার চৈতলচরিতামৃতে (কড়চায়) বলিয়াছেন যে, কোনও এক ম্নিকুমার তুলদীপত্র আহরণ করিয়া তাহা প্রকালিত না করিয়াই পিতার নিকটে দিয়াছিলেন বলিয়া পিতাকর্তৃক
অভিশপ্ত হইয়া যবনতা প্রাপ্ত হইয়া হরিদাসরূপে আবিভূতি হইয়াছেন।

স্থান-নদী-পর্ব্বতাদির পরিচয়

অক্রেরভীর্থ। মথ্রায়। বৃন্দাবন ও মথ্রার মধাস্থলে যম্নার একটা ঘাট। এই ঘাটে অক্রুর বৈক্ঠ দর্শন করিয়াছিলেন এবং ব্রজবাসী লোকগণ গোলোক দর্শন করিয়াছিলেন। মহাপ্রভু বৃন্দাবন দর্শনাদি করিয়া অক্রুরতীর্থে আসিয়া ভিক্ষা করিতেন। এই ঘাটে প্রভু একদিন যম্নায় ঝাঁপ দিয়াছিলেন। তীর্থরাজ। হরির অত্যস্ত প্রিয় স্থান।

অনন্ত-পদ্মনান্ত-ছান (অনন্তপুর)। দাক্ষিণাত্যে অনন্তপুর জেলায়। বেল্লারী হইতে ৫৬ মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। বর্তমান নাম ত্রিবান্ত্রম্। এইস্থানে শ্রীঅনন্ত-পদ্মনান্ত শ্রীবিগ্রহ আছেন।

অন্তর্কুট গ্রাম। মথ্রায় গোবর্জন-পর্কতের উপরে স্থিত একটী গ্রাম। অপর নাম "আনিয়োর"। এই স্থানেই গোবর্জন-প্রজার সময় অন্তর্কুট হইয়াছিল। এস্থানে গোবর্জন-পতি শ্রীগোপালদেবের স্থিতি।

অভ্যা মুলুক। বর্জমান জেলার অন্তর্গত কালনার সংলগ্ন একটা গ্রাম—অধিকা। বর্তমান নাম প্যারীগঞ্চ; অস্থানে নকুল ব্রন্ধচারীর শ্রীপাট ছিল।

অবোধ্যা। বর্তমান "আউধ্"।

অহোবল-নুসিংহক্ষেত্র। অহোবল বা অহোবিলম্। দাক্ষিণাতো কর্ণ্ জেলার অবস্থিত। এয়ানে স্থাসিদ্ধ শ্রীনুসিংহ-বিগ্রহ বিজমান।

আইটোটা। নীলাচলে গুণ্ডিসামন্দিরের নিকটে একটা উত্থান-বিশেব।

আঠারনালা। একেত্রের একটা ক্রু নদী। ইহার উপরে একটা দেওু আছে; দেই দেওুতে আঠারটা থিলান আছে; এজগু ইহার নাম আঠারনালা। ইহা পুরীর নিকটে। এই দেওুটী পার হইগাই পুরীতে প্রবেশ করিতে হয়।

আহৈ বাম। প্রনাগে ত্রিবেণী-সঙ্গমের নিকটে যম্নার অপর তীরের একটী গ্রাম। এই গ্রামে বল্লভ-ভট্ট বাম করিতেন। তিনি প্রয়াগ হইতে প্রভুকে এই গ্রামে স্বগৃহে লইয়া গিয়াছিলেন।

আরিট গ্রাম। অরিষ্ট গ্রাম ওলের অন্তর্গত গোবর্জনে; এই গ্রামেই শ্রীশ্রীরাধাক্ত-শ্রামকৃত অবস্থিত। এইস্থানে শ্রীকৃষ্ণ অরিষ্টাস্থারকে বধ করিয়াছিলেন।

আগালনাথ। পুরী হইতে ১61>৫ মাইল দূরে। এজিগন্নাথের অনবদরে প্রভু আলালনাথে গিন্না থাকিতেন। উৎকল। উডিয়া প্রদেশ।

খামন্ত পর্ব্বত। দাক্ষিণাত্যে; দক্ষিণ কর্ণাটে মাত্রা জেলার এক প্রান্তে অবন্থিত। বর্তমানে "পালনি হিল"।

খায়ামুখ পর্বত। অবস্থান-সদক্ষে ভির ভিন্ন মত আছে। কেহ বলেন, দাফিণাতোর বেলারী জেলার হাম্পি-গ্রামের নিকট তুক্ষভন্ন-নদীর তীরে অপ্রশস্ত গিরিবগুলীর পার্শবন্তী পর্বচীই ঋণুম্থ পর্বত, ইহা নিজামের রাজ্যে গিয়া পড়িয়াছে। কেহ বলেন, ঋণুম্থ পর্বত মধ্যপ্রদেশে অবস্থিত, বর্তুমান নাম "রাম্প"। আবার কেহ বলেন, পম্পানদীর উৎপতিস্থল যে প্রবৃত, তাহাই ঋণুমুথ।

কটক। উড়িয়ার গদাবংশীর রাজাদের রাজধানী; কাটজ্ড়ি ও মহানদীর মধাবতী। দক্ষিণদেশের বিতানগর হইতে শ্রীদাক্ষিগোপাল উৎকলরাজ কর্তৃক আনীত হইয়া কটকেই ছিলেন। মহাপ্রভু যথন সন্নাদের পর নীলাচলে গিয়াছিলেন, তথন সাক্ষিগোপাল কটকেই ছিলেন। পরে পুনী হইতে ছয় সাত মাইল দ্বে সতাবাদী বা সাক্ষীগোপাল গ্রামে আবেন।

ক্ষলপুর। প্রীজেলার অন্তর্গত একটা প্রাচীন গ্রাম। এই গ্রাম হইতে পুরীর শ্রীজগন্ধাথ-মন্দিরের ধ্বজা দেখা যায়। পুরী হইতে তিন ক্রোশ।

কাটোয়া। কণ্টকনগর। বর্দ্ধমান জেলার অন্তর্গত। এইস্থানে প্রভু কেশব-ভারতীর নিকটে সন্মাস গ্রহণ করিয়াছিলেন।

কানাইর নাটশালা। গোড়ের নিকটে, রাজমহল হইতে তিন কোশ দূরে।

কাবেরী। নদী। ত্রিচিনপল্লীর নিকটবর্ত্তী শ্রীরঙ্গম কাবেরী নদীর তীরে অবস্থিত। কাবেরী নদীর জলপানে ভগবদ্ভক্তি জন্মে বলিয়া শ্রীমদ্ভাগবতে উল্লেখ আছে। বর্ত্তমান নাম "অর্দ্ধগঙ্গা" নদী।

কামকোঞ্চীপুরী। দাক্ষিণাত্যে এটেশল ও মাহুরার মধ্যবর্ত্তী একটী স্থান। তাঞ্চোর জেলার কুম্ভকোণম্।

কাম্যবন। ব্রজমণ্ডলের দ্বাদশ বনের একটা বন। কাম্যবনে অনেক তীর্থ আছে।

कालिकी। यमना नहीं।

কাৰী। বারাণসী। প্রসিদ্ধ তীর্থস্থান।

কুমারহট্ট। বর্ত্তমান চন্দিশ পরগণা জেলার হালিসহর। শ্রীপাদ ঈশ্বরপুরীর আবির্ভাব-স্থান। স্থান্তভূর সন্মানের পরে শ্রীবাসপণ্ডিতও এইস্থানে আদিয়া বাস করিয়াছিলেন।

কুমুদবন। ব্ৰজমণ্ডলম্বিত দাদশ বনের একটা বন।

কুরুকের। কলিকাতা হইতে ১০৫১ মাইল দ্বে থানেশ্বর ষ্টেশন। কুরুক্ষেত্রে কুরু পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল। এই-স্থানেই শ্রীকৃষ্ণ অর্জুনের নিকটে শ্রীমদ্ভগবদ্গীতা প্রকাশ করিয়াছিলেন। ২।১।৭১ প্রাবের টীকাপরিশিষ্ট স্তাইবা।

কুলিয়া। নবদ্বীপ গঙ্গার যেই তীরে, তাহার অপর তীরে একটা গ্রাম। প্রাচীন নবদ্বীপের অধিকাংশই গঙ্গাগর্ভে। এখন একদিকের গঙ্গাপ্রবাহ শুকাইয়া খাদ ২ইয়াছে; অতএব সাতকুলিয়াই বর্তুমান কুলিয়া। সাতকুলিয়াও অনেকাংশ ভাঙ্গিয়া গিয়াছে।

কুলীন থাম। বৰ্জমান জেলায়, গুণরাজ্থান ও রামানন্দ বস্তুর বাসস্থান। মহাপ্রভু কুলীনগ্রামের মহিমা বর্ণন ক্রিয়াছেন। শ্রীল হরিদাস্ঠাকুরও কিছুকাল কুলীনগ্রামে ছিলেন।

কুশাবর্ত্ত। নাসিকের নিকটবর্ত্তী। পশ্চিমঘাট বা স্থান্ত্রির কুশট্র-নামক প্রদেশ হইতেই গোদাবরীর উন্তব। কুম্বরুক্ত্বি-কুপ্রাল-ছান। দাক্ষিণাত্যে তাঞ্চোর জেলার অন্তর্গত বর্ত্তমান "কুম্বরুকাণম্"-নগর।

কুর্শ্বক্ষেত্র (কৃর্মস্থান)। বর্ত্তমানে "শ্রীকৃর্মম্" নামে খ্যাত। দাক্ষিণাত্যের গঞ্জাম জেলায় সমুদ্রের ধারে চিকাকোল হইতে ৮ মাইল পূর্ব্বদিকে। কৃর্ম-অবতার শ্রীবিষ্ণুর মন্দিরের জন্ম বিখ্যাত।

ক্ষুড্মালা। নদী। বর্ত্তমান নাম ভাইগা (মতাস্ত[া]রে ভাসাই)। মাত্ররা সহর এই নদীর উপরে প্রতিষ্ঠিত। মূল্য পর্বত হইতে এই নদী নিঃস্থত হইয়াছে।

কুষ্ণবেশা। নদী। সহাজি-পর্বতের মহাবলেশ্বর হইতে উদ্ভূত। কুঞ্বেধাতীরেই বিল্লমপ্রল-ঠাকুরের বাসস্থান ছিল। দাক্ষিণাত্যে।

কেশীতীর্থ। শ্রীবৃন্দাবনে যম্নার কেশীঘাট।

কোণার্ক। অর্ক-তীর্থ। বর্ত্তমান নাম "কোণারক"। পুরী হইতে ১৯ মাইল উত্তরে, সম্দ্রতীরে। এইস্থানে স্থাপত্য-নৈপুণ্যের অত্যুৎকৃষ্ট নিদর্শন-স্থরূপ একটা স্থ্য-মন্দির আছে।

কোলাপুর। বোদাই প্রদেশের অন্তর্গত একটা দেশীয় রাজ্য। উত্তরে সাঁতারা, দক্ষিণে ও পূর্ব্বে বেলগ্রাম এবং পশ্চিমে রত্নগিরি। কোলাপুরে অনেক মন্দির ছিল।

峰 । 🗐 থণ্ড। বর্দ্ধমান জেলায়। শ্রীল নরহরি সরকার ঠাকুরের শ্রীপাট।

খদির বন। ব্রজমগুলস্থ ছাদশ বনের একটা বন।

বেলাভীর্ম। ২।১৮।৫৯-পরারের টীকা প্রপ্রবা। ব্রজমণ্ডলস্থ একটা তীর্থ।

গন্ধীরা। পুরীতে মহাপ্রভুর আবাসগৃহ।

গরা। প্রসিদ্ধ তীর্থস্থান। ফল্পনদীর তীরে অবস্থিত।

গাঁঠুলি গ্রাম। গোবর্দ্ধন পর্বতের নিকটবর্ত্তী, পশ্চিম দিকে একটা গ্রাম।

শুণ্ডিচা মন্দির। পুরীর একটা মন্দির। "স্থন্দরাচলে" অবস্থিত। রথযাত্রায় শ্রীজগন্নাথদেব "নীলাচল"স্থিত স্বীয় মন্দির হইতে আসিয়া গুণ্ডিচামন্দিরে নবরাত্রি অবস্থান করেন।

র্বোকর্ব। বোম্বাই প্রদেশে উত্তর-কানারায়, বর্তমান গোয়ানগরের ৩০।৩২ মাইল দূরে অবস্থিত। শিবমন্দিরের জন্ম প্রতিমান নাম "জেপ্তিয়া"।

গোকুল। মথ্রার দক্ষিণপূর্ব্ব দিকে, যমুনার অপর পাবে, মথ্রা হইতে ২।৩ জোশ দূরে অবস্থিত।

র্ব্যোদাবরী। দাক্ষিণাত্যের একটা প্রধান নদী। নাগিক হইতে ২৯ মাইল দূরবর্তী অন্ধণিরি পর্বত (মতাস্তরে জটাফট্কা পর্বত) হইতে উৎপন্ন। রামানন্দরায়ের রাজকার্য্যস্থল বিলানগর ছিল গোদাবরীতীরে।

🦥 **র্বাবর্জন।** মথুরা হইতে আট ক্রোশ দূরে অবস্থিত প্রসিদ্ধ পর্বাত।

গোবর্জনগ্রাম। গোবর্জনপর্বতে একটা গ্রাম।

গোবিন্দকুগু। গোবৰ্দ্ধন-পৰ্ব্বত-তটে একটা প্ৰদিদ্ধ কুণ্ড বা সরোবর।

গৌড়। পূর্ব্বকালে প্রায় সমগ্র বঙ্গদেশই "গৌড়"-নামে পরিচিত হইত। প্রাচীন গৌড-নগর মালদহের নিকটে, পাঁচ কোশ দ্বে অবস্থিত।

র্গোত্মী গঙ্গা। গোদাবরী নদীর একটী শাখা। ইহার তীরে গোত্ম-ঋষির আ্রাম ছিল বলিয়া নাম হ**ই**য়াছে গোত্মীগঙ্গা।

চটকপর্বত। পুরীতে সমূদের তীরে যে-সকল বালুর পাহাড় আছে, তাহাদিগকে "চটক পর্বত" বলে।

চতুর্পরি। মহানদীর যে-তীরে কটক, তাহার অপর তীরের একটা স্থান। কটক হইতে মহানদী পার হ**ই**য়া চতুর্পরি ঘাইতে হয়। সাধারণ নাম "চৌদার"।

চান্দপুর। হগলী জেলার ত্রিবেণীর নিকটবর্ত্তী একটা গ্রাম; সপ্তগ্রামের পূর্বাদিকে। হিরণ্যদাস-গোবর্দ্ধন-দাসের পুরোহিত বলরাম আচার্যা এবং দাসগোস্বামীর গুরু যতুনন্দন আচার্যা এই চান্দপুরে বাস করিতেন।

চিত্রোৎপলা নদী। মহানদীর যে-অংশ কটকের নিকটে, তাহাকে "চিত্রোংপলা নদী" বলে।

চীরখাট। বম্নার একটা ঘাট। এই স্থানে বস্ত্রহরণ-লীলা হইয়াছিল।

ছত্রভোগ। চব্বিশ পরগণা জেলার জয়নগর-মজিলপুর হইতে তুই তিন ক্রোশ দক্ষিণে। এই গ্রামটীকে কেহ কেহ "থাড়ি" বলেন। এ-স্থানে "বৈজুরকা নাথ" (বদরিকানাথ?) নামে অনাদি শিবলিঙ্গ আছেন। কিছুদ্বে "দেবী ত্রিপুরাস্থন্দরী" আছেন। প্রতি বংসর চৈত্রমাসেব শুক্রা প্রতিপদে নন্দাস্থান উপলক্ষে মেলা হয়।

জগরাথ ((क्क ा)। পুরী; জীজগরাথদেবের স্থান।

জগন্ধাথ-বল্লভ-উত্তান। পুরীতে গুণ্ডিচাবাড়ী ও খ্রীজগন্নাথ-মন্দিরের মধ্যস্থলে একটী উত্তান।

জীয়ড়-নৃসিংহক্তের। মাদ্রাজের বিশাথাপত্তন জেলার একটি তীর্থস্থান। পর্বতের উচ্চপ্রদেশে শ্রীনৃসিংহদেবের মন্দির আছে। ভিজাগাপট্টম্ হইতে পাঁচ মাইল উত্তরে সিংহাবলম্ ষ্টেশন।

ঝামটপুর। বর্জমান জেলার কাটোয়ার তুই ক্রোশ উত্তরে নৈহাটী গ্রামের নিকটে একটী গ্রাম। এই স্থানে কবিরাজগোস্থামীর শ্রীপাট।

ঝারিখণ্ড। বাংলাদেশের পশ্চিমে অবস্থিত জঙ্গলময় প্রদেশ। বর্তমান আটগড়, ঢেফানল, আঙ্গুল, লাহারা, কিয়োঞ্জর, বামড়া, বোলাই, গাঙ্গপুর, ছোটনাগপুর, যশপুর, সরগুজা প্রভৃতি পার্বতা অঞ্চল।

ভাপী নদী! বর্ত্তমান "তাপ্তী" নদী। "হ্বরাট" নগর এই নদীর তীরে। বিদ্যাপাদ (বর্ত্তমান সাভপুরা রেক্স) পর্বতের দক্ষিণে প্রবাহিত হইয়া পশ্চিম সাগরে পতিত হইয়াছে।

তা**অপর্ণী নদী।** বর্ত্তামান নাম "টিনিভেলি"। দাক্ষিণাত্যের দক্ষিণদীমায় মাদ্রাজ্ব প্রেসিভেন্সিতে কন্তাকুমারীর নিকটে প্রবাহিত।

ভালবন। ব্রজমগুলের ছাদশ-বনের একটা বন।

ভিরোহিত। প্রাচীন নাম মিথিলা; বর্তমান ত্রিছত জেলা।

তিলকাঞ্চী। সম্ভবতঃ বর্তমান "তেলকাশী"। দাক্ষিণাত্যে "তিনেভেলী"র উত্তর-পূর্ব্ব দিকে।

তুলভাদো নদী। স্থানীয় নাম "তুষ্ডা"। এই নদীটা "তুঙ্গ" ও "ভদ্রা" এই ছইটা নদীর সন্মিলনে উৎপন্ধ। পশ্চিমঘাট পর্কতের "গঙ্গামূল" শিথরের নিম্নদেশে মহীশ্র রাজ্যের অন্তর্গত "কদ্র" জেলায় "তুঙ্গ" নদীর উৎপত্তি, "ভদ্রা" নদীর উৎপত্তিও তুঙ্গের নিকটবর্ত্তী স্থানে। উভয়ে আসিয়া "শিমোগা"-জেলায় মিলিত হইয়াছে। সন্মিলিত "তুঙ্গভদ্রা" নদীটা মান্রাজ ও নিজামরাজ্যের মধ্যবর্ত্তী সীমা।

ত্রিকাল হস্তীস্থান। দাক্ষিণাত্যে উত্তর আর্কটে তিরুপতি হইতে বা**ইশ মা**ইল উত্তর-পূর্ব্ব দিকে স্থবর্ণম্বী নিদীর তীরে অবস্থিত।

ত্রিভকুপ। কোচিন রাজ্যের পশ্চিম উপকূলে ত্রিচুর বা তিরুশিবপুর নগর। মতাস্তরে, সরস্বতী নদীর তীরবর্ত্তী কুপ-বিশেষ।

ত্তিপদী। তিরুপতি; তিরুপাট্রুর। উত্তর আর্কটে বেঙ্কটাচলের উপত্যকায় অবস্থিত। শ্রীরামচন্দ্রের মন্দির আছে।

ত্রিমল্ল। তিরুমলয়। তাঞ্জোর জেলায় অবস্থিত।

দওকারণ্য। উত্তরে "থান্দেশ" হইতে দক্ষিণে "আহম্মদনগর" এবং মধ্যে "নাসিক" ও "আউরঙ্গাবাদ" প্র্যান্ত গোদাবরীনদীর তীরস্থিত বিস্তুত ভূথণ্ডে "দণ্ডকারণ্য"-নামক বিস্তৃত বন ছিল।

দক্ষিণ মণুরা। বর্তমান "মাত্রা"। মাদ্রাজ প্রদেশে অবস্থিত।

তুর্বেশন। দাক্ষিণাত্যে, রামনাদ ২ইতে সাত মাইল পূর্বে সমুদ্রতীরে অবস্থিত।

ছারকা। ছারাবতী। কাঠিয়াবার প্রদেশে কচ্ছ উপসাগরের উপরে স্থিত। প্রসিদ্ধ তীর্থস্থান।

ছৈপায়নী। দাক্ষিণাত্যে, সম্ভবতঃ গোকর্ণ-তীর্থের নিকটে। শ্রীমদ্ভাগবত হইতে জানা যায়, শ্রীবলদেব গোকর্ণতীর্থে শিবমূর্ত্তি-দর্শন এবং দ্বৈণায়নী-আর্য্যা দর্শনের পরে স্থপারকে গমন করেন। "আর্য্যা"—দেশের নাম নহে, দেবীর নাম।

ধকুতীর্থ। সেতৃবন্ধে। বর্তমান "পদম্ প্যাসেজ্"। ভারতবর্ষ ও সিলোনের (প্রাচীন লঙ্কার) মধ্যবর্তী। লক্ষণের ধহুর অগ্রভাগধারা সম্দ্রের সেতৃ বিচ্ছিন্ন হওয়ায় "ধহুতীর্থ" নাম হইয়াছে।

একবঘাট। মথুরায়, যমুনার একটা ঘাট।

নন্দীর্থর। মথুরা জেলায়। এ-স্থানে নন্দমহারাজের বাড়ী ছিল।

নবদীপ। নদীয়া জেলার অন্তর্গত প্রাদিদ্ধ তীর্থ-স্থান। শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব-স্থান।

নরেন্দ্র-সরোবর। পুরীর একটী পুষ্করিণী। এই সরোবরে চন্দন্যাত্রাদি উৎসব হ**ই**য়া থাকে।

নর্মদা। নদী। দাক্ষিণাত্যের একটা প্রসিদ্ধ নদী।

মাসিক। বোম্বাই প্রদেশে নাসিক জেলা; তাহার সদর—নাসিকনগর। গোদাবরীর দক্ষিণতীরে অবস্থিত; অপর তীরে পঞ্চবটী। নাসিক একটী ইতিহাস-প্রসিদ্ধ নগর। এই স্থানে অনেক দেবালয় আছে; মহাপ্রভু এইস্থানে অ্যায়ক-মহাদেব দর্শন করিয়াছিলেন।

নির্বিশ্বা। নদী। উজ্জামনীর নিকটে। বিদ্ধা পর্বত হইতে উভূত, চমলে আসিয়া পড়িয়াছে।

নৈমিবারণ্য। লক্ষ্ণে প্রাক্তেশর নিকটে। বর্জমানে "নিমথার বন" বা "নিমসার" নামে পরিচিত। গোমতী নদীর তীরে।

নৈহাটী। বর্দ্ধমান জেলার কাটোয়ার নিকটে একটা গ্রাম। প্রাচীন নাম নবহট্ট। কবিরাজ গোস্বামীর আবির্ভাবস্থান ঝামাটপুর নৈহাটীর নিকটবর্জী।

পঞ্চবটা। দণ্ডকারণ্যের অন্তর্গত একটা বন। বর্ত্তমান "নাসিক" সহরের নিকটে গোদাবরীর তীরে অবস্থিত। এস্থানে লক্ষ্মৰ স্বর্পনথার নাসিকা ছেদন করিয়াছিলেন।

পঞ্চাপ সরাতীর্থ। শাতকর্ণির, মতান্তরে মাওকর্ণির, মতান্তরে অচ্যুতঞ্চির তপস্থা ভঙ্গ করার জন্ম ইন্দ্রকর্ত্ব প্রেরিত পাঁচটা অপ্সরা অভিশপ্তা হইয়া কুন্তীররুপে একটা সরোবরে বাস করে। অর্জ্ন তীর্থযাত্রায় আদিলে কুন্তীর-যোনি হইতে অপ্সরা পাঁচটাকৈ উদ্ধার করেন। তদবধি এই সরোবর তীর্থরূপে পরিণত হয়। শ্রীমদ্ভাগবতের "ততঃ ফাল্কনমাসাল্য পঞ্চাপ্সরসম্ত্রমন্ (১০।৭৯।১৮)"-শ্লোক হইতে মনে হয়, ইহা "ফাল্কন" বা "অনন্তপ্রের" নিধ্টক্রী।

পশ্পাসরোবর। হায়দরাবাদের দিকে, অনাগুণ্ডির নিকটে তুঙ্গভন্তার তীরবর্ত্তী একটা সরোবর। কেহ কেহ বলেন, ত্রিবাঙ্কুরে "পহৈ"-নদীই পম্পাসরোবর। আবার কেহ বলেন, বিজয়নগরের প্রাচীন রাজধানীর নামই পম্পা, বর্তুমান নাম "হাম্পী"।

় পার স্বিনী নদী। ত্রিবাঙ্কুর রাজ্যে "তিরুবত্তর" নদী।

পরেষ্টি। নদী। দাক্ষিণাত্যে। কেহ কেহ বলেন, বিদ্যাপাদ পর্কাতের (বর্তমান নাম—সাতপুরারেঞ্জ) দক্ষিণে প্রবাহিতা একটা নদী। পশ্চিমবাহিনী হইয়া তাপ্তীনদীর সহিত মিলিত হইয়াছে। বর্তমান নাম "পূর্ত্তি"। বর্তমান ব্রিবাঙ্ক্র রাজ্যে। মতাস্তরে, বর্তমান নাম "পারপুণী" নদী। মহাভারত, বনপর্কে ৮৫শ অধ্যায়ের বর্ণনাম্পারে কৃষ্ণবেশাজ্যেজ জাতিশার হদের পরে সর্ক্রিদ, তাহার পর প্রোষ্টা, তাহার পরে দ্ওকারণ্য।

পাঙুপুর। পণ্টরপুর। বোধাই-প্রদেশেব শোলাপুর জেলার অন্তর্গত; শোলাপুর হইতে ৩৮ মাইল পশ্চিমে। ভীমর্থী নদীর তীরে অব্স্থিত।

পাঙ্যদেশ। দাক্ষিণাত্যে "কেরল" ও "চোল" রাজ্যের মধাবন্তী প্রদেশ।

পানাগড়িতীর্থ। "ত্রিবান্ত্রামের"-গণে "তিনেভেলি" হইতে ত্রিশ মাইল দক্ষিণ-পশ্চিমকোণে অবস্থিত।

পানা-নর সিংছ-ছান। "রুষণা" জেলার "বেজওয়াদা" সহরের সাত মাইল দূরে "মঙ্গলগিরির" মধ্যে অবস্থিত। পর্বতের উপরে এ-স্থানে শ্রীনৃসিংহ-বিগ্রহ আছেন। কথিত আছে, এই নৃসিংহদেবকে সরবত ভোগ দিলে তিনি অর্দ্ধেক মাত্র গ্রহণ করেন, বাকী অর্দ্ধেক অবশেধ থাকে।

পানিহাটী। কলিকাতার উত্তরে সাড়ে চারি ক্রোশ দূরে, গঙ্গাতীরে। শ্রীরাঘব পণ্ডিতের শ্রীপাট। এই স্থানে দাস-গোস্বামীর দুওমহোৎসব হইয়াছিল।

পাপনাশন। "কুম্ভকোণম্" হইতে আট মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। "তিনেভেলি" জেলার অন্তর্গত "পালম্-কোটা" হইতে উনত্রিশ মাইল পশ্চিমেও "পাপনাশন" নামে একটী নগর আছে।

পাবনকুও। পাবন-সরোবর। নন্দীখরের নিকটে, মথ্রা জেলায়।

পিছলদা। তমলুকের নিকটবর্ত্তী রূপনারায়ণ-নদের তীরে একটা গ্রাম।

পুরুষোত্তম। পুরী বা নীলাচল।

প্রয়াগ। বর্তমান এলাহাবাদ। এ-স্থানে ত্রিবেণীসঙ্গম।

বাভাপানি। ভূতপণ্ডি। ত্রিবাঙ্কুর রাজ্যে, নগরকৈলের উত্তরে, তোবল-তালুকের মধ্যে।

বারাণলী। কাশী; প্রসিদ্ধ তীর্থস্থান।

বিস্তানগর। গোদাবরী-তীরে; রায়রামানন্দের রাজকার্যস্থল। বিভানগরেই প্রভুর সহিত রায়রামানন্দের প্রথম মিলন হয়। এইস্থানের বড়বিপ্র-ছোটবিপ্রের ভক্তিপ্রভাবেই শ্রীর্ন্দাবন হইতে সান্দিগোপালের আগমন।
। কঞ্জিভেরাম্ হইতে পাঁচ মাইল দুরে।

বৃদ্ধকাশী। বর্তমান নাম "বৃদ্ধাচলম্"। দক্ষিণ আর্কট জেলার "ভেলার" নামক নদীর একটা উপনদী "মণিম্থের" তীরে অবস্থিত।

বুজকোলভীর্থ। "মহাবলীপুরম্" বা "সপ্তমন্দিরের" অন্তর্গত "বলিপীঠম্" হইতে প্রায় এক মাইল দক্ষিণে। বুন্দাবন। অতি প্রসিদ্ধ তীর্থস্থান। মথুরা জেলায়।

বেণাপোল। যশোহর জেলার একটা গ্রাম। বেণাপোলের জঙ্গলে শ্রীল হরিদাস ঠাকুর কিছুকাল ছিলেন।
বেদাবন। "তাঞ্জোর" জেলায়, "তিরুত্তরাইগণ্ডি" তালুকের দক্ষিণ-পূর্ব্ব কোণে। তাঞ্জোর হইতে বিশ মাইল উত্তর-পূর্ব্বদিকে।

ভদক। উড়িয়ার অন্তর্গত।

ভজবন। মথুরা জেলায়; ছাদশ বনের একটা বন।

ভবানীপুর। উড়িয়ায়, পুরীর নিকটবতী একটী স্থান।

ভাতীর বন। ব্রজমণ্ডলম্থ স্বাদশ বনের একটা বন।

ভাগনিদী। বর্ত্তমানে "দণ্ডভাঙ্গা নদী" নামে খ্যাত। পুরীর তিন ক্রোশ উত্তরে।

ভীমরথী নদী। বোধাই প্রদেশে শোলাপুর জেলায় ; পাণুপুর (পতরপুর) এই নদীর তীরে অবস্থিত।

ভুবনেশ্বর। পুরী জেলায় প্রদিদ্ধ তীর্থস্থান।

মণিকর্ণিকা। কাশীতে গঙ্গার একটা ঘাট।

মংস্তীর্থ। কেহ কেহ বলেন, "ভিজাগাপট্রমের" অন্তর্গত "পদ্ব-তালুকের" মধ্যে "পাদেক" হইতে ছয় মাইল উত্তরদিকে, "মটম"-গ্রামের নিকটে "মাচেরু"-নদীর একটী অন্তুত আবর্ত্তই মংস্থতীর্থ; আবার কেহ কেহ বলেন— "মালাবর" জেলার সম্দ্রতীরে অবস্থিত বর্ত্তমান "মাহে" নগরই মংস্থাতীর্থ। আবার কেহ কেহ অন্ত্রমান করেন, ইহা বর্ত্তমান "মস্লিবন্দর"।

মথুরা। মধুপুরী। হুপ্রসিদ্ধ। বর্তমান উত্তর প্রদেশে।

মধুবন। ব্ৰহ্ম ওলস্থ ছাদশ বনের একটা বন।

মজেশর। নদ। কলিকাতার অদ্রে ভায়মণ্ড হারবারের নিকটবর্তী বৃহৎ নদের নামই মঙ্গেশ্বর।

মন্দার পর্বত। ভাগলপুর জেলায় বাঁকা সব্ডিভিশনের অন্তর্গত প্রসিদ্ধ পর্বত। সমুদ্দমন্থনের সময় অনস্ত নাগ এই মন্দার-পর্বতকেই বেষ্টন করিয়াছিলেন। পর্বতের অঙ্গে এখনও বেষ্টন-চিহ্ন বর্ত্তমান।

মলয় পর্বেত। মালাবার উপকৃলের প্রসিদ্ধ গিরিমালার সর্বাদক্ষিণ অংশ। বর্ত্তমান নাম "ওয়েষ্টার্ণ ঘাট" বা "পশ্চিম ঘাট।" কেহ কেহ বলেন, কর্ণাট ও দ্রাবিড় দেশে সমস্ত পর্বতকেই "মলয়" বলা হয়। আবার কেহ কেহ বলেন, "নীলগিরি" পর্ববতই মলয় পর্ববত।

মল্লার দেশ। মালাবার দেশ। উত্তরে দক্ষিণ কানারা, পূর্বের কুর্গ ও মহীশ্র, দক্ষিণে কোচিন এবং পশ্চিমে আরব সাগর।

মল্লিকাৰ্জ্নভীর্থ। দক্ষিণ ভারতের "কর্ণুলের" সত্তর মাইল নিম্ন প্রদেশে রুফানদীর দক্ষিণতীরে অবস্থিত। এখানে মল্লিকার্জ্ন শিবের মন্দির বিশ্বমান।

মহাবন। এজমগুলে ছাদশ বনের একটা বন।

মহেজ্ঞ শৈল। গঞ্জাম প্রদেশে সম্দ্রের নিকটবর্তী প্রসিদ্ধ পর্বত। বর্তমানে "ইষ্টার্ণঘাট" বা পূর্ববাট"। মানসগলা। গোবর্বনে, একটা সরোবর।

মায়াপুর। হরিছার; অতি প্রসিদ্ধ তীর্থস্থান। "হরিছার" ব্রাঞ্চ লাইনের "জোয়ালপুর" ষ্টেশন হইতে "গঢ়বাল" রাজ্যের অন্তর্গত "তপোবন" নামক স্থান পর্যান্ত সমগ্র ভূথও "মায়াক্ষেত্র" নামে প্রসিদ্ধ। ইহাতে কনখল, হরিছার, ইষীকেশ এবং তপোবন এই চারিটী তীর্থ আছে। "মায়াপুরী" বলিতে সময়ে সময়ে সমস্ত "মায়াক্ষেত্রকে" বুঝার, আবার কখনও কখনও বা জালাপুর, কনখল এবং হরিছার এই তিনটী মাত্র স্থানকও বুঝার।

মালজাঠ্যা দণ্ডপাট। উড়িয়ায়, রাজা প্রতাপক্ষরে রাজামধ্যে একটা প্রদেশ।

মাহিম্মতীপূর্। নর্মদানদীর তীরবর্তী বর্তমান "মহেশ্বপূর"। নামান্তর "চুলি মহেশ্বর"। ইন্দোর রাজ্যের দক্ষিণে অবস্থিত।

যমেশ্বর টোটা। নীলাচলে ; টোটা গোপীনাথের মন্দির এই স্থানে।

যাজপুর। উড়িয়ার বৈতরণী নদীর তীরবর্তী প্রসিদ্ধ স্থান। নাভিগয়াক্ষেত্র। নামাস্তর—"যজ্ঞপুর"; "যজার্তিপুর"।

রাজমহিন্দা। বর্তমান "রাজমহেন্দ্রী" নগর। মাদ্রাজ প্রদেশে। রাজা প্রতাপক্রদ্রের শাসনাধীনে ছিল।

রাচুদেশ। গঙ্গার পশ্চিমকুলে অবস্থিত বাংলাদেশের অংশকে রাচুদেশ বলে।

রামকেলি। মালদহ টেশন হইতে আড়াই ক্রোশ দূরে পূর্ব্ব-দক্ষিণ কোণে অবস্থিত।

রামেশ্বর। "সেতৃবন্ধ-রামেশ্বর"-নামে প্রসিদ্ধ স্থান। "মাত্রা" হইতে প্রায় পঞ্চাশ ক্রোশ দক্ষিণ-পূর্ব্ব কোণে অবস্থিত। "প্রম্ম"-বন্দর হইতে চারি মাইল উত্তরে রামেশ্ব-শিবের মন্দির।

রেম্ণা। বালেশবের পাচ মাইল পশ্চিমে। এই স্থানে "কীরচোরা গোপীনাথ"-বিগ্রহ বিগ্রমান।

লঙ্কা। বর্ত্তমান "মিলোন"। ভাবতবর্ষের দক্ষিণে।

লোহবন। ব্রজম ওলের খাদশ-বনের একটা বন।

শাভিপুর। নদীয়া জেলায়, গঙ্গাতীরে অবস্থিত প্রদিদ্ধ স্থান। শ্রীমধ্বৈতাচার্য্যপ্রভূব শ্রীপাট।

শিবকাঞ্চী। বর্তুমানে "কাঞ্জিভেরাম" নামে প্রসিদ্ধ। দাক্ষিণাত্যে "চেঙ্গলপুত''-জেলায়, "পেলার'' নদীর তীরে, মাজাজ হইতে ছেচলিংশ মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত।

শিবক্ষেত্র। দক্ষিণ-ভারতে "তাঞ্জোর" নগরে অবস্থিত শিবমন্দির।

শিয়ালী-ভৈরবী-ছান। শিয়ালী-নামক স্থানে যে "ভৈরবীদেবী" আছেন, তাঁহার স্থান। "শিয়ালী" দক্ষিণ ভারতে "তাঞ্জোর" জেলার "তাজোর"-নগর হইতে আটচল্লিশ মাইল উত্তর-পূর্ব্ব দিকে অবস্থিত একটী প্রধান নগর।

শেষণায়ী। ব্রজমগুলে অবস্থিত; ২।১৮।৫৮ পরারের টীকা স্রষ্টব্য।

ত্রীপণ্ড। "খণ্ড" দ্রষ্টব্য।

🗐 বন। ব্রজমগুলের দ্বাদশ বনের একটা বন।

শ্রীবৈকুণ্ঠ। শ্রীবৈকুণ্ঠম্। "আলোয়ার তিকনগরী" হইতে চারি মাইল উত্তবে এবং "তিনেভেলি" হইতে যোল মাইল দক্ষিণ-পূর্ব্বদিকে তাম্রপর্ণী নদীর তীরে অবস্থিত।

শ্রীরক্তক্তা। শ্রীরক্ষ্। মাদ্রাজ প্রদেশের অন্তর্গত "ত্রিচিনপল্লীর" উত্তরে কাবেরী নদীর উপরে অবস্থিত। "তাজোর"-জেলার "কুন্তকোণম" হইতে পশ্চিম দিকে।

জিলিল। মলয় পর্বতের উত্তরাংশ। বর্গনানে "পাল্নি হিলদ্" নামে খ্যাত। কেহ কেহ বলেন, বর্গনান "নিজাম রাজ্যের" দক্ষিণ ও মাল্রাজ প্রদেশের উত্তর। । বর্তমান "শিলেট"। পূর্বের আসামের মধ্যে ছিল, এখন পাকিস্থানে। সভ্যভাষাপুর। উড়িলাদেশে পুরীর অদ্বে একটা গ্রাম।

সপ্তগোদাবরী। মাদ্রাজ প্রদেশে রাজমহেন্দ্রী জেলায়, গোদাবরীর একটা প্রসিদ্ধ তীর্থ। কাহারও কাহারও মতে, অপর নাম—"গোতমী সঙ্গম"। কেহ কেহ বলেন, গোদাবরীর সাতটী শাখানদী—বাণগঙ্গা, উদ্ধা, পাণিগঙ্গা, মঞ্জিরা, পূর্ণা, ইন্দ্রবতী ও গোদাবরী। মহাভারত, বনপর্কের ৮৫তম অধ্যায়ে সপ্তগোদাবরীর উল্লেখ আছে। "

সপ্তগ্রাম। কলিকাতা হইতে সাতাইশ মাইল দূরে ছগলী জিলার অন্তর্গত ত্রিশবিঘা ষ্টেশন; ত্রিশবিঘার অতি অল্পদূরে সপ্তগ্রাম। পূর্বের "সপ্তগ্রাম" বলিলে—বাহ্দেবপুর, বাঁশবাড়িয়া, ক্ষণপুর, নিত্যানন্দপুর, শিবপুর, সপ্তগ্রাম ও শন্থনগর—এই সাতটী গ্রামের সমষ্টিকে ব্ঝাইত। সপ্তগ্রাম সরস্বতী-নদীর তীরে অবস্থিত। রঘুনাথ দাস গোস্বামীর আবিভাব-স্থান। পূর্বের ইহা অতি সম্কিশালী নগর ও বন্দর ছিল।

সিং**ছারি-মঠ।** শৃঙ্গেরী মঠ। মহীশ্রের অন্তর্গত "শিমোগা"-জেলায় "তুঙ্গভদ্রা"-নদীর তীরে "হরিহরপুরের" সাত মাইল দক্ষিণে অবস্থিত। শ্রীপাদ শঙ্করাচার্য্য তাঁহার চারিজন শিশ্যের দ্বারা ভারতবর্ষে চারিটী মঠ স্থাপন করাইয়াছিলেন—বদরিকাশ্রমে জ্যোতির্মঠ, শ্রীষ্ট্রোত্র গোবর্জনমঠ, দ্বারকায় সারদামঠ এবং দাক্ষিণাত্যে—শৃঙ্গেরীমঠু।—

ক্রিজিবট। সিদ্ধবট। দক্ষিণভারতে "কুডাপা"-নগরের পূর্ব্যদিকে দশ মাইল দুরে অবস্থিত।

ত্মনঃ-সরোবর। গোবর্জনের কুহুম-সরোবর। "হুমনঃ-শন্সের অর্থ কুহুম---পুপা।

সূর্পারকতীর্থ। বোধাই হইতে ছাব্দিশ মাইল উত্তরে "থানা"-জেলার-"সোপারা"-নামক স্থান। পূর্বের ইহ। কোলানের রাজধানী ছিল।

সেতৃবন্ধ। "রামেধর" দ্রপ্তবা।

সোরোক্ষেত্র। মথুরার নিকটবর্ত্তী একটী স্থান। গঙ্গার তীরে অবস্থিত।

স্কলক্ষেত্র। হায়দরাবাদের অন্তর্গত একটা তীর্থস্থান। স্কল—কার্ত্তিকেয়।

ছাজিপুর। গঙ্গানদীর এবং গণ্ডক-নদের সঙ্গমন্থলে পাটনার অপর পারে হাজিপুর।

হিমালয়। ভারতবর্ণের উত্তর **শীমায় অতি প্র**দিদ্ধ পর্বত।

কেছ যদি কোনওরূপ বন্ধনে আবদ্ধ থাকে, সেই বন্ধন হইতে অব্যাহতি লাভ করিলেই বলা হয় ভাহার মুক্তি হইয়াছে। জীবের ভব-বন্ধন হইতে আত্যস্থিক-অব্যাহতিরূপ মুক্তিই এইস্থলে আমাদের আলোচ্য বিষয়।

মুক্তির অরপ। জীব হইলেন স্বরূপতঃ প্রীক্ষের জীবশক্তির অতি ক্ষুত্ম অংশ; এই জীবশক্তি হইতেছে চিন্রপা; স্তরাং জীবও হইলেন স্বরূপে প্রীক্ষের চিৎকণ অংশ। শ্রীক্ষের শক্তি বলিয়া শক্তিমাম্ শ্রীকৃষ্ণের সেবাই হইল তাঁহার স্বরূপানুবন্ধি কর্ত্তব্য। তাই জীব হইলেন স্বরূপতঃ ক্ষের দাস। জীবের সহিত শ্রীকৃষ্ণের — শক্তির সহিত শক্তিমানের— সম্বর্ধ যথন নিত্য, তখন তাঁহার শ্রীকৃষ্ণেদাসম্বও হইতেছে নিত্য। তাই শ্রীকৃষ্ণের চিদ্রূপা জীবশক্তির চিৎকণ অংশ বলিয়া স্বরূপে জীব হইলেন ক্ষণ্ণের নিত্যদাস।

এই জীব আবার তুই শ্রেণীর—এক নিত্যমুক্ত; আর, জনাদিকাল হইতে নিরবচ্ছিন্নভাবে মায়াপাশে আবদ। বাঁধারা নিত্যমুক্ত, তাঁহারা অনাদি কাল হইতে নিরবচ্ছিন্নভাবে শ্রীকৃষ্ণচরণে উনুখ; তাঁহারা অনাদি কাল হইতেই নিরবচ্ছিন্ন ভাবে পার্ষদরপে শ্রীকৃষ্ণসেবা করিতেছেন এবং সেবাজনিত প্রমানন্দ অনুভব করিতেছেন। তাঁহারা অনাদিকাল হইতেই তাঁহাদের স্ব-স্বরূপে অবস্থিত; স্বতরাং তাঁহাদের মুক্তির প্রশ্ন উঠিতে পারে না; যেহেতু, কোনও সময়েই স্বরূপ-বিরোধী কোনও বস্তবারা তাঁহাদের বন্ধন হয় নাই, হইবেও না।

বাঁহার। অনাদিকাল হইতেই মায়াপাশে আবদ্ধ, তাঁহাদেরই মৃ্ক্তির প্রশ্ন উঠিতে পারে। জীবের স্বরূপে মায়ানাই বলিয়া (জীবশক্তিতে মায়াশক্তির সংযোগ নাই বলিয়া) এবং জীবশক্তি চিদ্রূপা বলিয়া, কিন্তু বহিরলা মায়ান্শক্তি চিদ্বিরোধী জড়রূপা বলিয়া, মায়া হইল জীবের স্বরূপবিরোধী একটা বস্তু। এই স্বরূপ-বিরোধী বস্তুদারাই জীব আবদ্ধ। জীবের এই স্বরূপ-বিরোধী বস্তুদারা বন্ধন হইতে অব্যাহতিই হইল তাঁহার মুক্তি।

কিন্তু জীব তাঁহার এই স্বরূপ-বিরোধী বস্তুদারা কেন আবদ্ধ হইলেন ং এবং কখন আবদ্ধ হইলেন ং তাঁহার এই বন্ধন ছেদনযোগ্য কি নাং

পূর্বেই বলা হইমাছে, জীব য়রপতঃ ক্ষেত্রের নিত্যদাস; কিছু বাঁহারা অনাদি কাল হইতেই ক্ষাকে ছুলিয়া অনাদি-বহির্দ্ধ হইমা আছেন. তাঁহারাই মায়ার কবলে পতিত হইমাছেন। "ক্ষা ভুলি সেই জীব অনাদি-বহির্দ্ধ। অতএব মায়া তারে দেয় সংসার হুংখ। কভু মর্গে উঠায় কভু নরকে ভ্বায়। দণ্ডাজনে রাজা যেন নদীতে চ্বায়॥" আনন্দম্বরপ—শুধরপ্র—শুকিকের সঙ্গে নিত্য অবিচ্ছেল্য সম্বন্ধ আছে বলিয়া য়রপতঃই জীবের মধ্যে একটা চিরস্তুমী মুখবাসনা আছে। কিছু অনাদি-বহির্দ্ধ জীব অনাদি কাল হইতেই স্থেমরপ শ্রীক্ষাকে পেছনে রাখিয়াছেন বলিয়া স্থেরে য়রপ জানেন না। প্রদীপের আলোককে পশ্চান্দিকে রাখিয়া দাঁড়াইলে সম্মুখের দিকে দেখা যায় আলোকের বিরোধী ছায়া বা অন্ধকার। অনাদি-বহির্দ্ধ জীবও স্থেমরপকে পশ্চান্দিকে রাখাতে সম্মুখে দেখিয়াছেন—স্থবিরোধী ছঃখময়-বস্তু—প্রাকৃত ব্রদ্ধান্তের প্রণক্র স্থবিরাধী ছঃখময়-বস্তু—প্রাকৃত ব্রদ্ধাণ্ডের প্রাকৃত রূপ-রস-গন্ধ-ম্পর্ণাদি ভোগ্যবস্ত এবং ইহাকেই আন্তিবশতঃ স্থম বলিয়া মনেকরিয়া ইছার অধিঠান্ত্রী মায়াদেবীর শরণাগত হইয়াছেন—যেন তাঁহার ক্রপায় ঐ সমন্ত প্রাকৃত বস্তু ভোগ করিছে পারেন। অনাদি-বহির্দ্ধ জীব মনে করিয়াছেন, ইহাতেই তাঁহার স্থবাসনা ভৃপ্তিলাভ করিবে। ইহা যে স্থম নয়, বন্ধতঃ মুখে, ভোগ করাইয়া তাহা উপলব্ধি করাইবার অভিপ্রামে মায়াও তাঁহাকে অলীকার করিয়াছেন এবং তাঁহার দেহেতে আন্তর্ব্বি জন্মাইয়া মাহিক ভোগ্যবস্তু ভোগ করাইতেছেন। ইহাই অনাদি-বহির্দ্ধ জীবের মায়াবন্ধনের হেন্তু। মায়িক স্টিপ্রবাহ অনাদি, জীবের বহির্দ্ধভাও অনাদি, এই মায়াবন্ধনও অনাদি। কিছু অনাদি হইলেও ইহা আগস্তুক বস্তু; বিশেষতঃ ইহা জীবের স্বন্ধ-বিরোধী বস্তু। স্বতরাং ইহা নিরসন্যোগ্য, এই বন্ধন ছেলন্যোগ্য।

অনাদিকর্মফল-বশত:ই জীবের অনাদিবহির্ম্থতা এবং সংসার-বন্ধন। মায়ার প্রভাবজনিত দেহাল্পবৃদ্ধিবশত: দেহের ও দেহন্তিত ইন্দ্রিয়াদির স্থাবের জন্ম মায়াবদ্ধ সংসারী জাব অনেক নূতন নূতন কর্ম করিয়া থাকেন। কর্মফল
—৬/৫৮

ভোগের জন্ম কর্মফলভোগের উপযোগী দেহ লাভ করিয়া দেবতা-গন্ধর্ক-মনুষ্য-পশু-পক্ষি-তর্র-তৃণ-গুলাদি নানা যোনিতে ভ্রমণ করিতেছেন, জন্ম-মৃত্যু-জরা, আধি-ব্যাধি, শোক-তাপাদি অশেষ ত্বংখ ভোগ করিতেছেন।

কর্মফল ভোগের জন্ত কখনও মানুষের দেহকে, কখনও বা দেবতার দেহকে, কখনও বা স্থাবর-জন্সাদির দেহকে আশ্রের করিতেছেন এবং সেই সেই দেহকেই নিজের দেহ বা নিজের স্বরূপ বিলিয়া মনে করিতেছেন; কিছু এই সকল দেহ তাঁহার নিজেরও নয়, তাঁহার নিজের স্বরূপও নয়। কারণ, দেখা যায়, মৃত্যুর দ্বার দিয়া জীব এই সকল দেহকে ত্যাগ করিয়া যায়েন। নিজের দেহ বা নিজের স্বরূপ হইলে তাহা ত্যাগ করিতে হইত না। বিশেষতঃ, এই সকল দেহের কোনও দেহেতেই তাঁহার স্বরূপানুবন্ধি-ক্ষাসেবাও হইতেছে না। এই সকল দেহ আবার পঞ্চতান্ধক, জড়; জীব স্বরূপে চিন্মর। চিন্ময় জীবের স্বরূপগত দেহ চিন্বেরোধী জড় হইতে পারে না। মৃত্যুসময়ে জীব একটী সৃক্ষ দেহকে আশ্রেয় করিয়া স্থল জড়দেহকে ত্যাগ করিয়া যায়েন। এই সৃক্ষ দেহও প্রাকৃত—জড়; স্থতরাং তাঁহার স্বরূপ-বিরোধী। কর্মফল ভোগের জন্ম আবার স্থল জড় দেহে জন্মগ্রহণ করেন। এইভাবেই জন্মের পরে মৃত্যু, মৃত্যুর পরে আবার জন্ম—ইত্যাদি ক্রমে চলিতে থাকে। মহাপ্রলয়ে যখন স্টিক্রিয়া বন্ধ থাকে, তখন জীব স্বীয় কর্মফলকে অবলম্বন করিয়া সৃক্ষ রূপে কারণার্ববশায়ীতে অবস্থান করেন। তখন যে-রূপে জীব অবস্থান করেন, তাহাতর তাঁহার স্বরূপ নহে; যেহেতু, তাহাতে তাঁহার কর্মফল বিজড়িত আছে এবং কর্মফল-অনুযায়ী দৈহিক স্থের বাসনাদিও আছে। এই কর্মফল এবং দেহ-স্থাদির বাসনা জড় বলিয়া তাঁহার স্বরূপ-বিরোধী। মহাপ্রলয়ের পরে আবার যখন স্টিক্রিয়া আরজ হয়, তখন সেই কর্মফলভোগের উপযোগী দেহ লাভ করিয়া জীব আবার স্টে ব্রন্ধাণ্ডে আসিয়া থাকেন। এইরূপই চলিতে থাকে।

কেছ হয়তো মনে করিতে পারেন, মহাপ্রলয়ে কারণার্গবশায়ীতেই জীব যথন অবস্থান করেন, তখনই তাঁহার মুক্তি; যেহেতু, কারণার্ণবশায়ীও তো ভগবানের এক স্বরূপ। তাহা নয়; যেহেতু, তথন জীবের মায়িক উপাধি থাকে। শ্রীমদ্ভাগবতে এই অবস্থানকে "নিরোধ" বলা হইয়াছে; মুক্তি বলা হয় নাই। "নিরোধোহস্তামুশয়ন-মাজ্ব-: সহশক্তিভি:। ২০০০। " টীকাতে শ্রীধরম্বামিপাদ লিখিয়াছেন — অস্ত আত্মন: জীবস্ত হরের্যোগনিদ্রামন্ত্ পশ্চাৎ শক্তিভি: স্বোপাধিভি: সহ শয়নং লয়: নিরোধ:।" শ্রীজীবগোস্বামিপাদ লিখিয়াছেন—"আত্মন: জীবস্ত শক্তিভি: স্থোপাধিভি: সহ অস্ত হরেরকুশয়নং হরিশয়নাকুগতত্ত্বন শয়নং নিরোধ ইত্যর্থ:। তত্ত্র হরে: শয়নং প্রপঞ্চং প্রতি দৃষ্টিনিমালনং জাবাদীনাং শয়নং তত্ত্র লয় ইতি জ্ঞেয়ন।" উভয়ের টীকার তাৎপর্য্য একই। টীকানুযায়ী অর্থ হইবে এইরূপ। হরির শয়নের পরে স্বীয় উপাধির সহিত জীব হরিতে শয়ন করে (লয় প্রাপ্ত হয়)। হরির শয়ন বলিতে মায়িক প্রপঞ্চের প্রতি দৃষ্টি-নিমীলন ব্ঝায়; যখন গ্রীহরি দৃষ্টি-নিমীলন করেন, তখনই মহাপ্রলয়। তাহা হইলে, উক্ত ল্লোকার্দ্ধের তাৎপর্য্য হইল এই –মহাপ্রলয়ে জীব স্বীয় উপাধির (শক্তিভি:) সহিত শ্রীহরিতে (কারণার্গবশায়ীতে) অবস্থান করেন। তথনও মায়িক উপাধি থাকে বলিয়া এবং এই মায়িক উপাধি জীবয়্বরূপের বিরোধী বলিয়া উপাধিদারা আর্ত জীব তথন স্বরূপে অবস্থিত থাকেন না, স্বরূপ হইতে ভিন্ন এক রূপেই অবস্থিত থাকেন। স্থতরাং ঐ অবস্থিতিকে মুক্তি বলা যায় না। মহাপ্রলয়ে কারণার্ণবশায়ীতে অবস্থিত জীব যে মুক্ত নছেন, ভাহার একটা প্রমাণ এই যে, মহাপ্রলয়ের পরে যখন স্ষ্টি আরম্ভ হয়, তখন তাঁহাকে আবার স্ষ্ট ব্রহ্মান্তে কর্মাফল ভোগের জীগু জন্মগ্রহণ করিতে হয়; কিন্তু মুক্ত জীবকে আর সংসারে আসিতে হয় না। (পরবর্ত্তী আলোচনায় "অন্তিমা মুক্তি" দ্রন্তব্য)। মুক্তি বলিতে কি ব্ঝায়, উল্লিখিত শ্লোকার্দ্ধের দ্বিতীয়ার্দ্ধে তাহা বলা হইয়াছে—"মুক্তি-हिषाज्ञथा क्रमः म्रक्राप्रण गुरुम्बिजिः॥" এই শ্লোকার্দ্ধ পরে আলোচিত হইবে।

মায়াজনিত অজ্ঞজাদি—নিজের শ্বরূপ সম্বন্ধে এবং শ্রীকৃষ্ণ সম্বন্ধে অজ্ঞজাদি—এবং এই অজ্ঞজাদির ফলে দেহান্ধ-বৃদ্ধি এবং দেহেন্দ্রিয়াদির স্থাবর জন্ত বাসনাদিই হইল জীবের উপাধি। স্থ ব্রহ্মাণ্ডেই হউক, কিম্বা মহাপ্রদায়ে কারণার্শবশায়ীতেই হউক, যেখানেই থাকুন না কেন, সর্বব্রেই মায়াবদ্ধ জীবের এই উপাধি থাকিবে এবং উপাধিই ভাহাকে স্বরূপ হইতে ভিন্ন একটা রূপ দিয়া থাকে; স্থ ব্রহ্মাণ্ডে যখন থাকেন, তখন এই ভিন্ন রূপ হয় স্থুল বা সৃদ্ধ— কিছ পাঞ্জেতিক; আর কারণার্থনায়ীতে যখন থাকেন, তখন এই রূপ হয় উপাধিয়ারা আর্ত জীবস্বরূপের রূপ।
যতদিন পর্যান্ত জীব মায়ার কবলে থাকিবেন, ততদিন পর্যান্তই তাঁহার মায়িক উপাধি থাকিবে; স্তরাং ততদিন
পর্যান্তই তাঁহার স্বরূপ হইতে ভিন্ন একটা রূপ থাকিবে। স্বরূপ হইতে ভিন্ন এই রূপটা দূর হুইলেই জীব স্বরূপে
আবস্থিত হইতে পারিবেন। এই ভিন্ন রূপটা যখন মায়িক উপাধিরই ফল, এই রূপটা দূরীভূত হুইলেই বৃঝিতে
হুইবে, মায়াও তিরোহিত হুইয়াছে— স্কুলাং জীবও মুক্তিলাভ করিয়াছেন। তাহা হুইলেই বৃঝা গেল—মায়িক
উপাধির ফলে জীব তাঁহার স্বরূপ হুইতে যে ভিন্ন রূপ পাইয়া থাকেন, সেই ভিন্ন রূপ ত্যাগ করিয়া জীব যদি স্ব-রূপে
আবস্থিত হুইতে পারেন, তাহা হুইলেই তিনি মুক্ত হুইলেন।

শ্রীমদ্ভাগৰত হইতেও তাহাই জানা যায়। "মুক্তি হিছাল্লথা রূপং স্বরূপেণ ব্যবস্থিতি:॥ ২।১০।৬॥—অক্তথা রূপ পরিত্যাগ পূর্বক জীবের যে স্বরূপে অবন্ধিতি, তাহাই মুক্তি।" এই শ্লোকার্দ্ধের "অগ্রথা রূপম" এর অর্থ শ্রীধর স্বামিপাদ লিখিয়াছেন—অবিভয়াধ্যন্তং কর্তৃত্বাদি"; শ্রীজীবগোস্বামিপাদ লিখিয়াছেন—"অবিভয়াধ্যন্তম অজ্ঞতাদিকম্" এবং শ্রীপাদ বিশ্বনাথচক্রবর্ত্তী লিখিয়াছেন—"মায়িকং স্থলসূক্ষরূপদ্যম্।" সকলের অর্থের তাৎপর্যাই এক — অবিস্থার বা মায়ার প্রভাবজনিত অজ্ঞতা, কর্তৃছাদি এবং তজ্জনিত স্থলসূত্র মায়িক রূপ। মহাপ্রলয়ে জীব যে-রূপে কারণার্ণবে অবস্থান করেন, তাহাকেও চক্রবভিপাদ সৃক্ষ রূপই বলিয়াছেন। এই অভ্যথা রূপ-স্বরূপ হইতে ভিন্ন রূপ-পরিত্যাগ পূর্বক জীবের ম্বরূপে অবস্থিতিই হইল তাঁহার মুক্তি। "ম্বরূপেণ"-শন্দের টীকায় শ্রীজীবগোষামী লিখিয়াছেন—মুক্তিরিতি স্বরূপেণ ব্যবস্থিতির্নাম স্বরূপসাক্ষাৎকার উচ্যতে। তদবস্থান্মাত্রস্থ সংসারদশাঘামপি স্থিতত্বাৎ। অভ্যথারূপত্বস্ত চ তদজ্ঞানমাত্রার্থত্বেন ত দ্ধানে তিজ্জ্ঞান-পর্যবসানাৎ। স্বরূপং চাত্র মুখ্যং পরম। স্বলক্ষণমেব। রশ্মিপরমাণুনাং সৃধ্যইব স এব হি জীবানাং পরমোহংশিষক্রপ:।" ইহার তাৎপধ্য এই---'এখলে ধরুপে ব্যবস্থিতি' বাক্যে ধরুপ-সাক্ষাৎকার বুঝাইতেছে; কেবলমাত্র 'ধরুপে অবস্থিতি' বুঝায় না; যেহেতু, সংসার-দশাতেও জীবের স্বরূপে অবস্থিতি থাকে অর্থাৎ সংসার-দশাতেও তাঁহার চিনম-স্বরূপই থাকে, সেই চিন্ময়-ম্বরূপে মায়িক উপাধির যোগ হয় মাত্র। এই মায়িক উপাধি বশতঃ স্বরূপ-সম্বন্ধে যে অজ্ঞান, সেই অজ্ঞানমাত্রই তাঁহাকে অভ্যথা রূপ দিয়া থাকে। এই অজ্ঞান দুরাভূত হইলেই স্বরূপের জ্ঞান জন্ম। এস্থলে যে ম্বরপ-সাক্ষাৎকার বলা হইল, সেই ম্বরপ হইতেছে জীবম্বরপের অংশী প্রমাত্ম-ম্বরপ। রশির প্রমাণু-সমূহের অংশী যেমন সুর্যা, তদ্রূপ পরমাস্ত্রাই জীবসমূহের অংশী। এই অংশী পরমান্ত্রার সাক্ষাৎকারই অংশ-জীবের মুক্তি।" অক্ত প্রমাণেও ইহা জানা যায়। পূর্বের বলা হইয়াছে, মায়িক উপাধির অবসান হইলেই জীবের মুক্তি হইতে পারে। কিন্তু পরমান্ত্রার সাক্ষাৎকারেই যে মাম্বিক উপাধি দুরীভূত হইতে পারে, শ্রীমদ্ভাগবতের "ভিন্ততে হৃদয়-গ্রন্থিকিন্তত্তে সর্ববংশয়া:। ক্রীয়ন্তে চাস্ত কর্মাণি দৃষ্ট এব এরাজনাখবে ॥ ১।২।২৯ ॥"-লোক হইতেই তাহা জানা যায়। মুণ্ডক-শ্রুতিও এই কথাই বলেন। ২।২।৮॥ স্কুতরাং প্রমাজ্ম-সাক্ষাৎকারেই জীব সর্ব্ববিধ লেপহীন স্বরূপে অবস্থিত হইতে পারেন।

প্রবাদ্ধ শ্রীকৃষ্ণই প্রমাদ্ধা, প্রমেশ্বর। অনন্ত-স্বরূপে তিনি আত্মপ্রকট করিয়া আছেন। এ-সমস্ত স্বরূপের বে-কোনও এক স্বরূপের উপলব্ধিতে বা সাক্ষাৎকারেই প্রমাদ্ধ-সাক্ষাৎকার হইয়া থাকে। এজন্তই "স্বরূপেণ ব্যবস্থিতি"-বাক্যের অর্থে চক্রবর্ত্তিপাদ লিখিয়াছেন—"স্বরূপেণ শুদ্ধজীবস্থরূপেণ কেষাঞ্চিৎ ভগবৎ-পার্ধদরূপেণ চ ব্যবস্থিতি মুক্তিরিতি।—শুদ্ধ জীবস্থরূপে, কাহারও বা ভগবৎ-পার্ধদ-স্বরূপে অবস্থিতিই মুক্তি।"

শুদ্ধ জীব-ম্বরূপ হইল—চিংকণ অংশ। বাঁহারা নির্বিশেষ ত্রন্ধ-ম্বরূপের সহিত, (কিম্বা সবিশেষ-ম্বরূপের সহিত) সামূজ্য চাহেন, তাঁহারা চিংকণরূপেই ত্রন্ধানন্দ-সমূদ্রে নিময় হইয়া থাকেন (অথবা ভগবংম্বরূপের মধ্যে অবস্থান করেন)। তাঁহাদের কথাই চক্রবন্তিপাদ বলিয়াছেন—"শুদ্ধজীবম্বরূপেণ"-বাক্যে। আর, বাঁহারা ভগবং-পার্বদন্ধ কামনা করেন, মূক্ত-অবস্থায় তাঁহারা ভগবং-পার্বদরূপেই অবস্থান করেন। "কেষাঞ্চিং-ভগবং-পার্বদরূপেণ চ"-বাক্যে তাঁহাদের কথাই বলা হইয়াছে।

প্রশ্ন হইতে পারে—জীব স্বরূপে হইলেন ভগবানের চিংকণ অংশ। যিনি পার্বদরূপে অবস্থান করেন, তাঁহার্য তো পার্বদদেহ থাকিবে; এই পার্বদদেহ তো চিংকণ নয়; এই দেহে চিংকণ জীব অবস্থান করেন। স্কুভরাং এই পার্বদদেহ তো হইল জীবের স্বরূপ হইতে অক্তথা রূপ বা ভিন্ন রূপ। এই অবস্থায় পার্বদদেহে অবস্থিতিকে স্বরূপে অবস্থিতি কিরূপে বলা যায় ? পার্বদদেহে অবস্থিতিকে মুক্তিই বা কিরূপে বলা যায় ?

উত্তর—জীবস্থরপের চুইটা লক্ষণ—ইহা চিংকণ এবং ইহা কৃষ্ণের নিত্যদাস; চিংকণরপে নির্বিশেষ ব্রহ্মানন্দসমূত্রে, অথবা ভগবদবিগ্রহে যখন জীব অবস্থান করেন, তখন তাঁহার একটীমাত্র স্বন্ধপগত লক্ষণ অভিব্যক্ত হয় —চিংকণছ; কৃষ্ণদাসত্ব অভিব্যক্ত হয় না। তথাপি তাঁহাকে মুক্ত বলা হয়; যেহেতু, তখন তাঁহাতে মায়াবন্ধন বা মায়িক উপাধি থাকে না। পূর্বে যে আলোচনা করা হইয়াছে, তাহাতে দেখা গিয়াছে, মায়াবন্ধন হইতে অব্যাহতিই মুক্তি।

আর, যিনি পার্ষদদেহে অবস্থান করেন, তাঁহাতে জীবস্থরণের চুইটা লক্ষণই অভিব্যক্ত—চিংকণত্ব এবং ক্ষ্ণদাসত্ব।
চিংকণরপে জীব পার্ষদদেহে অবস্থিত থাকিলেও এবং এই পার্ষদদেহটা চিংকণ না হইলেও, ইহা চিন্মা; স্কুতরাং
জীবস্থরপের সজাতীয়; জীবস্থরপের বিরোধী জড়দেহ নহে। মায়িক উপাধির ফলস্থরপ যে পাঞ্চভৌতিক দেহ,
তাহা জীবের স্থরপের জ্ঞানকে এবং তাঁহার ক্ষ্ণদাসত্বের ভাবকে আরত করিয়া রাখে বলিয়া তাহা হইল জীক্ষরপের
বিরোধী একটা বস্তু। কিছু পার্ষদদেহ চিন্মা বলিয়া এবং জীবের স্থরপগত ধর্ম ক্ষ্ণদাসত্বের অনুকূল বলিয়া,
কৃষ্ণসেবার সহায়তা করে বলিয়া, ইহা স্থরপের প্রতিকূল নহে। স্কুরাং মায়িক জড়দেহের ভায়া, চিন্মা
পার্ষদদেহ জীবস্থরপের "অভ্যথা রূপ"—নিত্য ক্ষ্ণদাসজীবের স্থরপ হইতে ভিন্ন রূপ—নহে। ইহাতে মায়ার স্পর্শও
নাই; স্কুতরাং পার্যদদেহে অবস্থিতিও জীবের মুক্তি; মুক্তিবিরোধী কিছু নহে। নিত্য ক্ষ্ণদাস জীবের পক্ষে
কৃষ্ণদাসত্বে প্রতিষ্ঠিত হওয়াই তাঁহার স্থরপে অবস্থিতি; যে মায়াবন্ধনে আবদ্ধ ছিল বলিয়া জীব তাঁহার স্থরপান্বন্ধিনী
কৃষ্ণসেবায় প্রতিষ্ঠিত হইতে পারেন নাই, সেই বন্ধন দূরীভূত হইয়া যায় বলিয়া ইহা তাঁহার মুক্তিই।

সাক্ষাৎকার। সাক্ষাৎকার বলিতে য়র্রণের অপরোক্ষ অনুভৃতিকেই ব্ঝায়। কেবল দর্শনমাত্রই সকলের পক্ষে সাক্ষাৎকার নয়। প্রকটলীলা-কালে ভগবৎ-কৃপাতে সকলেরই দর্শন হইয়া থাকে; কিন্তু সকলে তাঁহার য়র্রণের দর্শন পায়েন না। একথা গীতায় শ্রীকৃষ্ণই বলিয়াছেন। "নাহং প্রকাশঃ সর্বস্থ যোগমায়সমারতঃ। মৃচ্চেইয়ং নাভিজানাতি লোকোমামজমব্যয়ম্॥ ৭০২৫॥" প্রকটলীলা-কালে গাঁহারা দর্শন পায়েন, অথচ য়র্রপের দর্শন পায়েন না, য়র্রপের অপরোক্ষ অনুভব যাহাদের হয় না, তাঁহাদের সাক্ষাৎকারকে বাস্তব সাক্ষাৎকার বলা যায় না; তাহা হইবে সাক্ষাৎকারের আভাস মাত্র। আনন্দয়র্রপ পরব্রহ্ম শ্রীকৃষ্ণের প্রত্যেক প্রকাশই (ব্রহ্ম, পর্মান্ত্যা বা শ্রীনারায়ণাদি ভগবৎয়র্রপই) আনন্দয়ররপ; স্তরাং যে কোনও য়র্রণের বাস্তব সাক্ষাৎকারেই চিত্তে পর্মানন্দের আবির্তাব হইবে; পর্মানন্দের আবির্তাবে, স্র্রোদ্যে অন্ধকারের ভায়, ছঃখ-ফ্লেশাদি, অহং-মমছাদি-জ্ঞান তিরোহিত হইবে। ইহাই বাস্তব-সাক্ষাৎকারের লক্ষণ। সাক্ষাৎকারের আভাসে তাহা হয় না।

কাহার পক্ষে বাস্তব সাক্ষাৎকার সম্ভব ? শ্রীমদ্ভাগবতের "ন যন্ত চিত্তং বহিরথবিভ্রমং তমোগুহায়াঞ্চ বিশুদ্ধনাবিশং। যদ্ভজিযোগানুগৃহীতমঞ্জসা মুনিবিচষ্টে ননু তত্ত্র তে গতিন্ ॥ ৪।২৪।৫৯॥"—এই শ্লোকের টীকায় শ্রীধর্মামিপাদ লিখিয়াছেন—"তত্ত্ব্জানঞ্চ তদ্ভজসঙ্গাদেব ভবতীত্যাহ ন যন্ত্রেতি। যেসাং সতাং ভজিযোগেনানুগৃহীতং বিশুদ্ধং সং যন্ত্র চিত্তং বাহার্থবিক্ষিপ্তং ন ভবতি, তমোরপায়াং গুহায়াঞ্চ নাবিশং লয়ং ন প্রাপ, তত্ত্র তদা স মুনিং তব গতিং তত্ত্বং পশ্ততি।" টীকানুসারে উক্ত শ্লোকের তাৎপর্য্য এই—"সাধুদিগের কুপায় ভজির অনুষ্ঠানে বাহার চিত্ত বিশুদ্ধ হইয়াছে, তাহারই ফলে বাহ্যিক বিষয়ে বাহার চিত্ত ভ্রান্ত হয় না, তমোগুহাতেও বাহার চিত্ত প্রবেশ করে না, সেই নির্মাচিত্ত মুনিই ভগবানের গতি—তত্ত্ব—দর্শন করিতে পারেন।" যত দিন পর্যন্ত চিত্ত নির্মাণ না হয়, তত দিন যে ভগবন্দর্শন সম্ভব নয়, তাহাও শ্রীমদ্ভাগবতের "অবিপক্ক্ষায়াণাং ফুর্দশোহহং কুযোগিনাম্ ॥ ১৮৬২২॥"-এই ভগবন্দ্বিক হইতেও জানা যায়। এই বাক্যে বলা হইয়াছে,—বাহাদের ক্ষায় (কামাদি ফুর্কাসনা, মায়ার-প্রতাহ) ক্ষা

हैं वाहै, ভাঁহারা ভগবানের ব্রুপ দর্শন লাভ করিতে পারেন না। "তক্ত্দধানা মুন্য আনবৈরাগ্যযুক্তরা। পশ্চন্ত্যান্ত্ৰনি চাল্পানং ভক্ষ্যা শ্ৰুতগৃহীতয়া॥ খ্ৰীভা. ১৷২৷১২ ॥" এই লোক হইতে জানা যায়—শ্ৰদ্ধাবান মূনিগণ জ্ঞান-বৈশ্বাগ্যযুক্তা শ্রুতগৃহীতা (শুরুমুখে শ্রুতা পশ্চাৎ গৃহীতা) ভক্তিদারা শুদ্ধচিত্তে আল্লাকে দর্শন করিয়া থাকেন। ইহা হইতে, প্রদ্ধাপুর্বক ভক্তালবিশেষের অনুষ্ঠানের কথা জানা গেল। ভক্তির অনুষ্ঠানে ইন্দ্রিয়াদি নির্মাল হইলে ভল্ক-শাক্ষাংকার সম্ভব। কিন্তু নির্মাল চিত্তভাই অথবা ভক্তির অমুঠানই তত্ত্ব-সাক্ষাংকারের মুখ্য হেতু নহে, ইহা একটা আমু-ৰিছক হেছু মাত্র। ভগবানের শক্তিব্যতীত কেহই তাঁহার সাক্ষাৎকার লাভ করিতে পারে না। "নিত;াব্যক্তোহণি ভগবানীক্ষ্যতে নিজ্পজিত:। তায়তে পুগুরীকাক্ষং ক: পখেতামিতং প্রভুম্। নারায়ণাধ্যাত্মবচন।—ভগবান্ নিজ্য অব্যক্ত হইলেও (ভক্তগণ) তাঁহার নিজশক্তিদারাই তাঁহাকে দর্শন করেন। তাঁহার শক্তিব্যতীত সেই পুঙরীকাক্ষ অমিত প্রভুকে কে দেখিতে পাইবে" ? শ্রুতির "যমেবৈষ রুণ্তে তেন লভ্যস্তাস্থেষ বিরুণ্তে তনুং স্বাম্ ॥ কঠ। ১।২।২৩।"-এই বাক্যও সে কথাই বলেন। ভগবানের এই শক্তিটা দ্বারাই তিনি নিজেকে প্রকাশ করেন, ইহা তাঁহার স্বপ্রকাশতা-শক্তি। এই স্বপ্রকাশতা-শক্তিই বিশুদ্ধস্তু। বিশুদ্ধ-সত্ত্ব হইল হলাদিনী, সদ্ধিনী ও স্থিৎ-এই তিনুটা রন্তিবিশিষ্টা স্বরূপশক্তির রন্তি-বিশেষ। "তদেবং তক্সা মূলশক্তে স্ত্যাত্মকত্বে সিদ্ধে যেন স্থপ্রকাশতা-লক্ষণেন তছ ভিবিশেষেণ বরূপং ব্রমং ব্রূপশক্তিবা বিশিষ্টং বাবির্ভবতি তদিশুদ্ধসভূম্। ভগবৎ-সন্দর্ভ । ১১৮॥— জ্লাদিনী-স্ধিনী-সংবিদাত্মিকা চিচ্ছক্তির যে স্বপ্রকাশতা-লক্ষণ-র্ত্তিবিশেষের দারা ভগবান্, তাঁহার ম্বরূপ বা স্বরূপশক্তির পরিণতি পরিকরাদি —বিশেষরূপে প্রকাশিত বা আবিভূতি হয়েন, সেই রত্তিবিশেষকে বিশুদ্ধসত্ত্বলো।" স্থতরাং বিশুদ্ধসম্ভই হইল স্বপ্রকাশতা-শক্তি। এই শক্তিই বাস্তব সাক্ষাৎকারের একমাত্র হেতু। কিছু চিত্তে এই শক্তির প্রতিফলনের নিমিত্ত চিত্তত্তদ্ধির প্রয়োজন। "ততত্তৎকরণ-শুদ্ধাপেক্ষাপি তৎশক্তি-প্রতিফলনার্থমেব জ্ঞেয়া। প্রীতিসন্দর্ভ:॥ १॥" এই চিতত্ত্বি বা করণশুদ্ধির নিমিত্তই ভক্তি-অঙ্গের অনুষ্ঠানের প্রয়োজন। ভক্তি-অঙ্গের অনুষ্ঠানে চিন্ত নির্মাণ হইলে সেই নির্মাণ চিত্তে যখন ভগবানের স্থপ্রকাশতা-শক্তি প্রতিফলিত হয়, তখন সাধ্কের ইক্সিয়সকল সেই শব্জির সহিত তাদাত্ম্য লাভ করে। এইরূপে ভগবানের স্বপ্রকাশতা-শব্জির সহিত তাদাত্ম্য-প্রাপ্ত ইন্দ্রিমাদিতেই ভগবান্ উপলব্ধ হয়েন—ভগবানের সাক্ষাৎকার লাভ হয়। "তদেবং তৎপ্রকাশেন নি:শেষগুদ্ধ-চিণ্ডভ্রে সিদ্ধে, পুরুষকরণানি তদীয়-স্বপ্রকাশতাশক্তিতাদাস্থ্যাপন্নতয়া এব তৎপ্রকাশতাভিমানবস্থি হয়:। প্রীতিসন্দর্ভ:॥ ৭॥" এই শক্তির চিত্তে প্রতিফলনের নিমিত্ত ভক্তি-অঙ্গের অনুষ্ঠান যেমন প্রয়োজন, ভগবানের ইচ্ছাও তেমনি প্রয়োজন। তাঁহার ইচ্ছা হইলেই এই শক্তি সাধকের চিত্তে প্রতিফলিত হইতে পারে। এজগ্রই এই শক্তিকে "ইচ্ছাময়-তদীয়-স্বপ্রকাশতাশক্তি" বলা হয়। ভক্তি-অঙ্গের অনুষ্ঠানদারাই ইহা চিত্তে আবিভূতি হয় এবং এইরূপে আবিভূতা শক্তির চিত্তে প্রকাশই হইতেছে ভগবৎ-সাক্ষাৎকারের মূল হেতু। "তদ্ভক্তিবিশেষাবিশ্বত-তদিচ্ছাময়-তদীয়-স্বপ্রকাশতাশক্তিপ্রকাশ-এব মূলরপা। প্রীতিসন্দর্ভ: ॥ १ ॥" এইরপে সাক্ষাৎকার হইলেই চিত্ত সম্যক্রপে বিশুদ্ধ হয়। ইহাই যথার্থ সাক্ষাৎকার।

উক্ত আলোচনায় দেখা গিয়াছে—সাধকের ইন্দ্রিয়ণ্ডদ্ধির নিমিত্ত ভক্তি-অঙ্গের অমুঠানের প্রয়োজন; ভক্তিআঙ্গের অমুঠানে ইন্দ্রিয়ণ্ডদ্ধি হইলেই তাহাতে ভগবানের স্বপ্রকাশতা-শক্তি প্রতিফলিত হয়; তখনই সাক্ষাৎকার্ম
লাভ হয় এবং সাক্ষাৎকার লাভ হইলেই চিত্ত সম্যক্ বিশুদ্ধ হয়। এস্থলে তুই স্তরে চিত্তগুদ্ধির কথা জানা গেল—
ভক্তি-অঙ্গের অমুঠানের পরে এবং সাক্ষাৎকারের পরে। আবার ইহাও জানা গেল যে, সাক্ষাৎকারের পরেই সম্যক্
বিশুদ্ধি। তাহা হইলে বুঝা গেল, ভক্তি-অঙ্গের অমুঠানের পরে যে শুদ্ধি, তাহা সম্যক্ শুদ্ধি নহে। এক্ষণে
ভিজ্ঞাসা জাগে—তাহা কি রকম শুদ্ধি ?

২।২৩।৫-পয়ারের টীকায় বলা হইয়াছে, গুদ্ধসত্ত্বের (য়রপশক্তির) র্ত্তিবিশেষ ভক্তি-সাধকের চিত্তে প্রবেশ কর্মিয়া সন্থকে শক্তিসম্পন্ন করে এবং এই শক্তিসম্পন্ন সন্থদার। রক্তঃ ও তমংকে নির্জ্তিত করে। এইভাবে রক্তঃ ও তমঃ দুর্নীভূত হইলে চিত্তে থাকে কেবল সন্থ। ভক্তির প্রভাবে এই সন্থও পরে দুরীভূত হয়; তথন চিত্ত সম্যক্রণে মায়ানিমুক্ত হইয়া থাকে (২।২০০৫-পয়ারের দীকা ফ্রন্টবা)। মায়িক সত্ত্ব য়য়, উদাসীন, প্রকাশত ভিণসপল্ল (কিছ গুণাতীত তত্ত্ববস্তুকে প্রকাশ করিতে পারে না)। রজ: এবং তম:ই বাছিরের বিষয়ে চিন্তবিক্ষেপ জ্লাইয়া এবং স্বরূপ-জ্ঞানাদিকে আরত করিয়া চিন্তের বিশেষ মলিনতা সম্পাদন করিয়া থাকে। রজ্জমো দ্রীভূত হইয়া গেলে সেই মলিনতা থাকে না; য়য় এবং উদাসীন বলিয়া সত্ত্ব তাদুশ মলিনতা জল্মাইতে পারে না। স্ত্তরাং রজ্জমো দ্রীভূত হইয়া য়াওয়ার পরে চিন্তে যখন কেবলমাত্র সত্ত্ব থাকে, তখনও চিন্তকে বিশুদ্ধ বলা য়য়। অকশ্য তখনও চিন্ত সমাক্ বিশুদ্ধ নহে; যেহেতু, তখনও মায়িক সত্ত্ব আছে; সত্ত্ব য়য়ছ হইলেও মায়িক গুণ বলিয়া তাহাতে অবিশুদ্ধতা কিছু থাকিবেই। উল্লিখিত আলোচনায় ভক্তি-অলের অমুষ্ঠানের পরে যে বিশুদ্ধতার কথা বলা হইয়াছে, তাহা বোধ হয় রজ্জমোহীনতারূপ বিশুদ্ধতা। প্রেলিদ্ধত "ন যশ্য চিন্তং বহির্থবিভ্রমন্" ইত্যাদি শ্রীভা. ৪।২৪।৫৯-শ্লোক হইয়াছে। আর "বহির্থবিভ্রমন্"-শব্দে রজ্লাগুণের কথা বলা হইয়াছে। আর "বহির্থবিভ্রমন্"-শব্দে রজ্লাগুণের কথাই বলা হইয়াছে। আর "বহির্থবিভ্রমন্"-শব্দে রজ্লাগুণের কথাই বলা হইয়াছে। গ্লোকে বলা হইয়াছে—এই ফুইটী মায়িকগুণের প্রভাব হইতে যিনি মুক্ত হইয়াছেন, তিনিই তত্ত্ব-সাক্ষাৎকার লাভ করেন।

যখন সাধক-ভক্তের চিত্তে কেবল সত্ত্বনমাত্র থাকে, তথনও একমাত্র ভক্তির প্রভাবেই সেই সত্ত্ব দূরীভূত হইতে পারে এবং চিত্ত সম্যক্রপে বিশুদ্ধ হইতে পারে (২।২৩০৫ পয়ারের টাকা দ্রন্তব্য)। কিছু এইভাবে চিত্ত সম্যক্রপে মায়াগুণাতীত হইয়া গেলেই যে-তত্ত্ব-সাক্ষাৎকার হইবে, তাহা নহে। কারণ, পূর্বেই বলা হইয়াছে—তত্ত্ব-সাক্ষাৎকার একমাত্র ভগবানের স্থপ্রকাশতা-শক্তির উপরই নির্ভির করে। চিত্ত সম্যক্ বিশুদ্ধ হইলেই যে ঐ শক্তি চিত্তে প্রতিফলিত হইবে, তাহাও নহে; যেহেতু, ইহাও পূর্বেব বলা হইয়াছে যে, ভগবানের ইচ্ছা হইলেই তাহা সম্ভব। কিছু লোক নিস্তারিব এই ঈশ্বর-শ্বভাব" বলিয়া তাঁহার সাক্ষাৎকারের যোগ্যতা-বিধায়িনী এই শক্তিকে সাধকভক্তের চিত্তে প্রতিফলিত বা আবির্ভাবিত করাইতে যে ভগবান্ কথনও অনিজ্বক হয়েন, তাহা নহে। বরং এই বিষয়ে তাঁহার কিছু ব্যাকুলতা আছে বলিয়াই যেন মনে হয়। একথা বলার হেতু এই যে, সন্তু, রজ: ও তম: এই তিন মায়িকগুণের নিরসনের পূর্বেই, রজান্তমো দূরীভূত হওয়ার পরেই, তিনি তাঁহার স্বপ্রকাশতা-শক্তিকে সাধকভক্তের চিত্তে প্রতিফলিত করিয়া থাকেন; ভক্তির প্রভাবে সম্ভেরও সম্যক্ অপসারণ পর্যান্ত যেন তিনি অপেক্ষা করেন না।

প্রশ্ন হইতে পারে—চিত্তে মান্নিক সন্ত্তণ বর্তমান থাকিতে চিচ্ছক্তির বৃত্তিবিশেষ স্থপ্রকাশতা-শক্তি কির্দেশ প্রতিফলিত হইতে পারে। বিশেষতঃ, "যতেষোপরতা দেবী" ইত্যাদি প্রীভা. ১০০০৪-শ্লোকের টীকায় প্রীজীব লিখিয়াছেন, সভ্তণমন্ত্রী মায়ার্ভি হইতেছে স্বরূপশক্তির বৃত্তিভূত বিভার আবির্ভাবের দার। "স্বরূপশক্তির্ভিভূত-বিভাবির্ভাবনারলক্ষণা সভ্যয়ী মায়ার্ভির।" যাহাদারা তত্ত্বস্তুকে জানা যায়, তাহাই বিভা। স্তরাং প্রীজীবের ওঁই উক্তিতে ভগবানের স্থাকাশতা-শক্তিকেই যেন বিভাবলা হইয়াছে বলিয়া মনে হয়। সভ্তণ মান্নিকবন্ত হইলেও ইহা যখন বিভাবির্ভাবের দারস্বরূপ, তখন একমাত্র সভ্তণের অবস্থিতিকালেও ভগবানের স্থাকাশতাশক্তি সাধকের চিত্তে আবির্ভূত হইতে পারে। সভ্যের স্থাভাগ এবং ঔলাসাত্র বশতঃই বোধ হয় ইহা সভব। নির্মান কাচের ভিতর দিয়াও সূর্য্যরশ্মি প্রবেশ করিতে পারে, নির্মান কাচ সূর্য্যরশ্মি-প্রবেশে বাধাও জন্মায় না। যাহাহউক, সভ্তণের দার দিয়া ভগবানের স্থাকাশতা-শক্তিরূপ বিভাব ফলে চিত্ত সম্যক্ত্রেপে বিশ্বন্ধ হয়; তখন সভ্ত ভিরোহিত হইয়া যায়। মান্নিক সভ্তেও অভিত্বকালে চিত্তকে সম্যক্তির কলা যায় না।

এই প্রসঙ্গে আরও একটা কথা বিবেচ্য। অহচ্ছে কোনও বস্তুদারা নিন্মিত জানালার ভিতর দিয়া জানালার অপর পার্থের বস্তু দৃষ্টিগোচর হয় না; কিন্তু হচ্ছে কাচনিন্মিত জানালার ভিতর দিয়া তাহা দৃষ্টিগোচর হয়। তজ্ঞপ আহ্বাহ্য বিশ্বাহা চিত্ত যখন আছের থাকে, তখন তত্ত্ব-দর্শন না হইতে পারে; কিত্ত বভত্তম: অন্তর্হিত হইয়া গেলে কেবল বছা সন্থ যখন থাকে, তখন তাহার ভিতর দিয়া তো তত্ত্বদর্শনাদি হইতে পারে। এইরূপ দর্শনকে তত্ত্ব-সাক্ষাংকার বলা যায় কিনা? বোধ হয় ইহাকে তত্ত্বসাক্ষাংকার বলা যায় না; যেহেতু, ইহা দর্শন হইলেও আর্ভ দর্শনমান্ত, অনার্ভ দর্শন নহে। কাচের আবরণের ভিতর দিয়া যে-বস্তর দর্শন হয়, তাহা দ্রদর্শন; দর্শন হয় বিশিয়া কাচকে আবরণ না বিশিয়া আবরণাভাস হয়তো বলা চলে; তাহা দর্শনের যে ব্যবধান জন্মায়, দর্শন হয় বিশিয়া তাহাকে ব্যবধানাভাসও হয়তো বলা চলে, তথাপি দর্শনটা থাকিয়া যায় আর্ভ; এইরূপ দৃষ্ট বস্তকে স্পর্শ করা যায় না। তত্ত্বপ মায়িক সন্তর্ভণ ব্যক্ত বিশ্বা তজ্জনিত ব্যবধানাভাস এবং তজ্জনিত আবরণকে আবরণাভাস হয়তো বলা যাইতে পারে; তথাপি কিন্তু এই আভাসদ্বয়ের সহায়তায় যে দর্শন হয়, তাহা আর্ভ, দৃষ্ট তত্ত্ববস্তন্ত্ব সহিত স্পর্শাদি হয় না; এজন্ত তাহাকে অপরোক্ষ সাক্ষাংকার বা বান্তব সাক্ষাংকার বলা যায় না এবং এইরূপ সাক্ষাংকারকে মুক্তির হেতুও বলা যায় না। মুক্তি বলিতে সমাক্রপে মায়ানির্গুক্তিই ব্যায়; মায়ার একটা অংশও যতক্ষণ থাকিবে, ততক্ষণ সম্যক্ মায়ানির্গুক্তি হইয়াছে বলা যায় না।

প্রক্রণে প্রশ্ন হইতে পারে, যতদিন পর্য্যস্ত মায়ানিন্মিত পাঞ্চভৌতিক দেহ থাকিবে, ততদিন পর্য্যস্ত সম্যক্ মায়ানির্মান কি সম্ভব ? উত্তরে বলা যায়—ইহা অসম্ভব নহে। স্পর্ণমণি-স্থায়ে স্বরূপ-শক্তির রুদ্ভিবিশেষ ভক্তির স্পর্শে সাধকের পাঞ্চভৌতিক প্রাকৃত দেহও অপ্রাকৃত চিন্ময় হইয়া যায়। "ভক্তানাং সচ্চিদানন্দরপেদ্দেক্তিয়াত্মসু। ঘটতে স্বাস্ক্রপেষ্ বৈকুঠেংক্তর চ স্বত: ॥ বৃহদ্ভাগবতামৃত ॥ ২। ১। ১০৯ ॥" টীকায় শ্রীপাদ সনাতনগোস্বামী দিখিয়াছেন — "স্বামুরপেষু স্বস্থা: সচিচদানন্দ্বনরপায়া ভজে: সদৃশেষু যত: সচিচদানন্দরপেষু অতো হয়োরপি একরপত্তন নোজনোষপ্রসঙ্গ ইতি ভাব:। পাঞ্চভোতিকদেহবতামপি ভক্তিক্ষুর্ত্ত্যা সচ্চিদানন্দরপতায়ামেব পর্যাবসানাৎ।— ভজির ক্ষুর্ত্তিতে পাঞ্চভৌতিক দেহধারীদিগের দেহও সচ্চিদানন্দর্পতায় পর্য্যবসিত হয়।" (৬।৫।৪৭ এবং ২।২৩।৫ পয়ারের টীকা দ্রষ্টব্য)। শ্রীমন্মহাপ্রভুও বলিয়াছেন—"বৈষ্ণবের দেহ প্রাকৃত কভু নয়। অপ্রাকৃত দেহ ভক্তের চিদানন্দময় ৩।৪।১৮৩ ॥" শ্রীমদ্ভাগবতের "যন্তেযোপরতা দেবী মায়া বৈশারদী মতিং। সম্পন্ন এবেতি বিহুর্মহিদ্ধি ছে মহীয়তে ॥ ১।৩।৪৪ ॥"-শ্লোকের টীকায় ত্রীধরম্বামিপাদ লিখিয়াছেন—"অয়ন্তাব:। যাবদবিদ্যা আত্মন: আবরণ-বিক্লেপৌ করোতি, তাবলোপরতি:। যদা তু সৈব বিভার্মণেণ পরিণতা, তদা সদসদ্রূপং জীবোপাবিং দগ্ধ। নিরিদ্ধ-নাথিবং স্বয়মেবোপরমেদিতি।—যে পর্যান্ত অবিভা (রজন্তম:) আবরণ ও বিক্লেপ জনায়, সে পর্যান্ত মায়া উপরত হয় না। (রজ্জনোরূপ অবিলা অপসারিত হইলে) মায়া যখন বিলারূপে (সত্তুগরূপে) পরিণতি লাভ করে, তথন ছুল-সুক্ষরূপ (সদসন্দ্রপং) জীবোপাধিকে দ্র্য করিয়া নিরিন্ধন অগ্নির স্থায় নিজেই উপরত হয়।" তাৎপর্য্য--ভজির শজিতে শজিমান হইয়া সত্ত্রণ যখন রজ্জমঃকে অপসারিত করে, তখন থাকে একমাত্র সত্ত্ (বা বিছা); তখন মায়াই বিভারেপে পরিণত হয় (সত্ত্ত্রণময়ী মায়া শ্বরূপশক্তির র্ত্তিবিশেষ অপ্রাকৃত বিভার দারশ্বরূপ বলিয়া ভাছাকে বিভা—প্রাকৃত বিভা) বলা হয়। এই অবস্থায় সত্ত্ব (বা বিভা) মায়িক উপাধিকে দম্ম করিয়া নিজেই নিৰ্বাপিত হইয়া যায়। যতক্ষণ ইন্ধন পায়, ততক্ষণই আগুন জ্বলিতে থাকে, ইন্ধনকে ধ্বংস করিতে থাকে: কিছ ইশ্বন যখন সম্পূর্ণরূপে দগ্ধ হইয়া যায়, তখন আগুন, আপনা-আপনিই নিডিয়া যায়। ভক্তির শক্তিতে শক্তি-স**ম্পান্ন সম্ম্বগুণরূপ অগ্নি যখন তাহার ইন্ধনতুল্য** রজ্<mark>নতম: এবং মায়িক উপাধিকে দম করিয়া ধবংস করিয়া ফেলে,</mark> তথন ইন্ধনের অভাবে নিজেই—ভক্তির শক্তিতে—বিলুপ্ত বা অপসারি এইটা যায় (২।২৩)৫ পয়ারের টীকা দ্রষ্টব্য)। **শ্রীমদ্ভাগবতের প্রথম শ্লোকের "**ধায়া স্থেন নিরস্তকৃহকং সত্যং পরং ধীমহি।"-বাক্যে এবং বৈদিক গা**য়ত্রীর "ভর্নো** লেবস্থ ধীমহি (ভর্গ: অবিক্যা-তৎকার্য্যয়োর্ভর্জনাৎ ভর্গ:। সায়নাচার্য্য)"-বাক্য হইতে জানা যায়, ভগবানের স্বরূপ-শক্তি-ক্লপ তেজই মায়াকে নিঃশেষে দ্রীভূত করিতে পারে। ভক্তির সাধনে এই স্বরূপ-শক্তি বা স্বরূপ-শক্তির রতিরূপা ভজি যখন সাধকের মধ্যে প্রবেশ করে, তখন সাধন-পক্তায় মায়া যে সম্যক্রপেই তিরোহিত হইয়া যাইবে, এবং সাধকের যথাবস্থিত দেহেই যে ইহা হইতে পারে, তাছাতে কোনও সন্দেহ থাকিতে পারে না।

সাক্ষাৎকার বিবিধ। আত্মসাকাংকার চুই রক্ষের—অন্ত:সাক্ষাংকার এবং বহিলোকাংকার।

চিত্তে ভগবানের আবির্ভাব হইলেই অন্ত:সাক্ষাৎকার লাভ হয়। শ্রীনারদ বীয় অন্ত:সাক্ষাৎকারের কথা ব্যাসদেবের নিকটে বলিয়াছেন। "প্রগায়তঃ স্ববীর্ঘাণি তীর্থপাদঃ প্রিয়প্রবাঃ। আহুত ইব মে শীমং দর্শনং ঘাতি চেতিসি॥ শ্রীভা. ১৷৬৷৩৪॥—বাঁহার শ্রীচরণের আবির্ভাবস্থান তীর্থরূপে পরিণত হয়, বীয় যশঃকথা প্রবণে বাঁহার অত্যন্ত প্রীতি, সেই শ্রীকৃষ্ণ, তাঁহার যশঃকীর্তনসময়ে, আহুতের ভায় আমার চিত্তে আবিস্কৃতি হইয়া দৃষ্ট হরিন।"

আর চক্র সাক্ষাতে যে দর্শন, তাহার নাম বহি:সাক্ষাংকার। ব্রহ্মার পূত্র সনকাদি ঋষিগণ শ্রীভগৰানের বহি:সাক্ষাংকার পাইয়াছিলেন। তত্বাগতং প্রতিষ্ঠেণিয়িকং স্বপৃংভিত্তে২চক্ষতাক্ষবিষয়ং স্থসাধিভাগ্যম্। শ্রীভানতাবিদ্ধান — তাঁহারা ব্রহ্ম-সমাধিকাপ সাধনের ফলস্বরূপ স্কুস্থার শ্রীভগবান্কে দর্শন করিলেন। তাঁহাদের সমুখে শ্রীভগবান্ পদব্রে আগমন করিলেন এবং তাঁহার পরিকরগণ সেবাযোগ্য নানা বস্তুদারা তাঁহার পেবা করিতেছিলেন।"

সভোমুক্তি ও ক্রেমমুক্তি। সাধকের মৃত্যুর পরে মুক্তিলাভের সময়ের দিক্ বিবেচনা করিয়া মুক্তিকে ছুই শ্রেণীতে বিভক্ত করা যায়—সভোমুক্তি ও ক্রমমুক্তি। ভক্তিমিশ্র-যোগমার্গের সাধকগণই তাঁহাদের ইচ্ছানুসারে সভোমুক্তি বা ক্রমমুক্তি লাভ করেন। দেহত্যাগের অব্যবহিত পরেই অন্তিমামুক্তি লাভ করা হইলে তাহাকে বলে সভোমুক্তি। যাহারা সভোমুক্তি চাহেন, তাঁহারা অন্তিম সময়ে প্রাণবার্কে ব্রহ্মরক্তে লইয়া থাকেন; তারপর ব্রহ্মরক্তা ভেদ করিয়া দেহ এবং ইন্দ্রিয় সকল পরিত্যাগ করেন এবং দেহত্যাগের পরে ব্রহ্মধামে (নির্কিশেষ সিদ্লোকে বা বৈকুঠে) গ্রমন করেন। বিশেষ বিবরণ খ্রীভান হাহাব্দেন্ত ক্রিব্য।

ভক্তিমিশ্র-যোগমার্গের সাধকদের সভােমুক্তির কথাই উপরে বলা হইল। ঐশ্বর্যজ্ঞানমিশ্রাভক্তিমার্গের সাধকও যে সভােমুক্তি পাইয়া থাকেন, শ্রীনারদের দৃষ্টান্তে তাহা জানা যায়। শ্রীনারদ যে তাঁহার যথাবন্ধিত পাঞ্চভািতিক দেহ-পরিত্যাগের সঙ্গে সঙ্গেই চিন্ময় পার্ষদদেহ লাভ করিয়া বৈকুঠে গমন করিয়াছিলেন, ব্যাসদেবের নিকটে নিজমুখেই তিনি তাহা ব্যক্ত করিয়াছিলেন। "প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তমুন্। আরক্তর্মনির্বাণো ভ্রপতং পাঞ্চভােতিক: ॥ শ্রীভা. ১৮৮২৯॥—শুদ্ধা ভাগবৃতী তনুর (চিন্ময় পার্ষদদৈহের) প্রতি আমি প্রযুজ্যমান হইলে আমার আরক্তর্ম-নির্বাণ পাঞ্চভােতিক দেহ নিপতিত হইল।" ঐশ্বর্যজ্ঞান-হীন শুদ্ধা ভক্তিমার্গের সাধনেও যে সভ্যোমুক্তি লাভ হয় শ্রুতিচরী এবং ঋষিচরী গোপীগণই তাহার দৃষ্টান্ত ("অন্তশ্ভিত সিদ্ধদেহ" প্রবন্ধ দ্বন্ধির)।

আর বাঁহারা সভােমুক্তি চাহেন না, কিন্তু সিদ্ধগণের ক্রীড়াস্থান, অণিমাদি ঐশর্য, অথবা ব্রহ্মাণ্ডের সর্বব্র আধিপত্য লাভের ইচ্ছা করেন, তাঁহারা সভােমুক্তিকামীদ্দের লায় দেহত্যাগ-সময়ে মন ও ইন্দ্রিয় সকলকে পরিত্যাগ করেন না। তাঁহারা মন ও ইন্দ্রিয়গণের সহিতই জ্যাতির্শ্বয়ী স্ব্যানাড়ীকে অবলম্বন করিয়া দেহত্যাগ করেন। যথেচ্ছভাবে ব্রহ্মাণ্ডের নানাম্থানের ঐশর্যভাগের পরে তাঁহারা ব্রহ্মাণ্ডের অইম্ আবরণ প্রকৃতিতে প্রবেশ করেন। এই স্থানে তাঁহাদের সূক্ষ্ম-দেহাপাধি বিলুপ্ত হয়। পরিশেষে তাঁহারা শুদ্ধজীবয়রপে শ্রীবৈক্ষ্ঠনাথকে প্রাপ্ত হয়েন। মৃত্যুর পরে ইহারা ক্রমে ক্রমে মুক্তির পথে অগ্রসর হয়েন বিশ্বয়া ইহাদের মুক্তিকে ক্রম-মুক্তি বলে। বিশেষ বিবরণ শ্রীমন্ভাগবতের হাহাহ্ম-৩১ শ্লোকে ফুইব্য।

জীবন্ধুক্তি। দেহ হইতে প্রাণ উৎক্রান্ত (বা বহির্গত) হইয়া গেলেই, অর্থাৎ মৃত্যুর পরেই, সাধনসিদ্ধ-সাধক মৃক্তি পাইয়া শুদ্ধজীবস্থারপে বা পার্ষদদেহে অবস্থান করিতে পারেন। তাঁহার মৃক্তিকে বলে উৎক্রান্ত-মৃক্তি বা অন্তিমা মুক্তি। কিন্তু মৃত্যুর পূর্বেও জীব মায়াবদ্ধন হইতে মুক্তিলাভ করিতে পারেন।

পূর্বেব বলা হইয়াছে, পরমাত্ম-সাক্ষাৎকারই মৃক্তির হেতু। জীবদ্দশাতেই যদি কোনও সাধকের পরমাত্ম-সাক্ষাৎকার হয়, ভাহা হইলে তখনই তিনি মায়াবদ্ধন হইতে মুক্ত হইতে পারেন। তাঁহার জীবদ্দশায় তিনি মুক্ত হয়েন বলিয়া তখন তাঁহাকে বলা হয় জীবন্ধুক এবং তাঁহার এই মুক্তিকে বলা হয় জীবন্ধুক্তি। "সাচ যুক্তিকংক্রোল্ক-দুলায়াং জীবন্দশায়ামণি ভবতি। প্রীতিসন্দর্ভঃ॥ ১॥"

শ্রুতিতেও জীবন্ধু ক্রির কথা দেখিতে পাওয়া যায়। "যদা সদ্গুরুকটাক্ষোভবতি তদা ভগবৎকথা-শ্রবশ-ধ্যানাদৌ শ্রুদ্ধা জায়তে। তন্দাদ্ ক্রদমন্থিতানাদির্থবাসনাগ্রন্থিবিনাশো ভবতি। ততাে ক্রদমন্থিতাঃ কামাঃ সর্থেবিনশুন্তি। তন্দাদ্বদমপুণ্ডরীক-কর্ণিকায়াং পরমাক্ষাবির্ভাবো ভবতি। ততাে দৃঢ়তরা বৈষ্ণবী ভক্তির্জায়তে। ততাে বৈরাগ্যমুদ্ধি। বৈরাগ্যাদ্ বৃদ্ধিবিজ্ঞানাবির্ভাবো ভবতি। অভ্যাসাং তজ্জ্ঞানং ক্রমেণ পরিপকং ভবতি। পক্ষবিজ্ঞানাং জীবন্ধুজ্ঞা ভবতি। ইতি ত্রিপাদ্বিভূতিমহানারায়ণোপনিষং॥ পঞ্চমাধ্যায়ঃ॥—সদ্গুরুর কুপাকটাক্ষে ভগবং-কথা-শ্রবশ্বদ্যানাদিতে শ্রদ্ধা জন্মে। তাহা হইতে ক্রমন্থিত অনাদি ত্র্বাসনা-গ্রন্থি বিনই হয়; তাহার ফলে ক্রমন্থিত সমন্ত কাম দ্রীভূত হয়। তখন কংপদ্মের কর্ণিকায় পরমান্ধার আবির্ভাব হয়। তাহা হইতে দৃঢ়তরা বৈষ্ণবী ভক্তি জন্মে। ভক্তি হইতে বৈরাগ্যের উদয় হয়। বৈরাগ্য হইতে বৃদ্ধিবিজ্ঞানের আবির্ভাব হয়। অভ্যাসবশতঃ সেই জ্ঞান ক্রমশঃ পরিপক হয়। পরিপক-বিজ্ঞান হইতে সাধক জীবন্ধুক্ত হয়েন।" মহোপনিষদের দ্বিতীয় অধ্যায়ে এবং শ্রীমন্ভাগরতের তাচাত্র-তেন শ্লোকেও জীবন্ধুক্ত সাধকের লক্ষণ দৃষ্ট হয়।

শ্রুতিতে উল্লিখিতরূপ স্পষ্ট উল্লেখ থাকা সত্ত্বেও কিন্তু শ্রীপাদ রামানুজাচার্য্য জীবন্যুক্তি স্বীকার করেন না। ইহার হেতু বোধহয় এইরপ। "তদধিগমে উত্তরপূর্ব্বাঘয়োঃ আশ্লেষবিনাশৌ তদ্যপদেশাৎ॥" ৪।১।১৩॥"—এই বেদাস্তসূত্রে বলা হইয়াছে যে, ত্রাক্ষত্মপূর্ণন বা ত্রন্ধবিভালাভ হইলে সমস্ত পাপ বিনষ্ট হয়। পরবন্তী "ইতরস্তাপি এবম অসংশ্লেষঃ পাতে তু॥ ৪।১।১৪॥"-এই সূত্রে বলা হইয়াছে যে, ব্রহ্মবিতা লাভ হইলে পাপের ভায় পুণোরও ধ্বংস হয়। এছলে শ্রীপাদ রামামুক্ত বলেন—পুণ্য ধ্বংস হয় বটে; কিন্তু তাহা হয় শরীরপাতের (মৃত্যুর) পরে, পূর্বের নহে। যেহেতু, শরীরপাতের পূর্বে যতদিন সাধক জীবিত থাকেন, ততদিন তাঁহার অন্ধ-জলাদির প্রয়োজন হয়। পুণ্যের ফলেই সাধক এই সকল প্রয়োজনীয় বস্তু পাইয়া থাকেন। ব্যঞ্জনা এই যে, পুণ্য না থাকিলে সাধক অন্ধ-জলাদি পাইতে পারেন না। পুণাও পাপেরই ভাষে মায়াজনিত কর্মের ফল; স্তরাং যতদিন পুণা থাকিবে, ততদিন মায়ার প্রভাবও থাকিবে; মায়ার প্রভাব থাকিলে সাধক কিরূপে জীবন্মুক্ত হইতে পারেন ইহাই বোধ হয় আচার্য্যপানের অভিপ্রায়। এ-সম্বন্ধে বক্তব্য এই। প্রথমতঃ, "ভিন্নতে হৃদয়গ্রম্বিশ্ছিল্ডন্তে সর্ববসংশয়াঃ। ক্রীয়ন্তে চাস্ত কর্মাণি তিমিন্ দৃষ্টে পরাবরে॥ মুণ্ডকশ্রুতি॥ ২।২।৮॥"—এই শ্রুতিবাক্যে কর্মাক্ষয়ের কথা জানা যায়। কর্মাক্ষয় বলিতে পাপ ও পুণা উভয়ের ক্ষয়ই বুঝায়। কেহ হয়তো বলিতে পারেন—উক্ত শ্রুতিবাক্যে কেবল অপ্রারন্ধ-কর্ম্মের কথাই বলা হইয়াছে; প্রারক্ত কর্মের কথা বলা হয় নাই; যেহেতু, শাস্ত্র বলেন, "নাডুক্তং ক্ষীয়তে কর্ম কোটিকল্পতিরপি।" কিছ ইহা হইল সাধারণ বিধি; যাহাদের ত্রহ্মবিতা লাভ হয় নাই, তাহাদের জ্বত এই বিধি। কিছ ত্রহ্ম-সাক্ষাৎকার লক সাধকের জন্ম যে বিশেষ বিধি আছে, তাহাই উল্লিখিত শ্রুতিবাক্যে দৃষ্ট হয়। ত্রন্ধ-সাক্ষাৎকারে যে-পাপ এবং পুণ্য উভয়ই সম্যক্রপে বিনষ্ট হয় এবং মায়ার অঞ্জনও সম্যক্রপে দ্রীভূত হয়, শ্রুতিতে তাহার স্পষ্ট উল্লেখও দৃষ্ট হয়। "যদা পশাঃ পশাতে রুল্মবর্ণং কর্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিষ্। তদা বিভান্ পুণাপাপে বিধ্য় নিরঞ্জনঃ পরমসাম্যমুপৈতি ॥ মৃত্তকশ্রুতি:॥ ৩।১।৩॥" দ্বিতীয়ত:, সাক্ষাৎকার-প্রাপ্ত সাধক কেবল যে দ্বীয় পুণাের ফলেই তাঁহার প্রয়োজনীয় আন্ত্র-জলাদি পাইয়া থাকেন, তাহা বলাও বোধ হয় সঙ্গত হয় না। ভগবং-কুপাতেও তিনি তাহা পাইতে পারেন। গীতায় শ্ৰীকৃষ্ণ বলিয়াছেন—"অন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পৰ্যুপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্। ৯।২২ ॥—অন্তানিষ্ঠ হইয়া বাঁহারা আমাকে চিন্তা করিতে করিতে আমার ভজন করেন, আমি সেই সকল নিত্যাভিযুক্ত '(সর্ব্বপ্রকারে মদেকনিষ্ঠ) ব্যক্তিদিগের যোগ ও ক্ষেম বহন করিয়া থাকি।" এই শ্লোকের টীকায় যোগ-শব্দের অর্থে শ্ৰীধৱস্তামিপাদ লিখিয়াছেন—"ধনাদিলাভম্—ধনাদিলাভ।" শ্ৰীপাদ বলদেব বিভাভূষণ লিখিয়াছেন—"যোগক্ষেম্য অন্নান্তাহরণং তৎসংরক্ষণঞ্চ—অন্নাদির আহরণ এবং তৎসংরক্ষণ।" তিনি আরও লিখিয়াছেন—"তৎপোষণভারো

মবৈৰ বোঢ়বাঃ গৃহস্বস্থেব কুট্থপোষণভার ইতি— প্রীকৃষ্ণ বলিতেছেন, গৃহস্থ যেমন কুট্থ-পোষণের ভার বহন করেন, তজ্ঞপ আমিও তাঁহাদের পোষণভার বহন করি।" প্রীপাদ মধুস্দন সরষ্ঠীও লিমিয়াছেন—"দেহযান্ত্রামান্ত্রার্থনি প্রপ্রতমানানাং যোগঞ্চ ক্ষেণ্ড আলকস্ত লাভং লক্ষ্য পরিরক্ষণং চ শরীরন্ধিত্যর্থং যোগক্ষেমমকাময়মানানামিশি বহামি প্রাপায়মি অহং সর্বেশ্বরঃ।— তাঁহারা যোগ (অলক বন্ধর লাভ) এবং লক-বন্ধর রক্ষণ চাহেন না; দেহযান্ত্রা নির্বিছের জন্মও তাঁহারা কোনও চেষ্টা করেন না; কিছু সর্বেশ্বর আমি তাঁহাদের শরীর-রক্ষার নিমিন্ত তাঁহাদের যোগক্ষেম বহন করি (পাওয়াইয়া পাকি)।" অনন্তচিত্রে ভজন-পরায়ণ ভক্তের জন্মও বাঁহার এত করুণা, কুণা করিয়া সেই জগবান বাঁহাকে সাক্ষাৎকার দিরাছেন, তাঁহার প্রয়োজনীয় অন্ধজলাদি যে তিনি তাঁহাকে দিবেন, তাহাতে কোনও সন্দেহই গাকিতে পারে না। গীতার এই উক্তি হইতে জানা যায়, ভগবৎ-কুপাতেই সাক্ষাৎকার-প্রাপ্ত সাধক নিজের প্রয়োজনীয় অন্ধজলাদি লাভ করিতে পারেন; তজ্জ্ঞ পূর্বসন্ধিত পূণ্যের প্রয়োজন হয় না। স্পতরাং মৃত্যুর পূর্বের তাঁহার পুণ্যের ধ্বংস শ্বীকারের বিপক্ষেও কোনও হেতু দেখা যায় না; বিশেষতঃ শ্রুতিও যথন বলেন—বন্ধসাক্ষাক্তিরের পুণ্য ও পাপ উভয়ই সম্যক্রেপে ধ্বংস হয়। শ্রুতিও যে স্পষ্টভাবেই জীবন্ধুক্তির কথা বলিয়া গিয়াছেন, তাহা পূর্বের দেখান হইয়াছে। এ-সমস্ত কারণে, জীবন্ধুক্তি অশ্বীকারের মূলে কোনও শাল্পসন্মত প্রমূণ আছে বলিয়া মনে হয় না।

মায়ার প্রভাবেই জীবের দেহে আস্থাবৃদ্ধি জন্ম, অহং-মমন্থাদি জ্ঞান জন্ম। এইরূপ অহং মমন্থাদি-জ্ঞান স্বরূপতঃ মিথ্যা। যেহেতু, আমার দেহ বাস্তবিক "আমি" নই, ইহা "আমারও" নয়। এইরূপ জ্ঞান মায়াক দ্লিত, মায়ার প্রভাবে জাত। জীবদ্দশাতেই যদি কাহারও প্রমাজ-সাক্ষাৎকার হয়, তাহা হইলে তিনি বুঝিতে পারেন—এই "অহং-মমন্থাদি-জ্ঞান" মিথ্যা এবং অহং-মমন্থাদি জ্ঞানের ফলে জীবের যে "অন্তথারূপ—স্বরূপ হইতে ভিন্ন রূপ," তাহাও মিথ্যা। তাই তথন আর তাঁহার উপরে মায়ার প্রভাব থাকে না বলিয়া তিনি জীবনুক্ত। জীবনুক্তঅবস্থায় অহং-মমন্থাদি-জ্ঞান থাকে না বলিয়া দেহাদিতে আবেশ-জনিত তৃঃখ-বোধও থাকে না; আর প্রমাজসাক্ষাৎকার হয় বলিয়া প্রমানন্দের অনুভবও হয়। তাই জীবনুক্তিও আত্যস্তিক পুরুষার্থ। "জীবতন্তংসাক্ষাৎকারেণ মায়াকলিতন্ত অন্থভাবন্ত মিথ্যাত্বাবভাসাৎ সৈষা মুক্তিরেবাত্যস্তিকপুরুষার্থতিয়োপদিশতে।
প্রীতিসন্দর্ভ॥ ১॥"

নির্ভেদ-ব্রহ্মানুস্দিংস্থ সাধক ভক্তির সাহচর্য্যে যদি জানমার্গের উপাসন। করেন, তাহা হইলে ভক্তির কুপায় তিনিও ব্রহ্মসাক্ষাৎকার লাভ করিতে পারেন এবং ব্রহ্মসাক্ষাৎকার লাভ হইলে তাঁহার স্ব-স্থ্যরপ-সাক্ষাৎকারও লাভ হইতে পারে। তখন অবিভাকত্ত্ব আত্মাতে আরোপিত সদস্ত্রপও (স্থূল শরীর এবং সৃষ্ম শরীরও) তাঁহার নিকটে মিথ্যা বলিয়া অনুভূত হয়। তখন তিনি জীবন্মুক্ত হয়েন। শ্রীমদ্ভাগবতে এইরপ ব্রহ্মসাক্ষাৎকার-লক্ষণা জীবন্মুক্তির কথা বলা হইয়াছে। "তত্র ব্রহ্মসাক্ষাত্রকারলক্ষণাং জীবন্মুক্তিমাহ— যত্রেমে সদস্ত্রপে প্রতিষ্কিষ্ম স্বাংবিদা। অবিভায়াত্মনি কৃতে ইতি তদ্বিহ্মদর্শনম্। শ্রীভান সাভান সাক্ষাৎকার: স্বর্গজ্ঞানেন। * *। ব্রহ্মণো দর্শনং সাক্ষাৎকারঃ; যত্র স্বসংবিদেত্যুক্ত্যা জীবস্বর্রপজ্ঞানমপি তদাশ্রয়মেব ভবতি ইতি, তথা কেবলস্বসংবিদা তে (সদস্ত্রপে) নিষিদ্ধে ন ভবত ইতি চ জ্ঞাপিতম্। ততক্ষ জীবত এব অবিভাক্ষিত্রমায়াকার্য্যসন্থন্ধ-মিথ্যাত্ব-জ্ঞাপক্ষীবস্থরপসাক্ষাৎকারেণ ভাদাস্ক্যাপন্ধ-ব্রহ্মসাক্ষাৎকারো জীবন্মুক্তিবিশেষ ইত্যর্থ:। প্রীতিসন্দর্ভ:। ৩॥"

শ্রীমদ্ভাগবত বলেন, জ্ঞানমার্গের সাধক যদি ভক্তির সাহচর্ঘা গ্রহণ না করেন, তাহা হইলে সাধনের শেষ অবস্থায় তিনি নিজেকে জীবনুকে বলিয়া মনে করিতে পারেন বটে; কিন্তু ভগবচ্চরণারবিন্দের অনাদরবশতঃ তাঁহার অধঃপতনই হয়; স্তরাং তাঁহার জীবনুকি লাভ হয় না। "যেহন্তেরবিন্দাক বিমুক্তমানিনস্বয়াতভাবাদ-ুবিশুদ্ধয়ঃ। আরুহ ক্ছের্ণ পরং পদং ততঃ পতস্তাধোহনাদৃত্যুমদক্ষ্মঃ। ১০০০ খ

এইরপে, যাহারা ভক্তির সাহচর্য্যে যোগমার্গের সাধন করেন, তাঁহাদের জীবদ্দশায় ভক্তির রূপায় প্রমাত্ত্ব-্নাক্ষাংকাশ্ব লাভ হইলে তাঁহারাও জীবমুক্ত হইতে পারেন। আর, ভক্তিমার্গের উপাসকও তাঁহার জীবদ্দশায় ভগবং-সাক্ষাংকার লাভ করিলে জীবদ্ধুক্ত হইতে পারেন।

কোনও কোনও ছলে জীবমুক্ত পুরুষ তাঁহার দেহভঙ্গ পর্যান্ত প্রারক্ত কর্ম ভোগ করেন বটে; কিছু সেই ভোগে তাঁহার কোনও রূপ অভিনিবেশ থাকে না। "তত্মাদন্ত প্রারক্তর্মাত্তাণামনভিনিবেশেনৈব ভোগঃ॥ প্রীতিসম্পর্কঃ॥ ৪॥" তিনি সংসারে থাকেন—পদ্মপত্তে জলের মতন।

জীবন্ধুক মহাপুরুষণণ তাঁহাদের দেহভঙ্কের পরে স্ব-শ্ব-সাধনানুসারে কেছ বা শুদ্ধজীবস্থরূপে নির্মিশেষ ব্রহ্মানন্দসমূত্রে, বা ভগবদ্বিগ্রহে, আবার কেছ বা ভগবৎ-পার্ষদরূপে অবস্থান করেন। ইহাই তাঁহাদের অন্তিমা মুক্তি।

আত্তিমা মুক্তি বা উৎক্রোন্ত মুক্তি। দেহভঙ্গের পরে সাধক যে-মুক্তি পাইয়া থাকেন, ভাহাকেই অন্তিমা মুক্তি বলে। প্রাণ উৎক্রোন্ত (বহির্গত) হইয়া যাওয়ার পরে এই মুক্তি লাভ হয় বলিয়া ইহাকে উৎক্রান্ত-মুক্তিও বলা হয়।

জন্তিমা মুক্তি লাভের পরে আর কাহাকেও সংসারে আসিতে হয় না। ব্রহ্মসূত্রও একথা দ্বীকার করিয়াছেন। "আনার্ত্তি শব্দাং ॥" ৪।৪।২২॥ "ন স পুনরাবর্ত্ত ইতি শ্রুতে:। শ্রুতি বলেন—মুক্ত জীবকে আর ফিরিয়া আসিতে হয় না।" ছান্দোগ্য উপনিষদ বলেন—"স খলু এবং বর্ত্তয়ন্ যাবদায়্যং ব্রহ্মলোক্য্ অভিসম্পত্ততে ন চ পুনরাবর্ত্ততে ৮।১৫।১॥" শ্রীমদ্ভগবদ্গীতাও তাহাই বলেন। "আব্রহ্মভুবনাল্লোকাং পুনরাবর্ত্তিনোহর্জ্জন। মাং প্রাপ্তের তুক্রেয় পুনর্জ্কান ন বিশ্বতে॥ ৮।১৬॥—শ্রীকৃষ্ণ বলিতেছেন, হে অর্জ্কুন! ব্রহ্মলোক (সত্যলোক) সহ স্বর্গাদি সমস্তই অনিত্য। যাহারা এই সকল লোক প্রাপ্ত হয়, তাহাদের পুনর্জ্জনের সম্ভাবনা আছে; কিন্তু আমাকে পাইলে আর পুনর্জ্জন্য হয় না।" গীতায় অন্তব্রেও বলা হইয়াছে—"যদ্ গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম। ১৫।৬॥—যে স্থানে গেলে আর ফিরিয়া আসিতে হয় না, তাহাই আমার (শ্রীকৃষ্ণের) পরমধাম।" গীতা আরও বলেন—"তৎপ্রসাদাৎ পরাং শান্তিং হানং প্রাপ্তেসি শাখতম্॥ ১৮।৬২॥—শ্রীকৃষ্ণ অর্জ্কনকে বলিয়াছেন, ঈখবের প্রসাদে পরমা শান্তি এবং নিত্য স্থান প্রাপ্ত ইবৈ।" পুরাণাদিতেও এইরূপ বহুপ্রমাণ দৃষ্ট হয়।

পঞ্চবিধা মুক্তি। যাঁহার। মুক্তিকামী, তাঁহাদের মধ্যে কেহ কেহ মুক্তির সঙ্গে অন্থ কিছুও কামনা করিয়া থাকেন; স্বতরাং কামনার প্রকৃতি অনুসারে মুক্তির স্বরূপও ভিন্ন ভইয়া থাকে, অর্থাৎ মুক্তিও বিভিন্ন রকমের হইয়া থাকে। এইভাবে শাস্ত্রে পাঁচ রকমের অন্তিমা মুক্তির কথা দেখিতে পাওয়া যায়—সাযুজ্য, সালোক্য, সার্ঠি, সারূপ্য এবং সামীপ্য। এ-স্থলে এই পঞ্চবিধা মুক্তির সংক্ষিপ্ত পরিচয় দেওয়া হইতেছে।

সাযুজ্য। প্রতত্ত্ব-বস্তর কোনও এক প্রকাশের সহিত মিলিত হইয়া যাওয়ার (অর্থাৎ কোনও এক স্বরূপে প্রকাশ করার) নাম সাযুজ্য। সাযুজ্য মুক্তি আবার ছই রক্ষের—নির্কিশেষ ব্রহ্মসাযুজ্য এবং ঈশ্ব-সাযুজ্য বা ভগবৎ-সাযুজ্য।

ষাঁহারা নিরাকার নির্কিশেষ এক্ষের সঙ্গে মিলিত হইয়া যায়েন, তাঁহাদের মৃ্জিকে বলে এক্ষসাযুজ্য। মিলিত হওয়ার অর্থ—এক্ষের সহিত অভিন্ন হইয়া যাওয়া নয়; অণুচৈতন্ত জীব কখনও বিভূচৈতন্ত এক্ষের সহিত অভিন্ন হইতে পারেন না। সাযুজামুক্তিতে মিলিত হইয়া যাওয়ার অর্থ—এক্ষের সহিত তাদাত্মা প্রাপ্ত হওয়া; এক্ষানন্দ-সমুদ্রে নিমগ্ন হইয়া আনন্দ-তনয়তা লাভ করা। এই আনন্দ-তনয়তা বশতঃ সাযুজাপ্রাপ্ত জীব নিজের অভিজের কথাও যেন ভূলিয়া থাকেন, কিছে তাঁহার পৃথক অভিত্ব থাকে।

মুখ্য অর্থের সঙ্গতি থাকা সত্ত্বেও অবৈধভাবে শ্রুতিবাক্যের লক্ষণামূলক অর্থ করিয়া মায়াবাদীরা বলেন—
জীব ও ব্রন্ধ সর্বতোভাবে অভিন্ন, জীব ব্রন্ধই; মায়াবিজ্ঞিত ব্রন্ধই জীব। ঘট ভাঙ্গিয়া গেলে ঘটমধ্যস্থিত আকাশ
যেমন পটাকাশ বা বৃহৎ আকাশের সঙ্গে মিশিয়া সর্বতোভাবে এক হইয়া যায়, তখন যেমন ঘটাকাশের আর কোনও পৃথক সত্তা থাকে না, তক্রপ মায়া-বিজ্ঞিত-ব্রন্ধরূপ জীবের মায়াজনিত অজ্ঞান যখন দূর হইয়া যায়, তখন জীব মুক্ত হইয়া ব্রন্ধের সঙ্গে মিশিয়া এক হইয়া যায়েন, তখন আর তাঁহার পৃথক অন্তিত্ব থাকে না। ইহা শ্রুণ্ডিসম্মত বা দেদান্তসম্মত সিদ্ধান্ত নহে। শ্রুণ্ডি-বেদান্ত-মতে জীব হইতেছেন ব্রন্ধের চিন্দ্রপা শক্তির অংশ। কোনও অবস্থাতেই কোনও বন্ধুর স্থানপাত লক্ষণের ব্যত্যয় হইতে পারে না; শৃতরাং মুক্তির প্রেও যেমন জীব চিংকণ, মুক্তির পরেও তেমনি চিংকণ। কণ-পরিমাণ জীব মুক্ত অবস্থাতেও বিভূ-পরিমাণ ব্রন্ধ হইতে পারেন না। সাযুক্ষ্য মুক্তিতেও জীবের পৃথক অন্তিত্ব থাকে, সৃক্ষ শুদ্ধ জীবস্থারেশ। অবশ্য আনন্দ-তদ্ময়তাবশতঃ পৃথক অন্তিত্বের জ্ঞান তাঁহার পাকে না। ''অয়ং পুরুষঃ প্রাক্তেনা সম্পরিদক্তো না বাহাং কিঞ্চন বেদ ॥ রহদারণ্যকশ্রুতিঃ ॥ ৪।৩।২১ ॥'' তন্ময়তাবশতঃ স্বীয় অন্তিত্বের অনুভব হয় না বিলিয়া যে মুক্ত জীবের জ্ঞান বিলুপ্ত হইয়া যায়, তাহা নহে। যেহেতু, জীব স্বন্ধপতঃ চেতন বস্তু বিলিয়া তাঁহার জ্ঞান ও জ্ঞাতৃত্ব হইবে স্থানপাত ধর্মা; তাহা বিনই হইতে পারে না। ''যদৈ তন্ধ বিজানাতি বিজ্ঞান্ হৈ তন্ধ বিজানাতি, ন হি বিজ্ঞাতুর্বিজ্ঞাতের্বিপরিলোপো বিল্পতেহবিনাশিত্বাং। রহদারণ্যকশ্রুতি ॥ ৪।৩।৩০ ॥'' জীবের স্থানপাত কর্ত্ত্ব-ভোক্ত্বাদিও সাযুজামুক্তিতে থাকে; তাই জীব ব্রন্ধানন্দ অমুভব করিতে পারেন। মুক্ত জীব আনন্দ হইয়া যায়েন না; মুক্তিতে আনন্দ হইয়া গেলে মুক্তির পুরুষার্থতাই থাকে না; আনন্দ আস্থাদন করিতে পারিলেই মুক্তির পুরুষার্থতা। বসং হেবায়ং লাক্বানন্দী ভবতি॥ তৈতিরিয় শ্রুণ্ডঃ॥

সাযুজ্যমুক্তিপ্রাপ্ত জীবের যে পৃথক অন্তিত্ব থাকে, মায়াবাদ-ভাষ্যকার শ্রীপাদ শঙ্করাচার্য্যও তাঁহার নৃসিংহ-তাপনীর ভাষ্যে তাহা স্থীকার করিয়া গিয়াছেন—"মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তে॥"-এই বাক্যে। শ্রীধরস্থামিপাদ শ্রীমদ্ভাগবতের ১০৮৭।২১-শ্লোকের টীকায় শ্রীপাদ শঙ্করের উল্লিখিত ভাষ্যাংশ উদ্ধৃত করিয়াছেন। উহার তাৎপর্যা এই—"সাযুজ্যমুক্তিপ্রাপ্ত জীবও ভক্তির কপায় পৃথক বিগ্রহ ধারণ করিয়া ভগবানের ভজন করিয়া থাকেন।" সাযুজ্য মুক্তিতে জীবের পৃথক অন্তিত্ব থাকে বলিয়াই তাঁহার পক্ষে ভজনের উপযোগী দেহ ধারণ সম্ভব হয়; পৃথক অন্তিত্ব না থাকিলে বিগ্রহ ধারণ করিবে কে ? (২০৪০ত শ্লোকের টীকা দ্রষ্টব্য)।

আর, যাহারা অঘাস্থরাদির লায় অন্তিমা মুক্তিতে ভগবদ্বিগ্রহে প্রবেশ করিয়া যায়েন এবং সে-স্থানে সৃদ্ধ শুদ্ধ জীবিষ্কপে অবস্থান করেন, তাঁহাদের মুক্তিকে বলা হয় ঈশ্বর-সাযুজ্য। ব্রহ্মসাযুজ্যপ্রাপ্ত জীবের লায় ঈশ্বর-সাযুজ্যপপ্র জীবের প্রথ জীবের লায় ঈশ্বর-সাযুজ্যপপ্র জীবের প্রথ জীবের লায় ঈশ্বর-সাযুজ্যপপ্র জীবের প্রথ জীবের লায় ঈশ্বর-সাযুজ্যপ্র জীবের প্রথ জীবের লায় আন্তর্গর প্রথাপ্ত জীবের প্রথানান্দ-নিমগ্রতা ক্র্তিই তাঁহাদের চিত্তে প্রধানরূপে জাগরক থাকে। "অস্তভগবল্লক্ষণানন্দ-নিমগ্রতা ক্র্তিরেব প্রধান্ম। প্রীতিসন্দর্জঃ॥ ১৫॥" এই আনন্দ-নিমগ্রতা হইল, ব্রহ্মসাযুক্ত প্রথ জীবের লায় আন্তরিক ব্যাপার। ক্রমন্ত ক্রমন্ত তাঁহাদের বাহানন্দ-উপভোগও হয়। যদি ভগবানের ইচ্ছা হয় এবং ভগবান অনুগ্রহ করিয়া যদি, তাঁহাদিগকে বাহানন্দ-ভোগের উপযোগিনী কিঞ্চিৎ শক্তি দান করেন, তাহা হইলে তাঁহারা যথাযোগ্যভাবে ভগবদ্বত ভিনীয় অপ্রাকৃত ভোগোচ্ছিই-লেশ অনুভব করিতে পারেন। "ক্রিচিচ্ছিয়া তদ্গুরহেণ তলীয়তছে ক্রিলেশপ্রাপ্তিয়ব যথাযুক্তং বহিস্তদ্বিপ্রাপ্রকার করেন আনুভব করিতে পারেন। "ক্রিচিচ্ছিয়া তদ্গুরহেণ তলীয়তছে ক্রিলেশপ্রাপ্তিয়ব যথাযুক্তং বহিস্তদ্বিভাগে ভাগবিদ্ধিত ক্রমণ্ড শ্রিক প্রাপ্তিসন্দর্ভে উদ্ধিত হইয়াছে। "ম্বিদনং মুক্রো কু প্রবেশতি মোদতে চ কামাংকৈবান্ত্রতীতি রহংক্রেতা। — মুক্ত ব্রহ্মণা প্রহ্মণ ব্রহ্মবারা দর্শন করেন, ব্রহ্মবারা শ্রবণ করেন, ইতাদি। মাধান্দিনাধ্য-শ্রুতে। "— মুক্ত পুরুষ ব্রহ্ম প্রাপ্র হইয়া ব্রহ্মবারা দর্শন করেন, ব্রহ্মবারা শ্রবণ করেন, ইতাদি। মাধান্দিনায়ন-শ্রুতে। "

উল্লিখিত শ্রুতি প্রমাণের "ব্রুদ্বারা দর্শন করেন, ব্রুদ্বারা শ্রুবণ করেন"-ইত্যাদি বাক্য হইতে বুঝা যায়—ভগবৎ-সাযুদ্ধ্য প্রাপ্ত জীবের মধ্যে দর্শন-শ্রবণাদির উপযোগী ইন্দ্রিয়াদির অভিব্যক্তি নাই। ভগবান কপা করিয়া অনুভবাদির জন্ম কিঞিৎ শক্তি দান করিলেই মুক্ত জীব অনুভবাদি লাভ করিতে পারেন। তাঁহাদের এই ভোগও অতি সামায়।

ভগবানের সম্পূর্ণ আনন্দও তাঁহারা উপভোগ করিতে পারেন না। "মুক্তাং প্রাপ্য পরং বিষ্ণু তন্তোগালেশতঃ কৃচিং। বহিঠান ভূঞতে নিত্যং নানন্দাদীন কথঞ্চন॥ মাধ্বভায়ধৃত ভবিয়ৎ-পুরাণ-বচন॥—মুক্ত পুরুষের!

পরপুক্ষ বিষ্ণুকে প্রাপ্ত হইয়া ভাঁহার ভোগলেশ হইতে কোনও ছলে বহি:দ্বিত কিঞ্চিৎ ভোগ নিত্য উপভোগ করেন; কিন্তু বিষ্ণুর সম্পূর্ণ আনন্দাদি ভোগ করিতে পারেন না।"

সাযুজ্যপ্রাপ্ত জীবদিগের মধ্যে য়র্রপাম্বন্ধী সেব্য-সেবক-ভাব বিকাশ লাভ করে না বলিয়া তাঁহাদের পক্ষে সর্বতোভাবে ভগবং-প্রাপ্তি হইয়াছে, একথা বলা যায় না। তাই তাঁহাদের সম্বন্ধে ভগবং-কুপার বিকাশও হয় অতি সামান্ত র্নপে; এ-জন্তই তাঁহারা বাহিরের অপ্রাকৃত ভোগোচ্ছিই অতি অল্প পরিমাণেই ভোগ করিতে পারেন; সম্পূর্ণরূপে ভোগ, বা ভগবদানন্দেরও সম্পূর্ণ ভোগ তাঁহাদের পক্ষে অসন্তব এবং পরিকরর্ন্দের সহিত ভগবানের লীলাদির অনুভব একেবারেই অসন্তব।

ষ্বরূপে অণু চৈতন্ত জীবের শক্তিও অণুপরিমিতই; স্বরূপ-শক্তির কুপাতেই ভগবৎ-সেবাদির জন্ত জীবের শক্তি বিপুলতা লাভ করে। যাহারা জীবের স্বরূপান্থ দ্বিনী কৃষ্ণকৃথৈক-ভাৎপর্য্যায়ী সেবাপ্রাপ্তির বাসনায় ভক্তি-ধর্মের অনুষ্ঠান করেন, স্বরূপশক্তি তাঁহাদিগকেই পূর্ণরূপে কুপা করেন। কারণ, ভগবানের প্রীতি-বিধানই স্বরূপশক্তির একমাত্র কাম্য বস্তু; সেবাদারা ভগবানের প্রতিবিধানের জন্ত যাঁহারা লালাগ্রিত, তাঁহাদের আনুকূল্য করাও স্বরূপশক্তির স্বরূপগত্ত ধর্মা; যেহেতু, এইরূপ আনুকূল্যদারাই ভগবৎ-সেবা সন্তব হইতে পারে। কিছু যাঁহারা ভগবৎ-সেবাই চাহেন না, চাহেন ভগবানের বিগ্রহে স্থিতিমাত্র, তাঁহাদিগের প্রতি স্বরূপশক্তির পূর্ণ কুপার কোনও সন্তাবনাই থাকিতে পারে না। এজন্তই ভগবৎ-সাযুজ্যপ্রাপ্ত জীব স্বরূপশক্তির বা ভগবানের পূর্ণ কুপা হইতে বঞ্চিত এবং ভাহারই ফলে লীলাদির অনুভব বা ভগবানের আনন্দেরও পূর্ণ অনুভব হইতে বঞ্চিত।

সালোক্য-মুক্তি। যে মুক্তিতে সমান (একই) লোকে (ধামে) বাস হয়, তাহাকে সালোক্য-মুক্তি বলে। সাধকের উপাস্থ ভগবৎ-য়্বরূপের যেই ধাম, মুক্তি লাভ করিয়া সেই ধামে বাস করার বাসনা যাঁহার থাকে, তিনিই ভগবৎ-কৃপায় এই সালোক্যমুক্তি পাইতে পারেন। সালোক্যমুক্তিপ্রাপ্ত জীব ভগবৎ-কৃপায় করচরণাদিবিশিষ্ট পার্যদদেহ লাভ করেন; এই পার্যদদেহ চিন্ময়, প্রাকৃত নহে; ইহা নিত্য। শ্রীনারদ তাঁহার পার্যদদেহ-প্রাপ্তিমন্বন্ধে ব্যাস-দেবের নিকটে বলিয়াছেন—"প্রযুজ্যমানে মিয় তাং শুদ্ধাং ভাগবতীং তরুম্। আরক্ষকর্মনির্বাণো ক্রপতং পাঞ্চ-ভৌতিকঃ ॥ শ্রীভা ১।৬।২৯।—শুদ্ধা ভাগবতী তরুর প্রতি আমি প্রযুজ্যমান হইলে আমার আরক্ষমনির্বাণ পাঞ্চ-ভৌতিক দেহ নিপতিত হইল।" এই শ্লোকের টীকায় শ্রীধর্ম্বামিপাদ লিখিয়াছেন—"অনেন পার্যদত্ননামকর্মারক্তং শুদ্ধত্বনিত্যত্বমিত্যাদি স্চিতং ভবতীত্যেয়া।—ইহালারা পার্যদত্বসমূহের অকর্মারক্ত্বং শুদ্ধত্ব, নিত্যত্বাদি স্চিতং হইতেছে।"

সাষ্টি মুক্তি। সাষ্টি অর্থ (সমজাতীয়) ঐশর্যা। ধাহারা উপাস্থ ভগবং-স্বরূপের সমজাতীয় ঐশ্বর্য কামনা করেন, তাঁহারা এই সাষ্টি মুক্তি পাইয়া থাকেন। তাঁহাদেরও চিন্ময় এবং নিত্য পার্মদদেহ।

সাষ্টি-মুক্তিপ্রাপ্ত জীবসম্বন্ধে কয়েকটা শ্রুতিপ্রমাণ প্রীতিসন্দর্ভে উদ্ধৃত হইয়াছে। "স তত্র পর্যোতি জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ স্রীভির্বনা যানৈর্বনা জ্ঞাতিভির্বনা নোপজনং অর্রন্ধিং শরীরম্ ॥ ছান্দোগ্য ॥ ৮।১২।৩ ॥—সেই মুক্তপুক্ষ ব্রহ্মলোকে যাইয়া স্ত্রীপুক্ষের সংযোগে জাত এই শরীর অরণ না করিয়াই যথেচ্ছ প্রমণ, ভক্ষণ, ক্রীড়া, স্ত্রীগণের সহিত রমণ, যান্যোগে বিহার, জ্ঞাতিগণের সহিত অবস্থান করেন। আপ্রোতি স্থারাজ্যম্ ॥ তৈত্তিরীয় ॥ ১।৬ ॥—মুক্তপুক্ষ অংশভূত ব্রহ্মাদি দেবগণের আধিপত্য লাভ করেন। সর্বেইমে দেবা বিলমাহরন্তি ॥ তৈত্তিরীয় ॥ ১।৫ ॥—ব্রহ্মাদি দেবগণ মুক্তপুক্ষের জন্ম প্রজাপহার আছরণ করেন। তম্ম সর্বেষ্ লোকেষ্ কামাচারো ভবতি ॥ ছান্দোগ্য ॥ ৭।২৫।২ ॥—মুক্ত পুক্ষের সমন্ত লোকে স্কৃত্বন্ধর নাই ।" এ-সমন্ত শ্রুতিবাকে সম্ভব নয়। বেদান্ত ও বলেন—"জগদ্ব্যাপারবর্জ্জং প্রকরণাৎ অস্ত্রিছিত্তাং ॥ ৪।৪।১৭ ॥—জগতের স্টি-স্থিতি-প্রশয়-সামর্থ্য মুক্তপুক্ষ্যের নাই।" চরিত্রে, ওদার্য্যে, কাক্ষণ্যাদি গুণে ভগবানের সমান যে কোখাও কেছ নাই, তাহা ভগবান্ই দেবকী-বহুদেবের নিকটে কংসকারাগারে আবিভূত্ত

হওয়ার পরে নিজমুশে ব্যক্ত করিয়াছেন। "অদৃষ্ট্রাফতমং লোকে শীলোদার্যপ্তশৈং সমন্। অহং ক্তো বামভবং পৃশ্লিগর্জ ইতি শ্বতঃ ॥ প্রীজা. ১০।০।০০০ ॥—তোমরা (অংশে) ক্তবণা ও পৃশ্লিরপে জন্মগ্রহণ করিয়া অপস্থা করিয়া আমার মত পুল পাওয়ার নিমিত্ত বর প্রার্থনা করিয়াছিলে; কিছু চরিত্রে, উদার্ব্যে, গুণে আমার সমান কেই, কোথাও নাই বলিয়া আমিই পৃশ্লিগর্জ-নামে তোমাদের পুল হইয়াছি।" ভগবানের সমান ঐশ্বর্যতো দূরে, অণিমাদি ঐশ্বর্যেরও আংশিক প্রাপ্তি মাত্র হইতে পারে। "অতএবাণিমাদি-প্রাপ্তিরপ্যংশেনৈর জ্বেয়া ॥ প্রীতিসন্দর্জঃ॥ ১০॥" বৃহদ্ভাগবতামূতের ২।৪।১৯৯ শ্লোকের টীকায় প্রীপাদ সনাতনগোস্থামী লিখিয়াছেন—পার্বদগণ অপেক্ষা প্রীভগবানের অসাধারণ বিশেষত্ব এই যে, ভগবানে স্বাভাবিক (স্বর্রপান্বির্ন্তি) পরম-ঐশ্বর্যা-বিশেষ বর্ত্তমান এবং অনক্তসাধারণ মধুর মধ্র বিচিত্র সৌন্দর্য্যাদি মহিমাবিশেষ বর্তমান। পার্বদগণ অপেক্ষা ভগবানের এই সকল রৈশিষ্ট্য না থাকিলে পার্বদগণের ঐশ্বর্যাদি ভগবানের তুল্যই হইলে, পার্বদগণ বিচিত্র ভজনরস অনুভব করিতে পারিতেন না। "এবং পার্বদভাতেভোছিপি সকাশাৎ ভগবতা বিধেয়স্বাভাবিকপরমৈশ্ব্য-বিশেষাপেক্ষয়া তথানক্তসাধারণম্ব্রম্ব্রম্বর্বিচিত্র-সৌন্দর্য্যাদিমহিমবিশেষদৃষ্ট্যা ভগবতো মহান্ বিশেষঃ সিদ্ধ্যত্যেব। অভ্যথা সদা পরমভাবেন তেষাং তিমন্ বিচিত্র-ভজনরসান্পপত্তেরিতি দিক্॥" পার্বদগণের ঐশ্বর্য যে ভগবানের ঐশ্বর্য অপেক্ষা নুন, তাহাই এন্থলে বলা হইল।

সারূপ্য মুক্তি। সার্নপ্য-সমান রূপ-প্রাপ্তি। যিনি যে-জগবং-স্বরূপের উপাসক, তিনি যদি সেই জগবংস্বরূপের ধামে সেই ভগবং-স্বরূপের সমান রূপ প্রাপ্ত হয়েন, অর্থাৎ নারায়ণের উপাসক যদি নারায়ণের ক্রায় চতুত্ব রূপ প্রাপ্ত হয়েন, তাহা হইলে তাঁহার মুক্তিকে সার্নপ্য-মুক্তি বলা হয়। গজেন্দ্র ভগবং-স্পর্ণে অজ্ঞানবন্ধন হইতে মুক্ত হইয়া পীতবসন ও চতুত্ব জ ভগবানের রূপ প্রাপ্ত হইয়াছিলেন। "গজেন্দ্রো ভগবংস্পর্ণাদ্বিমুক্তোহজ্ঞানবন্ধনাৎ। প্রাপ্তো ভগবতো রূপং পীতবাসাক্তর্ভু জঃ ॥ প্রীভা. ৮।৪।৬॥"

সাষ্টি মুক্তি-প্রসঙ্গে বলা হইয়াছে, মুক্তপুরুষের ঐশ্বর্য ভগবানের ঔশ্বর্য অপেক্ষা ন্যুন। তদ্রুপ, সারপ্যমুক্তিতেও তদ্রুপ ন্যুনতা থাকিবে। ভগবানের অন্যুসাধারণ বিচিত্র সৌন্দর্য্যাদির কথা সাষ্টি-মুক্তি-প্রসঙ্গে উদ্ধৃত বৃহদ্ভাগবতা-মুতের টীকাংশে বলা হইয়াছে। সারপ্যে কর-চরণাদির সংখ্যায় এবং বর্ণাদিতেই সাম্য থাকিতে পারে; ভগবানের সৌন্দর্য্য-মাধ্র্য্যাদি, সর্বজন-চিত্তাকর্ষকাদি এবং শ্রীবংস-কৌস্তভ ও করচরণ-চিহ্নাদি মুক্ত ভীব পাইতে পারেন না। এ-সমস্ত ভগবানের নিজয় বস্তু।

সারপ্য-প্রাপ্ত জীবের পার্যদদেহও চিন্ময়, অপ্রাকৃত এবং নিত্য।

সামীপ্য-মুক্তি। যে-মুক্তিতে ভগবানের সমীপে (নিকটে) থাকা যায়, তাহার নাম সামীপ্য-মুক্তি। সামীপ্য-মুক্তিতেও নিত্য চিন্ময় পার্ষদদেহ প্রাপ্তি হয় এবং সেই দেহেই ভগবানের নিকটে থাকা হয়।

সালোক্য, সার্ছি ও সার্রপ্য হইল অন্তঃসাক্ষাৎকারময়; কিন্তু সামীপ্য বহিঃসাক্ষাৎকারময়; এজন্ত সালোক্যাদি ত্রিবিধা মুক্তি অপেক্ষা সামীপ্যের আধিক্য। ''সালোক্যাদিষু চ সামীপ্যস্তাধিক্যং বহিঃসাক্ষাৎকারময়ত্বাৎ ॥ প্রীতি সন্দর্ভঃ ॥ ১৬ ॥''

সালোক্যাদি চতুর্বিধা মুক্তি সম্বন্ধে। বাঁহারা বিধিমার্গে ভগবানের জজন করেন এবং বাঁহাদের চিন্তে ভগবানের ঐশ্বর্যের জ্ঞান প্রাধান্ত লাভ করে, তাঁহারাই যম-বাসনান্ত্সারে সালোক্যাদি চতুর্বিধা মুক্তির মধ্যে কোনও একটা মুক্তি পাইতে পারেন। এই চতুর্বিধা মুক্তির হান মায়াতীত বৈকুঠে বা পরব্যোমে। "ঐশ্বর্যজ্ঞানে বিধি ভজন করিয়া। বৈকুঠেতে যায় চতুর্বিধ মুক্তিপায়া॥ ১৷৩৷১৫॥ নমো নারায়ণায়েতি মন্ত্রোপসাকো বৈকুঠভুবনং গমিয়তি। নারায়ণাথর্বশির-উপনিধং ॥ ৪॥" ভক্তিরসামৃতিসিন্ধুও তাহাই বলেন। "মাহাম্মজ্ঞানমুক্তশ্চ স্পৃঢ়েই সর্বতোহধিক:। স্নেহোভক্তিরিতি প্রোক্তস্তমা সাই ্যাদি নাল্যথা॥ ১৷৪৷৮॥-ধৃত নারদপঞ্চরাত্রবচন॥ —মাহাম্মান্ত্রকান্ত্রকা, স্পৃঢ় এবং সকল বিষয় হইতে অধিক যে-স্নেহ, তাহাকেই ভক্তি বলে; এতাদৃশী ভক্তিব্যতীত সাই ্যাদি মুক্তি অহা কিছুতেই পাওয়া যায় না।"

সালোক্যাদি চতুৰিখা মুক্তিপ্ৰাপ্ত জীবগৰ চিন্ময় এবং নিত্য পাৰ্যদদেহে বৈকুঠে অবস্থান করেন। তাঁহাদিগকে শাস্ত ভক্ত বলে। নবযোগেলে, সনক-সনাতনাদি শাস্ত ভক্ত। শম-শব্দের অর্থ—ভগবিষ্ণিতা। শ্রীকৃষ্ণ বলিয়াছেন
— শামা মিরিঠতাবৃদ্ধে: । শ্রীভা. ১১।১৯।৩৬ ॥ এইরপ 'শম" বাঁহাদের আছে, তাঁহারাই শাস্তভক্ত। এজন্ত শাস্তভক্তের একটা লক্ষণ— 'ক্ষাকেনিঠতা" এবং তাহারই ফলে "কৃষ্ণ বিনা তৃষ্ণাত্যাগ"।

শীস্তভক ক্ষসম্বন্ধে মমতা-গন্ধহীন—ভগবান্ "আমার আপন-জন" এরপ জান তাঁহাদের জন্মে না; যেহেতু, শাস্তভকের চিত্তে ভগবানের ঐশ্ব্যজ্ঞানই প্রাধান্ত লাভ করে। "শাস্তের স্থভাব—ক্ষে মমতাগন্ধহীন। পরং ব্রহ্ম পরমান্ধা জ্ঞান প্রবীণ ॥ ২।১৯।১৭৭ ॥" শাস্তভকের ভাব মদীয়তাময় নহে, পরস্তু তদীয়তাময়; "ভগবান আমার" এই ভাব তাঁহার নাই; আমি ভগবানের, ভগবান্ অনুগ্রাহক, আমি অনুগ্রাহ্ —ইত্যাদি ভাবই শাস্তভকের চিত্তে বলবান্।

শাস্তভক্তের নিকটে প্রীক্ষ তাঁহার ঐশ্বর্যাত্মক চতুভূজ-রূপেই ক্ষৃত্তিপ্রাপ্ত কয়েন। ''ভামাকৃতি: ক্ষৃত্তি চতুভূজিংয়ন্। ভ. র. সি. ৩।১।৫॥'' তিনি ''সচিচদানন্দসাক্রাঙ্গ আত্মারামশিরোমণি:। পরমাত্মা পরং ব্রহ্ম শমো দুভি: শুচির্বশী। সদাস্তরপসংপ্রাপ্তো হতারিগতিদায়ক:। বিভুরিত্মাদিগুণবানন্মিনালম্বনো হরি:। ভ. র. সি. ৩।১।৫॥"

শান্তভক হুই শ্রেণীর—আত্মারাম ও তাপস। ক্ষেত্র বা ক্ষণভক্তের ক্পাতে যে-সমস্ত আত্মারাম বা তাপস ক্ষণভক্তি লাভ করেন, তাঁহারা শান্তভক্ত। "শান্তাঃ স্থাঃ কৃষণভতংপ্রেট-কার্নণ্যেন রতিং গতাঃ। আত্মারামা ভালীয়াধ্ববদ্ধশান্ত তাপসাঃ॥ ভ. র. সি. ৩।১।৫॥" সনক-সনন্দনাদি আত্মারাম শান্তভক্ত। "আত্মারামান্ত সনক-সনন্দনম্থা মতাঃ॥ ভ. র. সি. ৩।১।৫॥" আর, ভক্তিব্যতীত মুক্তি নির্মিন্ন হয় না, ইহা ভাবিয়া গাঁহারা যুক্তবৈরাগ্য স্থীকার করেন, অথচ মুক্তিবাসনা ত্যাগ করেন না, তাঁহাদিগকে তাপস শান্তভক্ত বলে "মুক্তিভিত্যব নির্মিন্নত্যান্তযুক্তবিরক্ততাঃ। অনুজ্মিতমুমুক্ষা যে ভজ্তে তে তু তাপসাঃ॥ ভ. র. সি. ৩।১।৫॥"

শাস্তভকগণের প্রায়শঃ নির্কিশেষ ব্রহ্মানন্দজাতীয় স্থই অনুভূত হয়; ভগবানের স্ক্চিন্তাকর্ষক গুণের স্বরূপগত ধর্মবশতঃই তাঁহাদের চিত্তে গুণাদি স্কৃত্তি হইয়া থাকে, সচিদানন্দ-বিগ্রহ ভগবানের স্কৃত্তিও হইয়া থাকে। কিছা নির্কিশেষ-ব্রহ্মানন্দ-জাতীয় স্থ অঘন—তরল; আর সচিদানন্দ-বিগ্রহ ভগবানের অনুভবে যে-আনন্দ, তাহা ঘন, প্রচ্বতর। "প্রায়ঃ স্বস্থজাতীয়ং স্থং স্থাদ্ত্র যোগিনাম্। কিস্থাস্থসোখামঘনং ঘনস্থীশময়ং স্থম্॥ ভ. র. সি. ৩।১।৪॥" এইরূপ অনুভবলর আনন্দ রসরূপে পরিণত হওয়ার পক্ষে ভগবং-স্বরূপের অনুভব (প্রীবিগ্রহরূপে ভগবং-সাক্ষাৎকারই) প্রধানহেতু; ব্রজের দাস্তভাবের ভক্তের স্থায় ভগবানের লীলাদির মনোজ্ঞত্ব ইহার প্রধান কারণ নহে। "ত্রাণীশশ্বরূপানুভববৈস্তব্যারহত্ত্তা। দাসাদিবন্ মনোজ্ঞতা লীলাদেন তথা মতা॥ ভ. র. সি. ৩।১।৪॥"

সালোক্যাদি চতুর্বিধা মুক্তির প্রত্যেকটাই আবার হুই রকমের—স্থেখর্য্যোত্তরা এবং প্রেমসেবোত্তরা।
"স্থৈখর্ষ্যোত্তরা সেয়ং প্রেমসেবোত্তরেতাপি। সালোক্যাদিরিধা তত্র নাতা সেবাজ্বাং মতা॥ ভ র রি ৬।২।২৯॥"
বৈক্ঠের স্বরূপনত ধর্মবশতঃই তাহাতে স্থ এবং ঐশ্ব্য বর্তমান। বাহাদের চিত্তে এই স্থ এবং ঐশ্ব্য লাভের
বাসনাই প্রাধান্ত লাভ করে, তাঁহাদের মুক্তি হইল—স্থেখর্যোত্তরা। আর, বাহাদের চিত্তে প্রেমের স্বভাববশতঃ
সেবার বাসনাই প্রাধান্ত লাভ করে, তাঁহাদের মুক্তি হইল—প্রেমসেবোত্তরা। এই প্রেমসেবা অবশ্ব বজের স্থায়
মদীয়তাময়ী প্রেমসেবা নহে; যেহেতু, শাস্তভক্তের চিত্তে শ্রীকৃষ্ণসম্বন্ধে মদীয়তাময় ভাবেরই অভাব; এই প্রেমসেবা
হইতেছে—ঐশ্ব্যজ্ঞানময়-প্রেমের সেবা, তদীয়তাভাবময়-প্রেমসেবা। বাহারা সেবা চাহেন, তাঁহারা স্থেশর্যোত্তরা
মুক্তি গ্রহণ করেন না।

পূর্ব্বেই বলা হইয়াছে—সালোক্য, সাষ্টি ও সারপামৃক্তি হইতেছে, অস্তঃসাক্ষাৎকারময়; সালোক্যাদি ত্রিবিধামুক্তিপ্রাপ্ত শান্তভক্তগণ স্ব-স্ব-চিন্তেই ভগবানকে অফুডব করেন; কিন্তু সামীপ্য-মৃক্তিতে বহিঃসাক্ষাৎকারও হয়; স্বতরাং সামীপ্যমৃক্তিতেই আনন্দের আধিক্য।

ভগবৎ-প্রাপ্তিলক্ষণা মুক্তি। উল্লিখিত পঞ্চবিধা মুক্তিব্যতীত আরও এক রক্ষের মুক্তি আছে। ইহা হইতেছে ভগবং-প্রাপ্তি; ভগবং-প্রাপ্তি হইলে আত্মাদিক ভাবেই মৃক্তি হইলা যায়। এজন্ত ইলাকে মৃক্তি না বলিয়া সাধারণত: প্রাপ্তি বলা হয়। ভগবৎ-প্রাপ্তি বলিতে ভগবৎ-সেবাপ্রাপ্তি বৃঝায়। এই সেবা হইতেছে— প্রাণঢালা সেবা, কৃষ্ণস্থিক-তাৎপর্যাময়ী সেবা, প্রীকৃষ্ণে মমত্ববৃদ্ধি-পৃথিকা সেবা। এইরূপ সেবার জভ মুধ্য প্রয়োজনীয় বস্তু হইতেছে কেবলাপ্রীতি, শ্রীকৃষ্ণবিষয়ক শুদ্ধ প্রেম। প্রেম-শব্দের তাৎপর্য্য হইতেছে —কুঞ্চেন্দ্রির-প্রীতি-ইচ্ছা। ঐীকৃষ্ণ-সেবা-প্রাপ্তিই গাঁহাদের একমাত্র লক্ষ্য, তাঁহারা চিত্তে এই প্রেমের আবির্ভাবের অমুকুল সাধন-পদ্ধা অবলম্বন করেন। এই সাধন হইতেছে—শুদ্ধাভক্তির সাধন, রাগামুগামার্গের সাধন। ঐশ্বর্যাজ্ঞানমুক্ত বৈধীমার্গের সাধনে ঐক্সে মমতাবৃদ্ধিময় ঐশ্বর্যজ্ঞানহীন-শুদ্ধপ্রেম বা কেবলাপ্রীতি পাওয়া যায় না। এইরূপ শুদ্ধাভক্তিমার্গের সাধকগণ ব্রজে ব্রজেজনন্দন শ্রীকৃষ্ণের সেবাই চাহেন। ব্রজেজনন্দন কৃষ্ণ স্বয়ংভগবান্ পরব্রন্ধ হইলেও, স্তরাং তাঁহাতে সমগ্র ঐশর্য্যের পূর্ণতম বিকাশ থাকিলেও, ঐশর্য্যের অন্তিত্বের জ্ঞান ব্রজেন্দ্রনদনের মধ্যেও প্রচ্ছন্ন এবং তাঁহার পরিকরগণের মধ্যেও প্রচ্ছন্ন। পরবন্ধ শ্রীকৃষ্ণের ঐশর্য্য বন্ধপরিকরদের গাঢ়-প্রীতিরস-সমুদ্রের অতল তলে যেন আত্মগোপন করিয়া থাকে। শ্রুতিতে প্রব্রহ্মকে 'রসো বৈ সং", "সর্বরসং" "রস্থনঃ" বলা হইয়াছে; তিনি প্রমৃত্ম রস্ক্রপ—রসম্বরূপে প্রম আয়াগুত্ম এবং রসিক্রপে রসিকেন্দ্র-শিরোমণি; তিনি "সর্ব্রসং"—অনস্ত রসবৈচিত্রীর সমবায়, অশেষ-রসায়ত-বারিধি। স্বয়ংভগবান ত্রজেন্দ্রন্দনেই তাঁহার এই সমস্ত বৈশিষ্ট্য পূর্ণতমরূপে অভিব্যক্ত। তাঁহাতে ঐশ্বর্যের পূর্ণতম বিকাশ এবং মাধ্র্যেরও পূর্ণতম বিকাশ। "মাধ্র্য্য ভগবত্তা-সার" বলিয়া ঐশ্ব্য অপেক্ষা মাধুর্য্যেরই প্রভাব বেশী, ব্রজের ঐশ্ব্য মাধুর্য্যদারা পরিসিঞ্চিত এবং পরিমণ্ডিত হইয়া মাধুর্য্যেরই সেবা —পৃষ্টিবিধান—করিয়া থাকে (২৷১১৷৯২ পয়ারের টীকা দ্রতীব্য) মাধ্র্যা-ঘন-বিগ্রহ, রস্থন-বিগ্রহ রসিকশেশর ব্রজেন্দ্র-নন্দ্র শ্রীকৃষ্ণ স্বীয় ব্রজপরিকর-ভক্তদের প্রেমরস নির্য্যাস আস্বাদন করেন; লীলার ব্যপদেশেই এই প্রেমরস-নির্ব্যাস উৎসারিত হইয়া থাকে। ঐশ্বর্যাদারা প্রেম সঞ্চিত হয়; স্কুতরাং প্রেমরস-নির্ব্যাসের উচ্ছাসও স্তিমিত, ন্তকীভূত হইয়া যায়। তাহাতে প্রেস্রস-নির্য্যাসের আশ্বাদন কুণ্ণ হয়, রসিকশেখরত্বের বিকাশ বিদ্নিত হয়। ইহা প্রীক্ষের ঐশুর্য্যের পক্ষেও অভীষ্ট নয়; যেহেতু, ঐশুর্য্য প্রীকৃষ্ণের স্বরূপশক্তিরই বিলাস বলিয়া শ্রীকৃষ্ণের সেবা ও প্রীতিবিধান ঐশর্য্যেরও একান্ত কাম্য। তাই ব্রজে পূর্ণতমরূপে বিকাশ-প্রাপ্ত ঐশর্য্যও মাধ্র্য্যের অন্তরালে আত্মগোপন করিয়া এবং মাধুর্য্যের দ্বারা পরিমণ্ডিত হইয়াই প্রয়োজন-অনুসারে মাধুর্য্যের পুষ্টিবিধান করিয়া শ্রীকৃষ্ণের রসায়াদনাত্মিকা লীলার আনুকৃল্য করিয়া থাকে; নিজের অনার্তয়্বরূপে প্রায়শঃই আত্মপ্রকাশ করে না। তাই শ্রীকুষ্ণের মধ্যেও যেমন, তেমনি তাঁহার অজপরিকরদের মধ্যেও ঐশ্বর্যোর জ্ঞান থাকে প্রচ্ছন্ন। অজপরিকরদের শ্রীকৃষ্ণ-বিষয়ক প্রেম সম্যকরূপে ঐশ্বর্যাজ্ঞানহীন। তাঁহাদের প্রেমের আর একটা বৈশিষ্ট্য হইতেছে এই যে, তাঁহাদের প্রেমে স্বস্থ-বাসনার গন্ধমাত্রও নাই। তাই তাঁহাদের প্রেম, সম্যকরূপে বিশুদ্ধ, নির্ম্মল—তাঁহাদের প্রীতি হইতেছে কেবলা প্রীতি।

ব্রজ্জীলার পরিকররূপে গাঁহারা শ্রীকৃষ্ণসেবা কামনা করেন, তাঁহাদের কাম্যও হইতেছে ঐরূপ কেবলা প্রীতি — স্বস্থুখ-বাসনার গন্ধলেশশূল্য ঐশ্বর্যাজ্ঞানহীন প্রেম।

বৈকৃঠে শ্রীকৃষ্ণ ঐশর্যাভাব-প্রধান নারায়ণরূপে লীলা করিয়া থাকেন। তাই সালোক্যাদি চতুর্বিধা মুক্তিপ্রাপ্ত বৈকৃঠ-পরিকরদের চিত্তেও শ্রীকৃষ্ণের ঐশর্য্যের জ্ঞান প্রাধান্ত লাভ করিয়া থাকে। এজন্ত শ্রীকৃষ্ণে বা নারায়ণরূপী শ্রীকৃষ্ণে তাঁহাদের মমতাবৃদ্ধি জন্মিতে পারে না। ব্রজপরিকরদের ঐশর্যাজ্ঞান নাই বলিয়া শ্রীকৃষ্ণে তাঁহাদের মমন্তবৃদ্ধি এবং এই মমন্তবৃদ্ধিবশতঃই তাঁহাদের পক্ষে প্রাণঢালা সেবা সম্ভব।

ভগবংকপাব্যতীত সাযুজ্যাদি পঞ্চবিধা মুক্তির কোনও মুক্তিই সম্ভব নয়। কুপা উদ্বৃদ্ধ করার জন্ম ভগবং-প্রীতির উন্মেষ প্রয়োজন। তাই আনুষঙ্গিকভাবে সাযুজ্যমুক্তির সাধককেও ভক্তি-অঙ্গের অনুষ্ঠান করিতে হয়। কিছ শাৰ্জ্য-মৃক্তিকামীর এই ভগবং-প্রীতি উপায়মাত্র, উপেয় নহে। আর, সালোক্যাদি চতুর্নিধা মৃক্তির সাধকদের নিকটে ভগবং-প্রীতি উপায় এবং উপেয়—উভয়ই। তথাপি, উপেয়রপা ভগবং-প্রীতিতে তাঁহারা প্রাধান্ত দেন না; তাঁহাদের প্রাধান্ত থাকে নিজের মায়া-নির্ভিতে এবং ঐপর্য্যাদি লাভের বাসনায়। "অথ মৃক্তিভ্যো ভগবংশ্রীতে রাধিক্যং বিত্রয়তে। তত্ত্ব বছপি তংশ্রীতিং বিনা তা অপি ন সস্ত্যেব, তথাপি কেষাঞ্চিং তেষাং স্বস্তু তুংশহানৌ সামীপ্যাদিলক্ষণ-সম্পত্তাবপি তাৎপর্যয়ং ন তু শ্রীভগবত্যেবেতি তেয়ু নৃত্যতা। প্রীতিসন্দর্ভ:॥ ১৬॥"

মৃক্তিকামীরা নিজেদের জন্ম কিছু চাহেন—পঞ্চিথা মৃক্তিতে মায়াবন্ধন হইতে অব্যাহতি লাভের কামনা সাধারণ। সালোক্যাদিতে তদতিরিক্তও কিছু কামনা আছে।

কিন্তু ব্রজপ্রেমের উপাসকর্গণ নিজেদের জন্ম কিছুই চাহেন না; তাঁহাদের একমাত্র কাম্য—কৃষ্ণস্থাধকতাৎপর্য্যময়ী সেবা। মুক্তি তাঁহারা চাহেন না; এমন কি, প্রীকৃষ্ণ তাঁহানিগকে মুক্তি দিতে চাহিলেও তাঁহারা তাহা গ্রহণ
করেন না। "সালোক্য-সাষ্টি-সামীপ্য-সার্কাপ্যকত্বমপ্যুত। দীয়মানং ন গৃহন্তি বিনা মংসেবনং জনাঃ ॥ গ্রীজা. ৩।২৯।
১৩ ॥—প্রীজগবান্ বলিতেছেন, আবার জক্তর্গণ আমার সেবাব্যতীত আর কিছুই চাহেন না; আমি যদি তাঁহাদিগকে
সালোক্য, সাষ্টি, সামীপ্য, সার্কাপ্য এবং সাযুক্ত্য—এই পঞ্চবিধা মুক্তিও দিতে চাহি, তাঁহারা তাহা গ্রহণ করেন না।"

তাঁহাদের মুক্তি না চাওয়ার হেতু এই। জীব ষরপতঃ ক্ষের নিত্যদাস। অনাদিবহির্প্বতাবশতঃ মায়ার কবলে পতিত হইয়া জীব নিজের ষরপের কথা ভূলিয়া আছেন। ভিক্নার্গের সাধনে এই ষরপের জ্ঞান ক্রিছ হইতে পারে এবং ষরপের জ্ঞান ক্রিছ হইলে সেবাবাসনাও ক্রিছ হইতে পারে। সাযুজ্যমুক্তিতে ক্ষয়দাস-স্বরূপের জ্ঞান ক্রিছ হয় না; স্তরাং সেব্য-সেবকভাবও ক্রেরিছ হয় না; যেহেতু, সাযুজ্যমাদির সাধনই হইতেছে জীব-রক্ষের প্রক্রজ্ঞানমূলক। সাযুজ্যমুক্তিতে ক্ষয়সেবার কোনও অবকাশ নাই বলিয়া ভক্ত তাহা নিতে চাহেন না। আরে, সালোক্যাদি চতুর্বিধা মুক্তিতে ষরপের জ্ঞান এবং সেব্য-সেবকভাবও বিগ্রমান থাকে; কিন্তু প্রধ্যজ্ঞান প্রধান্ত লাভ করে বলিয়া সেবাবাসনার সম্যক্ ক্রণ হয় না, প্রীক্ষয় মমত্বুদ্ধিও জাগে না। তাই প্রাণটালা সেবার সন্তাবনা নাই। এজন্ত ভক্ত সালোক্যাদি মুক্তিও কামনা করেন না। ভক্ত "নরক বাঞ্যে তবু সাযুজ্য না লয়॥ ২।৬।২৪১॥" এত্রলে সাযুজ্যের উপলক্ষণে পঞ্চবিধা মুক্তিই স্চিত হইতেছে। নরকে কাহাকেও অনস্তকাল থাকিতে হন না। নরকভোগের পরে আবার ব্রহ্মাণ্ডে জ্মাদি হয়। কোনও জ্মো কোনও ভাগ্যে ভজনের উপযোগী মনুগ্রদহ লাভের সন্তাবনা থাকে; তখন প্রীকৃষ্ণসেবাপ্রতির অনুকৃল ভজনের সন্তাবনাও থাকে। কিন্তু কোনও এক রক্মের মুক্তি লাভ হইলে সেই অবস্থাতেই অনস্তকাল পর্যান্ত। থাকিতে হইবে; প্রীকৃষ্ণসেবার উপযোগী ভজনের সন্তাবন। একেবারেই তিরোহিত হইবে। এজন্ত ভক্ত বরং নরকেও যাইতে প্রস্তত, তথাপি মুক্তি নিতে ইচ্ছুক হয়েন না।

ভক্ত চিত্ত-বিনোদনই রসিকশেশর প্রীকৃষ্ণের একমাত্র বাত। তিনি নিজেই বলিয়াছেন—"মন্ভক্তানাং বিনোদার্থং করোমি বিবিধাঃ ক্রিয়াঃ ॥ পল্লপুরাণ ॥" প্রীকৃষ্ণসেবার সৌভাগ্য হাঁহানের লাভ হয়, নিজের জন্ম উাঁহানের কাম্য কিছু না থাকিলেও স্বীয়মাধ্র্যাদি আয়াদন করাইয়া প্রীকৃষ্ণ নিজেই তাঁহাদিগকে অপরিসীম আনন্দ দান করিয়া থাকেন। তাঁহার মাধ্র্য অসমোর্জ। "যে মাধ্রী-উর্জ আন, নাহি যার সমান, পরব্যোমে স্বরূপের গণে। হাঁহো সব অবতারী, পরব্যোমে অধিকারী, এ-মাধ্র্য নাহি নারায়ণে ॥ তাতে সাক্ষী সেই রমা, নারায়ণের প্রিয়তমা, পতিব্রভাগণের উপালা। তেঁহো যে মাধ্র্য্যলোভে, ছাড়ি সব কামভোগে, বত করি করিল তপল্লা॥ ২।২১১৯৬-৯৭ ॥" প্রীকৃষ্ণের মাধ্র্য—"কোটিব্রন্ধাণ্ড পরব্যোম, তাহাঁ যে ম্বরূপগণ, বলে হবে তা-সভার মন। পতিব্রতা-শিরোমণি, যারে কহে বেদবাণী, আকর্ষয়ে সেই লক্ষ্মীগণ ॥ ২।২১৮৮ ॥" আবার "রূপ দেখি আপনার, কৃষ্ণের হয় চমৎকার, আয়াদিতে সাধ উঠে মনে ॥ ২।২১৮৬ ॥" প্রীকৃষ্ণের রূপ-গুণাদির এমনই এক অন্তুত আকর্ষণী-শক্তি যে, আয়ারাম ম্নিগণও উছাতে অহৈতৃকী ভক্তি করিয়া থাকেন। "আয়ারামাণ্চ ম্ন্যো নিগ্রন্থা অপ্যুক্তমে। ক্র্বস্ত্যহৈতৃকীং ভক্তি-মিশ্যজ্তগণে হরিঃ॥ প্রীজা. ১।৭।১০ ॥" শ্রুতিও বলেন—"মৃক্রা অপি হি এনমুপাসত ইতি সৌপর্ণশ্রুতে ॥" কিছা—০/৬০

"কৰ্ম জপ যোগ আন, বিধিভজি তপ ধ্যান, ইহা হৈতে মাধ্য্য **হৰ্মভ। কেবল বে রাগয়ার্গে, ভজে কুয়ে অনুনার্গে,** তারে কৃষ্ণমাধ্য্য **স্থল**ভ ॥ ২।২১।১০০ ॥"

এই রাগমার্গের ভজনকেই শ্রীমন্ভাগবতে "প্রোজ্বিত-কৈতব পরমধর্ম" বলা হইরাছে এবং ইহাই শ্রীমন্ভাগবতের প্রতিপাল্য ধর্ম। "ধর্ম:প্রোজ্বিত-কৈতবোহত্র পরমো নির্মাণ্ড স্বানাং সভাম্॥ ১০০০ । পরমান্ত ক্রীকার শ্রীধর্মামিপাদ লিখিয়াছেন—"অত্র শ্রীমতি স্থন্দরে ভাগবতে পরমো ধর্মো নির্মাতে ইতি। পরমান্ত হেতুঃ প্রকর্ষেণ উজ্বিতং কৈতবং ফলাভিসন্ধিলকাণং কপটং যমিন্ সং। প্রশানের মোক্লাভিসন্ধিরণি নিরন্তঃ। কেবলমী-খরারাধনলকাণো ধর্মো নির্মাতে ইতি।—যে-ধর্মের অনুষ্ঠানে কোমও রূপ ফলাভিসন্ধান থাকিবে না, এমন বিশিলিধা মুক্তির কোনও রকমের মুক্তির বাসনা পর্যন্ত থাকিবে না, যাহার একমাত্র লক্ষ্য হইবে ভগবানের আরাধনা বা সেবা (প্রীতিবিধান), তাহাই পরমধর্ম।" স্থামিপাদের এই টীকার কৈতব-শব্দের মর্মাই কবিরাজ গোলাকী এই ভাবে প্রকাশ করিয়াছেন:—"কৃষ্ণভক্তির বাধক যত শুভাশুভ কর্ম। সেই এক শীবের অভ্যান-তমোর্শ্ব ॥ অজ্ঞান-তমের নাম কহিয়ে কৈতব। ধর্ম অর্থ কাম মোক্ষ বাছা আদি সব।" এই ধর্মাস্থানের পর্যাবসান হয় শ্রীহরির তৃষ্টিতে। "রন্স্টিতন্ত ধর্মান্ত সংসিদ্ধির্হিরতোষণম্॥ শ্রীভা. ১০০০। গ্রামন্মহাপ্রভু অঞ্চকামনা এবং কৃষ্ণভক্তি—কামনাব্যতীত আর সকল রকমের কামনাতেই নিজের প্রতি অনুসন্ধান থাকে; তাই শ্রীমন্মহাপ্রভু অঞ্চকামনাকে তৃংসদ্ধ ও কৈতব বলিয়াছেন। "তৃংসঙ্গ কহিয়ে কৈতব আত্মবঞ্চনা। কৃষ্ণ কৃষ্ণভক্তিবিনা অঞ্চ কামনা॥ ২০১৪।৭০ ॥

রাগমার্গের ভজনেই কৃষ্ণবেশার উপযোগী এবং কৃষ্ণমাধ্য্য আয়াদনের উপযোগী প্রেম লাভ হইতে পারে । এজন্ত প্রেমকে বলা হয় পঞ্চমপুরুষার্থ বা পরম-পুরুষার্থ। "পঞ্চম পুরুষার্থ এই কৃষ্ণপ্রেম মহাধন। কৃষ্ণের মাধ্য্যরস করায় আয়াদন॥ প্রেমা হৈতে কৃষ্ণ হয় নিজভক্ত-বশ। প্রেমা হৈতে পাই কৃষ্ণস্বোস্থ্রস॥ ১١৭١১৩৭-৮॥"

ব্রজেন্দ্র-নন্দন শ্রীকৃষ্ণের চারি ভাবের পরিকর আছেন—দাস্ত, সখ্য, বাৎসল্য ও মধুর। এই সমন্ত ভাবে উত্তরোত্তর প্রেমের গাঢ়তা এবং উত্তরোত্তর শ্রীকৃষ্ণের প্রেমবশ্যতা। মধুর-ভাবেই শ্রীকৃষ্ণের পরিপূর্ণ-সেবা-প্রান্তি এবং শ্রীকৃষ্ণেরও পূর্ণতম-প্রেমবশ্যতা।

রসয়রপ পরবাদ শ্রীকৃষ্ণ পরম-য়তন্ত্র হইলেও রসয়রপদ্ব-য়ভাববশতঃ ভক্তির বশীভূত। "ভক্তিবশঃ পৃক্তঃ । মাঠর-ক্রতি ॥" তিনি শুদ্ধাভিদ্ধির (অর্থাৎ কেবলা প্রীতিরই) বশীভূত হয়েন। তিনি নিজেই বলিয়াছেন—"ঐশ্বর্যানিথিল প্রেমে নহে মোর প্রীত ॥ ১০০১৪ ॥" একমাত্র ব্রজেই কেবলা প্রীতি ; স্কৃতরং তিনি ব্রজ্ঞপরিকরদিগের প্রেদেরই সর্ব্যতোভাবে বশীভূত ; তাঁহার ব্রজপরিকরগণ তাঁহাকে নিতান্ত আপন করিয়াই পাইয়া থাকেন। রাগানুগামার্গে ভজন করিয়া ব্রজপরিকররপে গাঁহারা তাঁহার সেবা পাইয়া থাকেন, "রসং হোবায়ং লক্ত্রানন্দী ভবতি"-ক্রাতিরাক্যের পূর্ণ সার্থকতা তাঁহাদেরই মধ্যে।

ব্ৰজ্ঞতাবের সাধক ব্ৰক্তের যে-কোনও একভাবের পরিকরদের আহুগত্যে রাগানুগামার্গে ভব্তন করিয়া পার্বদক্ষণে সেই ভাবানুকৃল-লীলা-বিলাসী শ্রীকৃঞ্জের সেবা লাভ করিয়া কৃতার্ব হইতে পারেন।

ব্ৰজভাবের সাধক মৃক্তি চাহেন না বটে ; কিছু আমুষদিক ভাবেই তাঁছার মৃক্তি লাভ হইরা থাকে । প্রীক্ষক-কুপায় সাধনে সিদ্ধি লাভ করিলে যখন তাঁহার অভীষ্ট সেবা লাভ হইবে, তখন ব্রজেই তো তিনি ভাবাসুকৃল পার্বদদেহে প্রীক্ষণসেবা করিবেন। সংসারবন্ধন ছিন্ন না হইলে ভগবল্লীলাছল ব্রজে তিনি ঘাইবেন কিরুপে ! তাই আমুষদিক ভাবেই তাঁহার মৃক্তি হইয়া যায়, তজ্জ্জ্ল তাঁহাকে কিছু করিতে হয় না। "অনায়ালে ভবক্ষয়, কৃষ্ণের লেবন ॥ ১৮৮২৪ ॥ তাতে কৃষ্ণ ভজে, করে গুরুর লেবন। মান্নাপাশ ছুটে, পায় কৃষ্ণের চরণ ॥ ২।২২।১৮ ॥" ভগবং-প্রাধিদ্ধ আমুষ্কিক ভাবে এই মৃক্তি লাভ হয় বলিয়াই ইহাকে "ভগবং-প্রাধিন-লক্ষণা মৃক্তি" বলা যায়।

শারানানীদের করে। মারাবাদীরা বন্দ হইয়া যাওয়াকেই একমাত্র মুক্তি মনে করেন; অন্ত কোনওরণ মুক্তির পারমাণিকতা কীকার করেন না; অর্থাৎ তাঁহাদের মতে সালোক্যাদি মুক্তি হইতেছে অনিত্য; যেহেতু, সালোক্যাদি মুক্তি লাভ করিয়া জীব সবিশেষ ভগবং-বরুপগণের ধাম বৈকুণ্ঠাদিতেই গমন করেন। তাঁহাদের মতে বৈকুণ্ঠাদিত্তকাৰ অনিত্য নার্থির এবং ভগবং-বরুপগণও তাঁহাদের মতে মায়াময়, মায়িক, অনিত্য। অনিত্য বৈকুণ্ঠাদিকাতি বা অনিত্য ভগবং-বরুপসমূহের সেবাপ্রাপ্তি কখনও নিত্য হইতে পারে না; স্তরাং সালোক্যাদি মুক্তির নিত্যকাৰ নাই। ইহাই মায়াবাদীদের কত। কিন্তু এই মত শালামুমোদিত নহে। ভগবং-ম্বরূপগণের এবং বৈকুণ্ঠাদিত্যকারের নিত্যক্ত প্রতিকৃতি একবাক্যে বীকার করিয়া গিয়াছেন; সালোক্যাদি মুক্তির কথাও শ্রুতিত্বত দৃষ্ট হয়।

শৃষ্টির পরই নামরপাদি-বিশিষ্ট মায়িক বস্তব অন্তিম্ব ; শৃষ্টির পূর্বের, মহাপ্রলয়ে, মায়িক বস্তব অন্তিম্ব থাকে না ; মৃত্যাং প্রিয় পূর্বের কোনও বস্তব অন্তিম্বের কথা যদি শাত্রে দৃষ্ট হয়, নামরপ-বিশিষ্ট হইলেও সেই বস্ত যে শৃষ্ট বা মায়িক হইলে পারে না, ভাহা সহজেই বৃঝা যায়। শৃষ্টি-ব্যাপারটাই হইল মায়িক ; সমন্ত শৃষ্ট বস্তব হুইল মায়িক শৃষ্টির বা প্রাক্ত। শৃষ্ট বস্তব উৎপত্তি আছে, বিনাশ আছে ; মৃত্রাং ভাহা অনিত্য। যাহা শৃষ্ট নহে, মায়িক শৃষ্টির পূর্বে হইলেই বাহার অন্তিম্ব আছে, ভাহার উৎপত্তি-বিনাশ থাকিতে পারে না ; ভাহা নিত্য এবং অপ্রাক্ত। যাহা আৰু মায়া বা প্রকৃতি হইলে উভ্তুত, ভাহাও হইবে জড়—চিদ্বিরোধী ; আর যাহা প্রকৃতি হইতে উভ্তুত নয়, যাহা অপ্রাকৃত, ভাহা হইবে জড়-বিরোধী—চিৎ, চিন্ময়। মৃত্রাং শৃষ্টির পূর্বের যে-সমন্ত বস্তব কথা শাত্রে দৃষ্ট হয়, সে-সমন্ত অপ্রাকৃত বস্তও হইবে চিন্ময় এবং চিন্ময় বিচ্যা।

ত্রীকৃষ্ণ, বাস্থদেব, নারায়ণাদিই হইলেন ভগবৎ-ম্বরূপ। স্টির পূর্ব্বেও এ-সমস্ত ভগবৎ-ম্বরূপের অন্তিত্বের কথা অতিতে দৃষ্ট হয়। "বাস্থদেবো বা ইদমগ্র অসীৎ, ন ব্রহ্মা ন চ শহরঃ॥ — স্থাইর পূর্বেব বাস্থদেব ছিলেন, ব্রহ্মাও हिल्म मा, শকরও ছিলেন না।"—এই শ্রুতিবাক্য হইতে জানা যায়, স্ষ্টির পূর্ব্বেও বাস্থদেব ছিলেন। মহোপনিষদ বলেন—"একো হ বৈ নারায়ণ আসীৎ ন ব্রহ্মা নেশানো নাগো নাগীষোমে নেমে ভাবাপৃথিবী ন নক্ষত্রাণি ন সুর্য্যোন চক্রমা: ॥ — এক নারায়ণই ছিলেন, ব্রহ্মাও ছিলেন না, ঈশানও (শহরও) ছিলেন না, অপ্তেজ আদি ছিল না, মুর্গও ছিল না, পৃথিবীও ছিল না, নক্ষত্র চক্র-সূর্য্য কিছুই ছিল না।" এই শ্রুতিবাক্যেও স্থাইর পূর্বের নারায়ণের অন্তিত্বের কথা জানা যায়। গোপালতাপনী-শ্ৰুতি শ্ৰীকৃষ্ণকৈ প্ৰব্ৰহ্ম বলিয়াছেন। "ওঁ যোহসৌ প্ৰংব্ৰহ্ম গোপালঃ ওঁ॥" শ্ৰীমদ্ভগবদ্-গীতাও প্রীক্ষকে পরবন্ধ বলিয়াছেন—"পরং বন্ধ পরং ধাম। ১০।১২।" যিনি পরবন্ধ, তিনি মায়িক বা স্প্র বন্ধ হইতে পারেন না। তাঁহা হইতেই বরং মায়িক বিশের স্টি-স্থিতি-প্রলয় হইয়া থাকে। "জনাগ্রন্থ যতঃ"-এই বন্ধ-সূত্রও ভাহাই বলিয়াছেন। পরবন্ধ শ্রীকৃষ্ণ হইতেই যে জগতের সৃষ্টি-স্থিতি-প্রলয়, গীতা হইতেও তাহা জানা যায়। **"পিভাহমস্ত জগতো মাতা ধাতা পিতামছ:। বে**ছাং পবিত্রমোকার ঋক্ সাম যজ্রেব চ ॥ পতি ওঁ গ্রভু: সাক্ষী নিবাস: শরণং ফ্রং। প্রভব: প্রলয়: স্থানং নিধানং বীজমব্যয়ন্॥ ১।১৭-১৮॥ অহং সর্বাস্থ প্রভবো মতঃ সর্বাং প্রবর্ততে ॥ ১ । ৮ ॥" এই সমন্ত শ্রুতি-প্রমাণ ছইতে জানা গেল, প্রীকৃষ্ণ, বাস্থদেব এবং নারায়ণ সৃষ্টির পূর্বেও বিশ্বমান ছিলেন; স্কুতরাং তাঁহারা মায়িক বা অনিত্য হইতে পারেন না। খ্রীকৃষ্ণ যে সচ্চিদানন্দ-তত্ত্ব, মায়িক বস্তু নহেন, শ্রুতি হইতে তাহাও জানা যায়। "ওঁ সচ্চিদানন্দর্মণায় কৃষ্ণায়াক্লিইকারিণে। নমো বেদ। গুবেভায় গুরবে বৃদ্ধি-সাক্ষিণে । গোপালতাপনী শ্রুতি।" অক্তান্ত ভগবৎ-ম্বরূপগণও যে অপ্রাকৃত নিত্য, স্চিদ্যানন্দ্ময়, তাহার যথেষ্ট প্রমাণ শাল্তে দৃষ্ট হয়।

ভগবং-ম্বরূপ-সমূহ যখন নিতা, চিনায়, তাঁহাদের ধামও হইবে নিতা, চিনায়। তাহা কখনও মায়িক বা প্রাকৃত ুহুইতে পারে না। ভগবদ্ধাম-সমূহের সাধারণ নাম বৈকুঠ। বৈকুঠ-শব্দের অর্থ—যাহাতে কুঠা (বা মায়া) নাই। প্রবর্ততে যত্ত্ব রক্তমন্তয়ো: সন্তুং মিশ্রং ন চ কালবিক্রম:। ন যত্ত্ব মায়া কিমৃতাপরে হরেরনুত্রতা যত্ত্ব স্থাস্থ্রাচিচতা:॥ শ্রীভা থানা>০॥ ভগবদ্ধামের কথা শ্রুতিতেও পাওয়া যায়। "ভূবি দিবি বন্ধপুরে হেষ ব্যোমি আদ্ধা প্রতিষ্ঠিত:॥ মুখক ॥ ২।২।৭॥—আত্ম (ব্ৰহ্ম) বৃদ্ধবৃত্তের (ব্ৰহ্মণামে), ব্যোমে (পরব্যোমে) বিশ্বাক্ত ক্ষেণ্ । সভগবঃ কৃষিণ্ প্রতিষ্ঠিতঃ ইতি। যে মহিমি ইতি ॥ হান্দোগ্য ॥ ৭।২৪।১ ॥—ব্রহ্ম কোণায় প্রতিষ্ঠিত । নিজের মহিমার। নিজের মহিমার। তাঁহার ব্রহ্মপশক্তির বৃত্তিবিশেষই তাঁহার ধাম। "ডেষাং হানানাং নিত্যতল্পীলাম্পদত্তেন শ্রুমনাগজাৎ তদাধারশক্তিলক্ষণয়রূপবিভূতিমবগম্যতে। শ্রীকৃষ্ণসন্দর্ভঃ। ১৭৪ ॥ (সন্ধিনী-প্রধান-ব্রহ্মপশক্তিকেই আধার-শক্তি বলে)।" গোপাল-তাপনী শ্রুতিতে শ্রীকৃষ্ণসন্দর্ভঃ। ১৭৪ ॥ (সন্ধিনী-প্রধান-ব্রহ্মপশক্তিকেই আধার-শক্তি বলে)।" গোপাল-তাপনী শ্রুতিতে শ্রীকৃষ্ণের ধাম রন্ধাবনের উল্লেখ আছে। "তমেকং গোবিন্দং সচিদানন্দবিগ্রহং পঞ্চপদং রন্ধাবন-স্বর্ভ্কহতলাসীনং সততং সমকদ্গণোহহং পরময়া স্কত্যা তোষয়ামি ॥ পূর্বতাপনী । ৩৫ ॥" বৃন্ধাবন হইল অপ্রাকৃত গো-গোপাদির স্থান । ঋগ্বেদের শ্রু গাবো ভূরিশ্রা অয়াসং। অত্রাহ তত্ত্রগায়ক্ত কৃষ্ণঃ পরমং পদমবভাতি ভূরি ॥ ১৫৪।৬ ॥"—এই বাক্যে দীর্ষশুলবিশিষ্ট গোস্ক্র্যমন্তিত উক্রগায় শ্রীকৃষ্ণের পরমপদের (পরমধামের) কথা জানা যায়। গীতাতেও ধামের উল্লেখ দৃষ্ট হয়। "যদ্গত্বা না নিবর্তত্তে তদ্ধাম পরমং মম ॥ ১৫।৬ ॥ —শ্রীকৃষ্ণ বিশিত্তেন, যে-স্থানে গেলে আর ফিরিয়া আসিতে হয় না, তাহা আমার পরম ধাম। তমেব শরণং গচ্ছ সর্বভাবেন ভারত। তৎপ্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাক্তানি শান্তম্ব অর্জুনকে বলিতেহেন—হে ভারত, তুমি সর্বতোভাবে তাহারই (ঈশ্বেরই) শরণ গ্রহণ কর ; তাহার অনুগ্রহে পরমা শান্তি ও নিত্যধাম প্রাপ্ত হইবে ॥ ১৮।৬২ ॥" ধাম এবং ধামের নিত্যত্তসমন্ধে এইর্নপ আরও বহু প্রমা শান্ত্র দৃষ্ট হয়।

উল্লিখিত আলোচনা হইতে জানা গেল, ভগবং-য়রপ-সমূহ যেমন অপ্রাকৃত, নিত্য, সচিদানক্ষয়, তাঁহাদের ধামও অপ্রাকৃত, নিত্য, সচিদানক্ষয়। স্ত্তরাং বাঁহারা সাধন-ডজন-প্রভাবে ভগবং-কৃপায় ভগবদ্ধামে গমন করেন, তাঁহাদের মুক্তি যে অনিত্য, এইরপ অনুমান শাস্তানুমোদিত হইতে পারে না। ভগবদ্ধাম যখন মায়াতীত, সেন্থানে বাঁহারা যাইবেন, তাঁহারাও মায়াতীত (মায়ামুক্ত) হইয়াই যাইবেন; মায়ার উপাধিকে লইয়া মায়াতীত ধামে যাওয়া সম্ভব নয়। মুক্তি অর্থই হইল মায়ার কবল হইতে অব্যাহতি। অনাদিবহির্পুখতাবশতঃই জীবের মায়াধীনতা। ভগবং-কৃপায় মায়াধীনতা ঘূচিয়া গেলেই বহির্পুখতাও ঘুচিয়া যায়, তখনই ভগবত্বমুখতা, ভগবং-সায়িধ্যাদি। তখন কিসের জক্ত আবার মায়াধীনতা জন্মতে পারে? বিশেষতঃ, ভগবদ্ধামে তো মায়াই নাই; ভগবদ্ধামে বাঁহারা যাইবেন, প্রাকৃত-ব্রহ্মাণ্ড-স্থিতা মায়া কিরপে তাঁহাদিগকে স্পর্ণ করিবে? মায়া তাঁহাদিগকে স্পর্শ করিতে পারে না বলিয়াই তাঁহাদিগকে আর মায়িক ব্রহ্মাণ্ডে আসিতে হয় না, তাঁহারা নিত্যই ভগবদ্ধামে অবস্থান করেন। এজক্টই শ্রীকৃষ্ণ বলিয়াছেন—"যদ্গতা ন নিবর্তত্তে তদ্ধাম পরমং মম।"

বেদাকুগত পুরাণাদিতে বছস্থলেই সালোক্যাদি মৃক্তির উল্লেখ দৃষ্ট হয়। শ্রুতিতেও দৃষ্ট হয়। নামমাহাদ্ধ্য-প্রসঙ্গে কলিসন্তরণোপনিষৎ বলেন—"সর্বদা শুচিরশুটির্বা পঠন্ত্রাহ্দণ: সলোকতাং সমীপতাং স্বরূপতাং সাযুদ্ধ্য-তামেতি।" অন্তান্ত শ্রুতিতেও মৃক্তির উল্লেখ আছে। ¸এই অবস্থায় সালোক্যাদি মৃক্তিকে অপারমার্থিক বলা কিছুতেই সঙ্গত হয় না।

वष्टिष्ठित । नेहर्ष

রাগানুগা-সাধন-ভক্তি-প্রসঙ্গে শ্রীপাদ সনাতনগোস্বামীর নিকটে শ্রীমন্মহাপ্রভু বলিয়াছেন—
মনে নিজ সিদ্ধদেহ করিয়া ভাবন।
রাত্রিদিনে করে ব্রজে ক্ষেত্রর সেবন। চৈ. চ. ২।২২।১০

নিজের সিদ্ধদেহ মনে ভাবনা করিয়া সাধক সেই সিদ্ধদেহে দিবারাত্রি ত্রজে স্বীয়-অভীষ্ট-লীলাবিলাসী প্রীকৃঞ্জের সেবা করিবেন। "নিজাভীষ্ট কৃষ্ণপ্রেষ্ঠ-পাছেত লাগিয়া। নিরস্তর সেবা করে অন্তর্শ্মনা হঞা ॥ চৈ. চ. ২।২২।৯১ ॥" ৰীয়-অভীষ্ট-লীলাবিলাসী প্রীকুষ্ণের প্রেষ্ঠ যিনি, ডাঁহার আনুগতো অন্তর্মনা হইয়া (অর্থাৎ মনে নিজের সিদ্ধদেহ চিস্তা করিয়া সেই দেহে অভীষ্ট-লীলায়) নিরস্তর শ্রীকৃঞ্জের সেবা করিবে। বাহিরের বিষয় হইতে মনকে আকর্ষণ করিয়া অন্তশ্চিন্তিত সিদ্ধদেহদারা শ্রীকৃষ্ণসেবায় মনকে নিয়োজিত করাই হইল অন্তর্মনা হওয়া। শ্রীকৃষ্ণের প্রেষ্ঠ বলিতে কি বুঝায় :- তাহা বলা হইতেছে। যিনি সখ্যভাবের উপাসক, ব্রঞ্জে সখাদের সহিত বিলাসবান্ শ্রীকৃষ্ণই হইলেন উাহার অভীষ্ট-দীলাবিলাসী কৃষ্ণ; সংগ্রভাবের দীলাতে প্রেষ্ঠ (প্রিয়তম পরিকর ভক্ত) হইতেছেন স্থবল-মধ্মদলাদি; স্থবল-মধুমললাদির আমুগত্যেই সাধক অন্তশ্চিন্তিত সিদ্ধদেহে স্থ্যভাবাদ্মিকা-লীলাতে ঐকুফ্কের সেবার চিন্তা করিবেন। এইরপে বাৎসল্য-ভাবের সাধক শ্রীনন্দ-যশোদার এবং মধুর-ভাবের সাধক শ্রীললিতাদির আফুগত্যে কৃষ্ণসেবার চিস্তা করিবেন। "লুকৈর্বাৎসল্যসখ্যাদৌ ভক্তি: কার্য্যাত্র সাধকৈ:। ব্রজেন্দ্রস্বলাদীনাং ভাবচেষ্টিতমুদ্রয়া॥ ভ. র. সি. ১।২।১৬০ ॥'' একটা কথা মরণ রাখা প্রয়োজন; তাহা হইতেছে এই। শ্রীনন্দ-যশোদাদি বা শ্রীরাধা-ললিতাদি সকলেই রাগান্ত্রিকা-ভাবে শ্রীকৃষ্ণেব সেবা করিয়া থাকেন। রাগান্ত্রিকার সেবা হইতেছে স্থাতন্ত্রময়ী: ক্ষের নিত্যদাস জীবের স্বাতন্ত্রাময়ী সেবাতে অধিকার নাই; আনুগত্যময়ী সেবাতেই তাঁহার অধিকার। তাই রাগান্ধিকার অনুগতা রাগান্থগা ভক্তিতেই তাঁহার অধিকার; রাগানুগা-সেবাই সাধকভক্তের কাম্য। শ্রীকুষ্ণের নিত্যসিদ্ধ-পরিকরদের মধ্যে রাগামুগার সেবার অধিকারী পরিকরও আছেন। যেমন, মধুর-ভাবের লীলায় জ্রীরূপ-মঞ্জরী-আদি হইলেন রাগামুগা সেবার মুখ্যা অধিকারিণী। তাঁহাদের কুপাতেই সাধক-জীব সেবায় নিয়োজিত হইতে পারেন। সাধক গুরুরপা মঞ্জরীর আনুগত্যে শ্রীরপমঞ্জরীর চরণ আশ্রয় করিলে শ্রীরপমঞ্জরীই কূপা করিয়া তাঁহাকে ললিতা-বিশাবাদি স্থীবর্গের এবং শ্রীমতী র্ষভানুনন্দিনীর আনুগত্য দিয়া শ্রীযুগলকিশোরের সেবায় নিয়োজিত করিবেন। মঞ্জরী বলিতে দাসী—শ্রীরাধিকার দাসী বুঝায়। মধুর-ভাবের সাধকের সিদ্ধদেহ হইতেছে মঞ্জরীদেহ। অক্সান্ত ভাবের সাধকের সিদ্ধদেহও সেই-সেই ভাবের লীলার নিত্যপরিকরদের অনুরূপ দেহ।

শ্রীগুরুকপায় এবং শ্রীভগবানের কৃপায় সাধকভক্ত যখন অভীষ্ট-লীলায় প্রবেশ করিবেন, তখন যেই পার্ষদ-দেহে ভিনি ভাবাসুকৃদ-লীলাবিলাসী শ্রীকৃষ্ণের সেবা করিবেন, সেই পার্ষদ-দেহটীই তাঁহার সিদ্ধদেহ। লীলাতে প্রবেশ করার পূর্বে সাধকের পক্ষে সেই দেহ তুর্লভ। সাধন-কালে মনে মনে মেই দেহের চিন্তা করিতে হয় এবং মনে মনে বা অন্তরে সেই দেহের চিন্তা করা হয় বলিয়াই ইহাকে "অন্তশ্চিন্তিত সিদ্ধ দেহ" বলা হয়।

প্রশ্ন হইতে পারে—সিদ্ধদেহটীর কোনওরূপ পরিচয় না পাইলে তাহার চিন্তা কিরূপে সম্ভব হইতে পারে ? উত্তর এই। প্রীপ্তরূদেব কূপা করিয়া তাঁহার শিশ্য-সাধককে এই সিদ্ধদেহের পরিচয় জানাইয়া দেন। রাগামুগামার্গের সাধক শুরুদেব তাঁহার শিশ্যকে গুরু-প্রণালিকা যেমন দিয়া থাকেন, সঙ্গে সঙ্গে সিদ্ধ-প্রণালিকাও দিয়া থাকেন। শুরু-প্রণালিকাতে থাকে গুরুবর্গের নাম—সংশ্লিষ্ট শিশ্যের নামও থাকে, আর থাকে তাঁহার গুরু, পরম-গুরু ইত্যাদি ক্রমে গৌর-নির্দ্ধি মুক্ত কুর (অর্থাৎ নিত্যানন্দ-পরিবার-স্থলে শ্রীনিত্যানন্দের, শ্রীঅধৈত-পরিবার-স্থলে শ্রীঅধৈতের ইত্যাদি) নাম পর্যন্ত। আর, সিদ্ধপ্রণালিকাতে থাকে শিশ্যের এবং গুরুবর্গের সিদ্ধদেহের বিবরণ, বর্গ-বয়স-বেশ-

ভূষা-বেবা-ইত্যাদির বিবরণ। সিদ্ধপ্রণালিকাতে অবশ্য সিদ্ধদেহের দিগ্দর্শনমাত্র উল্লিখিত হয়। সিদ্ধপ্রণালিকা-ব্যতীত রাগামুগার ভক্তনই চলিতে পারে না।

রাগানুগামার্গে অন্তন্দিন্তিত সিদ্ধদেহে অইকালীর (রাজিদিনব্যাপী)-শীলামরণের বিধান পদ্মপুরাণ পাতাল-থণ্ডের ৫২-অধ্যায়েও দৃষ্ট হয়। তাহাতে মধ্র ভাবের সাধক বা সাধিকার অন্তন্দিন্তিত সিদ্ধদেহের একটা দিগ্দেশনও পাওয়া যায়।

আদ্ধানং চিন্তবেদ্দত্তর তাসাং মধ্যে মনোরমাম্।
রপযৌবনসম্পন্নাং কিশোরীং প্রমদাকৃতিম্ ॥
নানাশিল্পকলাভিজ্ঞাং কৃষ্ণভোগাস্রূপনীম্।
প্রাধিকাস্চরীং নিত্যং তৎসেবন-পরায়ণাম্।
কৃষ্ণাদপ্যধিকং প্রেম রাধিকায়াং প্রকৃর্বতীম্ ॥
প্রীত্যাস্দিবসং যত্নান্তরোঃ সঙ্গমকারিনীম্।
তৎসেবনস্বাল্লাদভাবেনাতিস্থনির তাম্ ॥
ইত্যাত্মানং বিচিত্তৈয়ে ত্ত্রসেবাং সমাচরেৎ ॥

- 4. 9. 41. ex19-33 1

— শ্রীসদাশিব নারদের নিকট বলিতেছেন—"ব্রজেন্দ্র-নন্দন শ্রীক্ষের সেবা লাভ করিতে হইলে নিজেকে তাঁহাদের (গোপীগণের) মধ্যবর্ত্তিনী, রূপ-যৌবনসম্পন্না মনোরমা কিশোরী রমণীরূপে চিন্তা করিবে; শ্রীক্ষের ভোগের প্রীতির) অমুরূপা নানাবিধ-শিল্পকলাভিজ্ঞা, কৃষ্ণকর্তৃক প্রার্থিতা হইলেও ভোগপরাত্ত্বশী রমণীরূপে নিজেকে চিন্তা করিবে। সর্বাদা শ্রীরাধিকার কিন্ধরীরূপে তাঁহার সেবাপরায়ণারূপে নিজেকে চিন্তা করিবে। শ্রীকৃষ্ণে অপেক্ষাও শ্রীরাধিকাতে অধিক প্রীতিমতী হইবে। প্রীতির সহিত প্রতিদিন শ্রীশ্রীরাধারুষ্ণের মিলন-সংঘটনে যতুপর হইবে (অবশ্র মানসে, কেবল চিন্তাদারা) এবং তাঁহাদের সেবা করিয়া আনন্দে বিভোর হইয়া থাকিবে নিজেকে এইরূপ চিন্তা করিয়া সর্বাদা ব্রজে তাঁহাদের সেবা করিবে।"

ষাহাহউক, প্রীশুক্রদেব কুপা করিয়া তাঁহার শিশ্বকে যে-সিদ্ধদেহের পরিচয় দিয়া থাকেন, তাহা তাঁহার করিত নহে। সাধকের মঙ্গলের নিমিন্ত পরম-করুণ প্রীকৃষ্ণই তাঁহার শুকুদেবের চিন্তে ঐ রূপটা ক্ষুবিত করেন। "কৃষ্ণ যদি কুপা করে কোন ভাগ্যবানে। শুকু অন্তর্গ্যামীরূপে শিক্ষায় আপনে॥ ২৷২২৷৩০॥" "লোক নিশ্তারিব এই ঈশ্বরস্থভাব ॥ ৩৷২৷৫॥"-বশতঃ মায়াবদ্ধ জীবের বহির্মুখতা খুচাইয়া তাঁহাকে স্বচরণ-সেবায় প্রতিষ্ঠিত করাইবার নিমিন্ত পরমকরুণ পরব্রন-প্রীকৃষ্ণ অনাদিকাল হইতেই তাঁহার নিশাস-রূপ অপৌরুষেয় বেদ-পুরাণাদি প্রকৃষ্টিত করিয়া
রাখিয়াছেন, মুগাবতারাদিরূপে প্রতিযুগে এবং সময় বিশেষে ম্বয়ংরূপেও অবতীর্ণ হইয়া জীবের প্রেয়োলাভের উপার
বিদ্যা দিতেছেন, আবার যাঁহার৷ প্রীতিপূর্বক তাঁহার ভজন করেন, তাঁহাকে পাওয়ার উপযোগিনী বৃদ্ধিও
তাঁহাদিগকে দিয়া থাকেন (গীতা ১০৷১০); স্থতরাং সাধকের মঙ্গলের উদ্দেশ্যে তিনি যে তাঁহার শুরুদেবের চিন্তে
রাগানুগামার্গের ভজনে অপরিহার্য্য-সিদ্ধদেহের রূপ ক্ষুবিত করিবেন, ইহা অয়াভাবিক বা অযৌজিক নহে।

সত্যস্থান প্রীভগবান্ শুক্রদেবের চিন্তে যে-রূপটা ক্রিতক্রেন, তাহা আকাশকুস্থানের স্থায় অসত্য হইতে পারে মা; তাহা সত্য। শারোজধ্যানমত্রে বা গুবাদিতে বর্ণিত ভগবং-স্থারের রূপ চিন্তা করিতে গেলে নাধনের প্রথম অবস্থায় সাধকের নিকটে সাধারণতঃ তাহা যেমন অস্পষ্ট বলিয়াই মনে হয়,ভগবং-কৃপায় সাধনে অপ্রসর হইতে হইতে তাহা যেমন অস্পষ্ট বলিয়াই মনে হয়,ভগবং-কৃপায় সাধনে অপ্রসর হইতে হইতে তাহা যেমন অস্পষ্ট বলিয়াই করে এই অস্তাভিত্তিত সিম্বনের প্রথম অবস্থায় সাধকের চিন্তার অস্পষ্ট হইতে পারে; কিন্তু ক্রমণঃ ভক্তিরাগীর কৃপা তাহার চিন্তে বতই পরিফুট হুইবে, অক্তিভিত

দেহতীও ক্রেমণঃ তভই উত্তল হইনা উঠিবে। অবশেষে ভক্তিরানীর পূর্ণকুপা পরিস্কৃত হইলে চিত যখন বিশুর হইবে, তখন এই অন্তভিত দেহতীও সাধকের মানস-নেত্রে শ্বীয় পূর্ণমহিমায় আজল্যমান হইয়া উঠিবে। তখন সাধক এই সিহুদেহের সহল শ্বীয় ভালান্ত্য বনন করিয়া সেই দেহেই শ্বীয় আজাই লীলাবিলাসী প্রীকৃষ্ণের দেবা করিয়া ভন্মবভা লাভ করিবেন! ভগন্বং-কুপায় সাধনে সিদ্ধি লাভ করিলে সাধকের দেহ-ভল্পের পরে ঘণাসময়ে ভক্তবংসল ভগনান্ উহাকে ভালান্ত্য আজাত দেহের অন্তর্নপ একটা দেহ দিয়াই সেবায় প্রবিষ্ট করাইয়া থাকেন। শ্রীমন্ভাগনভের 'ক্রুছেরে অন্তন্ত্র পরে অভ্নত্তর দেহের অন্তর্নপ একটা দেহ দিয়াই সেবায় প্রবিষ্ট করাইয়া থাকেন। শ্রীমন্ভাগনভের 'ক্রুছেরে ভিত্তবোগপরিভাবিত-অংসরোজে আস্নে প্রত্তিক্তি-পথো নমু নাথ পুংসাম্। মন্ যন্ ধিয়া ত উক্লগায়-বিভাবয়ন্তি অক্তব্যুং প্রবিষ্কা লিখাকের শেষার্জ হইতেই তাহা জানা যায়। এই শ্লোকের শেষার্জের জক্তব্যুং প্রবিষ্কা শ্রীমান বিশ্বনাথ চক্রবর্ত্তী লিখিয়াছেন—'ঘ্যা তে সাধকভক্তাং স্ক-স্কলাম্বিল হাবং।কর্বা বিভাবয়ন্তি তন্তদের বপুং তেষাং সিদ্ধদেহান্ প্রণয়নে প্রকর্ষণ তান্ প্রাপ্তমাস অহো তে স্বভক্তপারব্যামিতি ভাবং।ক্রেম্বা (অর্থাৎ এই শ্লোকের এইরূপ তাৎপর্যাও হইতে পারে যে), সাধক-ভক্তগণ স্ক-ভলাব অনুসারে নিজেনের ক্রেম্বা শ্বীয়া বনে ভাবনা করেন, ভক্তপরবশ ভগবান্ উহিদিগকে সেই-সেই-রূপ সিদ্ধদেহই প্রকৃইরূপে দিয়া থাকেন।"

প্রাপ্ত হৈতে পারে—কেবল চিন্তাহারাই কি অন্তল্ভিন্ত দেহের অনুরূপ একটা দেহ পাওয়া যাইতে পারে । এই প্রশ্নের উত্তর শ্রীমদ্ভাগবত হইতেই পাওয়া যায়। প্রীমদ্ভাগবত বলেন—"যত্র যত্র মনো দেহী ধারয়েৎ সকলং ধিয়া। স্নেহাদ্বোদ্ ভয়াদ্বাপি যাতি তত্তৎ-শর্মপতাম্ ॥ কীট: পেশস্কৃতং ধ্যায়ন্ কুডাাং তেন প্রবেশিতঃ। যাতি তৎসাত্মতাং রাজন্ পূর্বরূপমসন্ত্যক্ষন্ ॥ ১১৯২২-২৩ ॥—মেহবশতঃ, কিহা ভয়বশতঃ, কিহা ছেমবশতঃও যদি কোনও লোক চিন্তাহারা মনকে কোনও বস্ততে সাম্যক্রপে ধারণ করে, তাহা হইলে সেই লোক সেই বস্তর য়য়পতা প্রাপ্ত হয়। একটা কীট পেশক্ৎ-কর্ত্বক ধৃত হইয়া যদি পেশক্তের আলয়ে নীত হয়, তাহা হইলে ভয়বশতঃ সেই পেশক্তের চিন্তা (ধ্যান) করিতে করিতে স্বীয় পূর্বদেহ ত্যাগ না করিয়াও সেই কীট পেশক্তের রূপ প্রাপ্ত হয় (কুমারিয়া-পোকা কোনও জেলাপোকাটা যে কুমারিয়া তাহার বাসায় লইয়া গেলে কুমারিয়া-পোকার চিন্তা করিতে করিতে তেলাপোকাটা যে কুমারিয়া-পোকাতে পরিণত হইয়া যায়, এরূপ একটা লোক-প্রসিদ্ধিও আছে)। শ্রীমদ্ভাগবতের অল্পত্রও ঠিক এই রূপ উন্ধিই দৃষ্ট হয়। "কীটঃ পেশস্কৃতা কন্ধঃ কুডাায়াং তমকুশ্মরন্। সংরক্তভ্রযোগেন বিন্দতে তৎস্বরূপতাম্ ॥ ৭।১।২৭ ॥" হরিণ-শিশুর প্রতি মেহজনিত আসজিবলতঃ জন্মান্তরে তর্ত-মহারাজের হরিণদেহ-প্রাপ্তির কথাও অতি প্রসিদ্ধ। স্বত্রাং সিদ্ধদেহের চিন্তাহারা পরিণামে তদ্মুরূপ একটি দেহপ্রাপ্তি অসন্তব বা অয়াভাবিক নহে।

একশে আবার প্রশ্ন হইতে পারে—কুমারিয়া-পোকার চিস্তা করিতে করিতে তেলাপোকা যে-দেহ পায়, তাহা হইতেছে প্রাকৃত দেহ; হরিণশিশুর চিস্তা করিতে করিতে ভরত-মহারাজ যে-হরিণ-দেহ প্রাপ্ত হেইয়াছিলেন, তাহাও প্রকৃত দেহ। সাধক অস্তুশ্ভিত সিদ্ধদেহের চিস্তা করিতে করিতে পরিণামে যে-দেহ পাইবেন, তাহাও কি প্রাকৃত দেহ?

উত্তর। সাধক জাঁহার চিন্তার ফলে কি প্রাকৃত দেহ পাইবেন, না কি অপ্রাকৃত চিন্ময় দেহ পাইবেন, তাহা বির্দ্ধর করে উাহার চিন্তার বর্নপের উপরে। তেলাপোকা তাহার প্রাকৃত মনের প্রাকৃত-বৃদ্ধিরা। কুমারিয়া-পোকার প্রাকৃত দেহ পায়। ভরতমহারাজ পরম-ভাগবত হইলেও ভিলি চিন্তা করিয়াহিলেন প্রাকৃত-হরিণশিশুর প্রাকৃত দেহকে এবং তাঁহার চিন্তাও উত্ত হইয়াছিল মনের প্রাকৃতাংশ হইতে। যে-চিন্তার বন্ধক, চিন্তানীয় বিষয়ও প্রাকৃত, তাহার ফলে প্রাপ্ত দেহটিও প্রাকৃতই হইরে।

প্রক্রেশ সাধক-ভক্তের চিন্তার মূর্রণ-সম্বন্ধে বিবেচনা করা যাউক। সাধক-ভক্ত ভক্তি-আঙ্গর অসুষ্ঠান করিয়া থাকেন। ভক্তি-আঙ্গ হইল স্বর্নপ-শক্তির বৃত্তিবিশেষ এবং দেহ-ইন্দ্রিয়াদিধারা যথন ভক্তি-আঙ্গ অসুষ্ঠিত হয়, তখন ক্ষেহ-ইন্দ্রিয়াদিও স্বন্ধশক্তির সেই বৃত্তিবিশেষের সহিত তাদান্তা প্রাপ্ত হয় (ভক্তিরসায়ত সিন্ধ্র "অন্তাভিলাষিতাশৃষ্ঠ-মিত্যাদি" ১০১৯-লোকের টীকায় প্রীজীবগোয়ামী লিখিয়াছেন—এতচ্চ কৃষ্ণতভ্তক্বপদ্যকলভাং প্রভাবতঃ স্বন্ধণ-

শক্তিবৃত্তিরূপমতোহপ্রাকৃতমপি কারাদিবৃত্তিতাদাল্মেন এব আবিভূতিমিতি জ্ঞেয়ম। ঞ্রীচৈ. চ. ভাঞ্চধ-পরারের টীকাও দ্রষ্টব্য)। সাধকের ইন্দ্রিয়াদি যখন স্বরূপশক্তির রুত্তিবিশেষের সহিত তাদাল্প্য প্রাপ্ত হয়, তখন তাঁছার ইন্সিয়রডি—চিন্তাও—ব্রন্দ-শক্তির সহিত তাদাল্ল্য প্রাপ্ত হইয়া যায় ; স্ততরাং তাঁহার অন্তণ্ডিন্তিত দেহের চিন্তাও হইয়া যায় স্বরূপ-শক্তির সহিত তাদান্ধ্য প্রাপ্ত ; যেহেতু, এই চিস্তাও সাধন-ভক্তির অঙ্গই। অবশ্য সাধনের প্রথম অবস্থাতেই ষে-সাধকের চিত্তেন্ত্রিয় এবং চিত্তেন্ত্রিয়ের রুত্তি স্বরূপ-শক্তির সহিত সম্যক্রপে তালাম্ম্য-প্রাপ্ত হয়, তাহা নছে। বৈষ্যিক-ব্যাপারের সংস্রব এইরূপ তাদাত্ম্য-প্রাপ্তির পক্ষে বিঘ জন্মায়; কিছু বিঘ জন্মাইলেও ভজনাজের অসুঠান একেবারে ব্যর্থ হয় না, হইতে পারেও না। ভজনাঞ্চের অনুষ্ঠানের আধিক্যে স্বরূপশক্তির রুত্তিবিশেষের-সহিত দেহেন্দ্রিয়াদির তাদাত্ম-প্রাপ্তির আধিক্য-স্কুতরাং দেহেন্দ্রিয়াদির অপ্রাকৃতত্ব লাভেন্নও আধিক্য হইয়া থাকে এবং সঙ্গে সঙ্গে বৈষয়িক ব্যাপারের সংস্রবের ন্যুনতায় দেহেন্দ্রিয়াদির প্রাকৃতত্বেরও ন্যুনতা হইতে থাকে। ভোজ্য বস্তুর গ্রহণে যেমন দেহের ভুষ্টি-পুষ্টির সঙ্গে স্কুধার অপসরণ হয়—ঠিক তদ্রপ। সম্পূর্ণভাবে প্রেমোদয় হইলেই দেহেন্দ্রিয়াদি সম্যক্রণে নিওঁণ বা অপ্রাকৃত হইয়া যায় এবং দেহেন্দ্রিয়াদির গুণময়াংশ বা প্রাকৃত-অংশও সম্যক্রণে নষ্ট হইয়া যায়। শ্রীমদভাগবতের "জহগুণময়ং দেহমিত্যাদি"-১০।২৯।১১-লোকের টীকায় শ্রীপাদ বিশ্বনাথ চক্রবর্তীও তাছাই লিখিয়াছেন। "গুরুপদিষ্ট-ভক্ত্যারজ্ঞদশাত এব ভক্তানাং শ্রবণ-কীর্ত্তন-শরণ-দশুবংপ্রণতি-পরিচর্য্যাদিম্য্যাং শুদ্ধভক্তো শোত্রাদিযু-প্রবিষ্টায়াং সত্যাং নিগুণো মহুপাশ্রয়: ইতি ভগবহুক্তে উক্ত: স্বশ্রোত্রাদিভি উগবদ্গুণাদিকং বিষয়ীকুৰ্বন নিগুণো ভবতি। ব্যবহান্নিকশব্দাদিকমপি বিষয়ীকুৰ্বন গুণময়োহপি ভবতি ইতি ভক্তদেহত অংশেন নিগুণছং গুণময়ত্বং চ স্থাৎ। ততক 'ভক্তি: পরেশামুভবো বিরক্তিং' ইতি 'তুষ্টি: কুদপায়োহমুদাসম্' ইতি গ্রাঘেন ভক্তিরদ্ধিতারতম্যেন নিশুণিদেহাংশনামাধিক্যাতারতম্যং স্থাৎ তেন চ গুণমন্নদেহাংশানাং ক্ষীণস্বতারতম্যং স্থাৎ। সম্পূর্ণ-প্রেমণ্যুৎপল্পে তু গুণমন্নদেহাংশেষু নষ্টেহ্ন সমাক্ নিগুণি এতদ্দেহ: স্থাৎ।" ভক্তির কুপায় সাধকের প্রাকৃত পাঞ্জীতিক দেহ যে অপ্রাকৃত হইয়া যায়, শ্রীপাদ সনাতনগোস্বামীও তাঁহার বৃহদ্ভাগবতামূতে তাহা বলিয়া গিয়াছেন। কৃষ্ণভক্তি-তৃধাপানাদেহদৈহিকবিশ্বতে:। তেষাং ভৌতিকদেহেংপি সক্ষিদানন্দক্ষপকা ॥ রু. ভা. ১৷৩৷৪৫ ॥ শ্রীচৈ. চ. ৩।৫।৪৭-পয়ারের টীকাও, ২৩৭ পৃ: দ্রন্থব্য)।

যাহা হউক, উল্লিখিত আলোচনা হইতে ব্ঝা গেশ,—সাধক-ভক্তের অন্তশ্চিন্তিত দেহের যে-চিন্তা, তাহা প্রাকৃত গুণময় বস্ত নহে; স্বরপত: তাহা হইল স্বরপশক্তির র্ত্তিবিশেষ বা র্ত্তিবিশেষের সহিত তাদাক্ষ্যপ্রাপ্ত; সাধনের পরিপক্তায় তাহা স্বরপ-শক্তির র্ত্তিবিশেষই হইয়া যায়। আর, যে-সিদ্ধদেহটীর চিন্তা করা হয়, তাহাও প্রাকৃত নহে, তাহাও অপ্রাকৃত—চিন্ময়। একটা অপ্রাকৃত চিন্ময় দেহ-সম্বন্ধে স্বরপ-শক্তির র্ত্তিবিশেষ চিন্মী চিন্তার ফলে যে-দেহ প্রাপ্তি হইবে, তাহা প্রাকৃত হইতে পারে না; তাহা হইবে অপ্রাকৃত—চিন্ময়, শুদ্ধসম্বান্ধক।

ভগবং-কৃপায় সাধনে সিদ্ধি লাভ করিলে সাধক ভগবং-পর্যদেহে সাক্ষাদ্ভাবেই অভীই-লীলা-বিলাসী ভগবানের সেবা করিয়া থাকেন। এই পার্যদদেহই তাঁহার সিদ্ধ দেহ। অপ্রাক্ত চিন্ময়-ভগবদ্ধমে ভগবানের অপ্রাক্ত-লীলায় প্রাক্ত দেহের স্থান নাই; যেহেতু, সেস্থানে প্রকৃতির বা গুণময়ী মায়ার প্রবেশাধিকার নাই। মায়াজীত বৈকুঠের পার্যদগণের সকলের দেহই যে অপ্রাকৃত-শুদ্ধময়, শ্রীমদ্ভাগবত হইতেই ভাহা জানা ধায়। বৈকুঠবর্ণনায় ব্রন্মা বলিয়াছেন—"বসন্তি যত্র পুরুষা: সর্বে বৈকুঠমুর্তয়ঃ। যেহনিমিন্তন মর্ম্বেলারাধরন্ হরিয়্॥ ৩।১৫।১৪॥—নিকাম ধর্মহারা শ্রীহরির আরাধনা করিয়া (সাধনে সিদ্ধিলাভপূর্বক) বাহারা সেইস্থানে (মায়াজীত বৈকুঠে) বাস করেন, ভাহারা সকলেই বৈকুঠমুর্তি।" এস্থলে "বৈকুঠ-মুর্তয়ঃ"-শব্দের অর্থে শ্রীধরয়ামীপাদ লিধিয়াছেন—"বৈকুগুল্ক হরেরিব মুর্তির্বেষাং তে—বাহাদের মুন্তি হরির মুন্তির লায় (অর্থাৎ শ্রীহরির) মুন্তির জ্যারই নিত্যানক্ষরপা মুন্তি বাহাদের।"

একণে আৰার প্রশ্ন হইতে পারে—বে-সিদ্দেহটা দিয়া ভগবান্ সাধক-ভক্তকে লীলায় প্রবিষ্ট করাইয়া থাকেন, সেই সিদ্দেহটা তিনি ভক্তকে কি ভাবে—বা কোথা হইতে আনিয়া দিয়া থাকেন? নিম্নে এ-সম্বন্ধ আলোচনা করা হইতেছে।

পুর্ধবর্ত্তী আলোচনার এমদ্ভাগবডের "বসন্ধি যত্র পুরুষা: সর্বে বৈকুঠমূর্ত্তয়:। বেহনিমিত্তনিমিত্তেন ধর্মেণারাধ্যন হরিম্-। ৩।১৫।১৪ ।"-লোকটা এবং তদস্তর্গত ''বৈকুঠমূর্রয়ং"-শব্দের যে অর্থ শ্রীত্মীব তাঁহার ক্রমদন্ত-টীকার লিথিয়াছেন, তাহা উদ্ধৃত হইয়াছে। শ্রীমদ্ভাগবর্তের ক্রমদন্ত-টীকার শ্রীকীব সম্পূর্ণ শ্লোকটীর যে অর্থ নিধিয়াছেন, ভাহাও উদ্ধৃত হইতেছে। "বৈকুণ্ঠতেত নিত্যানন্দরপা মূর্ত্তির্ধেষাং তে যত্র বসন্ধি। তথা ন বিহাতে নিমিতং কারণং যক্ত স এ ভিগবানেব নিমিত্তং ফলং যত্ত তেন ধর্মেণ ভাগবত। থেন যে চ হরিমারাধয়ন্তে চ যত্ত বসন্তীভাবয়:। **হরি-পদানতিমাত্রদৃত্রৈরিতি যন্ন ব্রজ্জীত্যাদি বক্ষ্যমাণা**ং 🕫 কিরূপ ধর্মধারা শ্রীহরির আরাধনা করিলে আরাধক ভক্ত "বৈকুঠমুর্ত্তি" হইয়া বৈকুঠে বাদ করিতে পারেন, মূল লোকের বিতীয়ার্দ্ধে তাহা বলা হইয়াছে—"অনিমিত্ত-নিমিত্তেন ধর্মেণ হরিং আরাধয়ন — অনিমিত্ত-নিমিত্ত ধর্মধারা হরির আরাধনা করিয়া। কিন্তু "অনিমিত্ত-নিমিত্ত ধর্ম কি १"— প্রীকীব ভাষা পরিষ্ঠার করিয়া বলিয়াছেন। তিনি "অনিমিত্ত"-শব্দের অর্থ করিয়াছেন—"ন বিছতে নিমিত্তং কারণং যক্ত শ শীভগবানেৰ—খাঁহার কোনও নিমিত্ত বা কারণ নাই, তিনি অনিমিত ; তিনি শীভগবানই ; (ষেহেত, ভগবান হইলেন স্ক্রারণ-কারণ, তাঁহার কোনও কারণ থাকিতে পারে না)।" তারপর তিনি লিখিয়াছেন—"সু এভিগ্রানের নিমিত্তং ফলং যত্ত্ব ধর্মেণ ভাগতাখোন যে চহরিমারাধ্যন—সেই অনিমিত্ত-শ্রীভগবানই নিমিত্ত (অর্থাৎ ফল) ষাহাতে দেই ধর্মবারা, অর্থাৎ ভাগবত-ধর্মবারা খাহারা হরির আরোধনা করেন (তাঁহারাই বৈকুঠমুর্ত্তি হইয়া বৈকুঠে বাদ করেন)।" প্রীক্রীবের এই টীকাছুসারে দমগ্র শ্লোকটীর অর্থ হইবে এইরূপ—"দর্বকারণ-কারণ বলিয়া যিনি নিজে অকারণ (বা কারণহীন), সেই জ্রীভগবান্ই (সেই জ্রীভগবৎ-প্রাপ্তিই) যে ধর্মাত্র্ঠানের ফল, সেই ভাগবত-ধর্মের ছারা বাঁহারা শ্রীহরির আরাধনা করেন, তাঁহারা বৈকুঠমুর্ত্তি (নিত্যানন্দর্মণা মুর্ত্তি) হইয়া দে-স্থানে (বৈকুঠে) বাস করেন।" চ রুবর্ত্তিপাদ "বৈকুণ্ঠমুর্ত্তয়:"-শব্দের অর্থ লিখিয়াছেন--"ভগবৎ-সাক্রপাবস্তঃ-ভগবৎ-সাক্রপা লাভ করিয়া (তাদৃশ আরাধকগণ বৈকুঠে বাস করেন)।"

শ্রীমদ্ভাগবতের উল্লিখিত "বসন্ধি যত্র পূক্ষাং"-ইত্যাদি লোকটা শ্রীসীবগোষামী আবার তাঁহার প্রীতিসন্ধর্ভ উদ্ধৃত করিয়া একটু অন্তর্কম অর্থ করিয়াছেন। প্রীতিসন্ধর্ভ তিনি যাহা লিখিয়াছেন তাহা এই। "নিমিত্তং ফলং ন নিমিত্তং প্রবর্তক নহে, অর্থাৎ যাহা নিজাম, সেই ভাগবত-ধর্মের ধারা।" এই অংশের টীকার মর্ম শ্রীধরঘামিপাদের এবং চক্রবর্ত্তিপাদেরও টীকার অফুরূপ। কিন্তু ইহার পরে শ্রীক্রীব যাহা লিখিয়াছেন, ভাহা স্থামিপাদের বা চক্রবর্তিপাদেরও তিনার অফুরূপ। কিন্তু ইহার পরে শ্রীক্রীব যাহা লিখিয়াছেন, ভাহা স্থামিপাদের বা চক্রবর্তিপাদের, এমন কি শ্রীক্রীবের ক্রমসন্ধর্ভ-টীকারও অফুরূপ নহে। তিনি লিখিয়াছেন—"বৈকুণ্ঠশ্র ভগবতা জ্যোতিরংশভূতা বৈকুণ্ঠলাকশোভারূপা যা অনস্থা মূর্ত্তরং তালামেক্যা সহ মুক্তশ্রুকশ্র মূর্ত্তি তাবতা ক্রিয়ত ইতি বৈকুণ্ঠশ্র মূর্ত্তিরিব মূর্ত্তির্ধামিত্যুক্তম্ ॥"—ইহার মর্ম হইল এই। "ভগবানের জ্যোতির অংশভূতা এবং বৈকুণ্ঠলোকের শোভারূপা অনস্ক মূর্ত্তি বৈকুণ্ঠ নিত্য বিরাজিত। সে সমস্ত মূর্ত্তির এক মূর্ত্তির সহিত ভগবান মূক্তপ্রশ্বের মূর্ত্তির ক্রায় মূর্ত্তি বাহাদের— একথা বলা ইইয়াছে।"

এই উক্তির অব্যবহিত পরেই, বোধ হয় এই উক্তির সমর্থক প্রমাণরণেই, প্রীজীব লিখিয়াছেন—"যথৈবাছ— প্রযুদ্ধামানে ময়ি তাং ওদ্ধাং ভাগবতীং তরুম্। আর্রকর্মনির্ব্ধাণো গ্রপতং পাঞ্ভোতিক: ॥" ইহা প্রীমন্ভাগবতের শ্লোক (সাভাহত শ্লোক), ব্যাস্থেবের প্রতি নার্থের উক্তি। কিরূপে নার্থ পার্থিণেই প্রাপ্তিলেন, ভাহাই এই শ্লোকে বলা ইইয়াছে। সাধ্রেবার প্রভাবে ভগবানে নার্থের দৃঢ় মতি জ্মিয়াছে দেখিয়া ভগবান্ নার্থকে পূর্বে বলিয়াছিলেন—"তুমি এই নিন্দ্য লোক ত্যাগ করিয়া আমার পার্থণৰ প্রাপ্ত ইবে। সংসেবয়া দীর্বাণি জাতা ময়ী দৃঢ়া মতি:। হিষাবছনিমং লোকং গন্ধা মজ্জনভাষদি॥ প্রীভা: ১৯৬২৫॥" ভগ্রং-ক্ষিত এই পার্বদ্বেহ নায়দ কি-ভাবে পাইলেন, তাহাই তিনি বলিয়াছেন—"প্রযুজ্যমানে ময়ি" ইত্যাদি লোকে। "ভন্ধা ভাগবতী ভত্তর প্রতি আমি প্রযুজ্যমান হইলে আমার আয়র-কর্ম-নির্বাণ পাঞ্চভাতিক দেছ নিপতিত হইল।" লোকছ "প্রযুজ্যমানে"-শব্দের অর্থে প্রীজীব লিখিয়াছেন "নীয়মানে—নীত হইলে।" কোথায় নীত হইলে? "বা ভল্ম প্রতিজ্ঞাতা তাং ভাগবতীং ভগবদংশজ্যাতিরংশরপাং ভন্ধাং প্রকৃতিস্পর্শক্যাং তহং প্রতিভ্রুত্ব প্রতিজ্ঞাতা ভাগবতী ভন্ধা ভত্তর প্রতি ভগবানকর্ত্কই নায়দ নীত হইয়াছিলেন।" এছলে "ভাগবতী"-শব্দের অর্থ করা হইয়াছে "ভগবদংশ-জ্যোতিরংশরপা— ভগবানের অংশ যে জ্যোতি, তাহার অংশরপা"; আর "ভন্ধা"-শব্দের অর্থ করা হইয়াছে —"প্রকৃতিস্পর্শপৃত্য।" ভগবানের অংশরপা জ্যোতি বলিতে তাহার অর্মপ্রতিস্পর্শপৃত্য। তাহার ক্রমপ্রতার বৃত্তিবিশেষকেই ব্যায়; ভাহার অংশ যাহা, তাহাও স্বরূপশক্তির বা ভন্মতেরই বৃত্তিবিশেষ, স্বতরাং ভন্ম— প্রকৃতিস্পর্শপৃত্য। এতাদৃশ ভন্মস্বর্ম পার্যন দেহের প্রতিই ভগবান্ নারদকে নিয়া গেলেন এবং নিয়া গিয়া সেই দেহই নারদকে দিলেন। ইহা হইতে বুঝা গেল—সেই দেহ ভগবন্ধমে প্রেই বর্তমান ছিল। এইরূপ অনস্ব ভন্মস্বর্ম দেহই যে বৈকুঠে নিত্য বর্ত্তমান, তাহাও ধ্বনিত হইল। মুক্তজীবকে ভগবান্ এইরূপ কোনও এক দেহে সংযোজিত করিয়াই পার্যন দান করিয়া থাকেন। প্রীজীব তাহার প্রীভিসনতে সালোক্যমৃজি-প্রসঙ্গে এই কথাগুলি বলিয়াছেন। সালোক্যাদি চতুর্বিধা মুক্তির স্বান ঐশ্ব্যাত্মক বৈকুঠগামে।

প্রীতিসন্দর্ভের উল্লিখিত বিবরণ হইতে কেহ কেহ মনে করেন— ঐশ্ব্যজ্ঞানহীন-শুদ্ধাভজ্ঞির সাধনে বাঁহার। শুদ্ধ-মাধুর্য্যময় ব্রহ্ণধামে ব্রজ্ঞেন-নন্দনের সেবা-লাভের বাসনা করেন, ভগবৎ-কুপায় সিদ্ধিলাভ করিলে, বৈকুঠের শোভাশ্বরপ এবং ভগবানের জ্যোতির অংশভূত যে-সকল মূর্ত্তি বা বিগ্রাহ বৈকুঠে নিত্য বিরাজিত, সেই সকল মূর্ত্তির মধ্যে কোনও মূর্ত্তির সহিত ভগবান্ তাঁহাদিগকে সংযোজিত করিয়া তাঁহাদিগকে ব্রহ্ণপরিকরভূক্ত করিয়া থাবেন।

এ-সম্বন্ধে কয়েকটা বিষয়ে বিবেচনার প্রয়োজন আছে বলিয়া মনে হয়। বিষয়গুলি এই।

প্রথমতঃ, ব্রহ্মভাবের কোনও উপাদকও যে দিছাবস্থায় বৈকুঠে অবস্থিত অনস্থ মূর্ত্তির মধ্যে কোনও একমূর্ত্তি পাইবেন, একথা প্রীদ্ধীব উল্লিখিত আলোচনায় বলেন নাই; অগ্যন্ত কোথাও বলিয়াছেন বলিয়াও আমরা জানি না। প্রীতিসন্দর্ভের উল্লিখিত আলোচনায় তিনি যাহা বলিয়াছেন, তাহা হইতেছে সালোক্যমূর্ত্তি-সম্বন্ধে এবং তত্ত্বপলক্ষণে একপ ব্যবস্থা সালোক্যাদি চতুর্কিবধা মৃত্তি সম্বন্ধেও প্রযুক্তা হইতে পারে বলিয়া মনে করা যায়; এ সমস্ত মুক্তির স্থান বৈকুঠে। নারদের দুরাস্থেও তাহাই প্রতিপন্ন হয়; নারদ হইতেছেন বৈকুঠের পরিকর।

দিতীয়তঃ, ঐশব্যপ্রধান ধাম বৈকুঠে অবস্থিত মৃর্তিদকল শুদ্ধমাধুর্যাময় ব্রন্ধামের দেবার উপযোগী কিনা ভাহাও বিবেচ্য। বৈকুঠের লীলা ঐশব্যাত্মিকা, দেবলীলা। ব্রন্ধের লীলা শুদ্ধমাধুর্যাত্মিকা নরলীলা। পরিকরদের দেহও লীলার অফ্রুপ এবং তাঁহাদের ভাবের অফ্রুপ হওয়াই স্বার্তাবিক।

তৃতীয়তঃ, ব্রন্ধভাবের সাধক কথন কোন্ স্থানে এবং কি ভাবে বৈকুণ্ঠস্থিত মূর্ত্তির সহিত সংযোজিত হইতে পারেন, তাহাও বিবেচ্য।

যদি বলা যায়, শ্রীনারদের ন্যায় দেহভলের সময়েই ব্রজভাবের সাধকও সিদ্ধদেহ পাইয়া থাকেন, তাহা হইলেও প্রশ্ন জাগে, তথন তাঁহাকে এই সিদ্ধদেহ কে দেন। ভগবানের জ্যোতির অংশভূত বিগ্রহগুলি থাকে বৈকুঠে—নারায়ণের অধিকারে; হতরাং ঐ দেহ সাধকভককে নারায়ণই দিয়া থাকেন— এইরপ অহুমান করা যায়। কিন্তু তাহাতেও আবার এক সমস্যা দেখা দিতে পারে। যিনি সিদ্ধদেহ দেন, সিদ্ধ দেহ দিয়া তিনিই তো সাধককে লীলায় প্রবিষ্ট করাইয়া থাকেন; নারদের দৃষ্টান্তে তাহা জানা যায়। ব্রজভাবের সাধককে যদি নারায়ণই সিদ্ধদেহ দিয়া থাকেন, তাহা হইলে তিনি কি সেই সাধককে তাহার অভীই-ব্রজলীলাতে প্রবিষ্ট করাইয়া থাকেন ? ইহা সম্ভব বলিয়া মনে হয় না। বেহেতু, কবিরাগুগোহামী নিধিয়াছেন—নারায়ণ কেবল সালোক্যাদি-চতুর্বিধা মুক্তিই দিয়া থাকেন।

"পরবােম-মধ্যে করি অরপ প্রকাশ। নারারণরপে করে বিবিধ বিলাস। ১) থাই । * * * । সালোক্য সামীপ্য সাঙি সারপ্য প্রকার। চারি মৃক্তি দিয়া করে জীবের নিভার। ১) থাই ৬। ত এই চারি রক্ষের মৃক্তি দিয়া নারারণ সাধককে বৈকুঠের লীলাভেই প্রবেশ করাইয়া থাকেন; কিন্তু তিনি যে ব্রজ্জাবের সাধককেও ব্রজ্লীলায় প্রবেশ করাইয়া থাকেন, তাহার কোনও প্রমাণ দৃষ্ট হয় না।

বিদ্যালিত প্রবেশের পক্ষে একমাত্র সম্বন হইতেছে—কেবলা প্রীতি, ব্রজপ্রেম। তাহা বিনি দিতে পারেন, তিনিই সাধককে বজলীলায় প্রবেশ করাইতে পারেন বলিয়া মনে হয়। কিছু এই বজপ্রেম স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণ-ব্যতীত নারায়ণাদি অপর কোনও ভগবৎ-স্বরূপই দিতে পারেন না। "সন্তাহতারা বহবঃ পুষ্কুনাভন্ত সর্বতো ভন্তা। কৃষ্ণাদক্তঃ কো বা লতাত্বপি প্রেমদো ভবতি ॥" স্বয়ং শ্রীকৃষ্ণও বলিয়াছেন—"আমা বিনা অল্পে নারে ব্রজপ্রেম দিতে। ১০০২০ ॥" ইহাতে মনে হয়, ব্রজভাবের সাধকের সিজদেহ স্বয়ং শ্রীকৃষ্ণই দিয়া থাকেন, বা দেওয়াইয়া থাকেন।

কিছ শ্রীকৃষ্ণ কি এই সিদ্ধদেহ বৈকুণ্ঠ হইতে আনিয়া দিয়া থাকেন ? তাহাও মনে করিতে ছিধা বোধ হয়। কারণ, শ্রীকৃষ্ণ বয়ংভগবান্ বলিয়া ইহা করা তাঁহার পক্ষে অসম্ভব না হইলেও, লীলামুরোধে তিনি বে-স্কল বিভিন্ন ব্যৱপে আ্লাআপ্রকটন করিয়া আছেন, সে-স্কল ব্যরপের ধামের ব্যাপারে সে-স্কল ব্যরপেরই বিশেষ অধিকার থাকা আভাবিক বলিয়া মনে হয়। অপ্রকটে ব্যংভগবান্ ব্রক্ত ছাড়িয়া অন্ত কোনও ধামেই যায়েন না : প্রকটে ছারকা-মথ্রায় গমন করেন বটে; কিছু কোনও সময়েই তাঁহার বৈকুণ্ঠ-গমনের কথা ভনা যায় না। ব্রজের বা ছারকা-মথ্রার কোনও ব্যাপারে নারায়ণকে আহ্বান করার বা কোনও নির্দেশ দেওয়ার কথাও ভনা যায় না।

বজভাবের সাধক কিন্ত দেহভবের সলে সঙ্গেই সিদ্ধদেহ পায়েন না; পরওর্তী আলোচনায় তাহা দেখা যাইবে।
চতুর্থতঃ, নারদের দৃষ্টান্ত হইতে জানা যায়, বৈকুণ্ঠ-ভাবের সাধক সাধনে সিদ্ধিলাভ করিলে প্রারন্ধ-ভোগান্তে
যথাবন্ধিত-সাধকদেহ-ত্যাগের সঙ্গে সঙ্গেই লিক্ষেহ ত্যাগ করিয়া তংক্ষণাৎই বৈকুণ্ঠন্থিত অনস্ত মূর্ত্তির মধ্যে কোনও
এক মূর্ত্তির সহিত সংযোজিত হইয়া থাকেন এবং তখন হইতেই পাধদরূপে বৈকুণ্ঠের উপযোগী সেবাদিতে তাঁহার
অধিকার জরে। অজামিলের বিবরণ হইতেও তাহাই জানা যায়। অজামিল—"হিয়া কলেবরং তীর্থে গলায়াং
দর্শনাদয় । সন্তঃ স্বরূপং জগুহে ভগবৎ-পার্যবিত্তিনাম্ ॥ সাকং বিহায়সা বিপ্রো মহাপুরুষকিন্ধ হৈ:। হৈমং
বিমানমাক্ষয় যথে যত্ত প্রিয়ং পতি: ॥ প্রীভা. ভাবাও ৪৪ ॥"

কিন্তু ব্রজভাবের সাধকের অবস্থা অন্তর্জণ। নারদের তায়, দেহভঙ্গের সঙ্গে-সঙ্গেই তিনি সিদ্ধণেহ বা পার্যদেহ পায়েন না। নারদাদি বৈকুণ্ঠভাবের উপাসকগণের প্রেম হইতেছে ঐশ্বর্য-ভাবাত্মক; ঐশ্বর্যভাবাত্মক পরিবেইনের মধ্যে থাকিয়াও এই ভাবের উপাসনা সম্ভব হইতে পারে; ঐশ্বর্যভাব এইরপ উপাসনার প্রতিকৃল নহে। মায়িক ব্রহ্মাণ্ডও ঐশ্বর্যভাবপূর্ণ। "ঐশ্বর্যজ্ঞানেতে সব জগত মিপ্রিত ॥ ১।৪।১৬ ॥"; স্বতরাং ঐশ্বর্য-ভাবাত্মক বৈকুণ্ঠ-পার্যদেশ্বের সাধনা এই জগতেই, সাধকের যথাবন্থিত দেহেই, পূর্বতা লাভ করিতে পারে এবং যথাবন্ধিত-দেহভঙ্গের সঙ্গে-সঙ্গেই সাধক পার্যদেহে (অর্থাৎ সেবোপ্যোগী সিদ্ধদেহ) লাভ করিতে পারেন।

কিছ ব্রজ-ভাবের সাধকের অভীষ্ট ভাব এখর্য্যজ্ঞান-হীন; ঐশ্ব্যভাব-এখান মায়িক ব্রহ্মাণ্ডে, ঐশ্ব্যভাবাত্মক আবেইনের মধ্যে, সেই ভাবের সাধন বোধ হয় পূর্ণতা লাভ করিতে পারে না। এই জাতীয় সাধকের অভীষ্ট ভাব হুইভেছে—ব্রশ্রশ্রেম।

ব্রজপ্রেম-শক্ষী একটা ব্যাপকার্থক শক্ষ। ব্রজপ্রেমের অনেক শুর আছে। ব্রজপ্রেমের প্রথম বিকাশকে বলে—রিজি, বা ভাব, বা প্রেমাছর। এই রজি ক্রমশং গাঢ়তা প্রাপ্ত হইতে হইতে প্রেম, স্বেহ, মান, প্রণায়, রাগ, অন্থরাগ ও ভাবাদি শুর অভিক্রম করিয়া মহাভাবে পর্যাবসিত হয়। ব্রজে দাশু, স্থ্য, বাংসদ্য ও মধুর—এই চারি ভাবের দীশা আছে। ব্রজভাবের সাধক এই চারিটী ভাবের মধ্যে যে কোনও এক ভাবের দীশার শ্রীকৃষ্ণের সেবা কামনা করেন; দেই ভাবের দীশাড়ে দেবার উপেযোগী ভাব—প্রেমবিকাশের বিভিন্ন শুরের মধ্যে বেই শুর সেই ভাবের দীশার

উপযোগী, দেই প্রেমন্তর—প্রাপ্ত হইলেই ভাঁহার সাধনা সমাক্রণে পূর্ণ হইরাছে বলা বায় এবং তথনই—উাহার পূর্বেনে, এ তর প্রাপ্ত হইলেই—তিনি পার্বদ্ব এবং পার্বদরণে সেবোপযোগী সিদ্ধদেহ পাইতে পারেন। দান্ত-ভাবের প্রেম রাগ পর্যন্ত, সথাভাবের প্রেম অহরাগ পর্যন্ত, বাৎসল্যভাবের প্রেম অহরাগ পর্যন্ত এবং মধুর-ভাবের প্রেম মহাভাব পর্যন্ত বন্ধিত হয় (২।২০।০৪-০৭ পয়ার এবং ২।১৯।১৫৭-৫৮ পয়ারেয় টাকা প্রইবা); অর্থাৎ দান্তভাবের সাধকের প্রেম রাগন্তরে, সথাভাবের সাধকের প্রেম অহরাগন্তরে, বাৎসল্যভাবের সাধকের প্রেম অহরাগ-ভবের শেষসীমায় এবং মধুর-ভাবের উপাসকের প্রেম মহাভাব-তরে উন্নীত হইলেই সেবোপযোগী সিদ্ধদেহ পাওয়া যাইতে পারে; ভাহার পূর্বেনহে।

কিন্তু ব্রজভাবের সাধক যথাবন্থিত দেহে ব্রজপ্রেম-বিকাশের দিতীয় তার প্রেম পর্যান্ত পারেন, ভাহার চিত্তে আবিভূতি কৃষ্ণরতি গাঢ়তা লাভ করিয়া প্রেম-পর্য্যায়েই উন্নীত হইতে পারে; যথাবন্থিত দেহে ক্ষেহ্-মান-প্রণায়াদি-তারে উন্নীত হওয়া সম্ভব নয় (২।২২।৯৪ পয়ারের টীকা দ্রষ্টব্য)।

ইহার কারণ এইরূপ বলিয়া অহুমিত হয়। এজের ভাব হইল গুরুমাধুর্ঘ্যায়, সম্যক্রপে ঐশ্ব্যজ্ঞানহীন, শ্রীকৃষ্ণে মমত্ত্রিময়। ঐশ্বস্তান প্রধান জগতে, ঐশ্বস্তাবাত্মক আবেষ্টনে, তাহা বোধ হয় সম্যক্রপে পরিপুষ্ট লাভ করিতে পারে না। স্নেহ-মান-প্রণয়াদির আবিভাব এবং পরিপুষ্টির জন্ম ঐখর্যজ্ঞানহীন শুদ্ধমাধুর্যময় আবেষ্টনের প্রিয়োজন; এইরপ আবেষ্টন এই জগতে স্বত্ল ভ বলিয়াই বোধ হয় পাধকের যথাবন্ধিত দেহে স্বেহ-মানাদির আবিভাব হয় না। প্রশ্ন হইতে পারে—প্রেম প্রায়ন্ত তাহা হইলে কিরণে হইতে পারে ? প্রেমও তো "মম্মাতিশয়ান্ধিত: ?" ইহার উত্তর বোধ হয় এই। এই প্রেম হইল রতি বা ভাবের গাঢ় অবছা (ভাব: স এব সান্ত্রাত্মা বুধৈ: প্রেমা নিপ্রতে)। আর. ভাব (বা রতি) হইল প্রেমরূপ কর্ষোর কিরণ-সদৃশ (প্রেমক্র্যাংগুসামাভাক্)। এছলে প্রেম-শব্দে সমাক্বিকাশময় ব্রজপ্রেমই স্টিত হইতেছে— স্থ্য-শাসের ধানি হইতেই তাহা বুঝা যায়। স্থ্য যথন মধ্যাহ-গগনে সম্দ্ভাষিত হয়, তথনই তাহার পূর্ণ মহিমা; ভদ্রপ প্রেমেরও পূর্ণ মহিমা তাহার পূর্ণতম-বিকাশে। ত্থা উদিত হওয়ার পূর্বেই তাহার কিরণ প্রকাশ পায়; তথন অন্ধকার কিছু কিছু দ্রীভূত হইলেও সমাক্রণে ডিরোহিত হয় না; ডজেপ প্রেমরূপ স্থাের কিরণ-স্থানীয়া রতির উদয়েও এম্বগ্যজ্ঞানরূপ অন্ধকার যেন সমাকরূপে তিরোহিত হয় না। এই রতির বা ভাবের গাঢ়তা প্রাপ্ত অবস্থাই প্রেম— উদীয়মান পর্য্যত্ন্য। উদীয়মান পর্য্য বাহিরের অন্ধকার দুর করে, কিন্তু গ্রহম্প্যস্থ অন্ধকার সম্যক্রণে দূর করে না। তদ্রণ, উদীয়মানু স্থ্যসদৃশ প্রেমের আবির্ভাবেও বোধহয় সাধকের চিত্ত-কল্পরে কিছু কিছু ঐশ্বর্যোর ভাব পাকিয়া যায়। এইরূপ অন্তমানের হেতু এই যে, বৈকুণ্ঠ-পার্ধদদের ষে ভাব. তাছার নাম শাস্ত ভাব ; শাস্তভাব প্রেম পর্যাস্ত বুদ্ধি পায় (শাস্তর্সে শাস্তিরতি প্রেম পর্যাস্ত হয়। ২।২৩।৩৪॥): কিছু শান্তভক্তের এই প্রেমে এখর্বাজ্ঞান থাকে। অবশ্য বৈকুঠভাবের সাধক এখর্বাজ্ঞানহীনতা চাহেন না বলিয়া শাস্তভক্তের প্রেমে এখর্গজ্ঞান থাকে নিবিড়; তাই তাঁহার, চিত্তে ভগবান্ সম্বন্ধে মমত্বন্ধি জন্মিতে পারে না; কিছু ব্রন্থভাবের সাধকের অভীষ্ট সম্পূর্ণরূপে ঐখর্যজ্ঞানহীনতা বলিয়া তাঁহার চিত্তে প্রমোদয়ে কিছু ঐখর্যজ্ঞান থাকিলেও তাহা থবই ভরল, ঐখর্যজ্ঞানহীনতার বাসন।ই এই এখর্য্যজ্ঞানের নিবিড্তাপ্রাপ্তির পক্ষে বলবান বিল্লস্ক্রপ হইমা পড়ে। তাঁহার ঐশ্বর্জান খুব তরল বলিয়াই প্রেমের আবির্ভাবে শ্রীকৃষ্ণ-সম্বন্ধ তাঁহার মম্ববৃদ্ধি জাগ্রত হইতে পারে। জগতের ঐশ্বয়জ্ঞান-প্রধান আবেষ্টন ভাঁহার এই তরল-ঐশ্বয়জ্ঞানকে অপসারিত করার অফুকুল নতে বলিয়াই বোধ হয় ব্রন্ধভাবের সাধকের প্রেম গাঢ়তা লাভ করিয়া ক্ষেহ-মান-প্রণয়াদি-ন্তরে উন্নীত হইতে পারে না এবং বোধ হয় এজন্মই তাঁহার যথাবন্থিত দেহে প্রেম পর্যান্তই লাভ হয়। এইরূপ ভক্তকে বলে জাতপ্রেম ভক্ত।

জাতপ্রেম ভজ্জের প্রেম আরও গাঢ়তা লাভ করিয়া মেহ-মান-প্রণয়াদি-ন্তরে উদ্ধীত হওয়ার পক্ষে অন্তর্কুল আবেষ্টনের — ঐর্থ্যজ্ঞানহীন শুদ্ধমাধুর্য ভাবাত্মক আবেষ্টনের — প্রয়োজন। কিন্তু এই ব্রহ্মাণ্ডে এইরূপ আবেষ্টনের অভাব। তাই জাতপ্রেম ভজ্জের দেহভদের পরে যোগমায়া রূপা করিয়া তাঁহাকে — তথন যে-ব্রহ্মাণ্ডে শ্রীকৃফের লীলা প্রকৃতিত থাকে, সেই ব্রহ্মাণ্ডে —প্রকৃত-লীলান্থলে আহিরী-গোপের ঘরে জন্মাইয়া থাকেন (২)২২।১৪ পরারের টীকা অইব্য)। সেই ছানের আবেইন- এশর্যাজ্ঞানহীন, ওছমাধ্ব্যমর। সেইছানে নিত্যসিদ্ধ প্রীকৃষ্ণপরিকর্পের সঙ্গের প্রভাবে, তাঁহাদের মুথে জ্ঞিক্ষকথাদি-প্রবণের প্রভাবে, তাঁহার প্রেম ক্রমশং গাঢ়তা লাভ করিয়া ভাবাছকূল লীলাবিলাসী জ্রীক্ষকের সেবার উপযোগী তর পর্যান্ত উরীত হয় এবং তথনই তিনি সেবোপবােগী সিদ্ধদেহ লাভ করিয়া লীলায় প্রবিষ্ট হয়েন। উজ্জলনীলমণির কৃষ্ণবন্ধভা-প্রকরণের-"তদ্ভাববদ্ধরাগা যে জনান্তে সাধনে রতাঃ।"-ইত্যাদি ৩১শ প্রোকের টীকার জ্রীপাদ্দ বিশ্বনাথচক্রবর্তী এইরগই লিখিয়াছেন। " * ক নম্ব যে ইলানীস্থনা রাগান্ধগীয়-সাধনবন্ধা নিটাক্ষচাাসক্তাদি-কৃষ্ণাকৃত্রয়া কশ্বিংশিত্রশানি যদি জাতপ্রেমাণঃ হ্যান্ত তর্হি তগবংসাক্ষাংসেবাবােগাগা জন্দেহাজ্বন্দ এব প্রপঞ্চাাচরপ্রকাশে তৎপরিকরপদবীং প্রাপ্তান্তি কিছা প্রপঞ্চাচর-কৃষ্ণাবতার-সময়ে। ত্রোচ্যতে। সাধকদেহে প্রেমপরিশামরুলাণাং ছেহমান-প্রথমাদীনাং ছায়ীভাবানাং আবির্তাবাসন্তবাৎ গোপিকাদেহেয়ু এব নিত্যসিদ্ধানির মহাভাববতীনাং সক্ষহিয়া দর্শন প্রবণ শ্বরণ-গুণকীর্ত্তনাদিভিত্তে অবভাগেবােণপত্ততে তেরামেব অসাধারণক্ষণত্বাৎ তান্ বিনা গোপীত্বাসিছেঃ। ক * * । অতএব প্রপঞ্চাগেচরত বৃন্দাবনীয়ত্ত প্রকাশন্ত সাধকানাং প্রাপঞ্চিকলাকানাক্ষ তত্ত প্রবেশাক্ষণিনন সিন্ধানামের প্রবেশদর্শনেন চজাপিতাৎ কেবলসিছ-ভূমিছাৎ সেহাব্যাভাবাঃ সন্ধ-সাধনৈর লি ন তুর্ণ ফলিছে। অতাে যোগমায়য়া জাতপ্রেমাণো ভক্তাতে প্রপঞ্চাতরে কুন্দাবদ্দান সময়ে তং প্রথম-প্রাপণ্ডিই নীয়ন্তে। তত্ত সাধকানাং নানাবিধ-ক্ষিপ্রভৃতি-প্রাপ্তিক-লোকানাক্ষ ক্রিক্রথাতি।" ২।২২।১৪-প্যারের টীকা প্রইব্য।

সাধকের যথাবস্থিত দেহে যে প্রেম পর্যস্তই লাভ হইতে পারে, ভক্তিরসায়তসিন্ধু, শ্রীমদ্ভাগবত এবং শ্রীমন্-মহা এভুর উল্জি হইতেও তাহাই মনে হয়। প্রেমবিকাশের ক্রমসম্বন্ধে ভক্তিরসায়ত্সির বলিয়াছেন— "আদে প্রাধা ততঃ সাধুসঙ্গে ভল্পনিকা। ততোহনর্থ-নিবৃত্তিঃ তাং ততো নিষ্ঠা ক্রচিন্ততঃ॥ অথাস্তিক্ততো ভাবততঃ প্রেমা-ভাদকতি। সাধকানাম্যং প্রেমণ: প্রাত্তাবে ভবেৎ ক্রম:। ১।৪।১১॥—প্রথমে শ্রমা, তারপর সাধুসদ, তারপর ভর্তন-ক্রিয়া, তারপর অনর্থনিবৃত্তি, তারপর (ভজনাঙ্গে) নিষ্ঠা, তারপর ভজনাঙ্গে ফচি, তারপর (ভজনাঙ্গে) আসন্তি, ভারপর ভাব (অর্থাৎ রতি বা প্রীত্যক্ষর), তারপর প্রেমের উদয় হয়। দাধকদিগের প্রেমাবির্ভাবে ইহাই ক্রম।" ভক্তিরসামৃতসিন্ধুতে সাধনভক্তি-প্রসঙ্গে ইহার পরে আর কিছু বলা হয় নাই; প্রেমের পরবর্তী স্নেহ, মান, প্রণয়াদি শুরের আবির্ভাবের ক্রমদম্বন্ধেও কিছু বলা হয় নাই। সাধন-ভক্তির পরিচয়-প্রদান-প্রসঙ্গেও ভক্তিরসায়তসিদ্ধ বলিয়াছেন—চিত্তে ভাবের (অর্থাৎ প্রেমের) আবিভাবই দাধন-ভক্তির লক্ষ্য; প্রেমের পরবর্ত্তী স্নেহ-মান-প্রণয়াদির আবিভাব যে সাধনভক্তির লক্ষ্য, তাহা বলা হয় নাই। "ক্লডিসাধ্যা ভবেৎ সাধ্যভাবা সা সাধনাভিধা। নিত্যসিদ্ধশু ভাবতা প্রাকট্যং ছাদি সাধ্যতা ॥'' যথাবন্ধিত দেহেই সাধন-ভক্তির অফুষ্ঠান করিতে হয়। ইহাতে মনে হয়, সাধকের ষ্থাবস্থিত দেহে যে প্রেম প্রান্তই আবিভূতি হয়, ইহাই ভক্তিরসামৃতসিমূর অভিপ্রায়। শ্রীপাদ সনাতনগোশামীর নিকটে জাতপ্রেমভক্ষের লক্ষণ-সম্বন্ধে বলিতে গিয়া শ্রীমনমহাপ্রভু শ্রীমন্ড।গবতের "এবংব্রভ: স্বপ্রিয়নামকীর্ত্ত্যা জাতাত্ব-রাগো ক্রতচিত্ত উক্তৈ:। হৃণত্যথো রোণিতি রোতি গায়ত্যুনাদবদ্বততি লোকবাছ: ॥ ১১/২/৪০ ॥"— লোকের উল্লেখ করিয়াছেন। এই লোকে ব্রতরূপে অবলম্বিত নামকীর্ত্তনের মহিমায় সাধকের চিত্তে যে প্রেমের উদয় হয় এবং প্রেমের আ।বির্ভাবে যে চিত্তস্ত্রবন্তা, হাক্স, রোদন, চীৎকার, গীত, উন্মাদবৎ নৃত্য এবং লোকাপেক।হীনভাদি লক্ষণ প্রকাশ পায়, ভাহাই বলা হইয়াছে। স্নেহ-মান-প্রণ্যাদির উদয়ে কি কি লক্ষণ প্রকাশ পায়, প্রভুক্তৃক তাহা বলা হয় নাই। ইহাতেও বুঝা যায়, সাধকের যথাবহিত দেহে যে প্রেম পর্যন্তই আবিভূতি হইতে পারে, ইহ:ই শ্রীমদ্ভাগবতের এবং শ্রীমন্মহাপ্রভুরও উক্তির অভিপ্রায়। পূর্ব্বোলিখিত চক্রবর্তিপাদের উক্তিও এ-সমন্ত শাস্ত্রোক্তিরই অহ্বরূপ।

যাহা হউক, উজ্জ্বনীলমণির কৃষ্ণবল্ধভা প্রকরণের ৩১-শ্লোকের চক্রবর্তিপাদক্বত আনন্দ-চক্রিকা টীকার বে-আংশ পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে, তাহার পরে উক্ত টীকাতেই লিখিত হইয়াছে—"রাগাছগীয়-সম্যক্ষাধননিরতায় উৎপদ্ধপ্রেয়ে ডক্তায় চিরসময়বিধৃত-সাক্ষাৎসেবাভিলাধ-মহেণিকেগ্যায় কৃপয়া ভগবতা সপরিকর বদর্শনং তদভিল্যণীয়-সেবাপ্রাপ্ত্যস্থ-

ভাবক্ষলৰ মেহাদিপ্রেম্ভেলায়াপি সাধক্ষেহেইপি স্থাপ্রেইপি সাক্ষাদ্পি সহস্দীয়ত এব ৷ তত্ত শ্রীনারদায়েব চিছান্দ-মহী গোপীকাকার-ভদ্তাবভাবিতা তহুক দীয়তে ভড্ক বুন্দাবনীয়-প্রকটপ্রকাশে ক্লফপরিকর-প্রাত্তাবসময়ে দৈব ভড়ু র্যোগমায়য়া গে। পিকাগর্ভাত্ত্বভাত্তাতে উক্তম্মায়েন স্নেহাদিপ্রেমভেদসিদ্ধ্যর্থম।'' তাৎপর্যার্থ—"রাগান্তুগীয়-মার্গে সম্যুক্ সাধন-নিব্ৰত জাতপ্ৰেম ভক্তেব চিত্তে বছকাল পৰ্য্যন্ত বখন শ্ৰীক্ষম্বের সাক্ষাৎ-দেবালাভের জন্ম বলবতী উৎকণ্ঠা জাগিতে থাকে, দেই ভক্তের চিত্তের তথন পর্যান্ত মেহাদি-প্রেমডেদ উদিত না হইয়া থাকিলেও জ্রীক্রফ তথন দয়া করিং। দেই ভক্তের সাধক-দেহেই মধ্যে এবং সাক্ষাৎভাবেও তাঁহাকে সপরিকরে একবার দর্শন দেন। ভারণর শ্রীনারদকে ভগবান বেমন চিদানক্ষয় দেহ দিয়াছিলেন ভজ্ৰপ সেই জাতপ্ৰেম সাধককেও চিদানক্ষয় তদ্ভাব-ভাবিত গোপিকাকার দেহ দেন। তারপর বৃশাবনের প্রকট-প্রকাশে জ্রীকৃষ্ণপরিকরদের আবির্ভাব-সমরে, ম্বেহাদি-প্রেমভেদ সিছির নিমিত্ত, সেই দেহই যোগমায়া কর্ত্ব গোপিকাগর্ভ হইতে আবিভাবিত হয়।" কাস্তাভাবের সাধকসম্বন্ধেই উল্লিখিত কথাগুলি বলা হইয়াছে বলিয়াই "গোপিকাকার-দেহ" বলা হইয়াছে ; কাস্তাভাবের সাধকের-অন্তশ্চিপ্তিত দেহ "গোপিকাকার।" যদি স্থাভাবের সাধ্কের কথা বলা হহত, তাহা হইলে "গোপাকার দেহই" বলিতেন; ষেহেতু, তাঁহার অন্তশিস্তিত (मह "(ग्रामाकात—(ग्रामतालदकत व्याकातहे" हहेत्त। याहा हछक, छक गिकाय वना हहेन—न्यातिकात-छग्राम জাতপ্রেম ভক্তকে একবার দর্শন দেন। কান্তাভাবের সাধক শ্রীরাধিকাদি গোপীগণের সহিত **দীলাবিদাসী শ্রীকু**ক্ষের সেবাই অন্তশ্চিন্তিত দেহে চিন্তা করিয়া থাকেন ; শ্রীকৃষ্ণও তাঁহাকে গোপীজন-বল্লভরপেই শ্রীরাধিকাদি গোপীগণ-পরিবেষ্টিত হইয়াই দর্শন দিয়া থাকেন। তাহার পরে, দেই জাতপ্রেম ভক্তকে তাঁহার অন্তশ্চিন্তিত গোপিকাকার একটি দেহ দিয়া থাকেন এবং এই দেহটী চিদানন্দময়। কিন্তু এই চিদানন্দময় গোপীদেহ দেওয়ার তাৎপর্য্য কি ? ভক্কের যথাবস্থিত দেহটীই যে গে।পীদেহে পধ্যবসিত হইয়া যায়, ত।হা নহে। দেহভক্ক পধ্যস্ত জাতপ্রেম ভক্তেরও যথাবিষ্মিত সাধকদেহই থাকে। বেহভবের পরেই গোপকভার দেহ পাইয়া থাকেন। প্রশ্ন হইতে পারে—ভাতাই যদি হউবে, তাহা হইলে কেন বলা হইল, সপরিকরে দর্শন দানের পরে ভগবান সাধককে চিদানক্ষময় গোপীদেহ দিয়া থাকেন ? ইহার উত্তর বোধহয় এইরূপ। জলোকা যেমন একটি তৃণকে অবলম্বন করিয়া আর একটী তৃণকে পরিত্যাগ করে, তদ্রপ জীবও ভাহার মৃত্যু-সময়ে যে কর্মফল উদ্বৃদ্ধ হয়, সেই কর্মফলের ভোগোপযোগীদেহকে আশ্রয করিয়া, অথবা তাহার সংস্কারাছরূপ দেহকে আশ্রয় করিয়া তাহার পরে তাহার পূর্বদেহ ত্যাগ করিয়া থাকে (শ্রীভা. ১০।১।৩৯-৪২)। স্ব-দ্ব-সংস্কার অতুসারে দেহতাাগ-সময়ে যাহা যাহা চিন্তা করা যায়, জীব তাহা তাহাই পাইয়া থাকে। "বং বং বাপি শারন ভাবং তাজতাস্তে কলেবরম্। তং তমেবৈতি কোন্তের সদা তদ্ভাবভাবিতঃ ॥ গীতা। ৮।৬ ॥ ভাগায়তন দেহ, বা সংস্কারাত্রপ দেহ, কিখা অস্তকালে ভাবনার অত্রপ দেহ ভগবান্ই দিয়া থাকেন। এই দেহকে আশ্রম করিয়াই জীব পূর্কদেহ ত্যাগ করে। জাতপ্রেম ভক্তের সাধনাছরূপ বা সংস্কারাছরূপ দেহ হুইতেছে তাঁহার অন্তশ্চিন্তিত চিদানন্দময় দেহ। দেহভন-সময়ে—সপরিকর,ভগবদর্শনের পরে দেহভল হয় বলিয়া, দর্শনলাভের প্রেই—জ্বাতপ্রেম ভক্ত দেহভদ-সময়ে তাঁহার সংস্থার-অভুরূপ এই দেহটী লাভ করিয়া থাকেন এবং এই দেহকে আশ্রের করিয়াই তিনি তাঁহার ষথাবস্থিত দেহত্যাগ করেন। এই দেহই পরে যথাসময়ে যোগমায়া প্রকটলীলাস্থলে গোপীগভ হইতে আবিভাবিত করাইয়া থাকেন।

টীকায় বলা হইয়াছে "শ্রীনারদায় ইব"—নারদকে শ্রীভগবান্ যেমন চিদানন্দময় দেহ দিয়াছিলেন, ডজ্রপ।
নারদ তাঁহার যথাবদ্বিত দেহ ত্যাগ করিয়া চিদানন্দময়-দেহে বৈক্ঠ-পার্ষদত্ম লাভ করিয়াছিলেন; উপরে উল্লিখিত
শ্রীমন্ভাগবতোক্ত জলোকার দৃষ্টান্ত-অন্থলারে বলা যায়, ভগবন্দত্ত চিদানন্দময় দেহকে আশ্রয় করিয়াই নারদ তাঁহার
যথাবন্ধিত দেহ ত্যাগ করিয়াছিলেন। দেহের চিদানন্দময়খাংশেই নারদের প্রাপ্ত দেহের সদে জাতপ্রেম ভক্তের প্রাপ্ত
দেহের সাদৃশ্য; সর্ববিষয়ে সাদৃশ্য নাই। যেহেতু, নারদ যে-দেহ পাইয়াছিলেন, তাহা ছিল বৈকুঠ-পার্যদের দেহ;
জাতপ্রেম-ভক্ত দেহভদের পরে যে-দেহ লাভ করেন, তাহা ব্রজনীলার পার্বদ-দেহ নহে; প্রেম ক্রমশং গাঢ় হইতে
হইতে অন্তীই-লীলায় শ্রীকৃঞ্চন্বার উপযোগী শুরে উরীত হইলেই ভক্ত পরিকর্ম লাভ করিতে পারেন; এবং তর্থন

বে-দেহে ডিনি লীলায় প্রবেশ করিবেন, সেই দেহই হইবে তাঁহার পার্যদদেহ বা সিদ্ধ-দেহ। ভাতপ্রেম ভক্ত বে
শীকৃষ্ণদর্শন লাভের পরে এইরূপ সিদ্ধদেহ পাইয়া থাকেন, তাহা চক্রবর্ত্তিপাদ বলেন নাই; তিনি বলিয়াছেন—চিদানন্দমর গোপিকা দেহ পাইয়া থাকেন। এই দেহ বে বৈকুঠে রক্ষিত ভগবানের ভ্যোতির অংশভূত কোনও একটা
দেহ. তাহাও অন্মান করা বায় না; যেহেতু, বৈকুঠস্থিত ভক্রপ দেহগুলির সমন্তই সেবোপযোগী পার্যদদেহ বা সিদ্ধদেহ; কৈছে ভক্ত তথনও সেবোপযোগী পার্যদেহ পাইবার যোগ্যতা লাভ করেন নাই। স্বরোং শীকৃষ্ণকৃপার
দ্বিভাশক্তির প্রভাবেই যে ভাতপ্রেম ভক্ত এই দেহটি লাভ করিয়া থাকেন, তাহাই মনে হয়।

এই দেহটার আপ্রায়ে জাতপ্রেম ভক্ত যথন প্রকটলীলা-ছলে জন্মগ্রহণ করেন, তথন নিত্যসিদ্ধ পরিকরদের সঙ্গের মাহাত্ম্যে, তাঁহাদের মূথে একুফের রূপ-গুণ-লীলাদির কথা শ্রবণাদির মাহাত্ম্যে, তাঁহার প্রেম ক্রমশঃ গাঢ়তা লাভ করিতে করিতে যথন দেবার উপযোগী গুরে উন্নীত হয়, তথনই পরিকররূপে তিনি লীলাতে প্রবিষ্ট হয়েন। তাঁহাকে দেই দেহ ত্যাগ করিয়া অপর একটা দেহ আর গ্রহণ করিতে হয় না; স্থতরাং বৈকুঠস্থিত ভগবজ্যোতিরংশভূত কোনও এক দেহের সঙ্গে তাঁহার সংযোজিত হওয়ায় প্রশ্নও উঠিতে পারে না। তাঁহাকে সেই দেহ কেন ত্যাগ করিতে হর না, তাহার হেতুও বোধহয় আছে। সিদ্ধদেহের মোটামোটী এই কয়টী লক্ষণ দেখা যায়-প্রথমতঃ, ইহা সচ্চিদানন্দময়; বিতীয়তঃ, ভাবাহুরূপ, অর্থাৎ যিনি কাস্কাভাবের সাধক, তাঁহার সিদ্ধদেহ হইবে গোপীদেহ, ইত্যাদি: তৃতীয়তঃ, ইহাতে থাকিবে ভাবাহুকুল দেবার উপযোগী শুর পর্যান্ত প্রেমের বিকাশ। একণে, জাতপ্রেম ভক্ত বে-দেহে প্রকটনীলাম্বলে জন্মগ্রহণ করেন, তাহাতে প্রথম তুইটা লক্ষণ বিঅমান, বাহী কেবল তৃতীয় লক্ষণটী, অর্থাৎ প্রেমের মথোচিত পুষ্টি। সাধকভক্তের মথাবস্থিত দেহেই মধন রতির আবির্ভাব হয় এবং দেই রতি মধন প্রেম পর্যান্ত পুষ্টিলাভ করিতে পারে, তথন প্রকটনীলাম্বলে গোপীগর্ভ হইতে আবিভূতি ভাবাছরূপ সচিদানন্দময় দেহে নিত্যসিদ্ধ পরিকরদের সন্ধাদির প্রভাবে যে-দেবার উপযোগী শুর পর্যান্ত প্রেম উন্নীত হইতে পারে, ভাহাতে সন্দেহের কোনও অবকাশ থাকিতে পারে না। বিশেষত: এীমদ্ভাগবত হইতে জানা যায়, গত দাপরসীলায় যে সমন্ত ঋষিচরী সাধনসিদ্ধ গোপীগণ ব্রঙ্গে গোপীগর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহাদের দেহ ছিল "গুণময়"—সচিদানক্ষময় ছিল না। মৃত্যুব্যতীতই তাঁহাদের এই গুণময় দেহও গুণময়ত্ব ত্যাগ করিয়া সচ্চিদানক্ষময় হইয়াছিল এবং সেবো প্রোগী পার্যদ্দেহে পর্যবসিত হইয়।ছিল। উ।হাদের গুণময়দেহও যথন স্চিদানন্দ্ময় পার্ষদ্দেহরূপে পরিণ্ড হইতে পারিয়াছিল, তথন জাতপ্রেম ভক্তের সচ্চিদানক্ষয় দেহ কেন পার্দদেহে প্র্যাসিত হইতে পারিবে না ?

প্রশ্ন ইইতে পারে, পূর্ব্বে বলা ইইয়াছে, জাতপ্রেম ভক্ত সচ্চিদানন্দময়দেহে প্রকটলীলান্থলে গোপীগর্ভ ইইতে আবিভূতি হয়েন। কিন্তু ঋষী চরী গোপীগণ গুণময় দেহে আবিভূতি ইইলেন কেন? ইহার কারণসম্বন্ধে পরিষ্কার ভাবে কেহ কিছু উল্লেখ করেন নাই। তবে শাস্ত্রে যাহা বলা ইইয়াছে, তাহা ইইতে ইহার কারণের একটা অফুমান বোধ হয় করা যাইতে পারে। তাই এই।

উজ্জ্বনীলমণিতে সাধনদিদ্ধা গোপীদিগকে ত্ইশ্রেণীতে বিভক্ত করা হইয়াছে—যৌথিকী এবং অযৌথিকী।
সাধনকালে বহুসাধক এক সলে মিলিত হইয়া একই ভাবে যদি ভদ্ধন করেন, ভিন্ন ভিন্ন দলে অবস্থিত থাকিলেও
সাম্বিতিত ভাবে তাঁহারা যদি একই যুথে অবস্থিত থাকেন, তাহা হইলে তাঁহাদিগকে যৌথিকী বলা হয়। "যৌথিক্যত্তব্বে সংভূয় গণশঃ সাধনে রভাঃ। কৃষ্ণবল্লভা-প্রকরণে ২৮শ শোক। টীকা। যুথেভবা যৌথিকাঃ। সংভূয়ঃ মিলিছা
সাধনেনিরভাঃ। কিন্তু গণশঃ গণেন গণেন গণেনতি অবান্তরগণা অপি বহবত্তব যুথে ভিঠন্তীভার্থঃ। চক্রবর্তী॥"
আরে, ঐদ্ধপ দলবন্ধভাবে ভদ্ধন না করিয়া যাহারা গোপীভাবের প্রতি অফ্রাগী হইয়া সাধনে প্রবৃত্ত হয়েন
এবং উৎকট রাগাহণীয় ভদ্ধনের ফলে যাহাদের পরমোৎকণ্ঠা জাগিয়া উঠে, উৎকণ্ঠা-অহ্সারে তাঁহারা সময়ে সময়ে এক,
অথবা তুই, অথবা তিন জন ক্রমে ব্রন্তে জন্মগহণ করেন। তাঁহাদিগকে অযৌথিকী বলে। "তদ্ভাববন্ধরাগা যে জনাত্তে
সাধনে রভাঃ ভদ্যোগ্যমহ্বাগোহা প্রাণ্যাৎকণ্ঠাহ্বার জঃ। তা একশোহথবা হিলাঃ কালে কালে ব্রন্তেভবন্।

প্রাচীনাশ্চনবাশ্চ স্থারবোঞ্জিক্যন্ততো বিধা॥ ক্লফাবল্পভাপ্রকরণে ৩১শ শ্লোক।" পূর্ব্বে বে জাতপ্রেম ভক্তদের কথা বলা ইইরাছে, তাঁহারা অযৌথিকী। মথাবন্ধিতদেহে তাঁহাদের প্রেম পর্যন্ত লাভ হয়। আর ঋষিচরীগোশীগণ ছিলেন যৌথিকী।

যৌথিকী ঋষীচরী গোপীগণ সাধনকালে ছিলেন দশুকারণ্যবাসী মূনি। তাঁছারা পূর্ব হইন্টেই কান্তাভাবে গোপালের উপাদক ছিলেন। প্রীরামচন্দ্র বনবাসকালে যখন দশুকারণ্যে আসেন, তখন তাঁহার দর্শনে প্রীরুক্তের সহিত তাঁহার কিঞ্চিং সাদৃশ্র দেখিয়া কান্তাভাবে প্রীরুক্তসেবা পাওয়ার জন্ম তাঁহাদের বাসনা বলবতী হইয়া উঠে; তখন তাঁহারা মনে মনে প্রীরামচন্দ্রের নিকটে তদহুকুল বর প্রার্থনা করেন। রামচন্দ্রও মূখে কিছু না বলিয়া মনে মনেই তাঁহাদিগকে তাঁহাদের অভীষ্ট বর প্রদান করেন। পরে যোগমায়া তাঁহাদের সকলকে প্রীরুক্তের প্রকটলীলাভ্রেল আনিয়া গোপীগর্ভ হইতে গোপক্যারণে আবিভাবিত করেন। (শ্রীজীবের টীকা)। ইহারাই ঋষিচরী গোপী।

विहे प्रतिह अविहती গোপীগণ গোপীগও হইতে আবিভৃত হংঁয়াছিলেন, সেই দেহ ছিল ওপময়, সচিদান-ক্ষয় ছিল না। বৈষ্ণবতোষণী টীকায়, শ্রীপাদ জীবণোধামী লিথিয়াছেন, এই ঋষীচরী গোপীগণ ছিলেন "সিদ্বপূর্ণভাবা: ন তু সিদ্ধদেহ।:—তাঁহাদের ভাব বা রতি পর্যান্তই সিদ্ধ হইয়াছিল, কিন্তু দেহ সিদ্ধ (চিম্মর) হয় নাই।" এজের গোপীগর্ভ হইতে কির্মেণ গুণময় দেহের আবির্ভাব হইতে পারে, তাহার বিচার-প্রসঙ্গে শ্রীষীব বৈঞ্বতোষ্ণীতে লিথিয়াছেন, প্রকট লীলায় প্রাপঞ্চিকের মিশ্রণ থাকে; তাহার প্রমাণ এই যে, প্রকটনীলায় শ্রীদেবকী-দেবীর প্রথম ছঃটা সন্তানের দেহও ছিল প্রাপঞ্চিক। "ন চ বক্তব্যং গোকুলজাতানাং প্রাপঞ্চিকদেহাদিবং ন সন্তবতীতি। অবতারলীলায়া: প্রাপঞ্চিকমিশ্রতাং। শ্রীদেবকীদেব্যামপি ষড় গর্ভ-সংজ্ঞকানাং জন্ম শ্রেষতে ইতি।" কির্ত্ত ঋষিচরীদের দেহ গুণময় বা প্রাণঞ্চিক কেন ছিল ? এ-সম্বন্ধে চক্রবর্তিপাদ বলিয়াছেন— যথন সাধনাতে তাঁহাদের দেহভদ হয়, তথন তাঁহার। প্রেম পর্যন্ত লাভ করিয়।ছিলেন না, প্রেমের পূর্ববর্তী তর রত্যন্ত্র মাত্র লাভ করিয়াছিলেন। এই অবস্থাতেই যোগমায়া তাঁহ।দিগকে ব্রজে গোপক্সারূপে আবির্ভাবিত করাইয়াছেন। "গোপালোপাসকা ঋষয়তে শ্রীনামমূর্তিমাধুরী-দর্শনাং রাগময়ভক্তে নিষ্ঠাকচ্যাস্তিরভাঙ্কর-ভূমিকা আর্কাঃ সম্যাপরিপক্কবায়া অপি শ্রীযোগমায়য়া দেব্যা গোকুলমানীয় গোপীগর্ভে জনিভা: কল্লকা বভুবু:।" গোপীগর্ভে জন্ম সময়ে তাঁহারা ছিলেন "সম্যক্ অপরিপঞ্জ-ক্ষার"—গুণমন্ত্রপ ক্ষার তথনও তাঁহাদের ছিল। তারপর, তাঁহাদের মধ্যে বাঁহারা নিতাসিদ্ধণে।পীদের স্কলাভের পোভাগ্য পাইয়াছিলেন, ঐ সঙ্গের এবং নিত্যসিদ্ধ গোপীদের মুথে শ্রীকৃষ্ণকগাদি শ্রবণের প্রভাবে বয়ংসন্ধিদশা হইতেই তাঁহাদের এক্রিফে পূর্বাফুরাগ জন্মে এবং ক্রিতে এক্রিফের অঙ্গদণও তাঁহাদের হইয়াছিল; তাহারই ফলে তাঁহাদের ক্ষায় সমাক্রপে দ্রীভূত হয়, তাঁহাদের শ্রীকৃষ্ণরতিও প্রেম-স্নেহাদি ভূমিকায় আর্ ছয়। এই অবস্থায় গোপদিগের সহিত তাহাদের বিবাহ হইনা থাকিলেও পতিমন্তাদির অঙ্গসঙ্গাদি হইতে যোগমায়া তাঁহাদিগকে রক্ষা করিয়াছিলেন। ভাঁহাদের দেহ চিন্নগীভূত হইয়া গিয়াছিল বলিয়া রাসরক্ষনীক্ত শ্রীক্লফের বেণুবাদন-সময়েই পতিমতাদের খারা নিবারিতা হওয়া সত্ত্বেও যোগমায়ার কুপায় নিত্যসিদ্ধ গোপীদের সঙ্গেই তাঁহারা অভিসার করিয়া শ্রীকৃষ্ণস্মীপে উপনীতা হইয়াছিলেন। "তাসামেব মধ্যে কাশ্চিল্লিত্যসিদ্ধগোপীসকভূলা বয়ংস্দ্ধিদশামারভ্য এব লব্ধ্বাহ্রাগাঃ ক্রিপ্রাপ্তরুঞ্জিদসলাঃ দক্ষদম্যক্কধায়াঃ প্রেমমেহ।দিভূমিক। আরুঢ়াঃ গোপৈর্ছা অপি বে।গমায়য়য়ব তদকম্পর্দাধা-ত্রহিতা: চিনায়দেহীভূতা: ক্রফোপভূক্তাগুল্ঞাং রাত্রে বেণুবাদন-সময়ে পতিভির্বাধ্যমাণা অপি যোগমায়।সাহায্য প্রসাদাৎ নিত্যদিদ্ধগোপীভি: সহিতা এব প্রেষ্ঠমভিদক্র:।" শ্রীমন্ভাগবতের-"তা-বীর্গমাণা: পতিভি: পিতৃভিন্ত্রপুভি:। গোবিন্দাপদ্ধতাত্মানো ন ভাবর্তত মোহিতাঃ॥ ১০।২৯।৮॥"-লোকে ইহাদের কথাই বলা হইয়াছে।

আর, নিতাসিদ্ধাদি-গোপীদের স্পলাভের সোঁভাগ্য বাঁহাদের হয় নাই, তাঁহাদের প্রেম লাভও হয় নাই; স্বতরাং তাঁহাদের ক্ষায়ও (গুণময়ত্বও) দ্রীভূত হয় নাই। গোপদিগের সহিত তাঁহাদেরও বিবাহ হইয়াছিল; তাঁহারা পতিকভূকৈ উপভূক্ত হইয়াছিলেন এবং অপত্যবতীও হইয়াছিলেন। তাহার পরে নিতাসিদ্ধাদি-গোপীদের সহিত তাঁহাদের স্প হইয়াছিল; তাহার ফলে ইক্ষাল-স্থের অঞ্চ তাঁহাদের লাল্যা জাগিয়াছিল, তাঁহারা পূর্করাগবতীও

হইয়াছিলেন। নিত্যসিদ্ধাদি-গোপীদের কুপাপাত্তী হওরা সন্ত্বেও তাঁহাদের দেহ কুঞাল-সন্দের অংযাগ্য ছিল বলিয়া যোগমারা তাঁছাদের সাহায্য করেন নাই। প্রাক্তফের বংশীধ্বনি-প্রবণকালে তাঁছারা গৃহমধ্যে ছিলেন; পূর্কর।গবতী ছিলেন বলিয়া বংশীধ্বনি-প্রবণে তাঁহারাও প্রীকৃষ্ণস্মীপে বাওৱার জন্ম চেষ্টিত হইয়াছিলেন; কিন্তু বোগমায়ার সাহায্য না পাওরার তাঁহারা তাঁহাদের পতিগণকর্ত্ক নিবারিতা হইয়া গৃহমধ্যেই আবদ্ধ হইয়া রহিলেন, বাহির হইতে পারিলেন না। মহাবিপদ্গ্রতা হইয়া ভাহারা যেন মরণদশায় উপনীত হইলেদ, পতি-আদিকে মহাশক্র মনে করিলেন এবং প্রীকৃষ্ণকেই স্থ-স্থ-প্রাণৈকবন্ধু মনে করিয়া তীব্রভাবে প্রীকৃষ্ণের ধ্যান (স্মরণ) করিতে লাগিলেন। "কাশ্চিত্ত নিত্যসিদ্ধাদিগোপীদদ-ভাগ্যাভাবাদলব্ধপ্রেমত্বাদদশ্বক্ষায়া গোপৈবুৰ্বচা গোপোপভূক্তা অপত্যবজ্যো বভূর্:। তাঃ খনু তদস্তরমেব নিত্যদিদ্ধাদিগোপীসকভূমা কুঞাদসদস্প্রোদ্রেকাৎ পূর্কারাগবতাঃ তাসাং রূপাণাত্রী-ভবজ্যোহিণি কৃষ্ণালসলাযোগ্যদেহত্ত্বন যোগমায়ালাহায্যাকরণাৎ পতিভিবারিতাঃ কৃষ্ণমভিসর্ভ মক্ষমা মহাবিপদ্গন্তাঃ পতি-ভ্রাতৃপিঅংদীন্ অপ্রাণবৈরিত্বেন পশুস্তো মরণদশায়ামুপস্থিতায়াং সত্যাং যথান্তা মাত্রাদিশ্ববরুজনং শ্বর্জি তথৈব প্রপ্রাবৈশকবন্ধুং ক্লফং সম্মাদরিত্যাহ অস্করিতি।" তীত্রধ্যান-কালে শ্রীকৃষ্ণবিরহের ফলে তাঁহাদের যে-জালাময় উৎকট ত্ঃথের উত্তয় হইয়াছিল, তাহা যেমন ছিল অতুলনীয়, আবার ফুর্তিতে এক্রিফাল-স্পের ফলে বে-অনির্বাচনীয় আনন্দের অভ্যাদর হইয়াছিল, তাহাও ছিল তেমনি অতুলনীয়। ইছারই ফলে তাঁহাদের সমন্ত অস্তরায় দ্রীভূত হইয়া গেল, পতিকর্ত্তক উপভূক্ত তাঁহাদের গুণময় দেহও গুণময়ত্ব ত্যাগ করিয়া চিনায়ত্ব লাভ করিল, প্রীকৃষ্ণদলের উপযোগী হইয়া পড়িল। কৃষ্ণদেবার উপযোগী এই সচিদানন্দময় দেহেই তাঁহারা কেহ কেহ বা সেই দিন, কেহ কেহ বা পরের দিন রাসলীলায় প্রবেশ করিয়াছিলেন। শ্রীমদ্ভাগবতে—"অস্তর্গৃহগতাঃ কাশ্চিদ্ গোপ্যোইলর্কবিনির্গমাঃ। ক্রফং তদ-ভাবনাযুকা দধ্যমীলিতলোচনা: । হুংসহপ্রেছবিরহতীত্রতাপধৃতাভভা:। ধ্যানপ্রাপ্তাচ্যতাশ্লেষনির্বত্যা ক্ষীণ্মকলা:। তমেব পরমাত্মানং জারবৃদ্ধাণি সক্ষতা:। জত্তু প্রময়ং দেহং স্তঃ প্রজীণবদ্ধনা:॥ ১০।২৯।৯-১১ ॥"-শ্লোকে ইহাদের कथा है वना हरेशाइ।

উল্লিখিত ঋষিচরী গোপীদিগের মধ্যে "তাঃ বার্যমাণাঃ পতিভিঃ-"ইত্যাদি শ্লোকে প্রথম শ্রেণীভৃক্ত গোপীদের সম্বন্ধে টীকাকারগণ যাহা বলিয়াছেন, তাহা হইতে জানা যায়— যেই গুণময় দেহে তাঁহারা ব্রঞ্জ গোপীগর্ভ হইতে আবিভূতি হইয়াছিলেন, নিত্যসিদ্ধগোপীদের সঙ্গের প্রভাবে তাঁহাদের সেই গুণমর দেহই স্চিটিৰানন্দ্ৰময় পাৰ্ষদ্ৰেহে প্রিণত হইয়াছিল; তাঁহাদিগকে সেই গুণ্ময় দেহ প্রিত্যাগ করিয়া অফা স্চিদানন্দ্ৰময় দেহ গ্রহণ করিতে হয় নাই- শ্রীঞ্বের যথাবন্ধিত সাধকদেহ যেমন বৈকুণ্ঠ-পার্ষদ-দেহে পরিণ্ড হইয়াছিল, তদ্রুপ। ্ৰে আর "অস্তৃস্তগতাঃ কাল্চিৎ"-ইত্যাদি শ্লোকে পতিকর্তৃক উপভূক্তা যে-ঋষিচরী গোপীদের কথা বলা হইয়াছে, তাঁহাদের সম্বেদ্ধ বলা হইয়াছে, তাঁহারা "জভ ওশিষয়ং দেহম্—গুণময় দেহ ত্যাগ করিয়াছিলেন।" এই গুণময়-দেহত্যাগদম্বন্ধে শ্রীপাদ সনাতনগোঝামী তাঁহার বৃহৎবৈষ্ণব-তোষণীতে লিখিয়াছেন—"গুণময়ং দেহং কল:। গুণা: ভাবা:। তত্র আন্তরা ভাবা: আর্জ্জব-ক্রৈর্য্যমার্দ্রব-বহির্নিক্রমোপায়।জ্ঞতা গুরুজনাদিসঙ্কে।চাদয়:। বাহা: সম্বপ্ততা-গৃহাস্কঃস্থতা-বন্ধতাদয়ঃ। তম্ম তৎপ্রধানং দেহং ক্ল্রীতি। তদ্ভাবত্যাগ এবাত্র দেহত্যাগ উক্তঃ।— গুণ অর্থ ভাব। ভাব তুই রকমের—অস্তরের ও বাহিরের। অস্তরের ভাব—সরলতা, দৈর্ঘ্য, মৃত্তা, বহির্গত হওয়ায় উপাহ-বিষয়ে অজ্ঞতা, গুরুজনাদি হইতে সংখাচাদি। আর বাহিরের ভাব--সম্বর্থতা, গুহাস্কঃস্থিততা, বন্ধতাদি। এ-সমস্ত ভাবময় দেহ ত্যাগ করিয়াছিলেন। এম্বলে দেই সেই ভাবের ত্যাগকেই দেহত্যাগ বলা হইয়াছে।" ইহাতে বুঝা ষায়-শোপীগণের দেহ হইতে কতকগুলি ভাবই দুরীকৃত হইমাছিল, তাঁহাদের মৃত্যু হয় নাই। তাঁহাদের গুণময় দেহের গুণময়ৰই দুরীভূত হইয়।ছিল, দেই দেহই সচিদানক্ষয়ত্ব লাভ করিয়াছিল। শ্রীপাদ বিখনাথ চক্রবর্তী লিখিয়াছেন – মরণব্যতীতই ধ্রুবাদির দেহের ক্রায় তাঁহাদের দেহ গুণমহত ত্যাগ করিয়া চিন্মহত লাভ করিয়াছিল। "মরণবশাৎ দেহণাত এব তাদামিতি তুন ব্যাব্যেম্। 🔹 🕶। ডাদাং গুণময়কেহা গুণময়কং পরিত্যক্ষ্য চিন্নয়কং ঞৰাদীনামিব প্ৰাপুরেষ এব দেহত্যাপ:।" প্রীষ্টবংশাখামী তাঁহার বৈক্ষা-ভোষণীতে নিধিয়াছেন—"গুণম্যং

বিরহভাবময়ং দেহম্ আবেশমিতার্থ:। তথা তৃতীয়ে স্প্টিপ্রসদে ব্রহ্মণো দর্শিতম্। — বিরহভাবময় আবেশ ত্যাগ করিয়।ছিলেন। শ্রীফাড্ভাগবতের তৃতীয়য়য়ে স্প্টিপ্রসদে ব্রহ্মায়ও কেবল পূর্বভাবের আবেশ ত্যাগ দর্শিত হইয়াছে।" শ্রীজীব এম্বলে "গুলময়খ" ত্যাগের কথাই বলিলেন; মৃত্যুর কথা বলেন নাই! কিছু অপর এক রকম অর্থে তিনি লিখিয়াছেন --"তয়ায়য়া এব ত্যাক্রানাং দেহানামন্তর্দ্ধাপনং তৎসদৃশীনামন্তানাং ক্রোরণঞ্চ গম্যতে। — গোপীদিগের পরিত্যক্ত দেহ শ্রীকৃষ্ণমায়াই অন্তর্দ্ধাপিত করিয়াছিলেন এবং তৎসদৃশ অন্ত দেহ প্রকটিত করিয়াছিলেন।" ইহা হইতে বুঝা যায়, তাঁহারা যেন বান্তবিকই দেহত্যাগ করিয়াছিলেন এবং পরে তদক্রপ সচিলানন্দময় দেহ পাইয়াছিলেন। এই সচিদানন্দময় দেহও শ্রীকৃষ্ণমায়াই প্রকটিত করিয়াছিলেন। এছলে শ্রীকৃষ্ণমায়া-শব্দে শ্রীকৃষ্ণশক্তি যোগমায়াকেই লক্ষ্য করা হইয়াছে; বহিরজামায়া কৃষ্ণসেবার উপযোগী সচিদানন্দময় দেহ দিতে পারেন না। শ্রীপাদ বলদেব বিদ্যাভ্র্যাও লিখিয়াছেন—"পরয়া হরিশক্ত্যা আবিভাবিত-তহ্বণভোগ্যোগ্য বিজ্ঞানানন্দময়-দেহাঃ সভ্য ইতি লভ্যতে। —শ্রীহরির পরাশক্তির হারাই ক্ষেত্র উপভোগ্য বিজ্ঞানানন্দময়-দেহ আবিভাবিত হইয়াছিল।"

উল্লিখিত আলোচনা হইতে বুঝা যার—ঋষিচরী-গোপীদিগের গুণময়-দেহই, গ্রুবের ষ্ণাবন্ধিত দেহের ফ্রায়, সিচিদানন্দময় পার্ষদদেহে (অর্থাৎ সিদ্ধদেহে) পরিণত হইয়াছিল। আরু, যদি তাঁহাদের বান্তব দেহত্যাগ (এর মৃত্যু) স্বীকারও করা যায়, তাহা হইলেও দেহত্যাগের পরে বা সঙ্গে লাফ কাঁহারা যে সচিদানন্দময় দেহ পাইয়াছিলেন, তাহাও প্রীকৃষ্ণাক্তিকর্তৃকই আবিভাবিত হইয়াছিল। বৈকুঠে অবন্ধিত ভগবানের জ্যোতির অংশভূত মৃতি-সকলের মধ্যে কোনও কোনও মৃত্রির সহিত যে ঋষিচরী গোপীগণ সংযোজিত হইয়াছিলেন, এইরূপ কথা কেইই বলেন নাই, এমন কি শ্রীজীবগোস্থামীও বলেন নাই।

বাঁহারা সালোক্যাদি মুক্তি পাইয়া বৈকুষ্ঠ-পায়্মত্ব লাভ করিতে ইচ্ছুক, তাঁহাদের সকলকেই যে বৈকুষ্ঠস্থিত ভগবজ্যোতির অংশভূত মুর্ত্তির সহিত সংযোজিত হইতে হইবে, একথাও প্রীতি-সন্দর্ভে শ্রীক্ষীব বলেন নাই। প্রবাদির আয় কাহারও কাহারও প্রাক্বতদেহও বে ভগবানের অচিস্ক্যাণজিতে চিন্নয় পায়দদহে পরিণত হইয়া বায়, তাহাও শ্রীক্ষীব লিথিয়াছেন। "কচিং প্রাক্বত্যাপি মুর্ত্তিরচিষ্টায়া ভগবচ্ছক্ত্যা তাদৃশহ্মাপছতে। যথোজ্ঞং শ্রীক্রবম্পন্দিশ্র চিদ্রপ্র হিরপ্রয়া ভগবচ্ছক্ত্যা তাদৃশহ্মাপছতে। যথোজ্ঞং শ্রীক্রবফ্ চিদ্রপ্র হিরপ্রয়মিতি। তদেব রূপং হিরপ্রয়ং বিভ্রদিতি টীকা চ। প্রীতিসন্দর্ভ ॥ ১৩ ॥" শ্রীক্রবের বিবরণটী এই। শ্রীক্রবকে বৈকুষ্ঠে লইয়া বাইবার জন্ম তুইজন বিষ্ণুণার্ধদ রথ লইয়া উপস্থিত হইলে, প্রুব সেই রথকে প্রদক্ষিণ ও পূজা করিয়া বিষ্ণু-পার্ধদন্বয়কে প্রণাম করিলেন। তারণর হিরপ্রয়র্বপ ধারণ করিলেন এবং রথে আরোহণ করিলেন। "দরীত্যাভার্চ্চা থিফ্যাগ্রং পার্ধদাবভিবন্দ্যাচ। ইয়েষ তদধিষ্ঠাতুং বিভ্রদ্বন্ধং হিরপ্রয়ম্ ॥ শ্রীভা, ৪।১২।২৯ ॥" শ্রীধরন্ধামিপাদ টীকায় লিবিয়াছেন —"তদেবরূপং হিরপ্রয়ং বিভ্রদিতি—প্রবের যে-রূপ (বা দেহ) পূর্ব্বেছিল, তাহাই হিরপ্রয়

এই প্রদক্ষে কেহ হয়তো বলিতে পারেন— বৈকুঠে বে-সকল ভগবজ্যোতির অংশভৃতা মূর্ত্তি বিরাজিত, তাহারা নিত্য; তাহাদের সহিত সংযোজিত হইয়া পার্ষদদেহ লাভ করিলে সেই পার্ষদদেহের নিত্যুৎসহদ্ধে কোনও সন্দেহ থাকে না। কিন্তু ভগবানের অচিন্ত্যুশজিতে বে-গুণময় দেহ সচিদানন্দময়, তাহার নিত্যুৎসহদ্ধে আশহা আছে; যেহেতু, এই সচিদানন্দময়ৰ হইতেছে আগস্কন। ইহার উত্তরে বলা যায়—ভগবানের অচিন্ত্যুশজিদ্বারা আবির্ভাবিত চিন্ময় দেহের চিন্ময়ৰ আগন্তুক বলিয়া যদি অনিত্যুত্বের আশহা হইতে পারে, তাহা হইলে বৈকুঠন্তিত ভগবজ্যোতির অংশভৃত দেহের সহিত সংযোজিত সাধকের পার্যদদেহের অনিত্যুত্বের আশহাও থাকিতে পারে; যেহেতু, বৈকুঠন্থিত মৃত্তি নিত্যু হইলেও তাহার সহিত সাধকের সংযোজন আগন্তক। আগন্তক বলিয়া কোনও সময়ে এই সংযোগ নইও হইয়া যাইতে পারে। বন্ধতঃ, বৈকুঠন্থ মূর্ত্তির সহিত সংযোগ, কিন্তা ভগবচ্ছতিতে আবির্ভাবিত দেহের চিন্ময়ৰ, আগন্তক বলিয়া তাহার অনিত্যুত্বের আশহা বিচারসহ নহে। ভগবানের কুণায় প্রবের যথাবন্থিত দেহের চিন্ময়ৰ, আভ করিয়াছিল, তাহা কথনও নই হইবে না। ভগবানের অন্ত্রণজির অচিন্ত্য-প্রভাবেরই ইহা ফল। জীবের ব্যরণ তিতে বিরুপ্তর বা কৃষ্ণহক্তের কুপার ভলনালের অনুষ্ঠানের ফলে ব্যরণপঞ্জি সাধকের চিত্তে

জাবিভূতি ইইয়া ভক্তি-প্রেমাদিরণে আত্মপ্রকাশ করেন। পরণ-শক্তির আবির্ভাব এবং ভক্তাত ভক্তি-প্রেমাদি ইইল আগন্ধক; আগন্ধক বলিয়া কি তাঁহা কখনও অন্তহিত হইবে ? অন্তহিত হওয়ার সন্তাবনা থাকিলে তো সাধন-ভজনেরই কোনও দার্থকতা থাকে না। জীব কৃষ্ণের নিত্যদাস। জনাদিবহির্মুখ মায়াবদ্ধ জীবকে তাহার কৃষ্ণদাস্ত্রে প্রতিষ্ঠিত করার অন্ত "লোকনিডারিব এই ঈশ্বর-শ্বভাব"-বশতঃ শ্রীকৃষ্ণ সর্ববদাই চেষ্টা করিতেছেন ; ইহারই ফলে জীবচিত্তে স্বরূপ-শক্তির আবিভবি ; স্বরূপশক্তি রূপা করিয়া জীবচিত্তে আদেন—তাঁহাকে শ্রীরুঞ্চদেবার উপযোগী করিয়া তাঁহাঘারা শ্রীকৃষ্ণদেবা করাইবার উদ্দেশ্যে, চলিয়া যাওয়ার জন্ম তিনি আদেন না; যে-মুহুর্তে চলিয়া যাইবেন, দেই মুহূর্ত্তে ই তো জীব শ্রীকৃষ্ণদেবা হইতে বঞ্চিত হইবেন। ইহা শ্বরূপ-শক্তির বিশ্বা শ্রীকৃষ্ণেরও অভিপ্রেড হইতে পারে না। স্থীব অরপত: ক্রফদাস বলিয়া এবং অরপশক্তির কুপাব্যতীত কুফসেবা হইতে পারে না বলিয়া জীবন্ধরণের সহিত শ্বরণ-শক্তির এমনই একটা খাভাবিক সম্বন্ধ বর্তমান, যাহাতে শ্বরণ-শক্তি কোনও জীবকে একবার কুপা করিলে সেই কুপা হইতে সেই জীব আর কথনও বঞ্চিত হইতে পারেন না। স্বরূপশক্তির বা হরূপ-শক্তির বৃত্তি ভক্তির বরণগত ধর্মই এইরপ। শ্রীমদ্ভাগবতের "ত্যক্তা বধর্মং চরণ। সূত্রং হরের্ভজন্নপকোইথ পতেত্ততো যদি। ষত্র ক বাভদ্রমভূদমুক্ত কিং কোবার্থ আথোহভদ্পতাং মধর্মত: । ১/৫/১৭ ।"'—স্লোকের টীকায় শ্রীকীব এবং চক্রবন্তিপাদ উভয়েই ভক্তির এরপ অবিচ্ছিত্তি-ধর্মের কথা বলিয়া গিয়াছেন। "ভক্তিবাসনায়া শ্ববিচ্ছিত্তিধর্মতাং—এঞ্চীব। ভক্তি-বাসনায়াত্মফ ডিছডিধর্মবাৎ স্ক্রেরপেণ তদাপি সন্থাৎ—চক্রবর্তী।" গীতার "ন মে ভক্তঃ প্রণশ্রতি''—এই শ্রীক্রফোজিডেও সে-কথাই ধ্বনিত হইতেছে। স্থতরাং কৃষ্ণাক্তি বা কুষ্ণের কুণা আগদ্ধকী বলিয়া অনিত্যত্ত্বের প্রদল উঠিতে পারে না।

যাহা হউক, উপরে ঋষিচরী গোপীদিগের প্রসন্ধে যাহা উল্লিখিত হইয়াছে, তাহাতে জ্বানা গেল— তাঁহাদের সাধক-দেহ-ভল-সময়ে তাঁহারা "জাতরত্যকুর" ছিলেন, "জাতপ্রেম" ছিলেন না। উজ্জ্বনীলমণিতেও তাঁহাদের সক্ষমে এ-কথাই বলা হইয়াছে—"লক্ষতাবা ব্রজে গোপ্যো জাতাঃ পাদ্ম ইতীরিতম্ ॥ কুফ্বল্লভা-প্রকরণ ॥ ২৯ ॥— পদ্ম-পূরণ অন্থারে জ্বানা যায়, 'লক্ষভাবা হুইয়া তাঁহারা ব্রজে গোপীরূপে জ্মগ্রহণ করিয়াছিলেন।" ভাব ও রতি — একার্থক শব্দ। হুতরাং লক্ষভাব অর্থ জ্বাতভাব বা জ্বাতরতি। জ্বাতরতিত্বের অবস্থাতেই যোগমায়া কেন তাঁহাদিগকে ব্রজে গোপক্সারূপে আবিভাবিত করাইলেন পুর্বে বলা হইয়াছে—ঋষিচরী গোপীগণ ছিলেন যোথিকী; যোথিকী বলিয়াই কি তাঁহারা জ্বাতপ্রেম হইতে পারেন নাই পুতাহা মনে হয় না; কারণ, উজ্জ্বননীলমণি হইতে জ্বানা যায়, শ্রুতিচরী গোপীগণও ছিলেন যোথিকী এবং জ্বাতপ্রেম হইয়াই তাঁহারা গোপক্সারূপে ব্রজ্কে জ্বাত্র করিয়াছিলেন। উপনিষ্ক্রণ "তপাংসি শ্রুদ্ধা কুজ্বা প্রেমাট্যা জ্ব্রেরে ব্রজ্ঞে ॥ কুফ্বল্লভা-প্রকরণ ॥ ৩০ ॥"

ঋষিচরী এবং শ্রুভিচরী—উভয়েই যৌথিকী। তথাপি রতিপধ্যায়মাত্র উদ্বুদ্ধ হওয়ার পরই যোগমায়াদেবী ঋষিচরীদিগকে ব্রজে আনিয়া জন্ম দেওয়াইলেন; কিন্তু শ্রুভিচরীদিগকে প্রেমপর্যায়-লাভ পর্যন্ত অংশকা করিতে হইল। দগুকারণাবাসী মুনিদিগের প্রতি প্রোলিখিত শ্রীরামচন্দ্রের রূপাই তাঁহাদের প্রতি যোগমায়ার এই কুপাবৈশিষ্ট্রের হেতু কিনা বলা যায় না।

যাহাহউক, ঋষিচরী গোপীদিগেরই ব্রজে জাত দেহের গুণময়ত্বের কথা বলা হইয়াছে। শুভিচরীদিগের সম্বন্ধে এরপ কোনও কথা শ্রীমদ্ভাগবতে দৃষ্ট হয় না। ইহাতে মনে হয়—ঋষিচরী গোপীগণ জাতপ্রেম হইয়া ব্রজে জন্মগ্রহণ করেন নাই বলিয়াই তাঁহাদের দেহ প্রথম হইতেই চিন্ময় ছিল না, প্রথমে ছিল গুণময়। এজাই তাঁহাদের মধ্যে কাহাকেও পতিকর্তৃক উপভূকাও হইতে হইয়াছে, নিত্যসিদ্ধ গোপীদের সঙ্গে অভিসার করা হইতেও বাধাপ্রাপ্ত হইতে হইয়াছে। কিন্তু শুভিচরী গোপীগণ জাতপ্রেম হইয়াই জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া নিত্যসিদাদি গোপীদের সঙ্গের প্রভাবে ব্যঃসন্ধি অবস্থা হইতেই তাঁহাদের প্রেম ক্রমশং পরিপৃষ্টি লাভ করিয়া মহাভাব-পর্বাদ্ধে উরীত হইয়াছিল; এবং এজাই তাঁহারা নিত্যসিদ্ধ গোপীদের সঙ্গেই অভিসারবতী হওয়ার সোভাগ্য পাইয়াছিলেন।

উল্লিখিত আলোচনা হইতে ইহাও জানা গেল—সাধ্কের বথাবস্থিত দেহে প্রেম পর্যন্ত লাভই সাধারণ নিয়ম।

কান্তাভাবের সাধনের কথা বর্ণন-প্রসঙ্গে রাররামানন্দ শ্রীমন্মহাপ্রভুর নিকটে বে দণ্ডকারণ্যবাসী ঋষিদের দৃষ্টান্তের পরিবর্ত্তে শ্রুভিগণের দৃষ্টান্তের উল্লেখ করিয়াছেন, তাহার তাৎপর্যাও ইহাই বলিয়া মনে হয় যে, গোপীদের আহুগত্যে যিনি রাগাহ্মগীয় ভঞ্জনের অফুষ্ঠান করিবেন শ্রুভিগণের স্থায় তিনিও বথাবস্থিত সাধক-দেহে প্রেম পর্যন্ত লাভ করিতে পারিবেন। দণ্ডকারণ্যবাসী-মৃনিগণের (ঋষিচরী-গোপীগণের) পক্ষে—সম্ভবতঃ শ্রীরামচল্ডের কুপার ফলেই—রভি-পর্যায় পর্যন্ত লাভের পরেই যোগমায়াকর্তৃক তাঁহাদের ব্রন্তে আনহন একটা বিশেষ ব্যবস্থা, নাধারণ বিধির ব্যত্তিক্রম।

যাহাহউক, উল্লিখিত আলোচনা হইতে ব্ৰঞ্জাবের সাধকদের সিদ্ধদেহ-প্রাপ্তিসম্বন্ধে, বৈষ্ণবাচার্য গোখামি-পাদগণের অভিপ্রায় এইরূপ বলিয়া মনে হয়:—ব্রন্ধভাবের সাধক তাঁহার যথাবন্থিত দেহে প্রেম পর্যন্ত লাভ করিলেই তাঁহার দেহভবের পরে,--তথন যে-ত্রন্ধাণ্ডে শ্রীকুঞ্চের প্রকট-লীলা চলিতে থাকে, সেই ব্রন্ধাণ্ড--যোগমায়া তাঁহাকে নিয়া আহিরী গোপীগর্ভ হইতে আবিভাবিত করাইবেন; বেই দেহে তিনি দীলাস্থলে জন্মগ্রহণ করিবেন, তাহা হটবে সচিদানন্দময় এবং তাঁহার অস্তশ্চিন্তিত সিদ্ধদেহের অমুরূপ (অর্থাৎ তিনি যদি কাস্তাভাবের সাধক হয়েন, ভিনি গোপকল্যা-দেহ পাইবেন, ভিনি যদি স্থাভাবের সাধক হয়েন, ভিনি গোপ-বালক দেহ পাইবেন; ইভ্যাদি)। ভারপর, তাঁহার ভাবাহুকুল নিত্যসিদ্ধ পরিকরদের সঙ্গের মাহাত্ম্যে এবং তাঁহাদের মুথে শ্রীকৃষ্ণক্থা-শ্রবণাদির মাহাত্ম্যে তাঁহার প্রেম ক্রমশঃ গাঢ়তা লাভ করিতে করিতে যথন অভীষ্ট-ক্রফসেবার উপবে।গী তারে উন্নীত হইবে, তথনই তাঁহার দেই দেহ সিদ্ধদেহে—পার্ষদদেহে—পরিণত হইবে এবং তথনই তিনি নিতাসিদ্ধ পরিকরদের সঙ্গে শ্রীকৃষ্ণপরিকররূপে (সাধনসিদ্ধ পরিকররূপে) স্বীয় অভীষ্ট লীলায় প্রবেশ করিয়া শ্রীকৃষ্ণসেবার অধিকারী হইবেন। যে-সচ্চিদানন্দময় দেহে তিনি ত্রব্দে আহিরী গোপের গৃহে জন্মগ্রহণ করিবেন, শ্রীক্রফের অচিস্ক্যশক্তির প্রভাবেই তিনি তাহা পাইবেন; এবং নিত্যসিদ্ধ-পরিকরদের সঙ্গের ফলে তাঁহার সেই দেহই যে-পার্যদদেহে পরিণত হইবে, তাহাও শ্রীক্লফের শক্তিতেই। তিনি যদি কাম্বাভাবের দাধক হয়েন, গোপক্যারূপে চিনায় দেহে একে জন্মগ্রহণ করিলে নিতাসিদ্ধ গোপীদের সোভাগ্য তাঁহার লাভ হইবে। কারণ, জাতপ্রেম বলিয়া শ্রীকৃষ্ণে তাঁহার মমত্বাতিশয় জুনিবে, তাঁহার মনও হইবে—সমাক্রপে মুফ্ণিত। তাঁহার এতাদুশ প্রেমই তাঁহাকে নিতাসিদ্ধ গোপীদের সঙ্গের নিমিত্ত ঔংস্কা দান করিবে; তাঁহার দেহে গুণময়ত্ব থাকিবে না বলিয়া শ্রীক্লফব্যতীত অন্ত কোনও বিষয়েও তাঁহার মন যাইবে না। নিতাসিদ্ধ গোণীদের সন্তের প্রভাবে তাঁহার প্রেম ক্রমশঃ মহাভাব-পর্যায়ে উন্নীত হইবে, তিনি শ্রীক্লফে পূর্ববাগবতীও হইবেন এবং ক্ষুর্তিতে শ্রীক্লফাল্ব-সঙ্গ লাভও তাঁহার হইবে। তপাপি পরকীয়াত্ব-সিদ্ধির নিমিত কোনও গোপের সঙ্গে তাঁহার বিবাহ হটবে; কিন্তু পতিমান্তের অকম্পর্শাদি হইতে যোগমায়াই তাঁহাকে রক্ষা করিবেন। যথাসময়ে নিত্যসিদ্ধ গোপীদের সঙ্গেই তিনি শ্রীক্রফণীলায় প্রবিষ্ট হইবেন।

नवधीरभव निकारण - श्रीखिख अमूक्रभ ভावि हरेशा शार्क।

প্রীপ্রীগৌরতত্ত্ব-সম্বন্ধে

(3)

শ্রীমন্মহাপ্রাভ্র রূপায় মূলগ্রন্থের গৌররুপা-তরন্ধিটিকাতে এবং ভূমিকাতেও গৌরতত্ত-সহদ্ধে আমরা কিঞিৎ আলোচনা করিয়াছি। সর্ব্বেই আমরা গোলামিশাল্রের সহিত সঙ্গতি-রক্ষার চেষ্টা করিয়াছি। সেই আলোচনায় শ্রীল বর্মপদামোদর-গোলামীর এবং শ্রীল কবিরাজগোলামীর উক্তি অন্তলারে আমরা বলিয়াছি—শ্রীরাধা এবং শ্রীল কবিরাজগোলামীর উক্তি অন্তলারে আমরা বলিয়াছি—শ্রীরাধা এবং শ্রীলক্ষের মিলিত বরপই শ্রীশ্রীগোরত্বন্ধর।

• শুনা যাইতেছে, কেই কেই নাকি বলেন—শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ এই উভয়ে মিলিত ইইয়াই যে গোর ইইয়াছেন, ভাহা নয়; ইহা সন্তব হইতে পারে না। এক জন কখনও আর একজনের সঙ্গে এই ভাবে মিলিয়া যাইতে পারে না। আসল কথা হইতেছে এই যে, শ্রীরাধার ভাব এবং কাস্কি লইয়াই শ্রীকৃষ্ণ গোর হইয়াছেন; উভয়ের দেহের একত্র মিলন উৎপ্রেক্ষামাত্র, অর্থাৎ শ্রীরাধার ভাব-কাস্কি লইয়া শ্রীকৃষ্ণ গোর হইয়াছেন বলিয়াই বলা হয়. যেন উভয়ে মিলিয়াই গোর হইয়াছেন।

এ-সন্ধন্ধ আমাদের নিবেদন এই। পরম্পর হইতে ভিন্ন তুই ব্যক্তির মধ্যে এক জনের দেহ যে অপর জনের দেহের সহিত সম্পূর্ণরূপে মিলিয়া এক হইয়া যাইতে পারে না, ইহা অতি সভ্য কথা। কিন্তু এইরূপ তুই ব্যক্তির মধ্যে এক জনের ভাব এবং কান্তিও অপর জন গ্রহণ করিতে পারে না। অত্যের কথা ছাড়িয়া বিয়া পিতামাতার দৃষ্টান্ত ধরিয়াই আলোচনা করা যাউক। পিতা এবং মাতা উভ্রেরই সন্থানের প্রতি বাৎসল্য আছে; কিন্তু উভ্রেরই বাৎসল্য সর্ব্বতোভাবে একরূপ নহে; পিতা অপেক্ষা মাতার বাৎসল্য তীব্রতর। যাহাহউক. সন্তানের প্রতি উভ্রেরই বাৎসল্য থাকা সত্ত্বেও পিতা চেইা করিলেও মাতার মত বাৎসল্যের অধিকারী হইতে পারেন না। এক জনের রূপ বা কান্তিও আর এক জন গ্রহণ করিতে পারেন না। সাধনে সিদ্ধিলাভের ফলে কোনও কোনও কান্তিও আর এক জন গ্রহণ করিতে পারেন না। সাধনে সিদ্ধিলাভের ফলে কোনও কোনও কোনও করেল কান্তিমাত্রের লাভই হয় না—ভিতরে এক রকম বর্ণ, বাহিরে আর এক রকম কান্তি থাকে না; সেই সার্রণ্যে একটী মাত্র বর্ণই থাকে, যাহা বাহিরে দেখা যায়। শ্রীকৃষ্ণ সর্ব্বদাই শ্রীরাধার রূপ চিন্তা করিয়া থাকেন সত্য; কিন্তু তাহার দেহত্যাগের কথা কল্পনাও করা যায় না; যেহেতু, তিনি অজ, শাখত, নিত্য; স্থতরাং সাধকের স্থায় দেহত্যাগের পরে প্রিরুক্তের পক্ষে রাধার কিন্তি করিনে। তাহাই যদি হইত, তাহা হইলে ব্রজনীলাতেই শ্রীকৃষ্ণ গোরবর্ণ হইয়া যাইতেন, তাহার কৃষ্ণবর্ণ আর থাকিত না। তাহাই যদি হইত, তাহা হইলে ব্রজনীলাতেই শ্রীকৃষ্ণ গোরবর্ণ হইয়া যাইতেন, তাহার কৃষ্ণবর্ণ আর থাকিত না। তাহা ব্রধন হয় না, তথন কেবল রাধারপ চিন্তার ফলে শ্রীকৃষ্ণ গোরবর্ণ হইয়া হাইছেন, একথাও বলা যায় না।

ত্ই জন বিভিন্ন ব্যক্তির মধ্যে এক জন আর এক জনের ভাব গ্রহণ করিতে পারে না সভা; কিছু প্রীকৃষ্ণ বে শ্রীরাধার ভাব গ্রহণ করিয়াছেন, তাহাও সভা। কিরপে শ্রীকৃষ্ণ তাহা করিলেন, তাহাবর্ণনা করিতে বাইয়া স্বরূপদামোদরের আফুগভোই কবিরাজ গোদ্বামী দেখাইয়াছেন— শ্রীকৃষ্ণ ও শ্রীরাধা তত্তঃ ভিন্ন বন্ধ নহেন; তাঁহারা স্বরূপতঃ একই—"রাধা কৃষ্ণ ঐছে সদা একই স্বরূপ। ১।৪।৮৫ ॥" কিরপে তাঁহারা একই স্বরূপ হইলেন ? ইহার উত্তর কবিরাজ গোদ্বামীর উক্তিতেই পাওয়া যায়। "রাধা পূর্ব শক্তি, কৃষ্ণ পূর্ণ শক্তিমান্। তুই বন্ধ ভেদ নাহি শাল্প পরমাণ ॥ মৃগমদ, তার গন্ধ থৈছে অবিচ্ছেদ। অগ্নি আলাতে বৈছে নাহি কন্ত ভেদ ॥ রাধা কৃষ্ণ ঐছে সদা একই স্বরূপ। লীলা–রস আশ্বাদিতে ধরে তুই রূপ॥ ১।৪।৮৩-৫ ॥" শ্রীল স্বরূপদামোদরও এ-কথাই বিদ্যাছেন। "রাধা কৃষ্ণপ্রপায়-বিকৃতিহলাদিনী শক্তিরশ্বদেকাত্মানাবিপি ভূবি পূরা দেহভেদং গতে তৈ।" শ্রীরাধা ও শ্রীকৃষ্ণের মধ্যে

ভাত্তিক সম্বন্ধ হইল অচিস্কাডেদাভেদ সম্বন্ধ; বেহেতু, শ্ৰীরাধা হইলেন শক্তি, আর শ্রীকৃষ্ণ হইলেন শক্তিমান্। শক্তি ও শক্তিমানের মধ্যে সম্বন্ধই হইল ভেলাভেল-সম্বন্ধ। অগ্নিও অগ্নির লাহিকাশক্তির স্থায় তাঁহারা প্রস্পার হইতে অবিচ্ছেত্ত হইলেও লীলারস আত্মাদনের জন্ম অচিস্তাশক্তির প্রভাবে অনাদিকাল হইতেই চুইরূপে বিভ্যমান। একথা নারদপঞ্রাত্তও বলিয়াছেন। "বিভূজ: সোহণি গোলোকে বভাম রাসমণ্ডলে। গোপবেশশ্চ ভক্লণো জলদতামিহন্দর: ॥ ২।০।২১ ॥ এক ঈশ: প্রথমতো হিধারপো বভুব স:। একা স্থী বিষ্ণুমায়া যা পুমানেকঃ স্বয়ং বিভূ: ॥ স চ বেচ্ছাম্য: শ্রাম: সগুণো নিগুণ: ব্যম্। তাং দৃষ্টা হন্দরীং লোলাং রভিং কর্ডুং সমৃষ্ঠত: ॥ ২।০।২৪-৫ শ্রীরাধা যে শ্রীক্রফের তুলাই ব্রহ্মন্বরূপ, তাহাও নারদপঞ্চরাত বলিয়াছেন। "যথা ব্রহ্মন্বরূপণ্ট শ্রীকৃষ্ণ: প্রকৃতে: পর:। তথা ব্রহ্মস্বরূপা চ নির্লিপ্তা প্রকৃতে: পরা ॥ ২।৩।৫১ ॥" শ্রীরাধায় ও শ্রীকৃষ্ণে যে তত্ত্বত: কোন ভেদ নাই, পদ্মপুরাণ পাতালখণ্ড হইতেও তাহা জানা যায়। শ্রীশিব নারদকে বলিতেছেন-- "রাধিকা প্রদেবতা। **। সা তু সাক্ষান্মহালক্ষী কুফো নারায়ণ: প্রভু:। নৈতবোর্কিভতে ভেদ: স্বল্লোহপি মুনিসভম ॥ ৫০।৫৩-৫ ॥" আবার স্বয়ং শ্রীরাধাও নারদকে বলিয়াছেন—"অহং চ বাহুদেবাথ্যো নিতাং কামকলাত্মকঃ। * * *। স্থাব্দোরস্তরং নান্তি সত্যং সত্যং হি নারদ । ৪৪।৪৪-৬ ।" শ্রীরাধা এবং শ্রীকৃষ্ণ বাত্তবিক একই শ্বরূপ : প্রাকৃত ক্লগতের তুই ব্যক্তির মত তাঁহারা ভিন্ন নহেন। তাঁহারা একেই ছুই, আবার ছুইয়েও এক। এই জন্মই প্রীক্ষ ও প্রীরাধা উভয়ে মিলিয়া এক হইতে পারিয়াছেন। তাহাই কবিরাজ-গোমানী বলিয়াছেন—"রাধা রুষ্ণ এক আত্মা তুই দেহ ধরি। অত্যোত্ত বিলমে রস আম্বাদন করি। সেই ছই এক এবে চৈত্তমগোসাঞি। রস আম্বাদিতে দোঁতে হৈলা এক ঠাই। ১।৪।৪৯-৫ • ॥" এক জাতীয় রসবৈচিত্তা আমাদনের উদ্দেশ্যে একই ছুই হইয়াছেন; আর এক জাতীয় রস-বৈচিত্তা আম্বাদনের জন্ম ঘুইই এক হইয়াছেন। উভয়ই অনাদিকালে। শ্রীরাধার সহিত মিলিত হইতে পারিয়াছেন বলিয়াই শ্রীক্ষের পকে শ্রীরাধার ভাব ও কান্তি গ্রহণ সম্ভব হইয়াছে, তিনি "রাধাভাবতাতিস্বলিত" হইতে পারিয়াছেন। একথাই শ্রীল স্বরূপদামোদরও বলিয়াছেন। "চৈত্তাখ্যং প্রকটমধুনা তদ্বুইঞ্কামাপ্তং রাধাভাবতাতি-স্ববলিতং নৌমি ক্লফম্বরূপম ॥'' ইহাতেই তিনি "রসরাজ মহাভাব ছই একরূপ" হইতে পারিয়াছেন। গৌরাদী শ্রীরাধার প্রতি গোর অভবারা স্বীয় প্রতি শ্রাম অবে স্পৃষ্ট (আলিকিত) হইয়াই যে এক্রফ গোর হইয়াছেন, এমনমহাপ্রভু রায়রামা-নন্দের নিকটে তাহা স্পষ্টভাবেই ব্যক্ত করিয়াছেন। "গৌর অঙ্গ নহে মোর রাধান্ত-স্পর্শন। গোপেব্রহুত বিনা তেঁহো না স্পর্শে অক্ত জন ॥ তার ভাবে ভাবিত আমি করি আত্মন। তবে নিজ মাধুর্য্যরস করি আহাদন।" শ্রীমদভাগবতের "কুফবর্ণং বিষাক্রফম"-শ্লোকের মর্মও ইহাই। বে-খানেই গৌরতত্ত্বের কথা বলা হইয়াছে দে-খানেই শ্রীশ্রীরাধারুষ্ণের একীভূতত্ত্বের কথাই বলা হইয়াছে, উৎপ্রেক্ষার ভাব (যেন শ্রীশ্রীরাধারুষ্ণ একজিতই হইয়াছেন, এইরূপ ভাব)কোনও স্থলেই ব্যক্ত হয় নাই।

শ্বরূপতঃ এক এবং অভিন্ন তত্ব বলিয়াই তাঁহাদের শিক্ষে এক হওয়া সম্ভব হইয়াছে এবং এইভাবে এক হওয়াতেই প্রীক্ষের পক্ষে প্রীরাধার ভাব এবং কান্তি গ্রহণ সম্ভব হইয়াছে। উভয়ে মিলিয়া এক না হইলে প্রীক্ষের পক্ষে প্রীরাধার ভাব এবং কান্তি গ্রহণ সম্ভব হইত না। কারণ, হইজন শ্বরূপতঃ এক তত্ব হইলেও এক জনের কেবল ভাব বা কেবল কান্তি, অথবা:ভাব এবং কান্তি, অপর জনের পক্ষে গ্রহণ সম্ভব নয়; যেহেতু. কোনও শ্বরূপের ভাব এবং কান্তি সেই শ্বরূপ হইতে অবিছেত। বস্ততঃ, ভাবই শ্বরূপের বৈশিষ্ট্য; শ্বরূপ ভাবেরই মূর্ত্ত রূপ। একই শ্বয়ংভগবান্ প্রীকৃষ্ণ কেবল ভাবভেদেই বিভিন্ন ভগবৎ-শ্বরূপ রূপে বিরাজিত। একই শ্রীরাধা কেবল ভাবভেদেই বিভিন্ন কান্তাশক্রিরণে বিরাজিত। ভাবকে বাদ দিয়া শ্বরূপের কল্পনা করাও চলে না। শ্বরূপকে বাদ দিয়া ভাবকেও গ্রহণ করা চলে না। শ্বরূপকে গ্রহণ করিলেই শ্বরূপের ভাব এবং কান্তিকেও গ্রহণ করা সম্ভব হইতে পারে। শ্বরূপকে বাদ দিয়া যদি কেবল ভাবগ্রহণ সম্ভব হইত, ব্রহ্পালাভেই শ্রীকৃষ্ণ, শ্রীরাধার পৃথক সন্থা রক্ষা করিয়া তাঁহার ভাব এবং কান্তি গ্রহণ করিয়া শ্রীয় মাধুর্যরস আহাদন করিতে পারিতেন; তাহাতে এক ব্রফেই বিষয়জাতীয় এবং আশ্বর-জাতীয় এই উভয় জাতীয় রসই শ্রীকৃষ্ণ আহাদন করিতে পারিতেন। তাহা সম্ভব নয় বলিয়াই শ্রীরাধার ভাব গ্রহণের জন্ধ

শ্রীকৃষ্ণকে শ্রীরাধার সহিত মিলিত হইয়া এক হইতে হইয়াছে; শ্রীরাধার প্রতি নবগোরচনা-গোর অঞ্বারা সীয় প্রতি শ্রাম অবে আলিন্দিত হইয়া শ্রামফুলরকে গোরস্থলর হইতে হইয়াছে এবং আশ্রয়-জাতীয় রস আবাদনের জন্ম শ্রীরাধার ভাবে শ্রীকৃষ্ণের আত্ম-মনকে (ধেহেক্সিয়-চিত্তকে) বিভাবিত করিতে হইয়াছে।

কোনও কোনও ছলে অবশ্য বলা ইইয়াছে— শ্রীরাধার ভাব-কান্তি অলীকার করিয়াই শ্রীকৃষ্ণ গোর ইইয়াছেন। এ-সকল ছলে কান্তি-অলীকারের ঘারাই উভয়ের একীভূতত্ব স্চিত হইতেছে। স্বীয় মাধুর্য আধাদনই শ্রীকৃষ্ণের মুখ্য উদ্দেশ্য গোরাক হওয়াই তাঁহার মুখ্য উদ্দেশ্য নহে। স্বীয় মাধুর্য্য আম্বাদনের অগ্য শ্রীরাধার ভাবগ্রহণই অভ্যাবশ্যক, গোরাক হওয়ার—মৃত্রাং শ্রীরাধার কান্তি গ্রহণের—অত্যাবশ্যকতা নাই। শ্রীরাধার সহিত একীভূত না হইলে শ্রীরাধার ভাবগ্রহণ সম্ভব নয় বলিয়াই শ্রীকৃষ্ণকে শ্রীরাধার সহিত মিলিত হইয়া এক হইতে হইয়াছে; তাহাতেই শ্রীরাধার কান্তিও গ্রহণ করিয়া তাঁহাকে গোর হইতে হইয়াছে। উভয়ে মিলিত হইয়া একীভূত না হইলে কান্তিগ্রহণও সম্ভব নয়। তাই কান্তি অলীকারের ঘারা (অর্থাৎ শ্রীরাধার ভাব-কান্তি অলীকারের ঘারা) শ্রীরাধাকৃষ্ণের একীভূত হওয়াই স্চিত হইতেছে।

্ গৌরতত্ত্বের মূল প্রমাণেই শুশ্রীরাধাক্তফের একত্ব প্রাপ্তির কথাই দৃষ্ট হয় এবং একত্ব-প্রাপ্তিবশতঃই রাধান্তাব-ছাতি-স্ববলিতত্ত্বের কথা দৃষ্ট হয়। "চৈতলাধ্যং প্রকটমধুনা তদ্যুকৈক্যমাপ্তং রাধান্তাব্দ্যুক্তিস্বলিতং নৌমি কৃষ্ণস্বরূপম ॥"

কেই কেই নাকি আবার বলেন— শ্রীকৃষ্ণ যে রাধিকাপ্তরূপ ইইতে চাহিয়াছিলেন, তাহার কোনও প্রমাণ নাই। এ-বিষয়ে আমাদের নিবেদন এই যে—ইহার প্রমাণ যথেষ্ট আছে। কবিরাজগোস্বামী লিথিয়াছেন— শ্রীকৃষ্ণ বলিয়াছেন, "রাধিকাপ্তরূপ হৈতে তবে মন ধার ॥ ১।৪।১২৭ ॥" শ্রীক্রপগোস্বামীও তাঁহার ললিতমাধবে শ্রীকৃষ্ণের কথা উল্লেখ করিয়া বলিয়াছেন — "সরভসম্পভোক্তঃ কাময়ে রাধিকেব ॥ ৮।৩২ ॥" এবং "চেতঃ কেলিকৃত্ইলে।তর্গলিতং সত্যং স্থেমামকং যন্ত প্রেক্ষা স্বরূপ হাং ব্রেপ্র্যাক্ষপাম্থিছছিত ॥ ৪।১৯ ॥"

(()

শ্রীশ্রী চৈত ক্রচরিতামতের উক্তি হইতে জানা যায়, স্বয়ংত গবানের ব্রহ্মদীলা অপেক্ষা নবছীপ-লীলার অনেক বিষয়ে বৈশিষ্ট্য আছে। প্রথমতঃ কুপার বৈশিষ্ট্য। ছাপর-লীলায় শ্রীকৃষ্ণরূপে তিনি অস্থরিদিগতে সংহার করিয়াছেন, কলিতে শ্রীগোরাঙ্গরূপে কাহাকেও প্রাণে মারেন নাই, অস্থরিদিগের অস্থরত্বের বিনাশ করিয়াছেন। ছাপরলীলায় অস্থর-দিগকে নিহত করিয়াও ব্রজ্ঞেম দেন নাই; কিন্তু নবছীপলীলায় সকলকেই ব্রন্ধপ্রম দিয়াছেন। ছাপরলীলায় শ্রীকৃষ্ণ নিচ্ছে উপ্যাচক হইয়া আপামর সাধরণকে ব্রন্ধপ্রেম দান করেন নাই; কিন্তু কলি-লীলায় শ্রীশ্রীগোরস্থলর অবতীর্ব ই ইইয়াছেন—নির্বিচারে আপামর-সাধারণকে অনর্গল প্রেমভক্তি বিতরণের উদ্দেশ্তে এবং নিজেও বিতরণ করিয়াছেন, তাহার পার্যদ্বন্দের ছারাও বিতরণ করাইয়াছেন। ছাপরলীলায় ভজনের আদর্শ স্থাপন করেন নাই, কলির লীলায় ভাহাও করিয়াছেন। শ্রীগ্রাহেন। শ্রীগ্রাহেন। আর্যাধার প্রেমমহিমা গোররুপে বেভাবে (দীর্যাকৃতি-কুর্মাকৃতি-ধারণাদি লীলা প্রকৃতি করিয়া) অভিব্যক্ত করিয়াছেন, শ্রীকৃষ্ণরূপে সেভাবে করেন নাই। তাই পদক্তা বলিয়াছেন—"যদি গৌর না হৈত, ক্মেন হইত, ক্মেন ধরিতাম দে। রাধার মহিমা, প্রেমরস-দীমা, জগতে জানাত কে ॥ মধুরবৃন্ধাবিপিন-মাধুরী প্রবেশ চাতুরী-সার। বরক্ষ যুবতী ভাবের আরতি শক্তি হইত কার॥" এইরূপে দেখা যায়, শ্রীকৃষ্ণযুর্বপ অপেক্ষা শ্রীগোর-স্করপেই স্বয়ভেগবানের করুণাবিকাশের উৎকর্ষ।

ৰিতীয়তঃ, মাধুর্ব্যের বৈশিষ্ট্য। গোদাবরী-তীরে ভাগ্যবান্ রায়রামানন্দ শ্রামস্কর বংশীবদনের সাক্ষাতে কাঞ্চন-পঞ্চালিকাসদৃশা শ্রীশ্রীরাধারাণীর দর্শন পাইয়াছেন; শ্রীশ্রীরাধারাণীর অলকান্তিতে শ্রামস্করের সর্ব-অলকে আছেদিত হইতেও দেখিয়াছেন। ইহা মদনমোহনরূপ—বরং মদনমোহনরূপ অপেকাও একটা বৈশিষ্ট্যম্যরূপ। একথা বলার হেতু এই যে, শ্রীরাধার সারিধ্যেই শ্রীকৃষ্ণের মদনমোহনরূপের বিকাশ হয় সত্য; কিছু শ্রীরাধার সারিধ্যে শ্রীরাধার অলকান্তিতে শ্রামস্করের অল সকল-সময়েই কি আছেদিত হয় ? শ্রীরাধার সারিধ্যে শ্রীকৃষ্ণের যে-অপূর্ব্ব

মদনমোহনরপের যে একটা বৈশিষ্ট্য দান করে, তাহা অধীকার করা যার না—ইহা খেন আনন্দবন-বিএহের সর্ব্বি একটা তরল আনন্দের প্রলেপ। এই অপূর্ব্ব রূপের দর্শনে রায়রামানন্দ অবশ্রুই এক অনির্ব্বচনীয় আনন্দ অমূভব করিয়াছিলেন; কিন্তু এই আনন্দের আখাদনজনিত উন্মাদনা তিনি সম্বরণ করিতে পারিয়াছিলেন; তথন আনন্দাথিক্যে তিনি মুর্চ্ছিত হয়েন নাই। রায়রামানন্দ ইইলেন ব্রজের বিশাথা। ব্রজ্ঞলীলায়—ললিতা-বিশাথাদিনিতাই মদনমোহনরপ দর্শন করিয়া থাকেন; মুর্চ্ছিত হইয়া পড়িলে তাঁহাদের পক্ষে শ্রীপ্রাধানোবিন্দের তৎকালীন দেবা তো সম্ভব হয় না। মদনমোহনরপের আখাদনজনিত আনন্দের উন্মাদনা সম্বরণ করার সামর্থ্য তাঁহাদের আছে। তাই বিশাথাত্মকপ রায়রামানন্দ শ্রীরাধার হেমকান্তিলারা আচ্ছাদিত শ্রামহন্দরের দর্শনক্ষনিত আনন্দোন্মাদনা সম্বরণ করিতে পারিয়াছিলেন। কিন্তু প্রভু কুপা করিয়া যথন তাঁহাকে শ্রীয়-শ্রমণ—রসরাজ-মহাভাব ছই একরূপ—দেখাইলেন, তথন এই রূপের দর্শনজনিত আনন্দোন্মাদনা রায়রামানন্দ সম্বরণ করিতে পারিলেন না; আনন্দের আধিক্যে তিনি মুচ্ছিত ইইয়া পড়িলেন। মদনমোহনরূপ অপেক্ষাও এই অপূর্ব্ব রূপের ঘাধুর্যাতিশয়ের বিকাশ, ইহাই তাহার প্রমাণ। ইহাতেই শ্রীকৃঞ্ছরূপ অপেক্ষা শ্রীশ্রীগোরশ্বরপের মাধুর্যার উৎকর্ষ স্মিত ইইতেছে।

তৃতীয়তঃ, লীলার বৈশিষ্টা। কবিরাজগোহামী বলেন, প্রীচৈতন্তলীলারপ অক্ষয়সরোবর ইইতেই কৃষ্ণীলায়তসারের শত শত ধারা সর্কাদিকে প্রবাহিত ইইতেছে।" "কৃষ্ণনীলায়তসার, তার শত শত ধার, দশদিকে বহে যাহা
হৈতে। সে চৈতন্তলীলা হয়, সরোবর অক্ষয়, মনোহংগ চরাহ তাহাতে ॥ ২াংগে২০ ॥"; কবিরাজগোহামী
আরও লিথিয়াছেন, কৃষ্ণভক্তিসম্বন্ধীয় সিদ্ধান্তসমূহ এবং প্রেম-রসসমূহ প্রীচৈতন্তলীলারপ অক্ষয় সরোবরেই প্রস্কৃতি
কমল-কৃম্দের ন্তায় বিরাজিত। কৃষ্ণভক্তি-সিদ্ধান্তগণ, যাতে প্রকৃত্ন পদাবন, তার মধু কর আহাদন। প্রেমবস-কৃম্দেবনে প্রফুলিত রাত্রিদিনে, তাতে চরাও মনোভ্লগণ ॥ ২াংগেহেও ॥" কবিরাজগোহামী আরও লিথিয়াছেন— চৈতন্তললীলা অন্তব্য সমূত্রত্ব্য এবং কৃষ্ণগীলা স্বন্ধ্রত্ব্য; কর্প্র-সংযোগে অন্তব্য আহাদনজনিত উন্নাদনা বন্ধিত হয়,
মাধুর্য্যের প্রাচ্গ্য ক্রিত হয়; তেমনি, কৃষ্ণলীলায়তান্বিত চৈতন্তলীলার আহাদনেও মাধুর্য্য-প্রাচ্র্যের অন্তব্য হইতে
পারে। "চৈতন্তলীলামৃতপুর, কৃষ্ণলীলা কর্পুর, দোহে মেলি হয় স্থমাধুর্য। সাধুন্তন-প্রসাদে, তাহা থেই আহাদে,
সে-ই জানে মাধুর্য্য-প্রাচ্র্যা। যে লীলা অন্ত বিনে, খায় যদি অনুপানে (পাঠান্তর—অন্ধণানে) ততু ভক্তের ত্র্বল
জীবন। যার একবিন্দ্পানে, উংফুল তন্ত্মনে, হাসে গায় কর্যে নর্জন ॥ ২া২গে২২৯-৩০ ॥"

কবিরাজগোত্থামীর উল্লিখিত বর্ণনা হইতে ব্যা যায়, শ্রীকৃষ্ণস্বরূপ অপেক্ষা শ্রীশ্রীগোরস্বরূপে করণার, রূপের এবং লীলার এক অপূর্ব্ধ বৈশিষ্ট্য আছে। এই বৈশিষ্ট্যের হেতুও বোধ হয় আছে। অঞ্চলীলায় শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ এই উভয়েরই বৈশিষ্ট্য পৃথক্তাবে অভিব্যক্ত; যেহেতু, ব্রজনীলায় একাত্ম হইয়াও তাঁহারা পৃথক্রূপে অবস্থিত; কিন্তু নবদ্বীপনীলায় উভয়ে মিলিয়া এক হইয়া গোর হইয়াছেন; স্বতরাং একই গোরস্বরূপে শ্রীশ্রীরাধাক্ষের বৈশিষ্ট্যের সম্মিলন। ব্রজনীলায় পূর্বশক্তিমান্ শ্রীকৃষ্ণে পূর্বা স্বরূপশক্তি আছেন অমূর্ত্তরূপে, আর মূর্তা পূর্বা স্বরূপশক্তি আছেন পৃথক্রূপে—শ্রীরাধারূপে। কিন্তু নবদীপনীলায় শ্রীশ্রীগোরে পূর্বশক্তিমান্ শ্রীকৃষ্ণ আছেন, পূর্বা অমূর্ত্তা স্কুপশক্তিও আছেন, অধিকত্ক আছেন পূর্বা মূর্তা স্কুপশক্তিও আছেন, অধিকত্ক আছেন পূর্বা মূর্তা স্কুপশক্তিও

শ্রীমন্মহাপ্রভূ বলিয়াছেন, মাধুর্যাই ভগবতার সার। শ্রীক্রঞ্জরণ অপেক্ষা শ্রীগৌররপেই যথন করুণামাধুর্য্যের, রূপমাধুর্য্যের এবং লীলামাধুর্য্যের অপূর্ব্ধ বৈশিষ্ট্যময় বিকাশ দৃষ্ট হয়, তথন ইহাও মনে হইতে পারে, সর্ব্ধবিধ-মাধুর্য্যের অপূর্ব্ধ-বৈশিষ্ট্যময় বিকাশবশতঃ গোরজরপে ভগবতার, বা পরব্রহ্মছের, বা রস্ত্ররপত্তেরও অপূর্ব্ধ-বৈশিষ্ট্যময়-বিকাশ । এছক্রই বোধ হয় অরুপনামোদর বলিয়াছেন —"ন চৈতক্তাং ক্রফক্রগতি পরতত্তং পর্মিহ। — শ্রীচৈতক্তক্ত অপেক্ষা শ্রেষ্ঠ পরতত্ত আরু নাই।"

কেহ কেহ হয়তো মনে করিতে পারেন — শ্রীশ্রীগোর হন্দর-সহছে উলিখিতরূপ কথা বলিলে শ্রীকৃষ্ণকে থকা করা হয়; তাহাতে অপরাধের আশহা আছে।

এ-প্রক্ষে আমালের নিবেদ্ম এই। একই রস-স্বরূপ পরত্রন্ধ বয়ংভগবান্ রস্বৈচিত্রী আমাদনের ভয় অনাদি কাল হইতে নারায়ণ-রাম-নৃসিংহাদি অনস্ত ভগবৎ-স্তর্পরণে আত্মপ্রকট করিয়া বিরাজিত। এই সমত ভগবৎ-স্তরূপ রস্থক্রণ-প্রব্রন্ধ-স্বর্থভগবান্ ইইতে স্ক্রপতঃ অভিন্ন ইইলেও শক্তির বিকাশে, ভাববৈচিত্রীর বিকাশে এবং স্বস্বৈচিত্রীর বিকাশে তাঁহাদের মধ্যে তারতম্য আছে। তারতম্য না থাকিলে বৈচিত্রীই সম্ভব হয় না। এই সমস্ত অনস্ত ভগবৎ-অক্ষপের লীলা---বিভিন্ন ভগবৎ-অক্ষপক্ষপে অয়ংভগবানেরই লীলা। ইহা মনে করিলে ঈশবংগ্ন ভেদ মনন করা হয়; এমন্মহাপ্রাভু বলিয়াছেন—"ঈশ্বরত্বে ভেদ মানিলে হয় অপরাধ।" পদকর্ত্তা গৌর-স্থকে বলিয়াছেন—"রাম আদি অবতারে, ক্রোধে নানা অত্মধ'রে, অহ্বেরে করিলে সংহার। এবে অত্মনা ধরিলে, প্রাণে কারে না মারিলে, চিত্তভ্জি করিলে সভার ॥'' — একথা ভনিয়া কেহ যদি বলেন, পদক্তা এছলে শ্রীরামচন্দ্রের ধর্কতা খ্যাপন করিয়াছেন, তাহ। হইলে ইহা দৰত হইবে না; ষেহেতু, শ্রীরামচক্র শ্রীগোর হইতে পৃথক্ তত্ত্ব নহেন; শ্রীরামচক্রের থর্কতা খ্যাপনে এলি বেরই ধর্মতা খ্যাপিত হয়। পদকর্তার উক্তির ভাৎপর্য হইতেছে এই যে, এত্রীপ্রারহক্ষর প্রীরামচক্রাদিরণে ষে কুপাবৈচিত্রী প্রকাশ করেন নাই, গৌররপে ভাহা করিয়াছেন। কবিরাজগোত্বামী লিখিয়াছেন— একুফমাধুর্য্য— "কোটব্রন্ধাণ্ড পরব্যোম, তাই। বে ব্রুপগণ, বলে হরে ভা-সভার মন ॥"ইহাতেও শ্রীনারায়ণাদি পরব্যোমস্থ ভগবং-বর্রপগণের তাত্তিক থকতা খ্যাপিত হয় নাই। নারায়ণের বক্ষোবিলাসিনী লল্লীদেবী যে শ্রীকৃষ্ণমাধ্ব্য আত্মাদনের জন্ম উংকট তপক্সা করিয়াছিলেন, ভাহাতেও শ্রীনারায়ণের তাত্ত্বিক থকাতা খ্যাপিত হয় নাই। এ-সমস্ত উক্তির তাৎপর্য্য এই যে, নারারণাদি-স্বরূপেও স্বয়ংভগবানের যে মাধুর্য্য-বৈচিত্রী বিকশিত হয় নাই, শ্রীকৃষ্ণস্বরূপে তাহা বিকশিত। শ্রীনারায়ণাদি শ্রীকৃষ্ণ হইতে যদি পৃথক্ তত্ত্ব হইতেন, তাহা হইলেই উল্লিখিত উক্তিতে তাঁহাদের তাত্ত্বিক থৰ্বতা খ্যাপিত হইত। এইরূপ উৎকর্ষ বা অপকর্ব হইতেছে ভাবের, স্বরূপের নহে।

ব্রম্বেও ভাবের উৎকর্ষ-অপকর্ষ আছে। দাশ্ত অপেক্ষা সধ্যের, সথ্য অপেক্ষা বাংসন্যের এবং বাংসন্য অপেক্ষা মধ্র-ভাবের উৎকর্ষ অবিসংবাদিত। ভাবোৎকর্ষের তারতম্যাহ্মসারে শ্রীক্তফের প্রেম-বশ্চতার এবং ভাবাহ্রক্ল নীলাবিলাসানিরপ তারতম্য হইরা থাকে। সথ্যভাবের লীলা অপেক্ষা বাংসল্যভাবের লীলা এবং বাংসল্যভাবের লীলা অপেক্ষা মধ্রভাবের লীলা অধিকতর মাধ্র্যময়ী। স্বতরাং সথ্যভাবের লীলাবিলাসী কৃষ্ণ অপেক্ষা বাংসল্যভাবের লীলাবিলাসী কৃষ্ণের এবং বাংসল্যভাবের লীলাবিলাসী কৃষ্ণ অপেক্ষা মধ্রভাবের লীলাবিলাসী কৃষ্ণের বৈশিল্য স্বীকার করিতেই হয়। বিভিন্ন ভাবের লীলায় শ্রীক্তফের মাধ্র্যাদির বৈশিল্য বিভিন্ন ভাবে বিকশিত হইলেও শ্রীকৃষ্ণ কিন্তু একই এবং অভিন্নই। মাধ্র্যাদির বৈশিল্য বিভিন্ন বৈচিত্রীতে বিকশিত হয় বলিয়া গোপীজন-বল্লভ কৃষ্ণ অপেক্ষা বশোলা-শুক্তপায়ী কৃষ্ণ বা স্ববল-স্থা কৃষ্ণ যে থর্ম বা ছোট, তাহা বলা সন্ধত হটবে না—কৃষ্ণ একই। ভাই, শ্রীরাধার প্রেমর্কপ গুক্রর শিশ্ব-নটরূপ-কৃষ্ণের ভাবের উৎকর্ষ-খ্যাপনে বশোদাশুক্তলোলুপ কৃষ্ণের বা স্ববল-স্থা কৃষ্ণের অপকর্ষ বা থর্মভা খ্যাপিত হয় না।

ঠিক এইভাবেই, শ্রীশ্রীগোরহন্দরের করুণা-রূপ লীলাদির উকংর্থ থ্যাপনে শ্রীশ্রীশ্রামহন্দরের অপকর্ষ বা থর্কতা থ্যাপিত হয় না। যদি তাঁহারা পৃথক তত্ত্ব হইতেন, তাহা হইলে একের উৎকর্ষ-খ্যাপনে অপরের অপকর্ষ খ্যাপিত হইত; কিন্তু তাঁহারা পৃথক তত্ত্ব নহেন; একই অবয়তত্ত্ব—বিষয়-প্রধানরূপে শ্রামহন্দরের মহিমাও গোরহন্দরের মহিমা হামহন্দরের মহিমা হইতে ভিন্ন নহে; শ্রামহন্দরের মহিমাও গোরহন্দরের মহিমা হইতে ভিন্ন নহে; শ্রামহন্দরের মহিমাও গোরহন্দরের মহিমা হইতে ভিন্ন নহে। বিভিন্ন ভগবৎ-স্বরূপের লীলাও অবয়ক্তানতত্ত্ব-রুসম্বরূপ-পরত্রন্দের লীলা হইতে ভিন্ন নহে। পূর্কেই বলা হইয়াছে, বিভিন্ন ভগবৎ-স্বরূপরূপে অবয়ক্তানতত্ত্ব পরব্রন্দই লীলা করিতেহেন; তাঁহাদের লীলাও সেই অবয়ক্তানতত্ত্বের লীলারই বৈচিত্রীমাত্র। গোরসীলা এবং কৃষ্ণলীলাও একই পরত্ত্ববন্ধর—একই রুসম্বরূপের—রুসোৎসারিণী লীলার তৃইটি বৈচিত্রীমাত্র। লীলাবিলাগী-তত্ত্ব এক এবং অভিন্ন বলিয়া লীলাবৈচিত্রীর পার্থক্য তত্ত্বর পার্থক্য স্থতিত করে না। স্থতরাং এক স্বরূপের লীলাদির উৎকর্ষ-খ্যাপনে অপর স্বরূপের নিকটে অপরাধের প্রশ্নই উঠিতে পারে না।

গৌড়ীয়-বৈষ্ণবধর্ষ ও সন্ধ্যাস

গোড়ীয়-বৈষ্ণবধর্মের মধ্যে সন্ন্যাসের স্থানসম্বন্ধে কেহ কেহ প্রশ্ন করিয়া থাকেন; তাই এম্বনে এই সম্বন্ধে কিঞ্জিৎ আলোচনা করা হইতেছে।

কোন্ অবস্থায় সন্মাস গ্রহণ করা উচিত, তাহাই প্রথমে বিবেচনা করা যাউক। মৈত্রেয়ী-উপনিষৎ বলেন—
"যদা মনসি বৈরাগ্যং জাতং সর্কেষ্ বস্তুষ্। তদৈব সংস্থাসদ্ বিদ্যানম্যথা পভিতো ভবেৎ ॥ ২।১৯ ॥ — বখন (ব্যবহারিক)
সমন্ত-বন্তুবিষয়ে মনে বৈরাগ্য জন্মে, তখনই সন্মাস গ্রহণ করা উচিত; বৈরাগ্য জন্মিবার পূর্বে সন্মাস গ্রহণ করিলে
পতিত হইতে হয়।" সেই উপনিষৎ আরও বলিয়াছেন—"দ্রব্যার্থমন্ত্রার্থং যং প্রতিষ্ঠার্থমেব বা। সংস্থাসেত্ত্য-ভ্রষ্টঃ
স মৃক্তিং নাপ্ত্র্যুষ্ঠিত ॥ ২।২০ ॥ — অর্থের জন্ম, অন্তর্মাদির জন্ম, কিম্বা প্রতিষ্ঠার জন্ম যিনি সন্মাস গ্রহণ করেন, তিনি
ইহকাল-প্রকাল হইতে ভ্রম্ভ হয়েন, তিনি মৃক্তি পাওয়ার যোগ্য নহেন।"

কিন্তু কলিযুগে যে সন্ত্যাসের বিধান নাই, ব্রহ্মবৈবর্ত্তপুরাণের প্রমাণ উল্লেখ করিয়া শ্রীমন্মহাপ্রভুই তাহা বলিয়া গিয়াছেন। "অখ্যেধং গবালন্তং সন্ত্যাসং পলপৈত্রিকম্। দেবরেণ স্থতোৎপত্তিং কলো পঞ্চ বিবর্জ্জরেৎ ॥ ১।১৭।৭ শ্লো॥" ইহা হইতে জানা যায়, উল্লিখিত শ্রুতিপ্রোক্ত লক্ষণ যাঁহার আছে, তাঁহার পক্ষেও কলিকালে সন্ত্যাস প্রশন্ত নহে।

নারাণসীতে মহারাষ্ট্রীয় বিপ্রের গৃহে শ্রীমন্মহাপ্রাভ্র মুথে বেদান্তব্যতের মুখ্যার্থ-শ্রবণের পরে শ্রীপাদ প্রকাশাননন্দরস্বতীর এক মুখ্য শিল্প নিজেদের আশ্রমে বসিয়া প্রভ্র বেদান্ত-ব্যাখ্যা আলোচনা করিতে করিতে বলিয়াছিলেন—
"শ্রীকৃষ্ণচৈত্রত্যাক্য দৃঢ় সত্য মানি। কলিকালে সন্ন্যাসের সংসার নাহি জ্ঞিনি ॥ ২।২৫।২৭॥" ইহা হইতেও
কলিকালে সন্ন্যাসের অম্প্রোগিতার কথাই জানা যায়।

কিন্তু উপরে যাহা বলা হইল, তাহা হইতেছে দাধারণ বিধি। কোনও বিশেষ বিধি শ্রীমন্মহাপ্রভুর উজিতে উল্লিখিত হইয়াছে কিনা, তাহা দেখা যাউক।

বারাণিনীতে শ্রীপাদ সনাতন-গোষামীর নিকটে অভিধেয়-তত্ত্বর্ণন-প্রাস্থাকে বৈষ্ণবের আচার-সম্বন্ধে শ্রীমন্
মহাপ্রাভূ বলিয়াছেন—"অসংসদত্যাগ এই বৈষ্ণব-আচার। স্ত্রীসঙ্গী এক অসাধু কৃষণাভক্ত আর॥ এসব হাডিয়া আর বর্ণাশ্রমধর্ম। অকিঞ্চন হঞা লয় কৃষ্ণৈকশরণ ॥ ২।২২।৪৯ ৫০॥" মহাপ্রভূর এই উপদেশ বৈষ্ণবের পক্ষে বর্ণাশ্রমধর্ম ত্যাগের কথা পাওয়া যায়। বর্ণাশ্রম-ধর্ম বলিতে বর্ণার্ম এবং আশ্রম-ধর্ম ব্যায়। শাস্ত্রে চারিটী আশ্রমের বিধান দৃষ্ট হয়— ব্যাক্রক্তি, গাহ্ন্যু, বানপ্রস্থ ও সন্মান। সন্মান হইল চতুর্থ আশ্রমধর্ম। যাহাবা ভক্তিমণ্যের সাধক, তাঁহাদের প্র্যুত্ত বর্জনীয় বলিয়া মহাপ্রভূ বালয়া গিয়াছেন। বর্ণাশ্রমধর্ম ত্যাগ বিষ্ণবের একটা আচারের মধ্যে পরিগণিত।

চৌষটি অঙ্গ সাধন-ভক্তি-প্রসঙ্গেও প্রভু সন্ন্যাসের উপদেশ দেন নাই; বরং বলিয়াছেন—"জ্ঞান বৈরাগ্য ভক্তির কভু নহে অঙ্গ ॥ ২।২২।৮২ ॥"

শ্রীমন্মহাপ্রভুর চরণান্তগত শ্রীরূপাদিগোস্থামিগণই বৈষ্ণবধর্মের ভজনের আদর্শ স্থাপন করিয়া গিয়াছেন এবং ভক্তিরসামৃত-সিন্ধ-আদি ভজন-পথ-প্রদর্শক গ্রন্থাদি প্রকাশ করিয়া গিয়াছেন। তাঁহাদের প্রস্থে কোনও স্থলেই সন্ন্যাসের উপদেশ দৃষ্ট হয় না। তাঁহারাও কেহ সন্ন্যাস গ্রহণ করেন নাই। তাঁহারা নিছিঞ্চনের বেশমাত্র ধারণ করিয়াছিলেন। শ্রীপাদ সনাতনগোস্থামী বারাণসীতে শ্রীপাদ তপনমিশ্রের নিকট হইতে একথানা পুরাতন বন্ধ পাইয়া ভাহাদ্বারা কৌপীন-বহির্কাস করিলেন। ইহাই নিছিঞ্নের বেশ।

শ্রীপাদ জগদাননদ যথন বৃন্দাবনে গিয়াছিলেন, তথন এক দিন তিনি আহারের অন্থ শ্রীপাদ সনাতনকে নিমন্ত্রণ ক্রিয়াছিলেন। মুকুন্দসর্ভতীনামক কোনও এক সন্ত্রাসী শ্রীপাদ সনাতনকে একথানা বহিব্বাস দিয়াছিলেন। সনাতন সেই বহিব্বাস মাথায় বাঁধিয়া জগদানন্দের নিমন্ত্রণ রক্ষা করিতে আসিলেন। তথন "রাতৃল বস্ত্র দেখি পণ্ডিত প্রেমাবিষ্ট হৈলা। 'মহাপ্রভ্র প্রসাদ' জানি ভাঁহারে পুছিলা। কাঁহা পাইলে এই ভূমি রাতৃল বসন। 'মুক্লসর্থভী দিল' কহে সনাজন। গুনি পণ্ডিজের মনে তৃঃথ উপজিল। ভাজের হান্তী লঞা ভাঁরে মারিজে আসিল। তাওতাংকেত এটি শালিক লজিক হইলেন; ভাহা দেখিয়া জগদানন্দণণ্ডিক ভাজের হাঁডি "চুলাজে ধরিয়া" সনাজনকে বলিলেন— "ভূমি মহাপ্রভুর হও পাধন প্রধান। ভোমাসম মহাপ্রভুর প্রিয় নাহি আন। অল্প সন্ন্যাসীর বন্ধ ভূমি ধর শিরে। কোন্ ঐছে হয় ইহা পারে সহিবারে।' তথন সনাজন বলিলেন— "— সাধু, পণ্ডিজ মহালয়। চৈজ্ঞের ভোমাসম প্রিয় কেহ নয়। ঐছে চৈজ্ঞনিলা ঘোগা ভোমাতে। ভূমি না দেখাইলে ইহা শিখিব কেমতে। যাহা দেখিবারে বন্ধ মন্তকে বাজিল। সেই অপূর্বে প্রোম প্রভাজে দেখিল। রক্তবন্ধ বৈষ্কবের পরিজে না যুয়ায়। কোন পরদেশীকে দিব, কি কাজ ইহায়। াঃতাংহে—৩০ এ' এছলে শ্রীপাদ সনাজন বলিলেন— "রক্তবন্ধ বিক্রেরের পরিজে লা যুয়ায়।" রক্তবন্ধ — এছলে "রক্তবর্ধ করিছেন, ইহা সেই বর্ণের বন্ধা, ইহাকেট জগদানন্দ-পণ্ডিজ মহাপ্রভুর প্রসাদী বন্ধ মনে করিছাছিলেন। ইহা ছিল মুক্ল্যুল্ব বন্ধান বন্ধা, ইহাকেট জগদানন্দ-পণ্ডিজ মহাপ্রভুর প্রসাদী বন্ধ মনে করিছাছিলেন। ইহা ছিল মুক্ল্যুল্ব বন্ধান করাও বৈষ্ণবের পালে সনাজনের উক্তি হইজে জানা গেল – সন্ধ্যাস গ্রহণ ভো দ্বে, সন্ধ্যাসীদের ফ্রায় রঞ্জিজ বন্ধ পরিধান করাও বৈষ্ণবের পল্ফে কর্তব্য নয়।

কেহ रशका विनाद भारतम-त्रामाग्रज-मध्यमाग्र, कि मध्तानार्या-मध्यमाग्र का देव का कि का সম্প্রদায়েও তো সন্ন্যাসী দেখা যায়। ইহার উত্তরে বলা যায়, প্রত্যেক সাধক-সম্প্রদায়ের আচরণ হয় সেই সম্প্রদায়ের লক্ষ্যবস্ত-প্রাপ্তির অম্বকুল। রামামূজ-সম্প্রদায়ের, কি মধ্বাচার্য্যসম্প্রদায়ের লক্ষ্য এবং গৌড়ীয়-সম্প্রদায়ের লক্ষ্য একরূপ নহে। এই তুই সম্প্রদায়ের উপাক্ত-পরব্যোমাধিপতি নারায়ণ; গোড়ীয়-সম্প্রদায়ের উপাক্ত-ব্রক্ষে রক্ষেত্র-নন্দন 🕮 🛊 🗷 । এই তুই সম্প্রদায়ের ভাব—বৈকুঠের ঐশ্বয়াত্মক ভাব ; গোড়ীয়-সম্প্রদায়ের ভাব- ব্রক্তের ঐশ্বয়জ্ঞানহীন ভদ্ধমাধুৰ্য্যাত্মক ভাব ৷ এই ছই সম্প্ৰদায়ের কাম্য-সালোক্যাদি মুক্তি; গৌড়ীয়-সম্প্ৰদায়ের কাম্য-ব্ৰক্তে কৃষ্ণস্থবৈত্ব-ভাৎপর্যমনী সেবা। মুক্তিকামনা হইল গৌড়ীন-সম্প্রদায়ের ভাব-বিরোধী, ভন্ধন-বিরোধী। এই সম্প্রদায়ের নিকট— "ক্লফভক্তির বাধক যত শুভাশুভ কর্ম। সেহ এক জীবের অজ্ঞান তমোধর্ম। অজ্ঞানতমের নাম কহিয়ে কৈতব। ধর্ম-অর্থ-কাম-মোক্ষ-বাঞ্চা আদি সব।'' এীমদ্ভাগবতের "প্রোজ্বিত-কৈতব পরম-ধর্মই" গৌডীয়-সম্প্রদায়ের অমুষ্টের ধর্ম। বর্ণাশ্রম-ধর্মের অফুষ্ঠান সালোক্যাদি মৃক্তি-প্রাপ্তির অফুকুল। এজন্ম মৃক্তিকামীরা বর্ণাশ্রমধর্মের অফুষ্ঠান করেন। শ্রীপাদ মধ্বাচাধ্যের অভুগত তম্বাদী আচাধ্য উছোর সম্প্রদায়ের সাধ্য-সাধন-সম্বন্ধ শ্রীমন্মহাপ্রভুর নিকটে বলিয়াছিলেন— "—বর্ণাশ্রম ধর্ম কৃষ্ণে সমর্পণ। এই হয় কৃষ্ণভক্তের শ্রেষ্ঠ সাধন । পঞ্চিধ মৃক্তি পাঞা বৈকুঠে গমন। সাধ্যশ্রেষ্ঠ হয় এই শাল্প-নিরূপণ। ২।৯।২৩৮ ৩৯॥ 'শ্রীপাদ রামাফুজাচাধ্যও তাঁহার ব্রহ্মত্ত্র ভাল্পে এবং গীতাভাল্পে ব্রণিশ্রমধর্মের অনুষ্ঠানের কথা বলিয়া গিয়াছেন। প্রেই বলা ইইয়াছে, সন্ন্যাস ইইল বর্ণাশ্রম-ধর্মের অন্তর্ভুকি। মুক্তিকামী রামাত্মজ-সম্প্রদায় এবং মাধ্ব-সম্প্রদায় বর্ণাশ্রম ধর্মের আচরণ করেন বলিয়া তাঁহাদের পক্ষে সন্ন্যাস-গ্রহণ অবিধেয় নহে। ইহা তাঁহাদের জন্ম বিশেষ-বিধি। কিন্তু গোড়ীয় সম্প্রদায় মৃক্তিকামী নহেন; বর্ণাগ্রম-ধর্ম এবং ভদস্কংপাতী সম্যাসও তাঁহাদের ভজনের অফুকুল নহে। বৈদিক শাস্ত্রে যে-সন্মাসের কথা দেখা যায়, তাহা হইভেছে চতুর্থাতামের সন্মাস; অফ্রেপ সন্মাসের কথা বৈদিকশালে দৃষ্ট হয় না। বেদবিরোধী বৌধ্দতাদের যে-সন্মাস প্রবর্ত্তিত হইয়াছিল তাহা বৈদিকশান্ত্রবিহিত সন্মাস নহে। প্রীপাদ শঙ্করাচাধ্য অনেককে বেছিদের অফুকরণেই দশনামী সন্ন্যাসি-সম্প্রদায়ের প্রবর্ত্তন করিয়াছেন ; গিরি, পুরী, বন, ভারতী প্রভৃতি দশনামী সন্ন্যাগীদের উপাধি বৈদিকশান্তাহুগত সন্ম্যাসীদের মধ্যে প্রচলিত ছিল বলিয়া জানা যায় না। পরবর্তী কালেও কেহ কেহ আনেকটা শ্রীপাদ শহরের অফুকরণেই সন্ত্রাস-প্রথা অবলম্বন করিয়াছেন, কিন্ত শহর-সম্প্রদায়ের উপাধি গ্রহণ করেন নাই। তাঁহাদের সন্ত্রাস বৈদিক শান্তবিহিত সন্ন্যাস কিনা, তাহা স্থীবর্গের বিবেচনার বিষয়।

প্রশ্ন হইতে পারে—"আপনি আচরি ধর্ম শিকাইমু সভায়।" -এই সকল লইয়া শ্রীমন্মহাপ্রভু অবতীর্

হইয়াছেন। এই অবস্থায়, সন্মাস যদি কলিতে নিষিষ্ট হয় এবং সন্মাস যদি শুদ্ধ-ভক্তিমার্গের সাধনের প্রতিকৃল হয়, ভাহা হইলে প্রভূ নিজে সন্মাস গ্রহণ করিলেন কেন ?

ইহার উত্তর এই। প্রথমতঃ, কলিতে সন্ত্যাসের নিষিক্তা-সহদো। কলিতে সন্ত্যাস নিষিক্ক জীবের পকে।

শীমন্মহাপ্রভূ জীবতত্ব নহেন, সাধনোদেশ্রে সন্ত্যাস-গ্রহণেরও তাঁহার কোনও প্রয়োজন নাই। তিনি স্বয়ংজগবান্ ব্রেক্সেনননন; স্বতরাং তিনি বিধি-নিষেধের অতীত। জীবের অফুই বিধি-নিষেধ। দ্বাপরে ব্যাসদেবের নিকটে স্বয়ংজগবান্ শ্রিক্কচন্দ্র বলিয়াছিলেন—কোনও বিশেষ কলিতে তিনি নিজেই সন্ত্যাসাশ্রম গ্রহণ করিয়া কলিহত নরদিগকে হরিভক্তি (প্রেমভক্তি) গ্রহণ করাইয়া থাকেন। "অহমেব কচিদ্ ব্রহ্মন্ সন্ত্যাসাশ্রমমাশ্রিতঃ। হরিভক্তিং গ্রাহ্যামি কনে পাণহতান্ নরান্॥ শ্রীশ্রীতৈভ্যুচবিতামৃত থত পুরাণবচন।" মহাভারতেও অফুরুপ উক্তি পাওয়া যায়। "স্বর্ণবর্ণো হেমালো বরাজ্তন্দালদী। সন্ত্যাসকং শমং শান্থ: নিষ্ঠাশান্তি-পরায়ণং॥" এসকল শান্ত্রনাক্ত-সিদ্ধির নিমিন্তই গৌরক্কক্ষের সন্ত্যাস গ্রহণ। ইহা তাঁহার লীলা। কি উদ্দেশ্রে তিনি এই সন্ত্যাস-লীলা প্রকৃতিক করিয়াছেন, তাহা তিনি নিজ মুথেই বলিয়া গিয়াছেন। "যত অধ্যাপক আর তাঁর শিয়াগণ। ধর্মী কর্মী তপোনিষ্ঠ নিস্কৃত ত্র্কনে॥ এই সব মোর নিন্দা অপরাধ হৈতে। আমি না লওয়াইলে ভক্তি না পারে লইতে॥ নিত্তারিতে আইলাভ আমি হৈল বিপরীত। এ-সব ত্র্ক্জনের কৈছে হইবেক হিত॥ ১০০ বিংক হইব॥ প্রণতিতে হবে ইহার অপরাধ কয়। নির্দাল ক্রিয়া করিব। সন্ত্রাসীর বুল্বো মোরে প্রণত হইব॥ প্রণতিতে হবে ইহার অপরাধ কয়। নির্দাল হ্রদ্বে ভক্তিক করিব উদ্বয়॥ ১০০ ১০০ ॥"

দ্বিতীয়তঃ, ভজনাদর্শ-সহদ্ধে। প্রভুর মধ্যে তুইটা ভাবের প্রকাশ—ঈশর-ভাব ও ভজ্কভাব। ঈশর-ভাবে জীব-উদ্ধারের জন্ম তিনি সন্ধ্যাস-গ্রহণ করিয়াছেন। ভক্কভাবে তিনি নিজেও ভজনের আদর্শ স্থাপন করিয়াছেন এবং তাঁহার পার্বদবর্গের বারাও তাহা করাইয়াছেন। সন্ধ্যাস যদি তাঁহার উপদিষ্ট ভজনের অন্তর্কুল হইত, তাহা হইলে প্রভু তাঁহার পার্বদগণকেও সন্ম্যাস গ্রহণের উপদেশ দিতেন এবং চৌষ্টি-অল সাধনভক্তির বিবৃতি-প্রসদে সন্ম্যাসের কথাও বলিতেন। প্রভু তাহা করেন নাই এবং তাঁহার পার্বদবর্গের মধ্যেও কেহ সন্ম্যাস গ্রহণ করেন নাই। ঈশর-ভাবে জীব-উদ্ধারের জন্ম সন্ম্যাস গ্রহণ করিয়া থাকিলেও ভক্তভাবে প্রভু বলিয়াছেন—"কি কার্য্য সন্ম্যাসে মোর প্রেম নিজধন। যে কালে সন্মাস কৈল ছন্ন হৈল মন॥ ২।১৫।৫২॥ (ছন্ন—জীব-উদ্ধারের ভাবে আবিষ্ট)।" প্রভুর এই বাক্যের ধ্বনি বোধ হয় এই যে, প্রেম-প্রাপ্তির সাধনে সন্ম্যাসের কোনও প্রয়োজন নাই। শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের শ্রিশ্রীচৈতন্তভাগবত হইতে জানা যায়, সন্ম্যাস যে ভক্তিমার্গের ভজনের প্রতিকৃল, শ্রীপাদ সার্বভেত্তিম ভট্টাচার্ব্যের মুধ্বে মহাপ্রভু তাহাও প্রকাশ করাইয়াছেন (শ্রীচৈতন্তভাগবত, অন্তর্গও তৃতীয় অধ্যায় ক্রইব্য)।

আরও একটা কথা বিবেচ্য। শ্রীমদ্ভাগবত বলেন—"ঈশুরাণাং বচঃ সত্যং তথৈবাচরণং কচিং। তেষাং ষং ব্বচোযুক্তং বৃদ্ধিয়াংন্তং সমাচরেও। ১০।৩০।৩১। "এই শ্লোকের বৈক্ষংতোষণী-টাকা বলেন—"বচ আজা সত্যং প্রমাণত্বেন গ্রাহ্মং অবচনেন অবিক্রমিতি অপকেন তেষামেব তথা বিচারাদাক্ষায়া বলবত্তরত্বং ব্যক্তিত্ব। বৃদ্ধিমানিতি তত্ত্বেবিচার্য্য ইত্যর্থ:। অন্তথা নির্ব্দু ক্রিরেব ইতি ভাবঃ।" এই টাকাছুলারে শ্লোকটার তাংপর্য হইতেছে এইরূপ। — ঈশুরের উপদেশই প্রমাণরূপে গ্রহণ এবং অন্ত্র্সরণ করিবে। তাঁহার আচরণসম্বন্ধে বিচার করিয়া দেখিবে; ঈশুরের বে-আচরণ তাঁহার উপদেশের সহিত সক্তিযুক্ত, সেই আচরণেরই অন্ত্রের ক্রিবে, অক্স আচরণের অন্ত্র্সরণ করিবে, আক্স আচরণের অন্ত্র্সরণ করিবে না। অন্ত্র্যরণের পক্ষে ঈশুরের আচরণ অপেক্ষা আদেশই বলবত্ত্ব।" শ্রীউজ্জ্বনীলমণিও বলেন—"বর্তিত্ব্যং শমিচ্ছন্তিক্তির্বান্ত্র কৃষ্ণবং। ইত্যেবং ভক্তিশাআণাং তাৎপর্যান্ত্র বিনির্ণান্ত্র্য ক্রমণর করিবেন, কথনও কৃষ্ণবং আচরণ (শ্রীক্রক্তের আচরণের অন্ত্র্করণই) করিবেন, কথনও কৃষ্ণবং আচরণ (শ্রীক্রক্তের আচরণের অন্ত্রকরণই) করিবেন, কথনও কৃষ্ণবং আচরণ (শ্রীক্রক্তের আচরণের অন্ত্রকরণই) করিবেন, কথনও কৃষ্ণবং আচরণ (শ্রীক্রকের আচরণের অন্ত্রকরণই সমন্ত ভক্তিশাল্লের নিশ্বিত তাৎপর্য।" শ্রীমন্মহাপ্রেভ্ হইলেন ব্যাংজগবান্ শ্রীক্রক, গৌর কৃষ্ণ। তিনি সন্ত্রাস গ্রহণ করের, তাহা হইলে তাহা হইবে ভক্তিশাল্ল-বিরোধী

কর্ম। কেন্তেত্ব, সর্যাস-প্রহণ হইতেছে মহাপ্রভুর আচরণ এবং এই আচরণের সহিত ওাঁহার উপদেশের সম্ভি
নাই; ওাঁহার উপদেশে প্রভু কোথায়ও সর্যাস-গ্রহণের কথা বলেন নাই; বরং কলিতে সন্থাস বর্জনীয় বলিয়া
এবং বর্ণাশ্রম-ধর্ম ত্যাগের কথার সন্থাস-ত্যাগের ইলিত দিয়া তিনি সন্থাসের বিক্লছেই উপদেশ দিয়াছেন। একণে
যদি কেহ বলেন—প্রভু প্রয়ংভগবান্ বলিয়া ওাঁহার সন্থাস-গ্রহণরূপ আচরণের অন্তসরণ না হয় অকর্ত্তব্য হইতে পারে;
কিছ তাঁহার চরণাস্থপত কোনও ভক্ত যদি সন্থাস-গ্রহণ করেন, সেই ভক্তের আচরণের অন্তসরণে সন্থাস-গ্রহণে তো
কোনও দোব থাকিতে পারে না; যেহেতু, শাস্ত্র তো ভক্তবং আচরণের উপদেশ দিয়া গিয়াছেন। ইহার উন্তরে
বক্তব্য এই—যদি কোনও ভক্ত সন্থাস-গ্রহণ করেন, তাহা হইলে তাঁহার এই সন্থাস-গ্রহণই হইবে অশাস্ত্রীয়;
অশাস্ত্রীয়-আচরণের অন্তক্রণ বিধেয় হইকে পারে না। উপরে উদ্ধৃত উচ্জননীলমণি-শ্লোকের টীকায় শ্রীপাদ বিশ্বনাথ
চক্রবর্ত্তী বিচারপূর্ব্বক সিদ্ধান্ত করিয়া গিয়াছেন — সিন্ধভক্তই হউন, কি সাধকভক্তই হউন, ভক্তের বে-আচরণ ভক্তিশাস্ত্রসম্মত, তাহাই অন্তসরণীয় অন্য আচরণ অন্তসরণীয় নহে (১া৪া৪-শ্লোকের টীকা ফ্রন্ট্রা)।

যদি কেই বলেন— শ্রীময়িত্যানন্দও তো সয়াস গ্রহণ করিয়াছেন, তাহা হইলে বক্তব্য এই বে, শ্রীনিত্যানন্দ ইইতেছেন ঈশরতন্ধ, ব্রন্ধীলার বলদেশ। ঈশরের সকল আচরণ যে অন্সরণীয় নহে, তাহা প্রেই বলা হইরাছে। শ্রীনিত্যানন্দের সয়্যাসও হইতেছে উাহার লালাবিশেষ। আবার নববীপে আসার পরে তিনি নিজ হাতেই তাঁহার দত্ত-কমণ্ডলু ভালিয়া ফেলিয়াছিলেন এবং মহাপ্রভু সেই ভালা দত্ত-কমণ্ডলু গলায় বিস্ক্রেন দিয়াছিলেন। মহাপ্রভুর সয়াসের পরে নীলাচল-গমনের পথে শ্রীনিত্যানন্দ মহাপ্রভুর দত্তও ভালিয়া নদীতে ফেলিয়া দিয়াছিলেন। তাঁহারা কেইই আর সয়্যাসাশ্রমের দত্ত ব্যবহার করেন নাই।

আবার প্রশ্ন হইতে পারে—মহাপ্রভুর অক্ষরণ পার্ষদ শ্রীপুরুষোত্তম আচার্যাও তো সন্ন্যাস গ্রহণ করিষা বর্ষপদামোদর নামে পরিচিত হইয়াছিলেন। তিনি পূর্ব হইতেই ভক্তিমার্গাবলখী ছিলেন। তথাপি ভিনি সন্ধ্যাস গ্রহণ করিলেন কেন? উত্তরে বক্তব্য এই:—ভক্তিসাধনের আচক্ল্য-বিধায়ক বলিয়া তিনি সন্ম্যাস গ্রহণ করেন নাই। তিনি যথন ভনিলেন, প্রভু সন্মাস গ্রহণ করিষাছেন, তথন ভাবিলেন—"আমার প্রাণকোটীপ্রিয় প্রভু সন্ম্যাসাশ্রমের তৃথে ভোগ করিবেন, আর আমি গৃহস্থ ভোগ করিব ? ইহা কিছুতেই হইতে পারে না; আমিও সংসারস্থার জলাঞ্জলি দিব, সন্মাস গ্রহণ করিব।" এই প ভাবিয়া প্রভুর সন্মাসাশ্রমেটিত কঠোরতার চিস্তায় অধীর হইয়া উন্মন্তের স্থায় ছুটিয়া গিয়া তিনি কাশীতে সন্ম্যাস গ্রহণ করিলেন। তাহাও পুরোপুরি সন্মাস নহে; তিনি যোগপট্ট নেন নাই, দত্ত-কম্তলুও গ্রহণ করেন নাই। বিশেষতা, তিনি ছিলেন নিত্যসিদ্ধ পরিকর ভক্ত; সিদ্ধভক্তদের সকল আচরণও যে অমুসরণীয় নহে, তাহাও পূর্বের্ব লগা ইইয়াছে।

আবার কেছ কেছ বলিতে পারেন—পরসানন্দরপুরী, রঙ্গুরী, ব্রহ্মানন্দভারতী প্রভৃতি সন্ন্যাসিগণও প্রভৃত্ব সঙ্গে ছিলেন; প্রভৃত্ত উল্লেখির প্রতি অভ্যন্থ শাধাভক্তিও প্রদর্শন করিতেন। সন্যাস প্রভৃত্ত অভ্যুমাদিত না হইলে তিনি এইরূপ করিলেন কেন? উত্তরে বক্তব্য এই। এই সমন্ত সন্মাসী পূর্ব্বে শহরসম্প্রদায়ে সন্মাস গ্রহণ করিষাছিলেন; পরে তাঁহারা ভক্তিমার্গে প্রবেশ করিয়াছিলেন। ভক্তিমার্গে প্রবেশ করিলেও তাঁহানের নাম এবং বেশ পূর্ববংই ছিল। ভক্তিমার্গে প্রবেশ করার পরে তাঁহারা সন্ধাস গ্রহণ করেন নাই। তাঁহানের প্রতি মর্যাদাজ্ঞানবশতঃই মহাপ্রভৃতাঁহানের পূর্ব্বনাম ও বেশ পরিভ্যাগের জন্ম ত হানিগকে আদেশ করেন নাই। এই প্রসক্তে আর একটা কথাও বিবেচ্য। বেশসক সম্প্রদায়ে সন্মাস-প্রথা প্রচলিত আছে, তাহানের প্রভ্যেক সম্প্রদায়েই সন্মাসাশ্রমোচিত বিশেষ উপাধি আছে। এক সম্প্রদায় ত্যাগ করিয়ে বেশন সন্মাসী অন্তসম্প্রনায়ে প্রবেশ করিলে পূর্ব্ব উপাধি পরিভ্যাগ করিতে এবং নৃতন সম্প্রদায়ের উপাধি গ্রহণ করিতে তাঁহাকে বাধ্য করা হয়। গৌড়ীয় সম্প্রদায়ে সন্মাস-প্রথা প্রচলিত নাই বিনিয়া সন্ম্যাসাশ্রমোচিত উপাধিও এই সম্প্রদায়ে নাই; হতরাং অন্ত সম্প্রনায়ের কোনও সন্ম্যাসী গৌড়ীয় সম্প্রদায়ে প্রবেশ করিলে পূর্ব্ব উপাধিত্যাগের জন্ম তাঁহাকে বাধ্য করার প্রশ্বও থাকিতে পারে না।

🔊 লবুন্দাবনদাস ঠাকুরের শ্রীটৈডক্সভাগবত (অস্তা। তৃতীয় অধ্যায়) হইতে জানা ধায়, শ্রীমমহাপ্রতু

নিজেকে উপদক্ষ্য করাইবা শ্রীপাদ সার্কভৌম ভট্টাচার্ব্যের মূথে সর্ব্যাসের ভক্তিধর্মবিরোধিভার কথা প্রকাশ করাইবাছেন। প্রাকৃষ্য মারার মুখ্য হইবা সার্ক্ষভৌম প্রভুকে বলিয়াছিলেন—

বড়ই কুক্ষের কুপা হইরাছে তোমারে।
পরম হাবৃদ্ধি তুমি হইরা আপনে।
ব্যাদেধি বিচারিয়া কি আছে সন্মানে।
দশু ধরি মহাজ্ঞানী হর আপনারে।
যার পদধ্লি পৈতে বেদের বিহিত।
সন্মানীর ধর্ম বা বলিব সেহো নহে।
'প্রেণমেন্দগুবভূমাখচাগুলসোধ্রম্।
বাহ্মণাদি কুকুর চণ্ডাল অন্ত করি।
এই বে বৈফাবধর্ম— সভারে প্রণতি।
শিথাস্ত গুচাইয়া সবে এই লাভ।

সবে একথানি করিয়াছ অব্যভারে ॥
তবে তুমি সন্ন্যাস করিলা কি কারণে ॥
প্রথমেই বন্ধ হয়, অহন্ধান-পাশে ॥
কাহারেও বোল হত্ত জোড় নাহি করে ॥
হেন জন নমন্ধরে, তভু নহে ভীত ॥
বুঝ এই ভাগবতে বেন মত কহে ॥
দিখরো জীবকলয়া প্রবিষ্টো ভগবানীতি ॥
দেশুবত করিবেক বহু মান্ত করি ॥
নমন্ধার করে আসি মহা মহা ভাগ॥

বৈষ্ণৰ ভক্তদের নামের অক্তে থাকে "লাস"। কিন্তু সন্মাস প্রহণকারীর নামের পূর্ব্বে থাকে "স্বামী" এবং পরে থাকে "মহারাজ"। শ্রীমশ্মহাপ্রভু বলিয়াছেন—"তুণাদপি স্থনীচেন ভরোরিব সহিষ্ণুনা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ।" কিন্তু সন্মাস প্রভুর এই উপদেশ পালনের পথেও অস্তুরায় হইয়া দাড়ায় এবং "নাহং বর্ণী ন চ নরপতিঃ-"ইত্যাদি প্রভুক্তিত সাধকের পরিচায়ক স্কোকেরও বিরোধী হইয়া দাড়ায়।

এ-সমন্ত আলোচনার দেখা গেল, শ্রীমমহাপ্রভুর চরণাজগত গোড়ীয় বৈফ্রবদের পক্ষে সন্ন্যাস-গ্রহণ শাস্তান্ধযোদিত নহে।

তনিতে পাওয়া বায়, কেহ কেহ নাকি বলেন— সন্ন্যাস গ্রহণ না করিলে ভজনই সম্ভব নহে। ইহাও এক অভুত কথা! মহাপ্রভু তাঁহার বে-সমন্ত পার্থদভন্তের বারা ভজনের আদর্শ স্থাপন করাইয়া গিয়াছেন, তাঁহাদের প্রায় সকলেই ছিলেন গৃহস্থাশ্রমে: শ্রীক্রপ-সনাতন, রঘুনাথদাস, রঘুনাথভট্ট প্রভৃতি গৃহস্থাশ্রমে না থাকিলেও তাঁহাদের কেহট সন্মাস গ্রহণ করেন নাই।

বস্তুতঃ মহাপ্রভূর সন্ন্যাস হইতেছে তাঁহার একটা স্বরূপান্তবন্ধিনী লীলা। ম. এ. । ১।৩-৪ অনুচেচ্নে এ-সম্বন্ধে বিস্তুত আলোচনা প্রষ্টব্য।

> ইতি গোর-কুপা-ভরপিণী টীকা-সম্বলিত শ্রীশ্রীচৈতক্সচরিতামুতের চতুর্থসংস্করণের পরিশিষ্ট সমাপ্ত।

विद्यप्त

অজ্ঞানতিমিরাক্ষত জ্ঞানাঞ্চন-শলাকয়া। চক্ষ্যুনীলিতং যেন তব্মৈ শ্রীগুরবে নমঃ॥

শ্রীগোরস্থনর যোরে যে কহান বাণী। তাহা বিনা ভালমন্দ কিছুই না জানি॥

জয় গোরনিত্যানন্দ জয়াবৈতচন্দ্র। গদাধর শ্রীবাসাদি গোর-ডক্তবুন্দ॥

সব ভক্তগণের করি চরণ বন্দন। কুপা করি কর মোর অপরাধ মার্চ্জন॥ ভোমাদের শ্রীচরণ ধর মোর শিবে। কুপা করি উদ্ধারহ এ-অপরাধীরে॥

বাঞ্চাকল্পভঙ্গশ্চ কুপাসিক্কভ্য এব চ। পতিভানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥

> কণাপ্রার্থী শ্রীরাধান্যোবিন্দ নাথ